# বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ এর প্রভাব: ধামরাই উপজেলার উপর একটি কেস স্টাডি

## (Impact of Urbanisation on the Rural Lives of Women in Bangladesh: A Case Study of Dhamrai Upazilla)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে এম.ফিল ডিগ্রীর জন্য উপস্থাপিত গবেষণা অভিসন্দর্ভ – ২০১৮

ফেলোশীপ: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
শেরেবাংলা নগর, ঢাকা।

গবেষণা তত্ত্বাবধায়ক

ড. ফরিদ উদ্দিন আহমেদ
অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

গবেষক

ফরিদা ইয়াসমিন
বি.সি.এস. (সাধারণ শিক্ষা)
এম.ফিল গবেষক
রেজি: নং- ৩৫৮/২০১২-২০১৩
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

*Dhaka University Institutional Repository*

# বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ এর প্রভাব: ধামরাই উপজেলার উপর একটি কেস স্টাডি

# (Impact of Urbanisation on the Rural Lives of Women in Bangladesh: A Case Study of Dhamrai Upazilla)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে এম.ফিল ডিগ্রীর জন্য উপস্থাপিত গবেষণা অভিসন্দর্ভ – ২০১৮

ফেলোশীপ: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
শেরেবাংলা নগর, ঢাকা।

গবেষণা তত্ত্বাবধায়ক

ড. ফরিদ উদ্দিন আহমেদ
অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

গবেষক

ফরিদা ইয়াসমিন
বি.সি.এস. (সাধারণ শিক্ষা)
এম.ফিল গবেষক
রেজি: নং- ৩৫৮/২০১২-২০১৩
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

উপস্থাপনের তারিখ: জানুয়ারী-২০১৮

Dhaka University Institutional Repository

উৎসর্গ

মা ও বাবাকে

Dhaka University Institutional Repository

# †NvlYvcÎ

Avwg GB g‡g †NvlYv KiwQ †h, Ò**evsjv‡`‡k MvgxY bvixi Rxe‡b bMivqY Gi cfve: avgivB Dc‡Rjvi Dci GKwU †Km ÷vwW**Ó kxlK Awfm›`fwU m¤úY¥i|‡c Avgvi wbR¯ M‡elYvKg| Avgvi Rvbvg‡Z GB wk‡ivbv‡g BwZc‡e Ab¨ †KD M‡elYv K‡ibwb| Gg.wdj wWMxi Rb¨ Dc¯wcZ GB Awfm›`f ev Gi Ask we‡kl Ab¨ †Kvb wekwe`¨vjq ev cwZôv‡b †Kvb wWMxi ev cKvkbvi Rb¨ Avwg Dc¯vcb Kwiwb|

dvi`v Bqvmwgb
we.wm.Gm (mvavi Y wkÿv)
Gg.wdj M‡elK
†iwR: bs- 358/2012-2013
ivóweÁvb wefvM
XvKv wekwe`¨vjq|

# cZ¨qbcÎ

Avwg cZ¨qb KiwQ †h, Gg.wdj wWMÖxi Rb¨ dwi`v Bqvmwgb (†iwR: bs- 358/2012-2013) wjwLZ Òevsjv‡`‡k MvgxY bvixi Rxe‡b bMivqY Gi cfve: avgivB Dc‡Rjvi Dci GKwU †Km ÷vwWÓ kxlK M‡elYv Awfm›`fwU Avgvi ZËveav‡b Zvi wjwLZ GKwU M‡elYv| †jL‡Ki eYbvg‡Z GB Awfm›`fwU ev Gi †Kvb Ask Ab¨ †Kvb wekwe`¨vj‡q †Kvb wWMÖxi Rb¨ Dc¯vcb Kiv nqwb|

(W. dwi` DwÏb Avn‡g`)
M‡elYv ZËveavqK I Aa¨vcK
ivóweÁvb wefvM
XvKv wekwe`¨vjq|

# KZÁZv¯^xKvi

GB M‡elYvi Rb¨ hviv Avgv‡K wewfbfv‡e mvnvh¨ I mn‡hvwMZv K‡i‡Qb Avwg Zv‡`i cÖwZ Avgvi KZÁZv I Avšÿwi K ab¨ev` Rvbv‡Z PvB| M‡elYvi wK‡ivbvg Abyÿgv`bmn ckcÎ cYqb, Z_¨ msMÖn, Z_¨ we‡kølY I Aa¨vq¸‡jvi avivevwnK web¨v‡mi cÖwZwU e¨vcv‡i c‡qvRbxq wb‡`kbv w`‡q G M‡elYvwU m¤úv`‡b mn‡hvwMZvi Rb¨ M‡elYv ZËveavqK k‡×q m¨vi Aa¨vcK W. dwi` DwÏb Avn‡g`-Gi cÖwZ Avšÿwi K KZÁZv cKvk KiwQ|

M‡elYv Kv‡Ri Rb¨ evsjv‡`k wekwe`¨vjq gÄyix Kwgkb-Gi cÖwZ KZÁZv Ávcb KiwQ| KviY, GB cÖwZôv‡bi †`qv Gg.wdj †d‡jvkxc Avgvi M‡elYvi Rb¨ mnvqK n‡q‡Q| evsjv‡`‡ki bMi M‡elYv †K›`ª CUS/Centre for Urban Study-Gi jvB‡eªix †_‡K Avgvi M‡elYvi cÖ‡qvRbxq Z_¨ msMÖn K‡iwQ| Avwg GB cÖwZôv‡bi KgKZv-KgPvix‡`i cÖwZ KZÁ| BBS (Bangladesh Bureau of Statistics, XvKv wekwe`¨vjq †K›`ªxq jvB‡eªix, cvewjK jvB‡eªix, gwnjv I wkï welqK gš¿Yvj‡qi Awa`ßi jvB‡eªix, XvKv wekwe`¨vjq ivóªweÁvb wefv‡Mi †mwgbvi-Gi KgKZv-KgPvix‡`i mvnvh¨-mn‡hvwMZvi Rb¨ KZÁZv cKvk KiwQ|

KZÁZv cKvk KiwQ Rwi‡ci gva¨‡g avgivB Dc‡Rjvi 6wU Mv‡gi †mme Z_¨`vZvM‡Yi cÖwZ, hviv Avgv‡K Z_¨ w`‡q mvnvh¨-mn‡hvwMZv K‡i‡Qb| Z_¨ msM‡n Avgv‡K mvnvh¨ K‡i‡Q Avgvi `yRb QvÎQvÎx hviv Abvm I gv÷v‡m Aa¨qbiZ| †di‡`Šmx Av³vi I gvngỳỳ ingvb| GB `yÕ QvÎ Avgvi m‡½ †_‡K ewo ewo †h‡q Z_¨ msM‡n AKvš— cwikÖg K‡i‡Q| Avwg G‡`i cÖwZ KZÁ| m¤úwK©Z Awfm›`fwU Kw¤úDUvi K‡¤úvR Ki‡Z mvnvh¨ K‡i‡Qb XvKv wekwe`¨vj‡qi ivóªweÁvb wefv‡Mi Kw¤úDUvi Acv‡iUi Rbve †gv: ewmi Avn‡g`| Avwg Zvi cÖwZ KZÁ|

ZvQvov Avgvi cwiev‡ii m`m¨MY, gv wg‡mm gwbiv LvZzb, evev †gv: Avãyj Mwb M‡elYvwU m¤úv`‡b mn‡hvwMZv K‡i‡Qb| mn‡hvwMZv K‡i‡Qb Avgvi ¯^vgx †gv: Avãyj †gv‡gb wgjUb| M‡elYvwU m¤úv`b Ki‡Z †h‡q Avgvi Qq eQi eqmx GKgvÎ cyÎ g‡bvig kwiqvZ‡KI chvß mgq w`‡Z cvwiwb| Avwg Zv‡`i mK‡ji cÖwZ KZÁ|

dwi`v Bqvmwgb<br>
we.wm.Gm (mvaviY wkÿv)<br>
Gg.wdj M‡elK<br>
†iwR: bs- 358/2012-2013<br>
ivóªweÁvb wefvM<br>
XvKv wekwe`¨vjq|

# mvivsk
## (Abstract)

**Òevsjv‡`‡k MvgxY bvixi Rxe‡b bMivqY Gi cfve: avgivB Dc‡Rjvi Dci GKwU †Km ÷wWÓ** kxlK Gg.wdj Awfm›`‡f XvKv †Rjvaxb avgivB Dc‡Rjvq bMivq‡Yi d‡j bvix‡`i mvgvwRK, A_‰bwZK I ivR‰bwZK Rxebe¨e¯'vq wK ai‡bi cfve mwó n‡q‡Q, ZvB G M‡elYvi gj DcRxe¨|

we`¨gvb †fŠ‡MvwjK, A_‰bwZK, mvgvwRK I ivR‰bwZK kw³ ev cভাবের প্রতিক্রিয়া হিসেবেই একটি †`‡k bMivqY Gi weby¨vm N‡U| †MU-we‡Ub Ges BD‡iv‡ci Askwe‡k‡l Aóv`k kZ‡Ki †kl w`‡K Ges Ebwesk kZvãxi c_g w`‡K wkíwece N‡U| 1800 kZK †_‡K AvaybK hyMi bMivqY ïiæ হয়। নগরায়ণ হচ্ছে নগরের ফল। গ্রামীণ নগরায়ণ প্রক্রিয়া দ্বারা একটি গ্রামীণ GjvKv bM‡i cwiYZ nq| নগরে পরিণত না হওয়া পর্যন্ত এ প্রক্রিয়া চলতে থাকে। এতে Rural Urbanization N‡U|

bMivq‡Yi wb‡`kK †gvZv‡eK ckcÎ ˆZix Kiv nq| 302 Rb DËi`vZvi Dci Rwic Pvwj‡q Z_¨ msMn Kiv nq| cvß Z_¨ we‡klY K‡i avgivB Dc‡Rjvi MvgxY bvixi mvgvwRK, A_‰bwZK I ivR‰bwZK Rxebe¨e¯'vq bMivq‡Yi `ywU ai‡bi cfve jÿ¨ Kiv hvq| BwZevPK cfve I †bwZevPK cfve| me‡P‡q eo BwZevPK cfve n‡"Q- MvgxY bvixi A_‰bwZK Dbqb| me‡P‡q eo †bwZevPK cfve n‡"Q- gvivZ¥K cwi‡ek `~lY, Aciva I mšvm evo×, gv`Kvmw³i fqvenZv, ¯'vbxq bvMwiK †mev c`vbKvix Awd‡mi jvMvgnxb, fqvbK `ybxwZ Ges ivR‰bwZK `yeÆvqb|

avgivB Dc‡Rjv MvgxY GjvKvq D™¢Z mgm¨v¸‡jvi mgvavb n‡j mswkó GjvKvi bvix‡`i †fvMvwšÍ Kg‡e, bvMwiK †mev wKQzUv n‡jI wbwðZ n‡e, Dbqb n‡e †UKmB I `xN©¯'vqx| RvZxq chv‡qI Gi cfve co‡e| mgm¨v mgvav‡b M‡el‡Ki cÿ †_‡K KwZcq mycvwik Zz‡j aiv n‡q‡Q|

Dhaka University Institutional Repository

# mPxcÎ

## evsjv‡`‡k MvgxY bvixi Rxe‡b bMivqY Gi cfve: avgivB Dc‡Rjvi Dci GKwU †Km ÷vwW


| | | | c„ôv bs |
|---|---|---|---|
| †NvlYvcÎ | t | ....................................................................... | I |
| cZ¨qbcÎ | t | ....................................................................... | Ii |
| KZÁZv ¯xKvi | t | ....................................................................... | Iii |
| mvivsk | t | ....................................................................... | Iv |
| gvbwPÎ | t | evsjv‡`‡ki gvbwPÎ............................................. | Vii |
| | | avgivB Dc‡Rjvi gvbwPÎ .................................... | Viii |
| c_g Aa¨vq | t | fwgKv .............................................................. | 1-26 |
| | | 1.1 M‡elYv mgm¨v eYbv | |
| | | 1.2 M‡elYvi D‡Ïk¨ | |
| | | 1.3 M‡elYvi Abyí | |
| | | 1.4 M‡elYv ck | |
| | | 1.5 M‡elYvi †hŠw³KZv | |
| | | 1.6 M‡elYvq e¨eüZ c` I k‡ãi msÁv c`vb | |
| | | 1.7 M‡elYvKg chv‡jvPbv | |
| | | 1.8 M‡elYv c×wZ | |
| | | 1.9 DËi`vZv‡`i mvaviY Z_¨vejx we‡klY | |
| | | 1.10 Aa¨vq web¨vm | |
| wØZxq Aa¨vq | t | ZwËK KvVv‡gv.................................................... | 27-48 |
| | | 2.1 bMivqY | |
| | | 2.2 bMivq‡Yi wb‡`kK | |
| | | 2.3 wek bMivq‡Yi DrcwË, weKvk I cwieZ‡bi HwZnvwmK aviv | |
| | | 2.4 DbZ we‡ki bMivqY | |
| | | 2.5 ZZxq we‡ki bMivqY | |
| | | 2.6 evsjv‡`‡k bMivqY | |
| | | 2.7 evsjv‡`‡k `ªZ bMivq‡Yi KviY | |
| | | 2.8 fwel¨‡Z kn‡i RbmsL¨v ce„× | |
| | | 2.9 †Rjv Iqvwi bMivqY cwiw¯wZ | |
| | | 2.10 kû‡i RbmsL¨v I bMi‡K‡›`i e›Ub | |
| | | 2.11 †gMvwmwU wn‡m‡e XvKv | |
| ZZxq Aa¨vq | t | avgivB Dc‡Rjv: GKwU cwiwPwZ............................ | 49-66 |

cô„v bs


PZz_© Aa¨vq t avgivB Dc‡Rjvi MvgxY bvixi mvgvwRK Rxe‡b bMivqY Gi cfve......................................... 67-91
4.1 bvMwiK my‡hvM-সুবিধা সংক্রান্ত
4.2 Awfevmx RbmsL¨v e„w×
4.3 MwZkxjZv
4.4 cwieZb
4.5 Acivा I mš¿v‡mi aib
4.6 cwi‡ek `~lY, `~l‡Yi Dcv`vb I KviY
4.7 evj¨ weevn
4.8 Mvg¨ mvwjk I b¨vqwePvi
4.9 Bf wUwRs
4.10 bvixwk¶vi AMMwZ

cÂg Aa¨vq t avgivB Dc‡Rjvi MvgxY bvixi A_©‰bwZK Rxe‡b bMivqY Gi cfve........................................... 92-109
5.1 avgivB Dc‡Rjv Mvg GjvKvi cKwZ
5.2 `wZ wkíxq‡bi cmvi
5.3 Kgms¯’v‡bi my‡hvM m„ó
5.4 e¨emv-evwY‡R¨i cmvi
5.5 Kwl.Rwg
5.6 A_©‰bwZK ˆelg¨
5.7 A_©‰bwZK Dbqb

lô Aa¨vq t avgivB Dc‡Rjvi MvgxY bvixi ivR‰bwZK Rxe‡b bMivqY Gi cfve........................................ 110-126
6.1 avgivB Dc‡Rjv ckvm‡bi †mev I `¶Zv
6.2 AeKvVv‡gv Dbqb
6.3 ivRbxwZi `„wó‡Kvqb
6.4 wbivcËv
6.5 bvixi ¶gZvqb
6.6 MvgxY ivRbxwZ‡Z †bZZ.
6.7 MvgxY bvixi ivR‰bwZK AskMn‡Yi †¶‡Î Kv‡jv UvKv I †ckxkw³
6.8 MvgxY bvixi ivR‰bwZK Rxe‡b bMivq‡Yi BwZevPK Dcv`vb

mßg Aa¨vq t Dcmsnvi, djvdj I mycvwikgvjv............................ 127-137

Z_¨cÄx ........................................................................ 138-146
cwiwkó Ñ 1...................................................... 147-150
cwiwkó Ñ 2...................................................... 151-155
cwiwkó Ñ 3...................................................... 156-162

evsjv‡`‡ki gvbwPÎ



avgivB Dc‡Rjvi gvbwPÎ




Drm: National Encyclopedia of Bangladesh.

# প্রথম অধ্যায়
# (First Chapter)

## ভূমিকা
## (Introduction)

### ১.১ গবেষণা সমস্যা বর্ণনা
### (Statement of Research Problem)

১৯৩৮ সালে শিকাগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক Louis Wirth প্রথম 'Urbanism' প্রত্যয়টি ব্যবহার করেন। 'Urbanization' শব্দটি ল্যাটিন 'Urbabus' থেকে এসেছে – যার অর্থ শহর।[১] 'Urbanization' শব্দটির আক্ষরিক অর্থ 'নগরায়ণ'। অর্থাৎ গ্রাম্য বা গ্রামীণ অবস্থা থেকে নগর বা শহরে রূপান্তরিত করার প্রক্রিয়া। নগরায়ণ একটি প্রক্রিয়া, যার ফলে মূলত কৃষিনির্ভর গ্রামীণ জীবনব্যবস্থা থেকে মানুষের শিল্প ও বাণিজ্যভিত্তিক শহরের জীবনব্যবস্থায় উত্তরণ ঘটে। অতি প্রাচীনকাল থেকে এ প্রক্রিয়া কাজ করে আসছে। ১৮০০ সালে বিশ্বে মোট জনসংখ্যার ৩ ভাগ নগরে বসবাস করত।[২] কিন্তু বর্তমানে ৪৩ ভাগ শহরে বসবাস করছে। এর মধ্যে ৭৫ ভাগ শিল্পায়িত বিশ্বে এবং ২৫ ভাগ অপেক্ষাকৃত কম শিল্পায়িত সমাজে বসবাস করছে। প্রতিবছর মোট বিশ্ব জনসংখ্যার ০.৫ ভাগ শহরায়িত হচ্ছে।[৩] প্রযুক্তির উৎকর্ষের ফলে উন্নত বিশ্বে বর্তমানে অনেক দেশ আছে, যেখানে গ্রামগুলো শহরে বিবর্তিত হয়েছে। ফলে আজ নগরায়ণ উন্নত জীবনব্যবস্থার পূর্বশর্ত হিসেবে স্বীকৃতি পেয়েছে।

নগরায়ণ হচ্ছে অর্থনৈতিক উন্নয়ন-এর কারণ ও ফলাফল (Gallup et al., 1999)। দারিদ্র নিরসনের পূর্বশর্ত হচ্ছে অর্থনৈতিক প্রবৃদ্ধি। নগরায়ণ অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দারিদ্র নিরসনে প্রভাব বিস্তার করে। ধামরাই-এ গ্রামীণ নারীর অর্থনৈতিক উন্নয়ন ও প্রবৃদ্ধি এবং দারিদ্র নিরসনে নগরায়ণ কী প্রভাব ফেলেছ, এ গবেষণায় তাই দেখানো হয়েছে। নগরায়ণ ধামরাই-এ গ্রামীণ এলাকায় জমির মূল্য বৃদ্ধি ঘটাচ্ছে, জমির উচ্চমূল্য, আয় বৃদ্ধি, আয় বৈষম্য ও ভূমিহীন অবস্থা তৈরী করছে। নগরায়ণ রূপান্তরকরণ ও উদ্ভাবনের বাহক। ধামরাই – রাজধানী নগর ঢাকার একটি উপজেলা হওয়ায় ঢাকার নতুন ধারণা, উদ্ভাবন, বিশ্বাস, মূল্যবোধ, বিজ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞান, অবকাঠামো, শিল্পায়ন, ব্যবসা-বাণিজ্য এখানকার গ্রামীণ নারীর জীবনযাত্রায় এসবের প্রভাব গবেষণায় দেখানো হয়েছে। শিল্পায়নের ফলে নারীর জীবনযাত্রায় নগরায়ণের প্রভাব তথ্য-উপাত্তের মাধ্যমে ব্যাখ্যা করা হয়েছে।

---

[১] আজিজুল হক খান, বন্দে আলী ও আমেনা আক্তার (২০১৩), *বাংলাদেশের সমাজবিজ্ঞান*, ঢাকা: গ্রন্থ কুটির, পৃ. ২৩৫।

[২] Philip House and Leo Schnore (eds.) (1965), *The Study of Urbanization*, New York: Wiley.

[৩] John J. Palen (3rd ed.) (1987), *The Urban World*, 3rd edition, New York: McGraw-Hill.

নগরায়ণের ফলে গ্রাম নগরে পরিণত হয়। গত দশ বছর আগেও ধামরাই প্রধানত গ্রামীণ এলাকা হিসেবে পরিচিত ছিল। সেই গ্রাম কিভাবে আজ নগরে পরিণত হচ্ছে তা গবেষণায় তথ্য-উপাত্ত নিয়ে ব্যাখ্যা করা হয়েছে। এক্ষেত্রে ৬টি গ্রামের তথ্য সংগ্রহ করা হয়েছে। ধামরাই-এর যেসব গ্রামে সবচেয়ে বেশী নগরায়ণের প্রভাব পড়েছে তাদের মধ্যে এই গ্রাম ৬টি অন্যতম। এই গ্রামগুলোতে শিল্পায়ন হচ্ছে, অভিবাসন হচ্ছে, কর্মসংস্থান ও অর্থনৈতিক উন্নতি হচ্ছে। বিপরীত ক্রমে কৃষি জমির হ্রাস, আয় বৈষম্য, পরিবেশের মারাত্মক অবনতি, নাগরিক সুযোগ-সুবিধার অভাবও আছে। চতুর্দিকে নগরকেন্দ্র ছড়িয়ে ছিটিয়ে পড়া সত্ত্বেও বাংলাদেশের নগর পরিস্থিতির বৈশিষ্ট্য মূলত প্রাধান্য ও কেন্দ্রীকতার। দেশের প্রায় ৩৮% শহুরে জনগোষ্ঠী নিয়ে দেশের রাজধানী ও বৃহত্তম নগরী ঢাকার রয়েছে একক প্রাধান্য। একটি প্রধান নগরী হিসেবে ঢাকার মর্যাদার ঐতিহাসিক ভিত্তি রয়েছে এবং সম্ভবত ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে।[৪]

রাজধানী ঢাকা ও বিভাগীয় শহরগুলোর নগরায়ণ, নগরায়ণের ইতিবাচক ও নেতিবাচক প্রভাব, নগরায়ণ ও দারিদ্র্য, নগরায়ণ ও বস্তি সমস্যা ইত্যাদি নিয়ে বিস্তর গবেষণা হয়েছে। ঢাকা জেলার ধামরাই উপজেলার গ্রামীণ নারীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনে নগরায়ণের প্রভাব নিয়ে কোন গবেষণা হয়নি বলে এ গবেষণার গুরুত্ব রয়েছে।

"বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ-এর প্রভাব: ধামরাই উপজেলার উপর একটি গবেষণা।" এই গবেষণাকে তিনটি দিকের ওপর ফোকাস করা হয়েছে।

১) ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণ এর প্রভাব।
২) অর্থনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব।
৩) রাজনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব।

গবেষণায় নগরায়ণের 'সামাজিক নির্দেশক' হিসেবে উপস্থাপন করা হয়েছে – নাগরিক সুযোগ-সুবিধা, জনসংখ্যার ঘনত্ব, অপরাধ ও সন্ত্রাস, পরিবেশ ধূষণ, সামাজিক গতিশীলতা, সামাজিক পরিবর্তন, বাল্য বিবাহ, গ্রাম্য সালিশ ও ন্যায় বিচার, ইভ টিজিং ও নারী শিক্ষার অগ্রগতি। এসব সামাজিক নির্দেশক দ্বারা প্রশ্নপত্র তৈরি করে নারীদের থেকে তথ্য সংগ্রহ করে "নগরায়ণ প্রক্রিয়া" সম্পর্কে নিশ্চিত হয়ে নগরায়ণের সামাজিক নির্দেশক বের করা হয়েছে। অত:পর এসব সামাজিক নির্দেশক দ্বারা গ্রামীণ নারীর সামাজিক জীবনে উপর নগরায়ণের প্রভাবের স্বরূপ উদঘাটন করা হয়েছে।

গবেষণায় 'অর্থনৈতিক নির্দেশক' এরও উল্লেখ রয়েছে। যেমন- গ্রাম্য এলাকা নগরে পরিণত হওয়া, শিল্পায়ন, কর্মসংস্থান, ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণ, নাগরিক সুযোগ-সুবিধা, কৃষিজমি, অর্থনৈতিক বৈষম্য ও অর্থনৈতিক উন্নয়ন ইত্যাদি। এসব নির্দেশক দ্বারা প্রশ্নপত্র তৈরি করে উত্তরদাতাদের কাছ

[৪] সিরাজুল ইসলাম (সম্পাদিত) (২০১১), "বাংলাপিডিয়া: বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ", খণ্ড ৬, দ্বিতীয় সংস্করণ, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, পৃ. ২৯৮।

থেকে তথ্য সংগ্রহ করে গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণের 'প্রভাব'-এর স্বরূপ চিহ্নিত করা হয়েছে।

গবেষণায় নগরায়ণের 'রাজনৈতিক নির্দেশক' হিসেবে দেখানো হয়েছে ধামরাই উপজেলা প্রশাসন এর ভূমি অফিস, বিদ্যুৎ অফিস ও থানা অফিসের নাগরিক সেবা ও দুর্নীতি, রাজনৈতিক শক্তি কর্তৃক অবকাঠামো উন্নয়ন, নির্বাচনী ব্যবস্থা, রাজনীতিতে দুর্বৃত্তায়ন, ক্ষমতায়ন, নেতৃত্ব, নেতৃত্বের প্রকৃতি, ভোটাধিকার ও নিরাপত্তা। এসব নির্দেশক দ্বারা 'নগরায়ণ প্রক্রিয়া' চিহ্নিত করে গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে এসব নির্দেশকের 'প্রভাব' এর স্বরূপ উন্মোচন করা হয়েছে।

নগরায়ণের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক নির্দেশক দ্বারা গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনে দুই ধরনের 'প্রভাব' স্পষ্ট হয়ে ফুটে উঠেছে।

- ইতিবাচক প্রভাব
- নেতিবাচক প্রভাব

এই দুই ধরনের 'প্রভাব' গবেষণার চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ অধ্যায়ে তথ্য-উপাত্তসহ ব্যাখ্যা বিশ্লেষণ করা হয়েছে।

ধামরাই – রাজধানী ঢাকার একটি উপজেলা। রাজধানী ঢাকা কেন্দ্রিক সরকারি প্রশাসন সামরিক-বেসামরিক কর্মসংস্থান, আর্থিক ও ব্যাংকিং সেবা, আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য, বিমানবন্দর সমস্ত কিছুই ধামরাই-এর প্রশাসন, ব্যাংকিং, ব্যবসা-বাণিজ্যকে প্রভাবিত করে। রাজধানী কেন্দ্রিক শিল্প, সরকারি-বেসরকারি বিনিয়োগ ধামরাই-এর উপর প্রভাব ফেলে। তৈরী পোশাক শিল্প, জাতীয় নীতি, পরিকল্পনা, জাতীয় শিল্প-কলকারখানার ৮০% ঢাকায় অবস্থিত। ঢাকার শ্রেষ্ঠত্ব অন্যান্য শিল্পেও[৫] এগুলোর প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব ধামরাই-এর জনগণ অর্থাৎ ধামরাই-এর গ্রামীণ নারীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনে বিদ্যমান।

গবেষণাটির প্রথম অধ্যায়ে গবেষণা বিষয়ের সমস্যা বর্ণনা, গবেষণার উদ্দেশ্য, অনুকল্প, গবেষণা প্রশ্ন, যৌক্তিকতা, গবেষণায় ব্যবহৃত পদ ও শব্দের সংজ্ঞা প্রদান, গবেষণাকর্ম পর্যালোচনা, গবেষণা পদ্ধতি, এলাকা নির্বাচন, চলক নির্ধারণ, তথ্যের উৎস, তথ্য সংগ্রহের পদ্ধতি, তথ্য সংগ্রহের কৌশল, নমুনা কাঠামো, তথ্য প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ এবং অধ্যায়বিন্যাস আলোচনা করা হয়েছে।

গবেষণার দ্বিতীয় অধ্যায়ে নগরায়ণের তাত্ত্বিক কাঠামো আলোচনা করা হয়েছে। এই অধ্যায়ে গবেষণার প্রধান বিষয় 'নগরায়ণ' সম্পর্কে বর্ণনা স্থান পেয়েছে। এখানে নগরায়ণের সংজ্ঞা,

---

[৫] Adopted from a report of the United Nations (1987), p. 12.

নগরায়ণ এর প্রকারভেদ, নির্দেশক, বিশ্ব নগরায়ণ এর উৎপত্তি, বিকাশ ও পরিবর্তনের ঐতিহাসিক ধারা, উন্নত বিশ্বের নগরায়ণ, তৃতীয় বিশ্বের নগরায়ণ এবং এতদসংক্রান্ত বিভিন্ন সারণী ও চিত্র অন্তর্ভূক্ত হয়েছে। আরও আছে বাংলাদেশে নগরায়ণ ও এর উৎপত্তির ইতিহাস, বিভাগ ও জেলাওয়ারী নগরায়ণ, বাংলাদেশে দ্রুত নগরায়ণ এর কারণ, পুশ-পুল ফ্যাক্টর, ঢাকার প্রাধান্য ও নগরকেন্দ্রিকতা, নগর দারিদ্র্য, নগরায়ণ এর পরিণতি এবং এতদ্সংক্রান্ত সারণী ও চিত্রের ব্যাখ্যা।

গবেষণার তৃতীয় অধ্যায়ে গবেষণা এলাকা ধামরাই উপজেলা-এর পরিবর্তন ও বিকাশ বিস্তারিত আলোচনা করা হয়েছে। এখানে ধামরাই-এর ভৌগোলিক অবস্থান, অক্ষাংশ ও দ্রাঘিমাংশ, ডেমোগ্রাফী, প্রশাসন, ধামরাই নামের উৎপত্তি, কৃষি, কৃষক, খাদ্য-শস্য উৎপাদন, ফলমূল, ভূমি ইত্যাদি আলোচনা করা হয়েছে। ধামরাই-এর শিক্ষা, শিক্ষার হার, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, সংস্কৃতি ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান বর্ণনা করা হয়েছে। ধামরাই-এর বিখ্যাত ব্যক্তিবর্গ নিয়েও আলোচনা করা হয়েছে। ধামরাই-এর ঐতিহ্যবাহী কাঁসা ও পিতল শিল্প বর্ণনা করা হয়েছে। এই অধ্যায়ে ধামরাই-এর মৎস্য, পোল্ট্রি, ডেইরি ফার্ম, যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা, শিল্প-কারখানার প্রকার ও সংখ্যা, হাট-বাজার, মেলা, এনজিও কার্যক্রম, স্বাস্থ্য সেন্টার, টুরিস্ট স্পট ইত্যাদি আলোচনা করা হয়েছে। ধামরাই উপজেলার অন্তর্ভুক্ত ৪টি ইউনিয়নের ৬টি গ্রাম থেকে জরিপের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে,এবং সেই ৪টি ইউনিয়ন ও ৬টি গ্রাম সম্পর্কেও সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

গবেষণার চতুর্থ অধ্যায়ে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক জীবনব্যবস্থার উপর নগরায়ণের প্রভাব বিশ্লেষণ করা হয়েছে। নগরায়ণের প্রধান ফলাফল অভিবাসন সম্পর্কে এই অধ্যায়ে ব্যাখ্যা দেয়া হয়েছে। অভিবাসন-এর ফলে ধামরাই-এর গ্রামীণ সমাজে সৃষ্ট সংকট এই অধ্যায়ে দেখানো হয়েছে। সামাজিক গতিশীলতা ও পরিবর্তনের প্রভাব, অপরাধ ও সন্ত্রাস, পরিবেশ দূষণ, ইভ-টিজিং, গ্রাম্য সালিশ ও ন্যায়বিচার, বাল্য বিবাহ ও নারী শিক্ষার অগ্রগতি ইত্যাদি সামাজিক নির্দেশক দ্বারা গ্রামীণ নারীর সামাজিক জীবনে 'নগরায়ণের প্রভাব' তথ্য-উপাত্তসহ বিশ্লেষণ করা হয়েছে।

পঞ্চম অধ্যায়ে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণের প্রভাব তথ্য-উপাত্ত সহকারে বিশ্লেষণ করা হয়েছে। এই অধ্যায়ে নগরায়ণের প্রভাবে শিল্পায়ন, ব্যবসা-বাণিজ্যের প্রসার, কৃষিজমি ও আবাদ, নারীর কর্মসংস্থান, আয় বৃদ্ধি, দারিদ্র দূরীকরণ, নারীর অর্থনৈতিক বৈষম্য ও উন্নয়ন বিশ্লেষণ করা হয়েছে। নগরায়ণের ফলে কৃষি উৎপাদন হ্রাস, জমির মূল্য বৃদ্ধি দেখানো হয়েছে। এই অধ্যায়ে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক স্বাধীনতা, দৃশ্যমান উপার্জনকারী হিসেবে, Powerful Economic Force হিসেবে নারীর উপর অর্থনীতির অনেক ইতিবাচক ও নেতিবাচক প্রভাব তথ্য-উপাত্ত দিয়ে ব্যাখ্যা করা হয়েছে।

ষষ্ঠ অধ্যায়ে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণের প্রভাব দেখানো হয়েছে। এই অধ্যায়ে ধামরাই উপজেলা প্রশাসনের ভূমি অফিস, বিদ্যুৎ অফিস ও থানা অফিসের সেবা ও দুর্নীতি, নির্বাচনী ব্যবস্থা, ভোটাধিকার, রাজনীতিতে দুর্বৃত্তায়ন, ক্ষমতায়ন, নেতৃত্ব, নেতৃত্বের প্রকৃতি ও নিরাপত্তা ধামরাই উপজেলার গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে এসবের প্রভাব ফুটিয়ে তোলা হয়েছে।

সপ্তম অধ্যায়ে সম্পাদিত গবেষণার উপসংহার, ফলাফল ও কতিপয় সুপারিশ তুলে ধরা হয়েছে।

## ১.২ গবেষণার উদ্দেশ্য
## (Objectives of the Study)

গবেষণার প্রধান উদ্দেশ্য – ধামরাই উপজেলা গ্রামীণ নারীর জীবনে নগরায়ণের প্রভাব অনুসন্ধান।
উদ্দেশ্যগুলো নিম্নরূপঃ
ধামরাই উপজেলা গ্রামীণ নারীর–
(১) অর্থনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব অনুসন্ধান।
(২) সামাজিক জীবনে নগরায়ণ এর প্রভাব অনুসন্ধান।
(৩) রাজনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব অনুসন্ধান।

## ১.৩ গবেষণার অনুকল্প
## (Hypothesis of the Study)

গবেষণার উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি রেখে নিম্নোক্ত অনুমানসমূহ গৃহীত হয়েছে :
ধামরাই উপজেলা গ্রামীণ নারীর–
(১) অর্থনৈতিক জীবনে নগরায়ণ ইতিবাচক ও নেতিবাচক উভয় ধরনের প্রভাব সৃষ্টি করেছে।
(২) সামাজিক জীবনে নগরায়ণ এর ইতিবাচক প্রভাব অপেক্ষা নেতিবাচক প্রভাব অধিক।
(৩) রাজনৈতিক জীবনে নগরায়ণ প্রভাব সৃষ্টি করছে।

## ১.৪ গবেষণা প্রশ্ন
## (Research Question)

সকল গবেষণায়ই একটি প্রধান বা মূল ‘গবেষণা প্রশ্ন’ থাকে। গবেষণা প্রশ্নে সমগ্র গবেষণা কর্মের প্রতিফলন ঘটে। তেমনি আলোচ্য গবেষণার প্রশ্ন হচ্ছে- “ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনে নগরায়ণের ফলে ‘কী কী’ প্রভাব সৃষ্টি হয়েছে?”

## ১.৫ গবেষণার যৌক্তিকতা
## (Rationale of the Study)

বাংলাদেশ স্বল্প নগরায়িত বা নিম্ন নগরায়ণের দেশ হিসেবে পরিচিত। ঢাকা বাংলাদেশের রাজধানী ও সবচেয়ে বড় নগর। এ কারণে এখানে সবচেয়ে বেশি নগরায়ণ হয়েছে। বিশ্বের ১১তম মেগা সিটিও ঢাকা।[৬] এই ঢাকারই একটি উপজেলা ধামরাই। ঢাকা থেকে দূরত্ব প্রায় ৩০-৩৫ কি.মি.।[৭] ধামরাইয়ের গ্রামীণ নারীর জীবনে নগরায়ণের প্রভাব অনুসন্ধানের গুরুত্ব রাখে। নগরায়ণের সমাজ, সভ্যতা, আচরণ, মূল্যবোধ, সংস্কৃতি, জীবনধারা, নাগরিক সুযোগ সুবিধা, আবাসিক ধরণ ইত্যাদি ধামরাইয়ের গ্রামীণ নারীর জীবনে কোন কোন বিষয়ের উপর, কতটুকু প্রভাব পড়ছে এবং প্রভাব ইতিবাচক না নেতিবাচক ইত্যাদি অনুসন্ধান ও বিশ্লেষণ করার জন্য গবেষণার প্রয়োজনীয়তা আছে। ধামরাইয়ের গ্রামীণ নারীর জীবনে নতুন ধরণের অর্থব্যবস্থা, সমাজব্যবস্থা ও ভৌত কাঠামোর বিকাশে নগরায়ণের প্রভাব নির্ণয় করার প্রয়োজনে গবেষণার প্রয়োজনীয়তা ও যৌক্তিকতা আছে।

নগরায়ণ, নগরায়ণের সমস্যা, নগরায়ণের চ্যালেঞ্জ ও প্রয়োজনীয়তা এবং প্রভাব নিয়ে বাংলাদেশে কমবেশী গবেষণা হয়েছে। কিন্তু আমার জানামতে ঢাকা জেলার ধামরাই উপজেলার গ্রামীণ নারীর জীবনে নগরায়ণের প্রভাব নিয়ে কোন গবেষণা হয়নি, তাই বিষয়টি গবেষণার দাবী রাখে।

## ১.৬ গবেষণায় ব্যবহৃত পদ ও শব্দের সংজ্ঞা প্রদান
## (Operational Definition)

### গ্রামীণ নারী
### (Rural Women)

"গ্রামীণ নারী" বলতে এখানে শুধু ধামরাই উপজেলার পৌরসভার বাইরে গ্রাম এলাকার নারীদের বোঝানো হয়েছে। গবেষণার তথ্য সংগ্রহের জন্য ধামরাই উপজেলার ৪টি ইউনিয়নের ৬টি গ্রামের নারীদের নির্বাচিত করা হয়েছে।

### জীবনে
### (In Life)

গবেষণায় 'জীবনে' শব্দটি দ্বারা ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনব্যবস্থাকে বোঝানো হয়েছে।

[৬] Bangladesh Population and Housing Census 2011.
[৭] সিরাজুল ইসলাম (২০১১) সম্পাদিত, "বাংলাপিডিয়া: বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ", খণ্ড ৬, দ্বিতীয় সংস্করণ, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, পৃ. ২৯৮।

গবেষণায় 'জীবনে' শব্দটিকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে।
ধামরাই উপজেলা গ্রামীণ নারীর-
ক) সামাজিক জীবনব্যবস্থা
খ) অর্থনৈতিক জীবনব্যবস্থা
গ) রাজনৈতিক জীবনব্যবস্থা

**নগরায়ণ**
**(Urbanization)**

'নগরায়ণ' হচ্ছে অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক প্রক্রিয়ার এমন এক কর্মসূচী যা গ্রামকে নগরে পরিণত করে, পরিচালিত করে মুদ্রা অর্থনীতি, রূপান্তর ঘটায় কৃষি পেশার পরিবর্তে অকৃষি পেশার যেমন- শিল্প উদ্যোগ, ব্যবসা-বাণিজ্য ও চাকুরী, সামাজিক সুযোগ-সুবিধার সম্প্রসারণ এবং সামাজিক-সাংস্কৃতিক ব্যবস্থার আমূল পরিবর্তন।

অনুরূপভাবে, সম্পাদিত গবেষণায় 'নগরায়ণ' বলতে এমন এক নির্দেশক প্রক্রিয়াকে বোঝানো হয়েছে- যার দ্বারা ধামরাই উপজেলার গ্রামীণ এলাকা নগরে পরিণত হচ্ছে, শিল্পায়ন, মাইগ্রেশন কর্মসংস্থান, অর্থনৈতিক উন্নয়ন, সমাজের রূপান্তর ও পরিবর্তন, ভূমির ব্যবহার কৃষিতে সীমাবদ্ধ না থেকে বহুমুখী ব্যবহার, বহুমুখী পেশার আবির্ভাব, সামাজিক গতিশীলতা ও আধুনিকীকরণ, সমাজে প্রচলিত মূল্যবোধ, আচার-ব্যবহারে পরিবর্তন এবং পরিবেশ দূষণ এবং সন্ত্রাস ও অপরাধের বিস্তৃতি ঘটছে।

অতএব, ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক জীবনব্যবস্থার ব্যাপক ইতিবাচক ও নেতিবাচক পরিবর্তন সাধনকারী নির্দেশক প্রক্রিয়ার নামই নগরায়ণ।

**প্রভাব**
**(Impact)**

আলোচ্য গবেষণায় 'প্রভাব' বলতে নগরায়ণের প্রভাবকে বোঝানো হয়েছে। নগরায়ণের বিভিন্ন নির্দেশক উপাদান, যেমন- শিল্পায়ন, মাইগ্রেশন (জনসংখ্যার ঘনত্ব), কর্মসংস্থান, অর্থনৈতিক উন্নয়ন, ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণ, অকৃষিমূলক পেশা, অবকাঠামো, নগরের সুযোগ-সুবিধা, সামাজিক পরিবর্তন ও আধুনিকীকরণ, পরিবেশ দূষণ, অপরাধ ও সন্ত্রাস ইত্যাদি। এসব নির্দেশক উপাদান দ্বারা ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনব্যবস্থার উপর ইতিবাচক-নেতিবাচক প্রতিক্রিয়াকে 'প্রভাব' বোঝানো হয়েছে।

## ১.৭ গবেষণাকর্ম পর্যালোচনা
## (Literature Review)

"বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ এর প্রভাব: ধামরাই উপজেলার উপর একটি কেস স্টাডি"– এ সংক্রান্ত কোন গবেষণা হয়নি। এ বিষয়ের সাথে সম্পৃক্ত অন্যান্য গবেষণা যা বিষয়টির সাথে সম্পর্কযুক্ত। কাজেই প্রস্তাবিত গবেষণাকর্মের সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ গ্রন্থ, প্রবন্ধ ও গবেষণাকর্মের মূল বক্তব্য নিম্নে উপস্থাপন করা হল:

Hauser, Philip M. and Schnore, Leo F. edited (1965), "*The Study of Urbanization*". বইটি তিনটি অংশে বিভক্ত। প্রথম অংশের প্রথম অধ্যায়ে নগরায়ণ নিয়ে বিস্তারিত পর্যালোচনা রয়েছে। দ্বিতীয় অধ্যায়ে রয়েছে ইতিহাসবিদ Charles N. Glaab-এর আমেরিকান সিটি নিয়ে আত্মজীবনীমূলক গবেষণা। এরপর নগর ভূগোল গবেষণা, চতুর্থ অধ্যায়ে আমেরিকার রাষ্ট্রবিজ্ঞানে নগরায়ণ পাঠ, পঞ্চম অধ্যায়ে নগর সমাজবিজ্ঞানে তত্ত্ব ও গবেষণার প্রয়োজনীয়তা এবং ষষ্ঠ অধ্যায়ে নগর গবেষণায় অর্থনৈতিক দিক নিয়ে আলোচনা করা হয়েছে।

Islam, Nazrul (1998), "*Human Settlements and Urban Development in Bangladesh*". বইটিতে ১৯০১-১৯৯১ সময়ে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধি ও নগর জনসংখ্যা বৃদ্ধি নিয়ে আলোচনা করেছেন। বইটিতে বাংলাদেশের ভূমির উপযোগিতা, দরিদ্র প্রবণতা, নগরকেন্দ্র নিয়ে বর্ণনা করেছেন। এতে নগরের পানি ও স্যানিটেশন পরিস্থিতি, শহর গ্রাম ও বস্তির জন্ম ও মৃত্যুহার, শিশু মৃত্যুহার, নিরক্ষর লোকের সংখ্যা বৃদ্ধি বর্ণনা করেছেন। ঢাকা মেগাসিটি ও এর পার্শ্ববর্তী এলাকায় কর্মসংস্থান সংকট ব্যাখ্যা করা হয়েছে। বাংলাদেশের নগর এলাকায় আবাসন ধরণ আলোচনা করা হয়েছে।

Biplab Dasgupta (1987), "Urbanization and Rural Change in West Bengal" – প্রবন্ধে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণের ইতিবাচক দিক বর্ণনা করা হয়েছে। শহরের কলকারখানা, অফিস ও বিভিন্ন সার্ভিস সেক্টরে জনশক্তির উৎস হচ্ছে গ্রাম। গ্রাম শহরের জনগণকে খাদ্য উৎপাদন করে সরবরাহ করে। অর্থাৎ নগরায়ণ-এর ফলে গ্রামীণ এলাকার উৎপাদন বৃদ্ধি ও শহরে সরবরাহ করা এই প্রবন্ধে বর্ণনা করা হয়েছে।

Islam, Nazrul and Ahsan, Rosie Majid edited (1996), "*Urban Bangladesh: Geographical Studies*". বইটির প্রথমেই বাংলাদেশের নগরকেন্দ্র, নগর পরিবেশ, আবাসন এবং জাতীয় আবাসন নীতিমালা আলোচিত হয়েছে। নগরায়ণের ফলে উদ্ভূত অপরাধ প্রবণতা এবং জেন্ডার বৈষম্য নিয়ে বলা হয়েছে। এরপর নগরায়ণের ফলে নগরের পার্শ্ববর্তী এলাকায় পরিবর্তন, ঢাকা মহানগরীতে মূল্যস্ফীতি বৃদ্ধি বর্ণনা করা হয়েছে। এরপর সাধ্যের অতিরিক্ত বাড়িভাড়া নীতিমালার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা হয়েছে। ঢাকার বস্তিতে নগর দরিদ্র নারীর সামাজিক পরিবর্তন উল্লেখ করা হয়েছে।

নজরুল ইসলাম সংকলিত (২০০৩), "*উন্নয়নে নগরায়ণ*"। বইটির প্রথম অংশে রয়েছে নগর প্রকৃতি নিয়ে তিনটি সাধারণ আলোচনা। তারপর বাংলাদেশের নগরায়ণ ও নগরীয় পরিবেশ পরিস্থিতির উপর চারটি প্রবন্ধ। এরপর স্থান পেয়েছে উন্নয়ন, নগর-অর্থনীতি ও দারিদ্র সম্পর্কিত কয়েকটি আলোচনা। পরবর্তী অংশে রয়েছে বাংলাদেশের গৃহায়ণ ও বস্তি সমস্যা নিয়ে বর্ণনা। এরপর নগর সমস্যা ও নগর পরিচালনে নাগরিক সমাজের ভূমিকা, নগর ইমেজ, সৌন্দর্য্য ও নগর নান্দনিকতা নিয়ে বর্ণনা। এরপরে রাজধানী ঢাকার উন্নয়ন ও ভবিষ্যৎ নিয়ে লেখকের চিন্তাভাবনা তুলে ধরা হয়েছে।

Islam, Nazrul edited (1997), "*Urban Research in Bangladesh: Review of Recent Trends and An Agenda for the 1990s"*. বইটিতে বাংলাদেশের নগর গবেষণা, ইতিহাস, নগরায়ণের প্যাটার্ন ও প্রক্রিয়া গবেষণা, নগর প্রশাসন ও অর্থায়ন, নগর রাজনীতি ও অর্থনীতি আলোচিত হয়েছে। এরপর নগর দারিদ্র ও সামাজিক কাঠামো আলোচনা করা হয়েছে। বাংলাদেশের নগর এলাকায় পরিবেশ, অবকাঠামো ও স্বাস্থ্য নিয়ে পর্যালোচনা হয়েছে। নগরের পরিবহন ভূমি ব্যবস্থাপনা, নগর নীতিমালা এবং আবাসন নিয়ে পর্যালোচনা হয়েছে। বইটিতে রোজী মজিদ আহসান কর্তৃক বাংলাদেশে নারী ও নগরায়ণ নিয়ে একটি গবেষণা করেছেন।

Hussain, Shahnaz Huq (1996), *"Female Migrant's Adaptation in Dhaka: A Case of the Processes of Urban Socio-Economic Change"*. বইটির ভূমিকা অংশে গ্রামীণ নারীর ঢাকায় migration এবং অভিযোজন প্রক্রিয়া তুলে ধরা হয়েছে। এরপর ঢাকায় জনসংখ্যা বৃদ্ধি এবং তাদের শিক্ষা, পেশা, আয়, বয়স, জেন্ডার, জনসংখ্যার ঘনত্ব ইত্যাদি বর্ণিত হয়েছে। তারপর সাহিত্যকর্ম পর্যালোচনা ও গবেষণাধীন মূল বিষয়ের কার্যকরী সংজ্ঞা প্রদান করা হয়েছে। নারী অভিবাসীর বৈশিষ্ট্য এবং মাইগ্রেশনের ধরণ ব্যাখ্যা করা হয়েছে। তারপর নারী migrant দের বিভিন্ন ধরণের Adaptation Process তুলে ধরা হয়েছে। এরপর migration এর মাত্রা ও আধুনিকীকরণ বিশ্লেষণ করা হয়েছে।

Chaudhury, Rafiqul Huda (1980), "Urbanization in Bangladesh". বইটি Research Monograph। বইটিতে বাংলাদেশের জাতীয় আদম শুমারী ১৯০১-১৯৭৪ সময়কার তথ্য নিয়ে তৈরী গবেষণা পুস্তক। বইটিতে বাংলাদেশ ও এশিয়ার কিছু দেশের গ্রাম ও শহরের জনসংখ্যার অনুপাত দেখানো হয়েছে। আঞ্চলিক নগরায়ণ দেখানো হয়েছে। নগর বৃদ্ধি প্রবণতা, নগর বৃদ্ধির নিয়ামক, অভিবাসী নির্ধারণ, গ্রাম-শহরের পার্থক্য, নগরায়ণের পরিণতি অনুসন্ধান করা হয়েছে এবং অপরিকল্পিত নগরায়ণের চ্যালেঞ্জ মোকাবেলার সুপারিশ রয়েছে।

নজরুল ইসলাম ও আবদুল বাকী সম্পাদিত (২০০২), "নগরায়ণে বাংলাদেশ: নির্বাচিত ভৌগোলিক প্রবন্ধ সংকলন"। গ্রন্থটিতে বাংলাদেশে পৌর বসতি, বাংলাদেশে নগরায়ণ, নগরীয়

বাণিজ্যিক ভূমি ব্যবহার শহরতলীর বিকাশ বর্ণনা করা হয়েছে, বাংলাদেশের নারী পুরুষ অভিগমন, নগর উন্নয়নে ভূমি ব্যবহার পরিকল্পনা ও নগর পরিচালক, শিল্প, পরিবেশ দূষণে হাজারীবাগ, চামড়া শিল্প, নগরীর দারিদ্র দূরীকরণ , কৃষি বিনোদন নগর, গৃহায়নের নকশা, অবকাঠামো ও পরিবেশগত পরিবর্তন, ঢাকা শহরের বস্তির আবাসন, পরিবেশ ও পুনর্বাসন প্রস্তাবনা আলোচনা করা হয়েছে।

মোঃ আক্তার হোসেন খাঁন ও মোঃ গাওছুল আজম (২০১০-২০১১), "গ্রামীণ ও নগর সমাজবিজ্ঞান (Rural and Urban Sociology)। বইটিতে গ্রামীণ সমাজবিজ্ঞান ও সমাজ কাঠামো, কৃষি সমাজ কাঠামোর প্রকৃতি, সামাজিক পরিবর্তন, গ্রামীণ ক্ষমতা কাঠামো ও উন্নয়ন, প্রতিবেশিত্ব ইত্যাদি নিয়ে আলোচনা হয়েছে। বইটির দ্বিতীয় অংশে নগর সমাজবিজ্ঞান, নগর ও নগরের সংজ্ঞা, বৈশিষ্ট্য, উৎপত্তি, নগর সংস্কৃতি, নগর অর্থনীতি, নগর জীবন, নগরের অপরাধ প্রবণতা, মাদকাসক্তি, নগর ও বস্তি এবং বাংলাদেশের নগরজীবন ও পরিবেশ দূষণ সংক্ষিপ্ত আকারে বর্ণনা করা হয়েছে। বইটির কোথাও ধামরাই উপজেলার গ্রামীণ নারীর জীবনে নগরায়ণের প্রভাব নিয়ে কোন বর্ণনা নেই।

## ১.৮ গবেষণা পদ্ধতি (Research Methodology)

### ১.৮.১ গবেষণা এলাকা নির্বাচন

গবেষণা এলাকা নির্বাচন করা হয়েছে ধামরাই উপজেলাকে। ধামরাই ঢাকা জেলার একটি উপজেলা। গবেষণা কাজে তথ্য সংগ্রহের জন্য ধামরাই উপজেলার ৪টি ইউনিয়নের ৬টি গ্রামকে বেছে নেওয়া হয়েছে। সময় স্বল্পতার কারণে গবেষণার ক্ষেত্রকে সীমিত করা হয়েছে। নিম্নে সারণীর মাধ্যমে দেখানো হলঃ

সারণী – ১.১

তথ্য সংগ্রহের জন্য নির্বাচিত ইউনিয়ন ও গ্রামসমূহ

| ক্রমিক নম্বর | ইউনিয়নের নাম | গ্রামের নাম |
|---|---|---|
| ০১ | গাংগুটিয়া ইউনিয়ন | ১. বারবাড়িয়া<br>২. কৃষ্ণপুরা<br>৩. ললিত নগর |
| ০২ | সূতিপাড়া ইউনিয়ন | ১. বিলকেষ্টি |
| ০৩ | নান্নার ইউনিয়ন | ১. ঘোড়াকান্দা |
| ০৪ | সুয়াপুর ইউনিয়ন | ১. ঈশান নগর |

উৎস: গবেষক কর্তৃক প্রস্তুতকৃত।

গবেষণা এলাকা ধামরাই উপজেলা, ধামরাই উপজেলার নির্বাচিত ৪টি ইউনিয়ন এবং প্রাথমিক তথ্য সংগ্রহের জন্য ৪টি ইউনিয়ন থেকে নির্বাচিত ৬টি গ্রামের পরিচিতি দ্বিতীয় অধ্যায়ে বিস্তারিতভাবে উপস্থাপন করা হয়েছে।

## ১.৮.২ চলক নির্ধারণ

"বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণের প্রভাব" শীর্ষক বর্তমান গবেষণার নির্ভরশীল চলক হচ্ছে 'গ্রামীণ নারীর জীবন'। 'গ্রামীণ নারীর জীবন' – চলকটির সাথে সংশ্লিষ্ট গবেষণায় সম্পাদিত প্রধান বিষয়গুলো হচ্ছে:

গ্রামীণ নারীর–

১) সামাজিক জীবন (Economic Life)

২) অর্থনৈতিক জীবন (Social Life)

৩) রাজনৈতিক জীবন (Political Life)

স্বাধীন চলক হচ্ছে 'নগরায়ণ'। এখানে স্বাধীন চলক তার বিভিন্নমুখী প্রক্রিয়া, কার্য-কারণ সম্বন্ধীয় উপাদান ও কর্মসূচী দ্বারা গ্রামীণ নারীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবন ব্যবস্থাকে নানাভাবে প্রভাবিত করে। গবেষণায় গ্রামীণ নারীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনব্যবস্থায় 'নগরায়ণের প্রভাব' বলতে নগরায়ণের নিম্নোক্ত প্রক্রিয়া, উপাদান ও কর্মসূচীগুলোকে বোঝাবে।

১) আচার-ব্যবহার, মূল্যবোধ, বিশ্বাসের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন এবং গোঁড়ামী ও কুসংস্কারমুক্ত জীবন।

২) গ্রাম নগরে পরিণত হওয়া/নগর পরিবেশের উৎপত্তি।

৩) বর্ধিত হারে শহরে বসবাস/গ্রাম থেকে শহরে মাইগ্রেশন।

৪) অকৃষি পেশা মুখ্য, কৃষি গৌণ

৫) শিল্পের উন্নয়ন

৬) অবকাঠামো উন্নয়ন
৭) আধুনিকায়নের সূচক
৮) কর্মসংস্থান বৃদ্ধি
৯) অর্থনৈতিক উন্নয়ন
১০) দারিদ্র্য দূরীকরণ
১১) আয় বৃদ্ধি
১২) আয় বৈষম্য বৃদ্ধি
১৩) সামাজিক সুযোগ-সুবিধা সম্প্রসারণ
১৪) শিক্ষার হার বৃদ্ধি
১৫) শ্রমজীবীদের মজুরী বৃদ্ধিকরণ
১৬) রাজনৈতিক উন্নয়ন ও রাজনীতির দুর্বৃত্তায়ন।

নগরায়ণের এসব উপাদান ও কর্মসূচীগুলো গ্রামীণ নারীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনে ইতিবাচক ও নেতিবাচক প্রভাবগুলোই গবেষণায় দেখানো হয়েছে।

## ১.৮.৩ তথ্যের উৎস

গবেষণায় দুটি উৎস থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে।
১) প্রাথমিক উৎস (Primary Sources)
২) মাধ্যমিক উৎস (Secondary Sources)

### ১) প্রাথমিক উৎস

প্রাথমিক উৎস হিসেবে গবেষণাধীন এলাকা ধামরাই উপজেলার ৪টি ইউনিয়নের ৬টি গ্রাম থেকে ৩০২ জন তথ্যদাতার কাছ থেকে জরিপ প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে।

### ২) মাধ্যমিক উৎস

তথ্যের মাধ্যমিক উৎস দেশী-বিদেশী বই, জার্নাল, পত্রিকা এবং বিভিন্ন প্রতিবেদন থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। সরকারি অধ্যাদেশ, বিজ্ঞপ্তি, আদেশ গেজেট বিবরণী, পার্লামেন্ট অধিবেশনের কার্যবিবরণী, বাংলাদেশের নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত বিভিন্ন গেজেট, নির্বাচনী আইন সংশোধনী, নির্বাচনী ফলাফল গেজেট, সমাজকল্যাণ মন্ত্রণালয়ে সংরক্ষিত নারী অধিকার, মাধ্যমিক তথ্যের উৎস। মাধ্যমিক তথ্যের উৎস হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, গণ উন্নয়ন গ্রন্থাগার, সমাজ নিরীক্ষণ কেন্দ্র, এশিয়াটিক সোসাইটি, স্টেপ্স টুয়ার্ডস্ ডেভেলপমেন্ট, উইমেন ফর উইমেন, বাংলাদেশ মহিলা পরিষদসহ বিভিন্ন লাইব্রেরী। মাধ্যমিক উৎসের মধ্যে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া গেছে গবেষণাধীন ধামরাই উপজেলার ইউ এন ও অফিস, পরিসংখ্যান অফিস, শিক্ষা অফিস, নির্বাচন অফিস, ভূমি অফিস, সাব-রেজিস্ট্রি অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস-এর

সংরক্ষিত ফাইল ও মাঠ পর্যায়ের প্রতিবেদন থেকে। এছাড়া গবেষণাধীন ধামরাই উপজেলার গাংগুটিয়া ইউনিয়ন কার্যালয় থেকে গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় তথ্য নেওয়া হয়েছে। এ গবেষণার বিষয় যেহেতু নগরায়ণ নিয়ে তাই নগর ও নগরায়ণ নিয়ে গবেষণাকারী বাংলাদেশের একমাত্র প্রতিষ্ঠান নগর গবেষণা কেন্দ্র থেকে গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করা হয়েছে, যা মাধ্যমিক উৎসকে সমৃদ্ধ করেছে। এছাড়া ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য, গবেষণা প্রতিবেদন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে প্রাপ্ত তথ্য, ধামরাই সমাজসেবা অফিস থেকে প্রাপ্ত তথ্যকে দ্বৈতয়িক উৎস হিসেবে নেয়া হয়েছে।

## ১.৮.৪ তথ্য সংগ্রহের পদ্ধতি: জরিপ গবেষণা পদ্ধতি

সরাসরি মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহের জন্য জরিপ (Survey) পদ্ধতি অবলম্বন করা হয়েছে, বাড়ি বাড়ি গিয়ে উত্তরদাতাদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। তথ্য সংগ্রহের জন্য একটি প্রশ্নপত্র তৈরী করা হয়। প্রশ্নপত্রকে ৩টি অংশে ভাগ করা হয়। যেমন-
ধামরাই উপজেলার গ্রামীণ নারীর–

- সামাজিক জীবনব্যবস্থায় নগরায়ণের প্রভাব।
- অর্থনৈতিক জীবনব্যবস্থায় নগরায়ণের প্রভাব।
- রাজনৈতিক জীবনব্যবস্থায় নগরায়ণের প্রভাব।

গবেষণায় উত্তরদাতাদের কাছ থেকে তথ্য সংগ্রহের জন্য দুই ধরনের প্রশ্নপত্র ব্যবহার করা হয়েছে।

(i) আবদ্ধ প্রশ্ন

এ প্রশ্নমালার মধ্যে হ্যাঁ, না, জানিনা, নিরুত্তরসহ ৪টি বৈশিষ্ট্য বিদ্যমান। উত্তরদাতাকে জিজ্ঞাসিত প্রশ্নমালা থেকে যেকোন একটি উত্তর দিতে হয়েছে। ইচ্ছামত উত্তর প্রদানের সুযোগ এ প্রশ্নপত্রে নেই।

(ii) খোলা প্রশ্ন

এ প্রশ্নপত্রে উত্তরদাতাদের উত্তর প্রদানে স্বাধীনতা আছে। খোলা প্রশ্নপত্রের মাধ্যমে উত্তরদাতা একটা প্রশ্নের ক্ষেত্রে একাধিক উত্তর প্রদান করতে পেরেছেন। এক্ষেত্রে কোন বাঁধা নিষেধ নেই।

### ১.৮.৫ নগরায়ণের নির্দেশকের মাধ্যমে প্রশ্নপত্র প্রণয়ন

গবেষণার দ্বিতীয় অধ্যায়ে নগরায়ণের নির্দেশক বর্ণনা করা হয়েছে। নগরায়ণ-এর নির্দেশক মোতাবেক প্রশ্নপত্র তৈরি করে ধামরাই উপজেলার গ্রামীণ উত্তরদাতাগণদের থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। প্রশ্নপত্রে নগরায়ণের নির্দেশকসমূহের তিনটি দিক বিবেচনা করা হয়েছে। যেমন-

- নগরায়ণ এর সামাজিক নির্দেশক
- নগরায়ণ এর অর্থনৈতিক নির্দেশক
- নগরায়ণ এর রাজনৈতিক নির্দেশক

উপরোক্ত তিনটি নির্দেশক-এর ভিত্তিতে তৈরিকৃত প্রশ্নপত্রের মাধ্যমে সংগৃহীত তথ্য-উপাত্ত এর সাহায্যে গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনব্যবস্থায় নগরায়ণের ইতিবাচক ও নেতিবাচক প্রভাব এর স্বরূপ উদঘাটন করা হয়েছে।

### ১.৮.৬ নমুনায়নঃ উদ্দেশ্যমূলক বিচার্য নমুনায়ন

আলোচ্য গবেষণায় নমুনার আকর নির্ধারিত হয়েছে উদ্দেশ্যমূলক/বিচার্য নমুনায়ন (Purposive Sampling) পদ্ধতিতে। নমুনার আকার ৩০২। ৩০২ জন উত্তরদাতাকে প্রতিনিধিত্ব নমুনা হিসেবে চয়ন করা হয়েছে। এ পদ্ধতিতে নমুনায়ন নির্বাচনে গবেষণার উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা অন্যতম অনুপ্রেরণা হিসেবে কাজ করেছে।

### ১.৮.৭ নমুনা কাঠামো

গবেষণাধীন ৬টি গ্রামে মোট পরিবার ১৯৯১[৮] অর্থাৎ সমগ্রক ১৯৯১। প্রত্যেক পরিবার থেকে ১ জন করে উত্তরদাতা বাছাই করা হয়েছে। সমগ্রকের ১৫% এর বেশী নমুনার আকার নির্ধারণ করা হয়েছে। অর্থাৎ ১৯৯১-এর ১৫% = ২৯৮.৬৫। নমুনার আকার হিসেবে নেয়া হয়েছে ৩০২ জন উত্তরদাতা। একদল বিশেষজ্ঞ মনে করেন, নমুনার আকার কমপক্ষে সমগ্রকের ৫% হওয়া উচিত। আরেক দলের মতে, কমপক্ষে ১০%।[৯] এটা এক ধরনের নমুনা জরিপ (Sample Survey)।[১০] অর্থাৎ সম্পাদিত গবেষণাটি এক প্রকার নমুনা জরিপ (Sample Survey)।

[৮] Bangladesh Population and Housing Census 2011.

[৯] খুরশিদ আলম (২০০০), *সমাজ গবেষণা পদ্ধতি*, চতুর্থ সংস্করণ, ঢাকা: মিনার্ভা পাবলিকেশন্স, পৃ. ৩৪৬।

[১০] মো: আবদুল মান্নান ও শামসুন্নাহার খানম মেরী (২০০২), *সামাজিক গবেষণা ও পরিসংখ্যান পরিচিতি*, ঢাকা: অবসর প্রকাশনা সংস্থা, পৃ. ১২৩।

৬টি গ্রামের যেসব উত্তরদাতা থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে সেসব উত্তরদাতাদের ২টি ভাগে ভাগ করা হয়েছে। যেমন,

- নারী উত্তরদাতা
- পুরুষ উত্তরদাতা

নারী উত্তরদাতাগণকে ৩টি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে।

সারণী – ১.২

নারী উত্তরদাতাদের ক্যাটাগরি

| ক্রমিক নম্বর | ক্যাটাগরি স্তর | ক্যাটাগরির শ্রেণীবিভাগ |
|---|---|---|
| ০১ | প্রথম ক্যাটাগরি | গৃহিনী |
| ০২ | দ্বিতীয় ক্যাটাগরি | চাকুরীজীবী |
| ০৩ | তৃতীয় ক্যাটাগরি | শিক্ষার্থী |

উৎস: গবেষক কর্তৃক প্রস্তুতকৃত।

পুরুষ উত্তরদাতাগণকে ৩টি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে।

সারণী – ১.৩

পুরুষ উত্তরদাতাগণের ক্যাটাগরি

| ক্রমিক নম্বর | ক্যাটাগরি স্তর | ক্যাটাগরির শ্রেণীবিভাগ |
|---|---|---|
| ০১ | প্রথম ক্যাটাগরি | চাকরীজীবী |
| ০২ | দ্বিতীয় ক্যাটাগরি | ব্যবসায়ী |
| ০৩ | তৃতীয় ক্যাটাগরি | শিক্ষার্থী |

উৎস: গবেষক কর্তৃক প্রস্তুতকৃত।

প্রত্যেক গ্রামেই প্রতিটি ভাগে প্রথম ক্যাটাগরি থেকে তৃতীয় ক্যাটাগরি পর্যন্ত প্রতিটি ক্যাটাগরি থেকে উত্তরদাতাদের নির্বাচিত করা হয়েছে এবং তথ্য সংগ্রহ করা হয়েছে। এসব উত্তরদাতাদের কাছ থেকে প্রশ্নমালার মাধ্যমে জরিপের ভিত্তিতে তথ্য সংগ্রহ করা হয়েছে। বিষয়টি সারণীর মাধ্যমে দেখানো হল–

সারণী – ১.৪

গ্রামভিত্তিতে নারী উত্তরদাতাগণের ক্যাটাগরি ও মোট সংখ্যা

| ক্রমিক নম্বর | গ্রামের নাম | নারী উত্তরদাতাগণের ক্যাটাগরি | | | মোট |
|---|---|---|---|---|---|
| | | গৃহিনী | চাকরীজীবী | শিক্ষার্থী | |
| ০১ | বারবাড়িয়া | ২০ | ১০ | ১১ | ৪১ |
| ০২ | কৃষ্ণপুরা | ৪৬ | ১১ | ১১ | ৬৮ |
| ০৩ | ললিত নগর | ২৪ | ১১ | ০৮ | ৪৩ |
| ০৪ | বিলকেষ্টি | ২০ | ১০ | ১০ | ৪০ |
| ০৫ | ঘোড়াকান্দা | ২০ | ১০ | ১০ | ৪০ |
| ০৬ | ঈশান নগর | ২০ | ১০ | ১০ | ৪০ |
| মোট | ৬টি গ্রাম | ১৫০ | ৬২ | ৬০ | ২৭২ |

উৎস: গবেষক কর্তৃক প্রস্তুতকৃত।

সারণী – ১.৫

পুরুষ উত্তরদাতাদের ক্যাটাগরি ও মোট সংখ্যা

| ক্রমিক নম্বর | পুরুষ উত্তরদাতাদের ক্যাটাগরি | মোট |
|---|---|---|
| ০১ | চাকরীজীবী | ১০ |
| ০২ | ব্যবসায়ী | ১০ |
| ০৩ | শিক্ষার্থী | ১০ |
| | মোট = | ৩০ |

উৎস: গবেষক কর্তৃক প্রস্তুতকৃত।

গবেষণাটি যেহেতু নারীদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনব্যবস্থা নিয়ে তাই উদ্দেশ্যমূলকভাবেই পুরুষ উত্তরদাতা সংখ্যায় সীমিত রাখা হয়েছে।

সারণী – ১.৬

নারী ও পুরুষসহ মোট উত্তরদাতার সংখ্যা

| ক্রমিক নম্বর | পুরুষ উত্তরদাতাদের ক্যাটাগরি | মোট |
|---|---|---|
| ০১ | ঊারবাড়িয়া | ৫৩ |
| ০২ | কৃষ্ণপুরা | ৭৭ |
| ০৩ | ললিত নগর | ৫২ |
| ০৪ | বিলকেষ্টি | ৪০ |
| ০৫ | ঘোড়াকান্দা | ৪০ |
| ০৬ | ঈশান নগর | ৪০ |
| | মোট = | ৩০২ |

উৎস: গবেষক কর্তৃক প্রস্তুত।

এভাবে বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর, বিলকেষ্টি, ঘোড়াকান্দা ও ঈশান নগর গ্রাম থেকে মোট (৫৩ + ৭৭ + ৫২ + ৪০ + ৪০ + ৪০) = ৩০২ জন উত্তরদাতা নির্বাচিত করে জরিপের ভিত্তিতে তথ্য সংগ্রহ করা হয়েছে।

## ১.৮.৮ তথ্য প্রক্রিয়াকরণ এবং তথ্য উপস্থাপন ও বিশ্লেষণ

মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করে তথ্যের সুশৃংখল বিন্যাস, উপস্থাপন ও বিশ্লেষণ করা হয়েছে।

### ১. তথ্য প্রক্রিয়াকরণ

তথ্য প্রক্রিয়াজাতকরণের ক্ষেত্রে ৫টি ধাপ অনুসরণ করা হয়েছে।

i) প্রশ্নমালা সম্পাদনা (Editing)

ii) তথ্যের সংকেতায়ন (Coding)

iii) তথ্যের শ্রেণীবদ্ধকরণ (Classification of Data)

iv) সারণীবদ্ধকরণ (Tabulation) and

v) গাণিতিক অর্থবহতা যাচাই (Statistical Test of Significance)

২. তথ্য উপস্থাপন ও বিশ্লেষণ

তথ্য বিশ্লেষণের জন্য ব্যাপকভাবে পরিসংখ্যান পদ্ধতি ব্যবহার করা হয়।[১১] সম্পাদিত গবেষণায় সহজ-সরল পরিসংখ্যানগত বিশ্লেষণ করা হয়েছে। তথ্য উপস্থাপন ও যে অনুমান পরীক্ষা করার লক্ষ্যে গবেষণাকর্ম শুরু করা হয়েছিল, তথ্য বিশ্লেষণের মধ্যে তা পরীক্ষিত হয়েছে। এ প্রক্রিয়ার মধ্যে বিদ্যমান তত্ত্ব যাচাই করা হয়েছে এবং নতুন তত্ত্ব নির্মাণ করা হয়েছে।

আলোচ্য গবেষণায় জরিপের মাধ্যমে সংগৃহীত তথ্যকে ৪টি অধ্যায়ে (চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম) উপস্থাপন ও ফলাফল বিশ্লেষণ করা হয়েছে। উপস্থাপন ও ফলাফল বিশ্লেষণ পরিসংখ্যানের বিভিন্ন পদ্ধতি যেমন- সারণী, রেখাচিত্র, লেখচিত্র ইত্যাদির মাধ্যমে সম্পন্ন হয়েছে।

## ১.৯ উত্তরদাতাদের সাধারণ তথ্যাবলী বিশ্লেষণ (General Information of Respondants)

Purposive Sampling এর ভিত্তিতে নির্বাচিত উত্তরদাতাদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। উত্তরদাতাদের মধ্যে বয়স, শিক্ষাগত যোগ্যতা, পেশা, ধর্ম, লিঙ্গ, ঠিকানা ভিত্তিতে তথ্য বিশ্লেষণ করা হয়েছে।


### ১.৯.১ বয়সের ভিত্তিতে তথ্য বিশ্লেষণ

বিভিন্ন বয়সের উত্তরদাতাদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। এদের বয়সসীমা সর্বনিম্ন ১৬ থেকে সর্বোচ্চ ৭০। নীচে ১.১ নং চিত্রের মাধ্যমে দেখানো হল।

[১১] M. Aminuzzaman Salauddin (2011), *Essentials of Social Research,* Bangladesh: Osder Publications, p. 146.

চিত্র – ১.১

বয়স-এর ভিত্তিতে তথ্য বিশ্লেষণ





উপরের চিত্র থেকে যেখা যায়, ১৬-২৫ বছর বয়সী উত্তরদাতা ৩২.৭৮%, ২৬-৩৫ বয়সী ২৫.৫০%, ৩৬-৪৫ বয়সী ২১.১৯% এবং ৪৬-৫৫ বয়সী ১৪.৯০%। সবচেয়ে কম ৫৬+ বয়সী ৫.৬৩%। এতে দেখা যায় যে, গবেষণায় প্রায় সকল বয়সীদের কাছ থেকেই সমভাবে তথ্য সংগ্রহ করা হয়েছে। শুধু ৫৬+ বয়সীদের থেকে সবচেয়ে কম তথ্য নেয়া হয়েছে।

### ১.৯.২ শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে তথ্য বিশ্লেষণ

যাদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে তাদের শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন স্বাক্ষরজ্ঞান সম্পন্ন এবং সর্বোচ্চ মাস্টার্স। নীচে চিত্রের মাধ্যমে দেখানো হল।

চিত্র – ১.২

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে তথ্য বিশ্লেষণ





১.২ নং চিত্রে দেখা যাচ্ছে, সবচেয়ে বেশী তথ্য সংগৃহীত হয়েছে স্বাক্ষরজ্ঞান সম্পন্ন এবং ১ম-৫ম শ্রেণী পর্যন্ত শিক্ষিত উত্তরদাতাদের নিকট থেকে। যার সংখ্যা যথাক্রমে ২৫.৮৩% ও ২৪.১৭%। ৬ষ্ঠ-১০ম, এস.এস.সি. ও এইচ.এস.সি., সম্মান/স্নাতক শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন উত্তরদাতাদের নিকট থেকে তথ্য সংগ্রহে প্রায় সমান গুরুত্ব দেয়া হয়েছে; যার সংখ্যা যথাক্রমে ১৩.৯১%, ৯.৬০%, ১০.৬০% ও ১০.৯৩%। সবচেয়ে কম তথ্য সংগৃহীত হয়েছে মাস্টার্স ডিগ্রীধারীদের থেকে ৪.৯৭%।

### ১.৯.৩ পেশার ভিত্তিতে তথ্য বিশ্লেষণ

গবেষণার উদ্দেশ্য পূরণার্থে ৪ ধরনের পেশার অধিকারী উত্তরদাতাদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। ১.৩ নং চিত্রে দেখানো হল।

চিত্র – ১.৩

পেশার ভিত্তিতে তথ্য বিশ্লেষণ





উপরের চিত্রে দেখা যায়, সবচেয়ে বেশী তথ্য সংগৃহীত হয়েছে গৃহিনীদের থেকে ৪৯.৬৭%, চাকুরীজীবী ও শিক্ষার্থীদের সংখ্যা একেবারে প্রায় সমান, যথাক্রমে ২৩.৮৪% ও ২৩.১৮%। সবচেয়ে কম তথ্য নেয়া হয়েছে ব্যবসায়ীদের থেকে ৩.৩১%।

### ১.৯.৪ ধর্মের ভিত্তিতে তথ্য বিশ্লেষণ

যাদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে তারা হয় ইসলাম ধর্মাবলম্বী, না হয় হিন্দু ধর্মাবলম্বী। অন্য কোন ধর্মাবলম্বী নেই। এটা ইচ্ছাকৃত নয়। তথ্য সংগ্রহকালে ইসলাম অথবা হিন্দু ছাড়া অন্য ধর্মাবলম্বীদের পাওয়া যায়নি। নীচে ১.৪ নং বৃত্তচিত্রে ধর্মের ভিত্তিতে তথ্য বিশ্লেষণ দেখানো হল।

চিত্র – ১.৪

ধর্মের ভিত্তিতে তথ্য বিশ্লেষণ





উপরের বৃত্তচিত্রে দেখা যায়, উত্তরদাতাদের ৯০.০৭% ইসলাম ধর্মের অনুসারী। অধিকাংশ তথ্য এদের থেকে সংগৃহীত। আর হিন্দু ধর্মের অনুসারী ৯.৯৩%। মোট তথ্যদাতার সংখ্যানুপাতে এই সংখ্যাগত ফলাফল পাওয়া গেছে।

## ১.৯.৫ লিঙ্গের ভিত্তিতে তথ্য বিশ্লেষণ

মোট ৩০২ উত্তরদাতার মধ্যে নারী ২৭২ জন এবং পুরুষ ৩০ জন।

চিত্র – ১.৫

লিঙ্গের ভিত্তিতে বিশ্লেষণ




উপরের ১.৫ নং চিত্রে ৯০.০৭% নারী এবং ৯.৯৩% পুরুষ উত্তরদাতা দেখানো হয়েছে। উদ্দেশ্যপ্রনোদিতভাবেই নারী পুরুষের মধ্যে বিশাল ব্যবধান রাখা হয়েছে। উদ্দেশ্যটা হচ্ছে- গ্রামীণ নারীর জীবনব্যবস্থায় নগরায়ণের প্রভাব নির্ণয় করার জন্য নারী উত্তরদাতার বিশাল সংখ্যাকে প্রাধান্য দেয়া হয়েছে।

## ১.৯.৬ ঠিকানা ভিত্তিতে তথ্য বিশ্লেষণ

ঠিকানা ভিত্তিতে দুইভাবে তথ্য বিশ্লেষণ করা হয়েছে।

১. ইউনিয়ন ভিত্তিতে


২. গ্রাম ভিত্তিতে

১. ইউনিয়ন ভিত্তিতে তথ্য বিশ্লেষণ

৪টি ইউনিয়ন থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। ইউনিয়ন ৪টি- গাংগুটিয়া, সূতিপাড়া, নান্নার, ও সুয়াপুর। গাংগুটিয়া ইউনিয়ন থেকে ১৮২ জন এবং অন্য ৩টি ইউনিয়ন থেকে ৪০ জন করে মোট ১২০ জন উত্তরদাতার নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে।

চিত্র ১.৬

ইউনিয়ন-এর ভিত্তিতে উত্তরদাতার তথ্য বিশ্লেষণ





উপরের চিত্রে দেখা যায়- গাংগুটিয়া ইউনিয়ন থেকে ৬০.২৬% এবং অন্য ৩টি ইউনিয়ন থেকে ১৩.২৪% করে উত্তরদাতার নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রধানত এলাকা পরিচিতি সমস্যা, তথ্য সহজপ্রাপ্যতার সমস্যা, সময়স্বল্পতা, সুযোগের অভাব ও যোগাযোগ সংকটের কারণে অন্যান্য ৩টি ইউনিয়ন থেকে কম উত্তরদাতা বাছাই করা হয়েছে। পক্ষান্তরে, এর বিপরীত অবস্থার কারণে শুধু গাংগুটিয়া ইউনিয়ন থেকে অধিকসংখ্যক উত্তরদাতা বাছাই করা হয়েছে।

২. গ্রাম ভিত্তিতে তথ্য বিশ্লেষণ

গ্রাম ভিত্তিতে তথ্য বিশ্লেষণ নীচে ১.৭ চিত্রে দেখানো হল।

চিত্র – ১.৭

গ্রাম ভিত্তিতে তথ্য বিশ্লেষণ




উপরের চিত্রে দেখা যায়- সবচেয়ে বেশী তথ্য সংগ্রহ করা হয়েছে কৃষ্ণপুরা গ্রাম থেকে (২৫.৪৯%)। বারবাড়িয়া ও ললিত নগর গ্রাম থেকে যথাক্রমে ১৭.৫৫% ও ১৭.২২%। বিলকেষ্টি, ঘোড়াকান্দা ও ঈশান নগর গ্রাম থেকে ১৩.২৪% করে উত্তরদাতার নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। সহজপ্রাপ্যতার সূচকের ভিত্তিতে তথ্য সংগ্রহ করা হয়েছে বলে গ্রাম ভিত্তিতে তথ্য সংগ্রহে সমতা বিধান করা যায়নি।

## ১.১০ অধ্যায় বিন্যাস
## (Chapterization)

| | | |
|---|---|---|
| প্রথম অধ্যায় | ঃ | ভূমিকা |
| দ্বিতীয় অধ্যায় | ঃ | তাত্ত্বিক কাঠামো |
| তৃতীয় অধ্যায় | ঃ | ধামরাই উপজেলা : একটি পরিচিতি |
| চতুর্থ অধ্যায় | ঃ | ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণ এর প্রভাব |
| পঞ্চম অধ্যায় | ঃ | ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব |
| ষষ্ঠ অধ্যায় | ঃ | ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব |
| সপ্তম অধ্যায় | ঃ | উপসংহার, ফলাফল ও সুপারিশমালা |

# দ্বিতীয় অধ্যায়
# (Second Chapter)

## তাত্ত্বিক কাঠামো
## (Theoretical Framework)

এই অধ্যায়ে নগরায়ণ, নগরায়ণের প্রকারভেদ, উৎপত্তি ও বিকাশ, উন্নত ও তৃতীয় বিশ্বের নগরায়ণ, বাংলাদেশে নগরায়ণ, বাংলাদেশে নগরায়ণের ক্যাটাগরি ও কারণ, জেলাওয়ারী নগরায়ণ, নগরায়ণে ঢাকার প্রাধান্য ও পরিস্থিতি গবেষণার তাত্ত্বিক কাঠামো হিসেবে দেখানো হয়েছে।

### ২.১ নগরায়ণ
### (Urbanization)

নৃবিজ্ঞান ও প্রত্নবিদ্যায় নগরায়ণ বলতে এমন এক প্রক্রিয়াকে বুঝায় যার দ্বারা ছোট পরিবার ও শিক্ষাহীন গ্রাম রূপান্তরিত হয় একটি বৃহৎ এবং সামাজিকভাবে জটিল নগর সমাজে। V. Gordon Childe তার ১৯৩৬ সালে লিখিত বই "Man Makes Himself"-এ নগরায়ণ-এর সর্বসম্মত সংজ্ঞা দিয়েছেন এভাবে, নগরায়ণ হচ্ছে শিল্পের উন্নয়নের ফলে সামাজিক রূপান্তরকরণ ও পরিবর্তন সংক্রান্ত ব্যাপক প্রক্রিয়া।

নগরায়ণ বলতে ছোট আয়তনের জায়গায় বর্ধিত জনসংখ্যার বসবাস এবং অকৃষি পেশায় নিয়োজিত জীবনব্যবস্থাকে নির্দেশ করে। যা নির্ভর করে শিল্পের উন্নয়নের উপর, অবকাঠামো উন্নয়নের উপর। এভাবে নগরায়ণ আধুনিকায়নের সূচক হিসেবে গণ্য (Roy, 1986: 17; Singh 1987: 49; Sharma and Maithani, 1998:1)। জনসংখ্যাবিদ, অর্থনীতিবিদ, পরিসংখ্যানবিদ এবং ভূগোলবিদ নগরায়ণকে বিশেষ দৃষ্টিতে দেখেন এবং কয়েকটি উপায়ে ব্যাখ্যা করেন। জনসংখ্যাবিদগণ নগরায়ণকে নগর জনসংখ্যা অনুযায়ী "মোট জনসংখ্যার শতকরা" হিসাবকে বোঝেন। অর্থনীতিবিদগণ নগরায়ণ প্রক্রিয়ার সঙ্গে জনসংখ্যা বৃদ্ধি ও প্রযুক্তির সম্পর্ক খোঁজেন। পরিসংখ্যানবিদগণ উৎপাদন কার্যাবলী ও নগর জনসংখ্যার বৃদ্ধির হারের মধ্যে সম্পর্ক নির্ণয় করেন (Roy, 1986: 17)। ভূগোলবিদগণ নগরায়ণকে নগরের আয়তন ও অনুপাত এবং নগর জনসংখ্যার অনুপাতের বণ্টনকে বোঝেন।

নগরায়ণ হচ্ছে নগরের ফল। এটা একটা প্রক্রিয়াও যার দ্বারা গ্রাম নগরে পরিণত হয়। নগরায়ণ-এর দু'টি অর্থ আছে। (১) জনসংখ্যাতাত্ত্বিক অর্থে, (২) সমাজবিদ্যাবিষয়ক অর্থে।

(১) জনসংখ্যাতাত্ত্বিক অর্থে– নগরায়ণ বলতে বোঝায় একটি দেশে বা অঞ্চলে জনসংখ্যার বর্ধনশীল অংশ যারা শহরে বাস করে। অর্থাৎ একটি জনগোষ্ঠীর অবস্থা নির্ণয়ের জন্য জন্ম, মৃত্যু, মৌলিক ও কাংক্ষিত সুযোগ প্রাপ্তি, স্বাস্থ্য, স্যানিটেশন, রোগব্যাধি ইত্যাদির পরিসংখ্যান এবং এতদ্‌বিষয়ক বিদ্যা বা জনসংখ্যা তত্ত্ব।

(২) সমাজবিদ্যাবিষয়ক অর্থে– নগরায়ণ বলতে বোঝায় আচরণ, বিশ্বাস, মূল্যবোধ, প্রতিষ্ঠান ও বস্তুবাদী সম্পর্কিত বিষয়সমূহ যা উৎপত্তি ও ব্যবহারিকভাবে উন্নত ও সমৃদ্ধ। অন্য কথায় বলা যায়, নগরায়ণ এমন একটি প্রক্রিয়া যা সামাজিক পারিপার্শ্বিকতায় মানুষের জীবন পথ চলায় পরিবর্তনের কারণ ও পরিণতি।

V. Gordon Childe নগরায়ণের অর্থ বোঝাতে বলেন–

"Urbanization is a Process, by which process from the palacolithic to the cultures of Babylon and in response to practical economic needs, man developed his culture, belief, behaviour, norms and values his knowledge and his civilization is called urbanization."[১২]

James M. Henslin এর মতে–

"Urbanization refers to masses of people moving to cities and to these cities being a growing influence on society."[১৩]

Gerard O'Donnell বলেন–

"The process in which a population moves from mainly living in rural (country) areas to living in urban (town) districts is called urbanization."[১৪]

Roy (1986: 17), Singh (1987: 49), Sharma and Maithani (1998: 1) নগরায়ণ বোঝাতে বলেন–

Urbanization refers to increasingly large number of people living in small places and basically engaged in non-agricultural activities, which depends on development of industrialization infrastructure within cities, towns and their neighbourhoods. Thus urbanization is considered as an index of modernization.

---

[১২] V. Gordon Childe (1936), Man Makes Himself, London, Watts and Co., p. 534.

[১৩] James M. Henslin (1997), Sociology, p. 567.

[১৪] Gerard O'Donnell (2002), Mastering Sociology, p. 240.

**নগরায়ণ বিষয়ে উত্তরদাতাদের ধারণা**[১৫]

আলোচ্য গবেষণায় উত্তরদাতাদের নিকট 'নগর' বা 'শহর' বিষয়ে জানতে চাওয়া হয়। এ বিষয়ে উত্তরদাতাগণ যে অভিমত ব্যক্ত করেছেন, তা নিম্নে উপস্থাপন করা হল–

(১) যেখানে জনসংখ্যার ঘনত্ব বেশী
(২) জীবনযাত্রার মান উন্নত
(৩) বহুমুখী পেশার উপস্থিতি
(৪) উন্নত অবকাঠামো
(৫) প্রধান পেশা হচ্ছে চাকুরী ও ব্যবসা-বাণিজ্য
(৬) কৃষিকাজ হয় না
(৭) খোলা জায়গার অভাব
(৮) কর্মসংস্থানের সুযোগ
(৯) শিল্প কারখানার আধিক্য
(১০) শহরবাসীর ব্যস্ততা বেশী
(১১) পানি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ নিরবচ্ছিন্ন
(১২) সূয়োরেজ ও পয়নিষ্কাশন ব্যবস্থা বিদ্যমান
(১৩) বিভিন্ন সংস্কৃতির মানুষের বসবাস
(১৪) সরকারি অফিস-আদালত শহরে
(১৫) ভাল মানের শিক্ষা ও চিকিৎসা প্রতিষ্ঠান শহরে
(১৬) বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও কার্যক্রম শহরে
(১৭) যানবাহনের সংখ্যা বেশী
(১৮) যানজট বেশী

নগরায়ণ অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক প্রক্রিয়ার এমন এক কর্মসূচী যা পরিচালিত করে মুদ্রা অর্থনীতি, কৃষি পেশার পরিবর্তে অকৃষি পেশার রূপান্তর; যেমন শিল্প উদ্যোগ ও চাকুরী, সামাজিক সুযোগ-সুবিধার সম্প্রসারণ এবং সামাজিক-সাংস্কৃতিক ব্যবস্থার আমূল পরিবর্তন। এ সবের মাধ্যমে নগর পরিবেশের উৎপত্তি হয় (United Nations, 1969)। ঐতিহাসিকভাবে নগরায়ণ উন্নত বিশ্বে অর্থনৈতিক উন্নয়ন-এর ইতিবাচক ধারা হিসেবে দেখা হয় (Lampard, 1955) এবং অর্থনেতিক রূপান্তরের অবিচ্ছিন্ন অংশ হিসেবে গন্য করা হয় যা সামাজিকভাবেই কাংখিত (Jones, 1972)। রাজনৈতিক বুদ্ধিবৃত্তিক কাজ বাদেও নগরের প্রভাবশালী অর্থনেতিক কার্যক্রম আছে, আছে নতুন অর্থনৈতিক কার্যাবলী ও নতুন অর্থনৈতিক সংগঠন।

[১৫] জরিপের মাধ্যমে উত্তরদাতাদের নিকট থেকে প্রাপ্ত তথ্য।

নগরায়ণ ঐতিহ্যগতভাবেই শিল্পায়নের সঙ্গে যুক্ত। অভিজ্ঞতায় দেখা যায়, পশ্চিমা বিশ্ব ইউরোপের সমাজতান্ত্রিক রাষ্ট্র, জাপান, সকল উন্নত রাষ্ট্র এমনকি আসিয়ান-এর শিল্পায়ন ও নগরায়ণের সঙ্গে সংশ্লিষ্ট। নগরায়ণ হচ্ছে শিল্পায়নের অগ্রদূত। সুতরাং, নগরায়ণ গ্রামীণ উন্নয়ন ত্বরান্বিত করে (Breese, 1978)।

গ্রামীণ নগরায়ণের প্রধান বিষয় ঃ (১) গ্রামীণ শিল্প। গ্রামীণ নগরায়ণ প্রক্রিয়া বলতে সাধারণত বুঝায় একটি গ্রামীণ এলাকার নগরে রূপান্তরিত হওয়া। এর প্রধান ধারণা জনগণের মর্যাদা গ্রাম্য হতে শহুরে অবস্থায় রূপান্তর। নগরায়ণ দুইভাবে হতে পারে। (১) একটি আসে নগর থেকে, অথবা নগর শিল্প, রাষ্ট্রায়াত্ত্ব শিল্প এবং প্রধান পরিকল্পনাগুলি নগর থেকে বাইরে গ্রাম পর্যায়ে ছড়িয়ে নগরায়ণ ঘটে। নগরায়ণ শক্তি আসে উপর থেকে নীচে (From Top to Bottom)। (২) আরেক ধরনের নগরায়ণ আসে গ্রামাঞ্চল (Countryside) থেকে। যেমন- গ্রামীণ এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন এবং ইহার স্থানীয় শিল্প আসে Bottom থেকে। ইহা ধারাবাহিক উন্নয়নের প্রতিনিধিত্ব করে। গ্রামীণ নগরায়ণে অঞ্চল ভিত্তিক কৃষি হ্রাস পেতে থাকে। এই প্রক্রিয়া নগর বৈশিষ্ট্য দ্বারা নগরে পরিণত না হওয়া পর্যন্ত চলতে থাকে।

গ্রামে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষে কৃষি কাঁচামাল উৎপাদনের জন্য বিভিন্ন কলকারখানা গড়ে ওঠে। উদ্বৃত্ত শ্রমশক্তি অর্থাৎ গ্রামীণ শ্রমশক্তি কৃষিতে ও ফ্যাক্টরীতে নিয়োগপ্রাপ্ত হয়। ফলে কৃষি উৎপাদন বাড়ে। কৃষির জন্য তৈরীকৃত কলকারখানার উৎপাদনও বাড়ে। এতে গ্রামীণ ও শহুরে আয়ের অনুপাত ভারসাম্যে পৌঁছায়। এর প্রকৃষ্ট উদাহরণ চীন। ১৯৭৯ সালে চীনে Open Door Policy-এর কারণে সেখানে Rural Urbanization ঘটে।

সুতরাং, নগরায়ণ বলতে বোঝায়-

(১) নগর জনসংখ্যায় পরিণত হওয়ার জন্য গ্রামীণ জনসংখ্যার বহুমুখী স্থানান্তর-

(ক) পেশা স্থানান্তর/পরিবর্তন

(খ) কর্মক্ষেত্র পরিবর্তন

(গ) শহরে গমনাগমন

(২) গ্রামীণ শিল্পের ব্যাপক বিস্তৃতকরণ

(৩) নগরায়ণ-এর পূর্বশর্ত শিল্প উন্নয়ন

(৪) গ্রামীণ নগরায়ণে Town (গ্রামের চেয়ে বড় অথচ শহর হিসেবে পুরোপুরি গড়ে ওঠেনি এমন জনপদ)-এর ভূমিকা।

**নগরায়ণ এর প্রকারভেদ**

**(Types of Urbanization)**

নগরায়ণ এর ৫টি প্রকারভেদ সারণী ২.১-এ প্রদত্ত হল।

সারণী ২.১

Types of Urbanization

| Serial No. | Name of Urbanization |
|---|---|
| 01 | Exurbanization |
| 02 | Suburbanization |
| 03 | Counter-urbanization |
| 04 | Peri-urbanization |
| 05 | Urbanization |

Source: Mette Fobricius Madsen, Seren Bech Pilgaard Kristensen, Christain Fertner, Anne Gravsholt Busck and Gertrude Jergensen, Urbanization of Rural Areas: A Case Study from Jutland, Denmark, Geografisk Tidsskrift-Danish, Journal of Geography, Volume 110, Issue 1, January 2010, pp. 47-631.

## ২.২ নগরায়ণ-এর নির্দেশক

## (Indicators of Urbanization)

যেসব বিষয় বা উপাদান নগরায়ণকে সংঘটিত ও ত্বরান্বিত করে তাকে নগরায়ণের নির্দেশক বলে। নগরায়ণের নির্দেশকসমূহ[১৬] নিম্নে আলোচনা করা হলো-

**(১) জনসংখ্যার ঘনত্ব**

দ্রুতহারে জনসংখ্যা বৃদ্ধি নগরায়ণকে ত্বরান্বিত করে। যেখানে কর্মসংস্থানের সুযোগ সুবিধা বেশী সেখানে জনসংখ্যার ঘনত্ব বৃদ্ধি পায়। সমগ্র বিশ্বে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি পেয়ে চলেছে। ফলে জনসংখ্যার দ্রুত হারে বৃদ্ধি নগরায়ণকে অবশ্যম্ভাবী করে তুলেছে।

**(২) শিল্পায়ন**

শিল্পায়ন ও নগরায়ণ প্রায় সমার্থক শব্দ হিসেবে বিবেচিত হয়। শিল্পায়ন যেমনিভাবে নগরায়ণকে ত্বরান্বিত করে, তেমনি নগরায়ণ ও শিল্পায়ন ঘটায়। শিল্পায়ন-এর ফলে নতুন নতুন কাজের ক্ষেত্র সৃষ্টি হয়। মানুষ কাজ পাওয়ার আশায় শিল্পাঞ্চলে আসে এবং শিল্পের আশে-পাশে বসতি গড়ে তোলে। এভাবেই শিল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি নগর গড়ে তোলে।

[১৬] আজিজুল হক খান, বন্দে আলী এবং আমেনা আক্তার (২০১৩), *বাংলাদেশের সমাজবিজ্ঞান*, ঢাকা: গ্রন্থকুটির, পৃ. ২৪২।

### (৩) কর্মসংস্থান

বেকার জনগোষ্ঠী কর্মসংস্থানের সন্ধানে ভীড় জমাচ্ছে শিল্পায়িত অঞ্চলে। বর্তমানে গ্রামের মানুষ কৃষিক্ষেত্রে যান্ত্রিক প্রযুক্তি চালু হওয়ায় বেকার হয়ে পড়ছে। উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় এবং স্কুল পড়ুয়া যুবক ছেলেরা কৃষিক্ষেত্রে কাজ করতে অনীহা প্রকাশ করছে। তাছাড়া গ্রামের মানুষ কৃষি উৎপাদন দিয়ে তাদের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করতে পারছে না। এভাবে তারা শিল্প কারখানায় কাজ করে জীবিকা নির্বাহ করছে। ফলে নগরায়ণ ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে।

### (৪) ব্যবসা-বাণিজ্য ও সেবামূলক প্রতিষ্ঠান

ব্যবসা-বাণিজ্য ও সেবামূলক প্রতিষ্ঠান যেমন হাসপাতাল, বীমা, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি নগরায়ণের নির্দেশক। এসব প্রতিষ্ঠান যেখানে অবস্থিত সেখানে নগরায়ণ দ্রুত হারে বৃদ্ধি পায়।

### (৫) অকৃষিমূলক পেশা

নগরের অধিবাসীদের অধিকাংশ পেশা অকৃষিজ। সাধারণত নগরের মানুষ কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে না। নগরের অভ্যন্তরে সবাই সরকারী-বেসরকারী চাকুরী, ব্যবসা-বাণিজ্য প্রভৃতি করে জীবিকা নির্বাহ করে। অর্থাৎ অকৃষিমূলক পেশা নগর জীবনের প্রধান বৈশিষ্ট্য।

### (৬) অবকাঠামো

যেখানে নগরায়ণ হচ্ছে সেখানে অবকাঠামোগত উন্নয়ন হয়। যেমন- হাসপাতাল, রাস্তাঘাট, বীমা ও ব্যাংক প্রতিষ্ঠান ক্লাব সংঘ সমিতি বিভিন্ন স্থাপনা বা প্রতিষ্ঠান ইত্যাদি উন্নতমানের হয়।

### (৭) অভিগমন

ভূমি ও অন্যান্য সম্পদের ঘাটতির কারণে মানুষ গ্রাম ছেড়ে কাজের সন্ধানে যেখানে কাজ পাওয়া যায় সেখানে ভীড় করে। জনসাধারণের অভিগমনের ফলে নগরায়ণের উৎপত্তি হয়।

### (৮) পরিবহন ও যোগাযোগ

পরিবহন ও যোগাযোগ প্রায় একই অর্থে ব্যবহৃত হয়। উন্নত পরিবহন ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে ওঠে। তাছাড়া প্রিন্ট মিডিয়া ও ইলেক্ট্রনিক্স মিডিয়াও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটায়। বিশ্বের যেকোন স্থানের তথ্য মানুষ আজ ঘরে বসে কম্পিউটারের মাধ্যমে জানতে পারছে। এসবই নগরায়ণের নির্দেশক।

### (৯) নগরের সুযোগ-সুবিধা

গ্রামের তুলনায় নগরে সুযোগ-সুবিধা বেশী। যেখানে জীবন-যাপনে সুযোগ-সুবিধা বেশী মিলে স্বাভাবিকভাবেই মানুষ সেখানে আকৃষ্ট হয়। নগরে কাজের সুযোগ, অর্থ আয়ের সুযোগ, জীবন ধারণের সুযোগ এবং দ্রব্য সামগ্রীর প্রাপ্যতা- এ সবই মানুষকে আকৃষ্ট করে। ফলে মানুষ নতুন নতুন নগর গড়ে তোলে এবং ছোট নগরকে বড় নগরে পরিণত করে।

### (১০) শিক্ষা

সাধারণভাবে নগরে সমাজের শিক্ষিত শ্রেণীর একটি বৃহৎ অংশ বাস করে। শিক্ষা শেষে মানুষ তার কর্মসংস্থান নগরের কোন গৃহকোণেই সৃষ্টি করে নেয়। শিক্ষার বিকাশের সাথে সাথে মানুষের চিন্তা জগতে পরিবর্তন সূচিত হয়। সকল শিক্ষিত মানুষ একই মানসিকতা গড়ে তুলতে সক্ষম হয়। তারা নগরে সমবেত হয় এবং এভাবেই নগরায়ণের নির্দেশক হিসেবে শিক্ষা নগরায়ণকে ত্বরান্বিত করে।

### (১১) অর্থনৈতিক উন্নয়ন

শিল্পায়ন, কর্মসংস্থান, ব্যবসা-বাণিজ্য, বাজার, উৎপাদিত পণ্য সামগ্রী বিক্রয় ও লেনদেনের আবাসভূমি বলে খ্যাত নগর এলাকা। তাই অর্থনৈতিক সক্ষমতা ও শক্তিশালী অর্থনীতি নগর এলাকায় বিদ্যমান। তাই অর্থনৈতিক উন্নয়ন নগরায়ণের শক্তিশালী নির্দেশক।

### (১২) সামাজিক গতিশীলতা

সামাজিক গতিশীলতা নগরায়ণের অন্যতম নির্দেশক। মানুষের চাহিদা ও প্রত্যাশা বাড়ছে। বাড়ছে আকাঙ্খা ও স্বপ্ন পূরণের হাতছানি। সে অনুযায়ী মানুষ বসে নেই। ছুটছে, গতিশীলতা বাড়ছে। উদ্যোগী হচ্ছে, উদ্যোক্তা হচ্ছে। এভাবেই সামাজিক গতিশীলতা বাড়ছে।

### (১৩) পরিবর্তন

নগরায়ণে পরিবর্তন মানে হচ্ছে সমাজবদ্ধ মানুষের আচার-আচরণের পরিবর্তন, বিদ্যমান সামাজিক প্রথা ও রীতিনীতির পরিবর্তন ঘটিয়ে বিজ্ঞান ও প্রযুক্তির মাধ্যমে মানুষের জীবনব্যবস্থার বাস্তব পরিবর্তন। নগরায়ণ নির্দেশিকায় সমাজ জীবনের অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ইত্যাদি সকল দিকেরই ব্যাপকতর পরিবর্তন সাধিত হয়। তাই নগরায়ণের অন্যতম নির্দেশক হচ্ছে পরিবর্তন।

**(১৪) অপরাধ ও সন্ত্রাস**

**(Crime and Violence)**

আইন ও সমাজ বিরোধী কাজই হল অপরাধ। আর এটি নগর জীবনের অন্যতম সমস্যা। শহরে অপরাধ অনিয়ন্ত্রিত হওয়ায় মানুষ প্রতিনিয়ত নিরাপত্তাহীনতায় ভুগছে। দিন দিন অপরাধের মাত্রা বাড়ছে। নগরের প্রধান অপরাধগুলো হচ্ছে- হত্যাকাণ্ড, ডাকাতি, চুরি, হামলা, ধর্ষণ, ছিনতাই ইত্যাদি। তাছাড়া উপশহর সিঁদ কেটে, তালা ভেঙ্গে বিভিন্ন রকমের চুরি রয়েছে। এছাড়া রয়েছে সাদা পোষাকধারী অপরাধ। এসব অপরাধ প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে।

**(১৫) পরিবেশ দূষণ**

যেখানেই নগর সেখানেই পরিবেশ দূষণ সাধারণ সমস্যা। জনসংখ্যার ঘনত্ব, শিল্পায়ন, আবর্জনা, বর্জ্য ইত্যাদি নগরজীবনের পানি, বায়ু, মাটি, শব্দ এই চারটি উপাদানকে দূষিত করে। ফলে নাগরিক জীবন বাঁধাগ্রস্ত হয়। পরিবেশ ভারসাম্য হারিয়ে ফেলে। বিভিন্ন রোগ-ব্যাধির বিস্তার ঘটে। সুতরাং পরিবেশ দূষণ নগরায়ণের অন্যতম প্রধান নির্দেশক।

## ২.৩ বিশ্ব নগরায়ণের উৎপত্তি, বিকাশ ও পরিবর্তনের ঐতিহাসিক ধারা (Origin, Development and Changing Historical Perspective of World Urbanization)


নগরায়ণের উৎপত্তি ও বিকাশ চিহ্নিত করতে হলে সন্ধান করতে হবে মধ্যপ্রাচ্য ও নিকটপ্রাচ্য – যা বর্তমানে ইরাক নামে পরিচিত। প্রায় ৩৫০০ খ্রিষ্টাব্দ পূর্বাব্দে ইরাকে নগরায়ণ শুরু হয়।[১৭] অন্য কথায় ইতিহাসে ৬০০০ (ছয় হাজার) বছর আগে সবচেয়ে পুরাতন নগর সম্প্রদায় শুরু হয়েছিল। নগরায়ণ প্রক্রিয়ায় সৃষ্ট সামাজিক পরিবর্তনকে যদি আমরা সভ্যতার আলোকে বিচার করি, তাহলে বলতে হয় যে, সভ্যতার শুরু কৃষিতে হলেও সভ্যতার উৎকর্ষতা এসেছে নগরায়ণ বা নগর বিকাশের মাধ্যমে। উল্লেখ্য, বর্তমান বিশ্বের দ্রুত নগরায়ণের ধারণাটি বেশ জটিল। এ ব্যাপারটি বুঝতে মানবসমাজের উন্নয়ন এবং বিশ্ব অর্থনীতির উদ্ভব সম্পর্কেও ব্যাপক ধারণা থাকা প্রয়োজন।[১৮]

[১৭] Weber, A. (1899), *The Growth of Cities in the Nineteenth Century*, New York: Columbia University Press, pp. 218-222.
[১৮] Potter, 1992, p. 9.

Johnstone এর "City and Society: An Outline for Urban Geography" গ্রন্থে সমাজকাঠামোর পাঁচটি বৃহৎ পরিবর্তন চিত্র ২.১ এ প্রদত্ত হল।

চিত্র ২.১

Johnston's five stages in the development of human and economy socities




সূত্রঃ খান, আলী ও আক্তার (২০১৩), *বাংলাদেশ সমাজবিজ্ঞান*, পৃ. ২৪৯।

বিশ শতকের তুলনায় বর্তমান শতকে বৈশ্বিক নগরায়ণ অনেক বেশী নতুন ও চিত্তাকর্ষক। ২০০৪ সালে বিশ্বের অর্ধেক জনসংখ্যা শহরে বাস করে। এক হিসাবে ২০৫০ সালে বিশ্বের ৭৫% লোক নগরবাসী হবে। যেখানে ১৯০০ সালে ছিল মাত্র ১০%। বর্তমানে আমেরিকা, যুক্তরাষ্ট্র, গ্রেটব্রিটেন ও জার্মানীতে ৭৫% লোক নগরে বাস করে এবং ২০৫০ সালের মধ্যে ৯০%-এ পৌঁছাবে।[১৯]

[১৯] পূর্বোক্ত।

## ২.৪ উন্নত বিশ্বের নগরায়ণ
## (Urbanization in Developed World)

গ্রেট ব্রিটেন এবং ইউরোপের অংশবিশেষে অষ্টাদশ শতাব্দীর শেষদিকে এবং ঊনবিংশ শতাব্দীর প্রথমদিকে শিল্পবিপ্লব ঘটে। ১৮০০ শতক থেকে আধুনিক যুগের নগরায়ণ শুরু হয় এবং এ সময়ে বিশ্বের জনসংখ্যার মাত্র শতকরা ৩ ভাগ নগরে বসবাস করতো। শিল্পবিপ্লবের প্রাথমিক পর্যায় থেকে ১৮৩০ সাল পর্যন্ত প্রযুক্তিগত উন্নয়ন কৃষিজ উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে এবং গ্রামের লোকসংখ্যা কমিয়ে আনার ক্ষেত্রে ভূমিকা রাখে। একই সময়ে নগর এলাকায় শ্রমের চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পেতে থাকে। ঊনবিংশ শতাব্দীর শুরুতে নগরায়ণের হার ছিল নিম্ন এবং একই সময়ে জনসংখ্যার হারও ছিল নিম্ন। ঊনবিংশ শতাব্দীর প্রথমভাগের সময়টি ছিল দ্রুত নগরায়ণ বৃদ্ধির যুগ। এ সময়ে মৃত্যুহার কমতে থাকে।[২০]

## ২.৫ তৃতীয় বিশ্বের নগরায়ণ
## (Third World Urbanization)

তৃতীয় বিশ্বের দেশ বলতে আমরা সেসব দেশকে বুঝি যেসব দেশ শিল্পে অনগ্রসর এবং অর্থনৈতিক উন্নয়ন ও প্রবৃদ্ধি ছাড়া যাদের নগরায়ণ বেড়ে চলেছে। এসব দেশের মাথাপিছু আয় কম এবং উন্নত দেশের সাহায্যের উপর নির্ভরশীল। এসব দেশের মোট জনসংখ্যার সাথে নগর জনসংখ্যা সামঞ্জস্যপূর্ণ নয়। বিশ্বের মোট ২৮টি দেশের নগর জনসংখ্যা দুই কোটির উর্ধ্বে। এর মধ্যে চীন ও ভারত যথাক্রমে ৪৭ কোটি ও ২৮ কোটি নগর জনসংখ্যা নিয়ে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করে। কিন্তু এ দু'টি দেশের নগর জনসংখ্যার শতকরা হার যথাক্রমে ৩৬.৭ ও ২৭.৯, যা ২৮টি দেশের মধ্যে ক্রমানুসারে যথাক্রমে ২৫তম ও ২৬তম স্থান অধিকার করে। বাংলাদেশ ৩ কোটি ৫৮ লক্ষ নগরবাসী নিয়ে ২৮টি দেশের মধ্যে ২৭তম স্থানে রয়েছে।[২১]

তৃতীয় বিশ্বের দেশসমূহের নগরের প্রায় সবগুলোর বৈশিষ্ট্যই অনুরূপ। জনসংখ্যা অত্যধিক, শিক্ষার হার অত্যন্ত কম, শিক্ষার গুণগতমান খুব নিম্ন। অর্থাৎ অশিক্ষা এবং কুশিক্ষায় ভরপুর কুসংস্কারের পঙ্কিলে থাকে নিমজ্জিত। অস্বাস্থ্য আরেকটি বৈশিষ্ট্য, চিকিৎসা ব্যবস্থার অপ্রতুলতা, অধিকাংশের মধ্যে থাকে পুষ্টিহীনতা, বস্তিতে থাকে ভরপুর।

তৃতীয় বিশ্বের নগরের আরেকটি অন্যতম এবং গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো এসব শহরে পূর্বে উপনিবেশ ছিল। উপনিবেশ থাকার কারণে এখানে 'বুর্জোয়া আইন' চালু হয়। এখানে যে Industry চালু হয় সেই দেশের Industry এর উপর নির্ভরশীল হতে হয়। যেমন- কলকাতায় দ্রব্য

[২০] আজিজুল হক খান, বন্দে আলী এবং আমেনা আক্তার (২০১৩), *বাংলাদেশের সমাজবিজ্ঞান*, ঢাকা: গ্রন্থকুটির।

[২১] A. B. Mountjoy edited (1980), *Urbanization in the Third World: Problems and Perspectives*, London: MacMillan.

finish করার জন্য ডান্ডির উপর নির্ভর থাকতে হতো। তৃতীয় বিশ্বের নগরায়ণে চলে ঔপনিবেশিক আইন। এসব দেশে নগরে কাজের জন্য লোক শহরে চলে আসে। এতে জনসংখ্যার আয়তন বড় হয় কিন্তু বৃদ্ধির হার নিম্ন। এখানে তৃতীয় বিশ্বের দেশ হিসেবে দু'টি Urban growth rate and the rate of urbanization in Bangladesh, 1891-2001 তুলে ধরা হলঃ

সারণী ২.২

Urban growth Rate and the Rate of Urbanization in Bangladesh, 1891-2001

| গণনার বছর | মোট জনসংখ্যা | মোট নগর জনসংখ্যা | নগর জনসংখ্যার শতকরা হার % | জনসংখ্যা প্রবৃদ্ধির হার % | নগর জনসংখ্যা প্রবৃদ্ধির হার | নগর জনসংখ্যার হার |
|---|---|---|---|---|---|---|
| ১৮৯১ | ২৪,৬৬৮,০০০ | ৫৩৭,০০০ | ২.২ | - | - | - |
| ১৯০১ | ২৬,২৭৩,০০০ | ৬৯২,০০০ | ২.৪ | .৬৩ | ১.৫৮ | ১.৫১ |
| ১৯৮১ | ৩৭,১২০,০০০ | ১৩,২২৮,০০০ | ১৫.২ | ২.৮৩ | ১০.৬৬ | ২.৭৭ |
| ১৯৯১ | ১০৬,৩৫১,০০০ | ২০,৮৭২,০০০ | ১৯.৬ | ১.৯৯ | ৪.৫৬ | ১.২ |
| ২০০১ | ১২,৩১,৫১,২৪৬ | ২৮,০৮,৪৭৭ | ২৩.৩৯ | ১.৪৭ | - | - |

সূত্র ঃ খান, আলী ও আক্তার (২০১৩), *বাংলাদেশ সমাজবিজ্ঞান*, পৃ. ২৫২।

উপরের সারণীর সাহায্যে দেখা যাচ্ছে যে, Absolute size বেড়ে গেছে কিন্তু নগর বৃদ্ধির হার হচ্ছে নিম্ন, জনসংখ্যা আয়তন যেহেতু প্রথম থেকেই বড় তাই যা বাড়ে তাতে আয়তন বেড়ে যায়, কিন্তু শতাংশের হার কমে যায়।

তৃতীয় বিশ্বের দেশগুলোতে প্রধান নগর বা Primate City বিকাশ লাভ করে। এখানে সকল শহরের নগর প্রবৃদ্ধি এক নয়। অন্যান্য শহরের হতে যখন একটি শহর বেশি মাত্রায় বিকাশ লাভ করে, আর যখন অন্যান্য শহর ধীরে ধীরে কমতে থাকে এবং একটি নগর বৃহৎ নগর হিসেবে বিকাশ লাভ করে তখন তাকে প্রধান নগর বা Primate City বলে। Primate City তৈরির প্রক্রিয়ায় সারা দেশের মধ্যে মাত্র একটি শহর তৈরির প্রক্রিয়া বিদ্যমান থাকে। এর ফলে অন্যান্য সকল নগরকে এটি নিয়ন্ত্রণ করে। এটা মূলত অনুন্নয়নের একটি প্রক্রিয়া।

## ২.৬ বাংলাদেশে নগরায়ণ (Urbanization in Bangladesh)

নগরায়ণ বিষয়ে বাংলাদেশের রয়েছে সুন্দর ইতিহাস। খ্রিস্টপূর্ব তৃতীয় বা চতুর্থ শতাব্দীতেই এখানে নগরায়ণ শুরু হয়েছিল। যেমন বর্তমানের মহাস্থানগড়। নগরায়ণের দীর্ঘ ইতিহাস থাকা সত্ত্বেও মোট জনসংখ্যার তুলনায় সরকারিভাবে সংজ্ঞায়িত নগরকেন্দ্রগুলিতে বসাবাসকারী জনগোষ্ঠীর অনুপাত বিবেচনায় বাংলাদেশ বর্তমান বিশ্বের স্বল্পতম নগরায়িত দেশগুলির অন্যতম।

এমনকি একবিংশ শতাব্দীর সূচনায় ২০০১ সালেও জাতীয় জনসংখ্যার মাত্র ২৩ শতাংশ নগর ও শহরগুলিতে বাস করছিল। তবে জনসংখ্যার বিশাল আকৃতির কারণে চূড়ান্ত বিবেচনায় ২৩ শতাংশের অর্থ দাঁড়ায় ২৮ মিলিয়নেরও অধিক মানুষ।[২২] বাংলাদেশের জাতীয় ও শহুরে নগরায়ণ পরিস্থিতি সারণীর মাধ্যমে দেখানো হল:

সারণী ২.৩

বাংলাদেশের জাতীয় ও শহুরে জনসংখ্যার প্রবৃদ্ধি ১৯০১-২০০১

| আদম শুমারির বছর | মোট জাতীয় জনসংখ্যা (মিলিয়ন) | মোট জনসংখ্যার বার্ষিক প্রবৃদ্ধির হার (%) | মোট শহুরে জনসংখ্যা (মিলিয়ন) | মোট জনসংখ্যার শতাংশ হিসেবে শহুরে জনসংখ্যা | শহুরে জনসংখ্যার দশকওয়ারি বৃদ্ধি (%) | শহুরে জনসংখ্যার (গুণনীয়কের সূচকভিত্তিক) বার্ষিক প্রবৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|---|
| ১৯০১ | ২৮.২ | - | ০.৭০ | ২.৪৩ | - | - |
| ১৯১১ | ৩১.৬৫ | ০.৯৪ | ০.৮০ | ২.৫৪ | ১৪.৬০ | ১.৩৯ |
| ১৯২১ | ৩৩.২৫ | ০.৬০ | ০.৮৭ | ২.৬১ | ৮.৮৫ | ০.৮৪ |
| ১৯৩১ | ৩৫.৬০ | ০.৭৪ | ১.০৭ | ৩.০১ | ২২.২০ | ২.০০ |
| ১৯৪১ | ৪১.৯৯ | ১.৭০ | ১.৫৪ | ৩.৬৬ | ৪৩.২০ | ৩.৫৯ |
| ১৯৫১ | ৪৪.১৭ | ০.৫০ | ১.৮৩ | ৪.৩৪ | ১৮.৩০ | ১.৫৮ |
| ১৯৬১ | ৫৫.২২ | ২.২৬ | ২.৬৪ | ৫.১৯ | ৪৫.১০ | ৩.৭২ |
| ১৯৭৪ | ৭৬.৩৭ | ২.৪৮ | ৬.০০ | ৮.৮৭ | ১৩৭.৫৭ | ৬.৬২ |
| ১৯৮১ | ৮৯.৯১ | ২.৩২ | ১৩.৫৬ | ১৫.৫৪ | ১১০.৬৮ | ১০.০৩ |
| ১৯৯১ | ১১১.৪৫ | ২.১৭ | ২২.৪৫ | ২০.১৫ | ৬৯.৭৫ | ৫.৪৩ |
| ২০০১ | ১২৩.১ | ১.৪৭ | ২৮.৬১ | ২৩.১০ | ৩৭.০৫ | ৩.২৫ |

সূত্র: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (২০০৩); বাংলাদেশ আদমশুমারি প্রতিবেদন (১৯৯১, ২০০১); শহরাঞ্চলের উপর প্রতিবেদন (১৯৯৭)।

[২২] সিরাজুল ইসলাম সম্পাদিত (২০১১), বাংলাপিডিয়া ঃ বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ, খন্ড ৬, দ্বিতীয় সংস্করণ, ঢাকা, বাংলাদেশ: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, পৃ. ২৯৫-৩০৩।

সারণী ২.৪

২০১১ সালের আদম শুমারী অনুযায়ী বাংলাদেশে নগর জনসংখ্যা ও শতকরা হার

| Census Year | Population | Percentage over National |
|---|---|---|
| 1901 | 702035 | 2.43 |
| 1911 | 807024 | 2.55 |
| 1921 | 878480 | 2.64 |
| 1931 | 1073489 | 3.66 |
| 1941 | 1537244 | 3.66 |
| 1951 | 1819773 | 4.33 |
| 1961 | 2640726 | 5.19 |
| 1974 | 6273602 | 8.78 |
| 1981 | 13535963 | 15.54 |
| 1991 | 22455174 (adjusted) | 20.15 |
| 2001 | 29255627 (enumerated)<br>31077952 (adjusted) | 23.53<br>23.81 |
| 2011* | 33563183 (enumerated)<br>35094684 (adjusted) | 23.30<br>23.43 |
| 2011 | 39847550 (including SMA enumerated)<br>41943532 (including SMA adjusted) | 27.66<br>28.00 |

**Note:** 1. SMA stands for Statistical Metropolitan Area
2. *Excluding SMA, growth centres and some other urban areas.

Source: Bangladesh Population and Housing Census 2011.

সারণী ২.৫

বিভাগভিত্তিক নগরকেন্দ্রের আয়তন, পরিবার ও লোকসংখ্যা ২০১১

| Division | No. of Puaurashava/ City Corporation | Area (Sq. km.) 2011 | Household | Population | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | Both Sex | Male | Female |
| Bangladesh Total | 316 | 8867.42 | 7502040 | 33563183 | 17529792 | 16033391 |
| Barisal Division | 25 | 665.69 | 301538 | 1361943 | 688342 | 673601 |
| Chittagong Division | 60 | 2462.29 | 1414985 | 6905480 | 3543401 | 3362079 |
| Dhaka Division | 86 | 2093.47 | 3580687 | 15584835 | 8346667 | 7238168 |
| Khulna Division | 37 | 1104.36 | 667283 | 2822121 | 1437867 | 1384254 |
| Rajshahi Division | 60 | 1193.04 | 773947 | 3317022 | 1687220 | 1629802 |
| Rangpur Division | 28 | 872.92 | 484227 | 2109071 | 1070019 | 1039052 |
| Sylhet Division | 20 | 475.65 | 279373 | 1462711 | 756276 | 706435 |

Source: Ibid

সারণী ২.৬

বিভাগভিত্তিক প্রতি বর্গকিলোমিটারে নগর জনসংখ্যার ঘনত্ব, ২০০১-২০১১

| Name of Division | Density (sq. km.) | |
|---|---|---|
| | 2011 | 2001 |
| Barisal | 2046 | 1843 |
| Chittagong | 2804 | 1852 |
| Dhaka | 7444 | 4457 |
| Khulna | 2555 | 2411 |
| Rajshahi | 2780 | 2239 |
| Rangpur | 2416 | 2082 |
| Sylhet | 3075 | 2364 |

Source: Ibid.

সারণী ২.৭

নগর পরিবার সংখ্যা ও শতকরা হার

| Year | Number | Percentage (%) | Intercensal Increase (%) |
|---|---|---|---|
| 1974 | 1065353 | 8.40 | 126.29 |
| 1981 | 2254213 | 15.30 | 111.59 |
| 1991 | 3789338 | 19.53 | 68.10 |
| 2001 | 6035144 | 23.68 | 59.27 |
| 2011 | 7502040 | 23.32 | 24.31 |

Source: Ibid.

## ২.৭ বাংলাদেশে দ্রুত নগরায়ণের কারণ (Causes of Rapid Urbanization in Bangladesh)

বাংলাদেশে নগরায়ণের গতি দ্রুত বৃদ্ধি পাওয়ার পিছনে বহুবিধ কারণ রয়েছে। নিম্নে সেগুলো আলোচনা করা হলোঃ

### ১. জন্মহার ও মৃত্যুহারের পার্থক্য

জন্মহারের তুলনায় মৃত্যুহার কম হওয়ায় স্বাভাবিকভাবেই নগরের জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে। গ্রামে যেখানে পুষ্টির অভাব, মহামারি, ম্যালেরিয়া ইত্যাদির কারণে অধিক হারে লোক মৃত্যুবরণ করছে সেখানে শহরে চিকিৎসার সুযোগ থাকায় মৃত্যুর হার কম। তাই এখানে বর্ধিত জনসংখ্যার জন্য নগরায়ণ বৃদ্ধি পাচ্ছে।[২৩]

### ২. কর্মসংস্থানের সন্ধান

কৃষিক্ষেত্রে যান্ত্রিক প্রযুক্তি চালু হওয়ায় গ্রামের অধিকাংশ মানুষ বেকার হয়ে পড়েছে। তাছাড়া স্কুল পড়ুয়া যুবক ছেলেরা কৃষিক্ষেত্রে কাজ করতে অনীহা প্রকাশ করছে। ফলে দেশের জনসংখ্যার বিরাট একটি অংশ বেকার হয়ে পড়ছে। এ বেকার জনগোষ্ঠী কর্মসংস্থানের সন্ধানে শহরে এসে ভিড় জমাচ্ছে। তাছাড়াও বর্তমানে গ্রামের মানুষ কৃষি উৎপাদন দিয়ে তাদের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করতে পারছে না। তাই বিকল্প পেশার আশায় তারা শহরমুখী হচ্ছে। এভাবে তারা শিল্প কারখানার কাজ করে জীবিকা নির্বাহ করছে। ফলে বাংলাদেশে নগরায়ণ ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে।

---

[২৩] সিরাজুল ইসলাম সম্পাদিত (২০১১), বাংলাপিডিয়া, বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ, খণ্ড ৬, দ্বিতীয় সংস্করণ, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, পৃ, ২৯৬।

**৩. প্রশাসনিক কারণ**

প্রশাসন ব্যবস্থা সম্প্রসারণ করার জন্য নগরায়ণ বৃদ্ধি পাচ্ছে। যেমন- বাংলাদেশের অনেকখানেই প্রশাসনিক কারণে নগরের রূপ অর্জন করেছে। এসব নগর পর্যায়ক্রমে ব্যবসায় বাণিজ্যসহ অন্যান্য কারণেও বেড়ে ওঠেছে এবং লোকের ঘনত্ব বেড়ে ওঠেছে।

**৪. শিল্পায়ন**

শিল্প কারখানা সাধারণত সেখানেই গড়ে ওঠে যেখানে উন্নত যোগাযোগ ব্যবস্থা, বিদ্যুৎ, আবাসিক সুবিধা ইত্যাদি রয়েছে। আর এজন্য সর্বোৎকৃষ্ট স্থান হচ্ছে শহরতলি। শহরতলিতে গড়ে উঠা শিল্প কারখানায় কাজ করার জন্য শ্রমিক ছুটে আসে। ফলে তাদের প্রয়োজন হয় আবাসিক এলাকার। আর এভাবেই শহর দ্রুত সম্প্রসারণ হতে থাকে।

**৫. বাণিজ্যিক ও সেবামূলক প্রতিষ্ঠান**

বাংলাদেশ বিগত বছরগুলোতে অনেক বিদেশী সাহায্য সহযোগিতায় নানা ধরনের বাণিজ্যিক ও সেবামূলক প্রতিষ্ঠান গড়ে ওঠেছে। অনেক বিদেশী নাগরিকও ঐসব প্রতিষ্ঠানে কাজ করছেন। এসব প্রতিষ্ঠানের প্রায় সবগুলোই নগরে অবস্থিত। ফলে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন নগরের জনসংখ্যা বেড়ে চলেছে। আর বর্ধিত জনসংখ্যার সাথে নগরায়ণ হচ্ছে দ্রুতগতিতে।

**৬. ব্যবসায় বাণিজ্যের প্রসার**


আধুনিক নগরায়ণ বিকাশের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে ব্যবসায় বাণিজ্যের প্রসার। বাংলাদেশে যেখানে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটেছে, সেখানেই বিমানবন্দর, সড়কপথ ও নদীপথের ভালো ব্যবস্থা রয়েছে। ফলে ব্যবসায়ী জনগণ ব্যবসা করার জন্য শহরের দিকে আকৃষ্ট হচ্ছে এবং শহরের সম্প্রসারণ ঘটছে।

৭. **বিবিধ**

বর্তমানে গ্রামের মানুষ বিবিধ কারণে গ্রাম থেকে শহরে স্থানান্তর হচ্ছে। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে বিভিন্ন পুশ-পুল ফ্যাক্টর।

চিত্র ২.২

বাংলাদেশে নগরায়ণ-এর পুশ-পুল ফ্যাক্টর




সূত্র ঃ বাংলাদেশ সমাজবিজ্ঞান, ২০১৩

এছাড়াও গ্রাম এলাকার নদীর ভাঙন, উদ্বৃত্ত কৃষি শ্রমিক, নগরীয় জনপদে অধিকতর কর্মসংস্থানের সুযোগ প্রভৃতি। এসব কারণেই গ্রামের মানুষ শহরমুখী হচ্ছে ও তারা তাদের জীবিকা নির্বাহের ব্যবস্থা করছে। ফলে নগরায়ণ আরো দ্রুত সম্প্রসারিত হচ্ছে।[২৪]

## ২.৮ ভবিষ্যতে শহরে জনসংখ্যার প্রবৃদ্ধি (Future Population Growth in Urban Area)

বাংলাদেশে বর্তমানে শহুরে জনসংখ্যা কতো তা সঠিকভাবে বলা দুষ্কর। জাতিসংঘের জনসংখ্যা কার্যক্রম ২০১০ সালে বাংলাদেশের জনসংখ্যা ১৬০ মিলিয়ন বলা হয়েছে। এর ২৫ শতাংশ নগরাঞ্চলে বাস করে – এই অনুমানের ভিত্তিতে। ২০৫১ সালের জন্য জাতীয় জনসংখ্যার যে প্রক্ষেপণ করা হয়েছে সে অনুযায়ী তা সর্বনিম্ন ১৮৮.১ মিলিয়ন, মধ্যম ১৯৯.৩ মিলিয়ন এবং সর্বোচ্চ ২৪৩.৯ মিলিয়ন হতে পারে (ইসলাম, ২০০৩)। তিনি ২০২১ সালের জন্য সর্বোচ্চ

[২৪] আজিজুল হক খান, বন্দে আলী ও আমেনা আক্তার (২০১৩), *বাংলাদেশ সমাজবিজ্ঞান*, ঢাকা: গ্রন্থ কুটির, পৃ. ২৪৮।

১৮৫.২ মিলিয়ন জনসংখ্যার ভবিষ্যদ্বাণী করেছেন, যা যথেষ্ট বাস্তবভিত্তিক বলে মনে হয়। ২০৫১ সাল নাগাদ বাংলাদেশের জনসংখ্যা সর্বোচ্চ পর্যায়ে পৌছাবে এবং এরপর তা হ্রাস পাবে বলে ধারণা করা হয়।

২০২১ এবং ২০৫১ সালের জন্য উপরে বর্ণিত প্রাক্কলন অনুযায়ী মোট শহুরে জনসংখ্যা ২০২১ সালে ৫০ মিলিয়ন (২৭%) এবং ২০৫০ সালে ৮০ মিলিয়ন (৩৩%) হবে বলে অনুমান করা হয়। ২০৭৫ সাল নাগাদ শহুরে জনসংখ্যা ১২০ মিলিয়নে (মোট জনসংখ্যার ৫০%) উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে।[২৫]

তবে নগর কেন্দ্রের সংজ্ঞায় পরিবর্তন, জনসংখ্যার বণ্টনে নীতিগত ব্যবস্থা গ্রহণ এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে ভবিষ্যতে নগরাঞ্চল সম্প্রসারণের ধারায় নাটকীয় পরিবর্তন আসতে পারে। তাই ৫০% পর্যায়টি ২০৫০ সালের অনেক আগেই অর্জিত হতে পারে।

## ২.৯ জেলাওয়ারি নগরায়ণ পরিস্থিতি (Districtwise Urbanization)

বিদ্যমান ভৌগোলিক, অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক শক্তি বা প্রভাবের প্রতিক্রিয়া হিসেবেই একটি দেশে নগরায়ণের বিন্যাস ঘটে। যেহেতু এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে এই শক্তির পার্থক্য থাকে, তাই নগরায়ণের বিন্যাসেও পার্থক্য লক্ষ্য করা যায়। শহুরে জনসংখ্যার ভিত্তিতে নগরায়ণের বিভিন্ন ধাপের বিবেচনায় বাংলাদেশের বিভিন্ন জেলার মধ্যে যথেষ্ট তফাৎ দেখা যায়। বস্তুত, এই পার্থক্য সাতক্ষীরা জেলার ৭.২ শতাংশ থেকে শুরু করে ঢাকা জেলার ৯০ শতাংশ পর্যন্ত বিস্তৃত। ঢাকা জেলা হলো দেশের সবচেয়ে নগরায়িত এলাকা। ঢাকার বাইরে অন্য তিনটি সর্বোচ্চ নগরায়িত জেলা হলো নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা। এসব জেলায় শহুরে জনগোষ্ঠীর অনুপাত যথাক্রমে ৫৫.৬, ৫৩.৩ ও ৫০.৩ শতাংশ। কেবল চারটি জেলা অর্থাৎ বান্দরবান, খাগড়াছড়ি, রাঙামাটি ও রাজশাহীতে নগরায়ণের অনুপাত ৩১ থেকে ৪০ শতাংশ। অন্য তিনটি জেলা চুয়াডাঙ্গা, পাবনা ও নবাবগঞ্জে এই অনুপাত মোট জনসংখ্যার ২১ থেকে ৩০ শতাংশ।[২৬]

অধিকাংশ জেলায়, বা মোট ৬৪টি জেলার মধ্যে ৪১টিতে নগরায়ণের হার অত্যন্ত কম; অর্থাৎ এসব জেলায় জনসংখ্যার ১১ শতাংশ থেকে ২০ শতাংশ পর্যন্ত শহর এলাকায় বাস করে। ১১টি জেলা আছে যেগুলির শহুরে জনসংখ্যা ১০ শতাংশেরও কম। এগুলি হলো: পটুয়াখালী, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, শরীয়তপুর, নেত্রকোনা, সাতক্ষীরা, জয়পুরহাট, ঠাকুরগাঁও, নওগাঁ, গাইবান্ধা এবং

[২৫] সিরাজুল ইসলাম সম্পাদিত (২০১১), "বাংলাপিডিয়া: বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ", খণ্ড ৬, দ্বিতীয় সংস্করণ, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, পৃ. ২৯৬।

[২৬] বাংলাপিডিয়া (২০১১), বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ, পৃ. ২৯৬।

মৌলভীবাজার। সারণী ২.৮-এ বাংলাদেশের ৬৪টি জেলায় নগরায়ণের পর্যায় প্রদর্শন করা হয়েছে।

সারণী ২.৮

নগরায়ণের ধাপ অনুযায়ী জেলাওয়ারি বিন্যাস ২০০১

| নগরায়ণের ধাপ (শহুরে জনসংখ্যার শতাংশ) | জেলার সংখ্যা | মোট জেলার শতাংশ |
|---|---|---|
| ১০ | ১১ | ১৭.১৮ |
| ১১-২০ | ৪১ | ৬৪.০৬ |
| ২১-৩০ | ৩ | ৪.৬৮ |
| ৩১-৪০ | ৪ | ৬.২৫ |
| ৪১-৫০ | ২ | ৩.১২ |
| ৫১-৬০ | ২ | ৩.১২ |
| ৬০ | ১ | ১.৫৬ |

সূত্রঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ২০০১।

## ২.১০ শহুরে জনসংখ্যা ও নগরকেন্দ্রের বণ্টন (Urban Population and Distribution of Urban Centre)

বাংলাদেশে শহুরে জনসংখ্যার অসম বণ্টন পরিলক্ষিত হয়। এর কারণ অনেক, যার মধ্যে গুরুত্বপূর্ণ হলোঃ নগর ও শহরের আকার, বিভিন্ন ভৌগোলিক কারণ, উন্নয়নের গতি ও বিন্যাস এবং অবকাঠামো ও যোগাযোগ নেটওয়ার্কের উন্নয়ন। বাংলাদেশের আদমশুমারি কমিশন দেশের নগরকেন্দ্রগুলিকে ছয়টি শ্রেণীতে বিভক্ত করেছে।[২৭]

ক. Mega City

খ. City Corporation

গ. Paurashava/Municipality

ঘ. City

ঙ. Other Urban Area

চ. Town

মহানগরী (মেগাসিটি), পরিসংখ্যানগত মেট্রোপলিটন এলাকা (এসএমএ), পৌরসভা ও অন্যান্য নগরকেন্দ্র। ৫ মিলিয়নের অধিক জনসংখ্যাবিশিষ্ট একটি মহানগরীকে মেগাসিটি বলা হয়ে থাকে। দেশে একটিই মেগাসিটি রয়েছে, আর তা হলো ঢাকা। ২০০১ সালে ঢাকার জনসংখ্যা ছিল ১০.৭ মিলিয়ন। বর্তমানে ঢাকা মেগাসিটির জনসংখ্যা ১ কোটি ৮১ লাখ ৮৪ হাজার ৪২ জন।[২৮]

---

[২৭] Bangladesh Population and Housing Census 2011, National Report, volume 3, Urban Area Report, 2014, p. 8.

[২৮] Bangladesh Population and Housing Census 2011.

সিটি কর্পোরেশন ও নাগরিক বৈশিষ্ট্যমণ্ডিত সন্নিহিত এলাকাসমূহ নিয়ে পরিসংখ্যানগত মেট্রোপলিটন এলাকা বা এসএমএ গঠিত। এই সংজ্ঞার ভিত্তিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (২০০১) অনুযায়ী মেগাসিটি ঢাকার বাইরে দেশে তিনটি মহানগরীকে এসএমএ হিসেবে চিহ্নিত করেছে। এগুলি হলো চট্টগ্রাম (৩.৩৯ মিলিয়ন), খুলনা (১.৩৪ মিলিয়ন) এবং রাজশাহী (০.৭ মিলিয়ন)।

নগরকেন্দ্রের পরবর্তী শ্রেণী হলো পৌরসভা। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ঘোষিত পৌরসভাগুলির নগরকেন্দ্র হিসেবে আনুষ্ঠানিক মর্যাদা আছে।

অন্যান্য নগরকেন্দ্র হলো উপজেলা সদর এবং গ্রামাঞ্চলে অবস্থিত বড় বাজার এলাকা যেগুলিকে এখনো পৌরসভা ঘোষণা করা হয়নি। অন্য যেসব এলাকায় নাগরিক বৈশিষ্ট্য বিদ্যমান সেগুলিকে অন্যান্য নগরাঞ্চল হিসেবে বিবেচনা করা হয়েছে।

২০০১ সালে বাংলাদেশে ছিল একটি মেগাসিটি, দুই মিলিয়ন জনসংখ্যার নগরী, এবং ১৮টি শহর যার জনসংখ্যা ছিল ১ মিলিয়নের নীচে কিন্তু ১ লক্ষের উপরে। কেবল দু'টি ছাড়া অন্য সবগুলিরই ১৯৯১-২০০১ সময়কালে ইতিবাচক বিস্তার ঘটেছে।

২০০১ সালে বাংলাদেশের নগর ব্যবস্থায় ৫২২টি নগরকেন্দ্র ছিল। ১৯৯১ সালে এই সংখ্যা একই ছিল, তবে ১৯৮১-তে এটা আরো কম ছিল (৪৯১)। ৬৪টি জেলার প্রতিটিতেই যথাযথ পরিসরের নগরকেন্দ্র বিদ্যমান।

## ২.১১ মেগাসিটি হিসেবে ঢাকা
## (Dhaka as a Megacity)

চতুর্দিকে নগরকেন্দ্র ছড়িয়ে ছিটিয়ে থাকা সত্ত্বেও বাংলাদেশের নগর পরিস্থিতির বৈশিষ্ট্য মূলত প্রাধান্য ও কেন্দ্রিকতার। দেশের প্রায় ৩৮% শহুরে জনগোষ্ঠি নিয়ে দেশের রাজধানী ও বৃহত্তম নগরী ঢাকার রয়েছে একক প্রাধান্য। একটি প্রধান নগরী হিসেবে ঢাকার মর্যাদার ঐতিহাসিক ভিত্তি রয়েছে এবং সম্ভবত ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে।

দেশের মোট শহুরে জনসংখ্যার ৫৬% নিয়ে চারটি বৃহত্তম মহানগর এলাকা অর্থাৎ ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীর প্রাধান্য এক্ষেত্রে আরও মজবুত। অর্থনৈতিক কর্মকাণ্ডের নিরিখে ও নগর কেন্দ্রিকরণে অসমতা দেখা যায়। এ কথাটা বিশেষত ঢাকার জন্য প্রযোজ্য। উদাহরণস্বরূপ, জাতীয় ভোগের ৫০% ঢাকায় ঘটে থাকে। বিভিন্ন শিল্প ও সরকারি বিনিয়োগের একটি বিশাল ও অসমানুপাতিক অংশ এ অঞ্চলে কেন্দ্রিভূত আছে। সরকার ঘোষিত বিকেন্দ্রীকরণের নীতিমালা সত্ত্বেও ঢাকা মহানগর ও এর আশপাশের এলাকায় স্থাপিত শিল্প-কারখানার ঘনত্ব মাত্রাতিরিক্ত বেশি। উদাহরণস্বরূপ, দেশের ৪,১০৭টি রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানার ৭৫ শতাংশই ঢাকা মহানগর অঞ্চলে স্থাপন করা হয়েছে। সমাজসেবা খাত, ব্যবসা-বাণিজ্য ও আর্থিক খাতেও এই কেন্দ্রীভূত অবস্থা দেখা যায়। উদাহরণস্বরূপ, বিগত দশকে প্রতিষ্ঠিত দেশের ৫৪টি বেসরকারি

বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৪৫টির অবস্থান ঢাকা মহানগরীতে। চিকিৎসা সেবা ও সুযোগের ক্ষেত্রেও অনুরূপ পরিস্থিতি দৃশ্যমান। বন্দর থাকার ফলে শিল্পকারখানার বহুল উপস্থিতির মাধ্যমে দ্বিতীয় বৃহত্তম নগরী চট্টগ্রামেও এ ধরনের কেন্দ্রিকরণ ঘটেছে।[২৯]

বাংলাদেশে নগরায়ণ প্রক্রিয়ায় নগরকেন্দ্রগুলির প্রবৃদ্ধি, ঢাকার প্রাধান্য ও ক্যালরি গ্রহণের মাত্রা সারণী ২.৯, ২.১০ ও ২.১১-এ প্রদত্ত হল।

সারণী ২.৯

বাংলাদেশে ০.১০ মিলিয়নের অধিক জনসংখ্যাবিশিষ্ট নগরকেন্দ্রগুলির প্রবৃদ্ধি

| নগরকেন্দ্রের নাম | আয়তন (বর্গ কিলোমিটার) | জনসংখ্যা ১৯৯১ (মিলিয়ন) | জনসংখ্যা ২০০১ (মিলিয়ন) | মোট শহুরে জনসংখ্যার শতাংশ, ২০০১ | দশ বছর প্রবৃদ্ধির হার |
|---|---|---|---|---|---|
| ঢাকা এসএমএ | ১৩৫৩ | ৬.৮৪৪ | ১০.৭১২ | ৩৭.৪৫ | ৫৬.৫২ |
| চট্টগ্রাম এসএমএ | ৯৮৬ | ২.৩৪৮ | ৩.৩৮৬ | ১১.৮৪ | ৪৪.১৭ |
| খুলনা এসএমএ | ২৬৭ | ১.০০২ | ১.৩৪১ | ৪.৬৯ | ৩৩.৮৪ |
| রাজশাহী এসএমএ | ৩৭৭ | ০.৫৪৫ | ০.৭০০ | ২.৪৫ | ২৮.৫৫ |
| সিলেট সিটি কর্পোরেশন | ৫৪ | ০.১১৭ | ০.৩২০ | ১.১২ | ১৭২.৮২ |
| রংপুর পৌরসভা | ৫৮ | ০.১৯১ | ০.২৫২ | ০.৮৮ | ৩১.৫৮ |
| বরিশাল সিটি কর্পোরেশন | ৪০ | ০.১৭০ | ০.২২৫ | ০.৭৯ | ৩১.৯৭ |
| ময়মনসিংহ পৌরসভা | ৯২ | ০.১৮৯ | ০.২১০ | ০.৭৩ | ১১.১০ |
| যশোর পৌরসভা | ৩৬ | ০.১৪০ | ০.১৯২ | ০.৬৭ | ৩৭.৬০ |
| নবাবগঞ্জ পৌরসভা | ৪৬ | ০.১৩১ | ০.১৬৩ | ০.৫৭ | ২৫.১৪ |
| বগুড়া পৌরসভা | ২২ | ০.১২০ | ০.১৬২ | ০.৫৭ | ৩৪.৯৩ |
| কুমিল্লা পৌরসভা | ৫৯ | ০.১৩৫ | ০.১৬১ | ০.৫৬ | ১৮.৯২ |
| দিনাজপুর পৌরসভা | ২৫ | ০.১২৮ | ০.১৫৬ | ০.৫৫ | ২২.২৯ |
| সিরাজগঞ্জ পৌরসভা | ২০ | ০.১০৮ | ০.১৩০ | ০.৪৫ | ২০.২২ |
| জামালপুর পৌরসভা | ৫৫ | ০.১০৪ | ০.১২৮ | ০.৪৫ | ২৩.৬৬ |
| মাধবদী পৌরসভা | -- | ০.০০০ | ০.১২৩ | ০.৪৩ | -- |
| টাঙ্গাইল পৌরসভা | ৩৫ | ০.১০৬ | ০.১১৯ | ০.৪২ | ১২.৩২ |
| পাবনা পৌরসভা | ৪৪ | ০.১০৩ | ০.১১২ | ০.৩৯ | ৮.৮৯ |
| নওগাঁ পৌরসভা | ৩৭ | ০.১০১ | ০.১০৭ | ০.৩৭ | ৫.৫২ |
| বি.বাড়িয়া পৌরসভা | ৩৬ | ০.১০৯ | ০.১০৪ | ০.৩৬ | -৪.৫১ |
| সৈয়দপুর পৌরসভা | ৩৪ | ০.১০৫ | ০.১০০ | ০.৩৫ | -৪.৩২ |

সূত্রঃ বিবিএস ১৯৯১, ১৯৯৭ ও ২০০৩।

[২৯] বাংলাপিডিয়া (২০১১), বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ, পৃ. ২৯৮।

সারণী ২.১০

জাতীয় ও নগর প্রেক্ষাপটে ঢাকার প্রাধান্য

| বছর | জনসংখ্যা (মিলিয়ন) | জাতীয় জনসংখ্যার শতাংশ | শহুরে জনসংখ্যার শতাংশ |
|---|---|---|---|
| ১৯৭৪ | ১.৭৭ | ৩.০ | ২৮.২ |
| ১৯৮১ | ৩.৪৫ | ৩.৮ | ২৬.০ |
| ১৯৯১ | ৬.৮৪ | ৫.৮ | ৩০.৫ |
| ২০০১ | ১০.৭১ | ৮.০ | ৩৭.৪ |
| ২০০৫ | ১২.০০ | ৮.৬ | ৩৭.৫ |

সূত্র ঃ বিবিএস, ১৯৯৪ এবং ২০০৫-এর জন্য অনুমিত হিসাব।

সারণী ২.১১

ক্যালরি গ্রহণের সুপারিশকৃত মাত্রা এবং চরম দারিদ্র্য রেখার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর সংখ্যা ও অনুপাত

| বছর | দারিদ্র্য রেখা – ১ | | দারিদ্র্য রেখা – ২ | |
|---|---|---|---|---|
| দারিদ্র্যের সংখ্যা (মিলিয়ন) | নগর | পল্লী | নগর | পল্লী |
| ১৯৮১-৮২ | ৬.৪ | ৬০.৯ | ৩.০ | ৪৩.১ |
| ১৯৮৩-৮৪ | ৭.১ | ৪৭.০ | ৩.৮ | ৩১.৩ |
| ১৯৮৫-৮৬ | ৭.০ | ৪৪.২ | ২.৪ | ১৯.১ |
| ১৯৮৮-৮৯ | ৬.৩ | ৪৩.৪ | ৩.৫ | ২৬.০ |
| ১৯৯১-৯২ | ৬.৮ | ৪৪.৮ | ৩.৮ | ২৬.৫ |
| ১৯৯৫-৯৬ | ৯.৬ | ৪৫.৭ | ৫.২ | ২৩.৯ |
| ২০০০ (প্রাক্কলিত) | ১৩.২ | ৪২.৬ | ৬.০ | ১৮.৮ |
| নগর ও পল্লী এলাকার জনসংখ্যার তুলনায় দারিদ্রের অনুপাত (শতাংশ) | | | | |
| ১৯৮১-৮২ | ৬৬.০ | ৭৩.৮ | ৩০.৭ | ৫২.২ |
| ১৯৮৩-৮৪ | ৬৬.০ | ৫৭.০ | ৩৫.০ | ৩৮.০ |
| ১৯৮৫-৮৬ | ৫৬.০ | ৫১.০ | ১৯.০ | ২২.০ |
| ১৯৮৮-৮৯ | ৪৭.৬ | ৪৮.০ | ২৬.৪ | ২৮.৬ |
| ১৯৯১-৯২ | ৪৬.৭ | ৪৭.৮ | ২৬.২ | ২৮.৩ |
| ১৯৯৫-৯৬ | ৪৯.৭ | ৪৭.১ | ২৭.৩ | ২৪.৬ |
| ২০০০ (প্রাক্কলিত) | ৫২.৫ | ৪৪.৩ | ২৫.০ | ১৮.৭ |

সূত্র: বিবিএস ২০০৬, পৃ. ৪১১ বাংলাদেশ গৃহস্থালি ব্যয় সমীক্ষা প্রতিবেদন ১৯৮৮-৮৯, ১৯৯১-৯২, ১৯৯৫-৯৬ এবং ২০০০' এর ভিত্তিতে সংকলিত, বিবিএস।

# তৃতীয় অধ্যায়
# (Third Chapter)

## ধামরাই উপজেলা : একটি পরিচিতি
## (Dhamrai Upazila : An Identification)

### গবেষণা এলাকা ধামরাই উপজেলা পরিচিতি
### (Identification of Research Area Dhamrai Upazila)

"বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ এর প্রভাব: ধামরাই উপজেলার উপর একটি কেস স্টাডি" শীর্ষক সম্পাদিত গবেষণায় ধামরাই উপজেলার ৪টি ইউনিয়ন-এর ৬টি গ্রাম থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। তাই গবেষণা এলাকা ধামরাই উপজেলা, উপজেলার অধীন ৪টি ইউনিয়ন এবং তথ্য সংগ্রহের জন্য নির্বাচিত গ্রাম ৬টির পরিচিতি তুলে ধরা প্রয়োজন। এসব কারণে এই অধ্যায়কে মোট তিনটি ভাগে ভাগ করা হয়েছে। ভাগগুলো হচ্ছে-

৩.১ ধামরাই উপজেলা পরিচিতি

৩.২ নির্বাচিত ইউনিয়ন পরিচিতি [পরিশিষ্ট ২-এ সংযুক্ত]

৩.৩ তথ্য সংগ্রহের জন্য নির্বাচিত গ্রাম পরিচিতি [পরিশিষ্ট ৩-এ সংযুক্ত]

## ৩.১ ধামরাই উপজেলা পরিচিতি
## (Identification of Dhamrai Upazila)

### ৩.১.১ ধামরাই উপজেলার পটভূমি ও নামকরণ

ধামরাই থানা গঠিত হয় ১৯১৪ সালে। ১৯৮২ সালে ১৬টি ইউনিয়ন এবং ধামরাই পৌরসভা (স্থাপিত ১৯৯৯ সাল) নিয়ে ধামরাই উপজেলা গঠিত হয়। চূড়ান্তভাবে ধামরাই থানা ১৯৮৫ সালে উপজেলায় রূপান্তরিত হয়।[৩০]

[৩০] Sirajul Islam edited, Banglapedia, National Encyclopedia of Bangladesh, vol. 3, Dhaka, Bangladesh: Bangladesh Asiatic Society, 2003, p. 333.

## ১. ধামরাই উপজেলার পটভূমি

ইতিহাসের প্রাচীন ও সমৃদ্ধশালী এলাকা ধামরাই বিদ্যা, বুদ্ধি, টাকা এই তিনে ঢাকা। আজকের এ ধামরাই কোন একদিন আয়তনে ও অবস্থানে এমন ছিল না। কালের বিবর্তনে একটি সুন্দর সমৃদ্ধ গ্রাম শহরের আদল পেয়েছে। তখনও আর্যগণ এদেশে আসেনি। এ জনপদটি ছিল সমতল ও উর্বর। মাটির এই টানে দ্রাবিড়গণ এখানে আসে এবং বসতি স্থাপন করে। গড়ে তাদের সভ্যতা, বৌদ্ধ যুগে এই সভ্যতার আরও অগ্রগতি হয়। কলিঙ্গ যুদ্ধের পর সম্রাট অশোক ছুড়ে ফেলেন তার রক্তবসন, পরলেন পীতবাস, শরণ নিলেন বুদ্ধের এবং দীক্ষিত হলেন অহিংস ধর্মে। অত:পর তিনি বুদ্ধ ধর্ম প্রচারের জন্য বেছে নিলেন ৮৪ হাজার গ্রাম। এই প্রচার কেন্দ্রগুলোকে বলা হত ধর্ম রাজিকা/ধর্ম রাজিয়া। ধামরাই ছিল তন্মধ্যে অন্যতম প্রধান ধর্ম রাজিয়া বা প্রচারকেন্দ্র। ধর্ম রাজিয়া শব্দের অর্থ ধর্মরথ। এই ধর্ম রাজিয়া হতে ধর্মরাজি বা ধর্মপুর এবং এ থেকেই ধামরাই নামের উৎপত্তি।[৩১]

ইহা ছাড়াও শব্দগত আক্ষরিক অর্থে ধাম শব্দে গৃহ, বাসস্থান, তীর্থস্থান, পবিত্রস্থান বা জায়গাকে বুঝায়। আর রাই শব্দে কিশোরী রাধিকা, জীবনাত্মারূপ, শ্রীকৃষ্ণ প্রণয়িনী, শ্রী রাধিকা থেকে রাই। সুতরাং ধামরাই শব্দটি পবিত্র তীর্থ এবং রাধিকা নামের সংক্ষিপ্ত রাই শব্দের সমন্বয়ে গঠিত। আজ ধামরাই স্বগৌরবে মাথা উঁচু করে বলতে পারে যারা দেশের সবচেয়ে বেশি সংখ্যক শিক্ষিত, জ্ঞানী, শিক্ষাবিদ, ডক্টরেট এর জন্ম দিয়েছে এই ধামরাই তার অন্যতম।

এই কথা আজ সন্দেহাতীতভাবে প্রমাণিত যে, ধামরাই একটি ঐতিহ্যবাহী পুরনো জনপদ। এই নগরীর প্রায় বিলুপ্ত অট্টালিকারাজীর কারুকাজ মৃত্তিকা। এখানে উদগত পোড়া মাটির মন্ডাংশ এবং মাটির স্তর সে কথারই সাক্ষ্য দেয়। ৯০০ হিজরীর কোন এক সময়ে ৫ জন সুফী দরবেশ আগমন করেন। আজও তাদের নামানুসারে ধামরাই পাঠানটোলায় অবস্থিত হযরত পাঁচপীর শাহ মাজার। ধামরাই এর অন্যতম ঐতিহ্য তার সুপ্রসিদ্ধ রথ ও কাসা পিতলের বাসন কোসন। ধামরাই রথ ছিল জগৎ বিখ্যাত। এই ধামরাই রথ মাধব অঙ্গন অঙ্গীয় দেবতা শ্রী যশোমাধব জিউর ব্যক্তিগত যান। এই যানে চড়ে মাধব তার শ্বশুর বাড়ী গমন করেন আবার নিজ বাড়ী মাধব অঙ্গনে প্রত্যাবর্তন করেন।[৩২]

ধামরাই থেকে বাংলাদেশের রাজধানী ঢাকার দূরত্ব প্রায় ৪০ কিলোমিটার। যাতায়াতের জন্য স্থল পথই ব্যবহারযোগ্য। এখানকার আবহাওয়া, পরিবেশ, জনস্বাস্থ্যের অনুকূল। বংশী নদী আর কাকিলা জানি নদী ঘেরা এই ধামরাই। এই নদী দুটোকে নিয়ে একটি মিষ্টি মধুর প্রেমের কাহিনী জড়িয়ে আছে। বিবাহ বন্ধনকে চিরস্থায়ী করার মানস নিয়ে এতদ অঞ্চলে ভ্রীমহনা পূজা প্রচলনের সঙ্গে এই অমর প্রেম গাঁথার কোন যোগসূত্র থাকলেও থাকতে পারে। ঠাকুরমার বন্ধ সিন্ধুকের

[৩১] Banglapedia: National Encyclopedia of Bangladesh.
[৩২] Ibid.

সোধাগন্ধ সার এবং পুরানো দিনের সারি সারি ইমারত আজও দেশী-বিদেশী বহু পর্যটককে টেনে আনে এই কিংবদন্তীর ধামরাইতে।

ধামরাই এর মাঝে খুঁজলে গ্রামের সেই আদিকালের চেহারাটাকে আজ আর পাওয়া যাবে না। কিন্তু গ্রামীণ সংস্কৃতি তো মুছে যাবার নয়। ঢুলি, পালকি না থাক, হাত পাখা আছে, পৌষ পাবন নবান্ন আছে। পিঠে একেবারে শেষ হয়ে যায়নি, আজ মেলা, মিলন মেলা।[৩৩]

**২. ধামরাই উপজেলার নামকরণ**

ধামরাই নামটি কীভাবে এল তা নিয়ে দুটি বিবরণ আছে:[৩৪]

প্রথমত: হিন্দু নৃপতি অশোকের রাজত্বকালে Dharmarajika নামে এক বৌদ্ধ ছিলেন এবং Dharmarajika নামটি কাটছাট হয়ে Dhamrai নামকরণ হয়।

দ্বিতীয়ত: এই বিবরণ মতে, প্রায় আটশত বছর পূর্বে এক বিখ্যাত সুফী সাধক হযরত শাহজালাল ৩৬০ জন সঙ্গীসহ বর্তমান বাংলাদেশ ভূখণ্ডে আসেন। লোক কাহিনী আছে যে, তাঁদের মত পাঁচজন (১) তিরমিজি আল হোসাইনী, (২) হযরত হাজী, (৩) হযরত জামবাহাদুর, (৪) হযরত গাজী ও (৫) হযরত শাহ্ মখদুম ধামরাই এলাকায় আসেন। ঐ সময় ধামরাই এলাকা ছিল জনবিরল এবং বনজঙ্গলে ভরপুর। তাঁরা সেখানে বসতি স্থাপন করলেন এবং নির্জন ও নি:সঙ্গতায় বসবাস করতে থাকলেন। এক সময় খাদ্য ঘাটতি দেখা দিল। একদিন তাঁরা একটা গরুকে ইতস্তত ঘুরাঘুরি করতে দেখলেন। তাঁরা গরুটিকে জবাই করে খেয়ে তাদের ক্ষুধা নিবারণ করলেন। কয়েকদিন পর Dhama Gope এবং Rai Goalini নামে এক দম্পতি এসে দাবী করে বলল গরুটি তাদের ছিল। তারা ক্ষতিপূরণ দাবী করল। সুফী সাধকরা জানতে পারলেন যে, দম্পতিটি নি:সন্তান। কথিত আছে যে, সাধকদের দোওয়ায় দম্পতির ঘরে এক সন্তান জন্ম নিল এবং তাঁরা (সুফী) দম্পতিটির নাম (Dham + Rai) অনুসারে এই জায়গাটির নাম রাখেন Dhamrai। এভাবে Dhama Gope থেকে Dham এবং Rai Goalini থেকে Rai নিয়ে Dhamrai (Dham + Rai) নামের উৎপত্তি হয় বলে জানা যায়।

[৩৩] Ibid.
[৩৪] Ibid.

### ৩.১.২ ধামরাই যে কারণে বিখ্যাত

উপমহাদেশের বিখ্যাত রথ ও রথযাত্রা ধামরাই-এ অবস্থিত। ব্রোঞ্জের তৈরি হাতিয়ার, সাজসরঞ্জাম, গৃহ-উপকরণ-এর জন্য ধামরাই বিখ্যাত। পঞ্চ পীরের মাজার, ধামরাই মাধব বাড়ি, বাংলাদেশ বেতার সম্প্রচার কেন্দ্র, বাটা সু ফ্যাক্টরী, মুন্নু সিরামিক ইন্ডাস্ট্রি, একমি ল্যাবরেটরী, কে ও কিউ ফ্যাক্টরী, দীপ টেক্সটাইল, বয়ন মিল এবং কার্পেট মিল এসব ধামরাই-এ অবস্থিত। ধামরাই এসব কারণে বিখ্যাত।

### ৩.১.৩ ধামরাই উপজেলার বিখ্যাত ব্যক্তিবর্গ

ধামরাই উপজেলায় জন্ম নিয়েছেন এই উপ-মহাদেশের অন্যতম রাজনৈতিক ব্যক্তিত্ব সাবেক পূর্ব পাকিস্তানের মূখ্যমন্ত্রী এবং বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী মরহুম আতাউর রহমান খান, শিক্ষাবিদ প্রফেসর ওয়াদুদুর রহমান, ইতিহাস খ্যাত আগরতলা মামলার অন্যতম আসামী, বাংলার জনসন খ্যাত কে এম সামসুর রহমান (সাবেক রাষ্ট্রদূত), দেশের প্রথম ডক্টরেট রায় চাঁদ উপাধিখ্যাত ড. অনুকূল চন্দ্র সরকার, দেশের তৃতীয় ডক্টরেট মরহুম দাউদ আলী, বিশিষ্ট শিক্ষাবিদ ড. মোহাম্মদ কিয়াম উদ্দিন, ড. মোঃ নূরে আলম, ডাঃ আজিজুর রহমান মল্লিক, বিশিষ্ট রাজনীতিক ও সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার জিয়াউর রহমান খান, বিশিষ্ট রাজনীতিক ও সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব বেনজীর আহমদ, বর্তমান সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব এম. এ. মালেক, প্রাক্তন সচিব ড. মোঃ হানিফ আলী (সিএসপি), সাবেক সচিব মোঃ ওমর ফারুক (সিএসপি) এবং সাবেক সচিব মোঃ আব্দুস সবুর প্রমুখ।[৩৫]

### ৩.১.৪ ভাষা ও সংস্কৃতি

ধামরাই উপজেলার ভূ-প্রকৃতি ও ভৌগলিক অবস্থান এই উপজেলার মানুষের ভাষা ও সংস্কৃতি গঠনে ভূমিকা রেখেছে। বাংলাদেশের রাজধানী জেলায় অবস্থিত এই উপজেলার ভাষার মূল বৈশিষ্ট্য বাংলাদেশের অন্যান্য উপজেলার মতই, তবুও কিছুটা বৈচিত্র্য খুঁজে পাওয়া যায়। যেমন কথ্য ভাষায় মহাপ্রাণধ্বনি অনেকাংশে অনুপস্থিত, অর্থাৎ ভাষা সহজীকরণের প্রবণতা রয়েছে। ধামরাই উপজেলার আঞ্চলিক ভাষার সাথে সন্নিহিত মানিকগঞ্জ ও টাঙ্গাইল জেলার অনেকটা সাযুজ্য রয়েছে। মানুষের আচার-আচরণ, খাদ্যাভ্যাস, ভাষা, সংস্কৃতিতে রাজধানী ঢাকা শহরের সংস্কৃতির ব্যাপক প্রভাব ফেলেছে বলে বিশেষজ্ঞরা মনে করেন।[৩৬]

[৩৫] Ibid.
[৩৬] Ibid.

এই এলাকার ইতিহাস পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা সভ্যতা বহু প্রাচীন। এলাকায় প্রাপ্ত প্রত্নতাত্ত্বিক নিদর্শন প্রাচীন সভ্যতার বাহক হিসেবে দেদীপ্যমান। সাংস্কৃতিক পরিমন্ডলে ধামরাই উপজেলার যাত্রাগান, পালাগান, কীর্তনের অবদানও অনস্বীকার্য।

**১. ধামরাই রথযাত্রা ও রথমেলা**

বার্ষিক জগন্নাথ রথযাত্রা হিন্দুদের বিখ্যাত উৎসব। এটার জন্য ধামরাই বিখ্যাত। রথযাত্রা উৎসব শুরু হয় বাংলা আষাঢ় মাসের ১০ তারিখে এবং এর এক সপ্তাহ পরে 'উল্টো রথ' অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠান উপলক্ষ্যে ধামরাই-এ এক মাসব্যাপী রথমেলা চলে।

**২. মেটাল কাস্টিং**

বাংলাদেশে মেটাল কাস্টিং-এর প্রধান কেন্দ্র ধামরাই-এ অবস্থিত। বংশ পরম্পরায় এই জায়গা থেকেই হাতে তৈরী মেটাল দ্রব্যাদি উৎপাদিত হয় এবং বাংলাদেশের সর্বত্র বাজারজাত করা হয়। দুই হাজার বছরের বেশী সময় পুরনো Lost wax casting পদ্ধতিতে এগুলো তৈরি হয়। এই মেটাল দিয়ে হিন্দু-বৌদ্ধদের মূর্তি তৈরি করা হয় এবং গৃহে ব্যবহার্য বিভিন্ন জিনিসপত্র তৈরিতে ব্যবহৃত হয়। যেমন- কলসি, কূপী, গামলা, চামচ, প্লেট। গত ৫০ বছরের বেশি সময় ধরে মেটাল কাস্টিং ব্যবসার সঙ্গে জড়িত বাংলাদেশের অনেক পরিবার এ কাজ ছেড়ে অন্য কাজে চলে গেছে। কঠিন প্রতিযোগিতার কারণে ভারত ও অন্যান্য দেশের কম ব্যয়বহুল যন্ত্রচালিত এল্যুমিনিয়াম এবং প্লাস্টিক প্রোডাক্ট বাংলাদেশে প্রচুর বাজারজাত হওয়ায় মেটাল কাস্টিং দিন দিন পড়ে যাচ্ছে। এর ফলে মেটাল কাস্টিং বস্তুসামগ্রী ঝুঁকির মধ্যে পড়ে গেছে। উদাহরণস্বরূপ, বাংলাদেশে Lost wax method প্রয়োগ করে হিন্দু-বৌদ্ধদের মেটাল কাস্টিং ইমেজ দিতে সক্ষম মাত্র ৬ জন লোক আছে। ২০ বছর আগে এমন কৌশল জানা কারুশিল্পী ছিল ৩০ জন। যদি একদিন এই ব্যবসা হারিয়ে যায়, তাহলে বাংলাদেশের শৈল্পিক ঐতিহ্য হারিয়ে যাবে। ধামরাই মৃৎশিল্পের জন্যও বিখ্যাত।

## ৩.১.৫ এক নজরে ধামরাই উপজেলা
## (Dhamrai Upazila at a Glance)

১) ভৌগোলিক তথ্য

(i) উপজেলার নাম: ধামরাই
(ii) উপজেলার উদ্বোধন: ১৫/১২/১৯৮২ খ্রিস্টাব্দ
(iii) সীমানা: উত্তরে মির্জাপুর ও কালিয়াকৈর, দক্ষিণে সিংগাইর, পূর্বে সাভার, পশ্চিমে সাটুরিয়া উপজেলা।

(iv) আয়তন ও অবস্থান: ধামরাই উপজেলা ঢাকার ৪০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। এর আয়তন ৩০৭.৪১ বর্গ কিলোমিটার। ২৩°৪৯´ উত্তর অক্ষাংশ হতে ২৪°০৩´ উত্তর অক্ষাংশ এবং ৯০°০১´ পূর্ব দ্রাঘিমাংশ হতে ৯০°১৬´ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত।[৩৭]

**২) প্রশাসনিক তথ্য**

**সারণী ৩.১**

**ধামরাই উপজেলার প্রশাসনিক তথ্য**

| উপজেলা/থানা | পৌরসভা | ইউনিয়ন | মৌজা | গ্রাম | ওয়ার্ড | মহল্লা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০১ | ১৬ | ২৯০ | ৩৯৮ | ০৯ | ৪৪ |

উৎস: Bangladesh Population and Housing Census 2011

৩) মৃত্তিকা : অধিকাংশই দোআঁশ থেকে বেলে দোআঁশ।

৪) খনিজ সম্পদ : খনিজ বালি।

৫) প্রধান বাণিজ্য : চাউল, ভূট্টা, পোলট্রি, মৎস্য, ঔষধ, জুতা, বিস্কুট, কাপড়, সিরামিক, পাট, বীজ, সার, কাঁচা তরকারি, ইট, বালু ইত্যাদি।

৬) জনসংখ্যা বিষয়ক : ধামরাই উপজেলার জনসংখ্যা বিষয়ক তথ্য সারণী ৩.২, ৩.৩, ৩.৪ ও ৩.৫ এ প্রদত্ত হল।

[৩৭] Sirajul Islam edited, Banglapedia, National Encyclopedia of Bangladesh, vol. 3, Dhaka, Bangladesh: Bangladesh Asiatic Society, 2003, p. 333.

## সারণী ৩.২
## ধামরাই উপজেলার জনসংখ্যা বিষয়ক তথ্য

| ক্রমিক নম্বর | জনসংখ্যা বিষয়ক | মোট সংখ্যা |
|---|---|---|
| ০১ | মোট জনসংখ্যা | ৪,১২,৪১৮ জন (২০১১ সনের আদমশুমারী অনুযায়ী |
| ০২ | পুরুষ | ২,০৭,০৭৮ জন |
| ০৩ | মহিলা | ২,০৫,৩৪০ জন |
| | লিঙ্গ অনুপাত | ১০১ |
| ০৪ | থানার সংখ্যা | ৯৪,৭৭৬ টি |
| | ভাসমান জনসংখ্যা | ১৭৬৮ জন |
| ০৫ | শিক্ষার হার | ৫০.০৮% |
| ০৬ | জনসংখ্যার ঘনত্ব | প্রতি বর্গকিলোমিটারে ১,৩৪২ জন |

উৎস: Ibid.

## সারণী ৩.৩
## জনসংখ্যার ধর্মভিত্তিক বণ্টন

| প্রশাসনিক ইউনিট | মোট জনসংখ্যা | মুসলমান | হিন্দু | খ্রিস্টান | বৌদ্ধ | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|
| ধামরাই উপজেলা | ৪১২৪১৮ | ৩৬৮৭৭২ | ৪৩৩৮১ | ৪২ | ২১৯ | ০৫ |

উৎস: Ibid.

## সারণী ৩.৪
## জনসংখ্যার বয়সভিত্তিক শতকরা হার

| প্রশাসনিক ইউনিট | সকল বয়সী মোট জনসংখ্যা | বয়সভিত্তিক জনসংখ্যার শতকরা হার | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ০-৪ | ৫-৯ | ১০-১৪ | ১৫-১৯ | ২০-২৪ | ২৫-২৯ | ৩০-৪৯ | ৫০-৫৯ | ৬০-৬৪ | ৬৫+ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ধামরাই উপজেলা | ৪১২৪১৮ | ৮.৯ | ১০.৯ | ১০.১ | ৮.০ | ৯.১ | ১০.০ | ২৭.১ | ৭.২ | ৩.২ | ৫.৫ |

উৎস: Ibid.

**সারণী ৩.৫**

**পরিবার প্রতি পানীয় জলের উৎস, বিদ্যুৎ সংযোগ ও আবাসন স্বত্ত্বের শতকরা হার**

| প্রশাসনিক ইউনিট | পরিবার সংখ্যা | পানীয় জলের উৎসের শতকরা হার | | | বিদ্যুৎ সংযোগের শতকরা হার | বাড়ির মালিকানার ধরনের হার | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ট্যাপ | টিউবওয়েল | অন্যান্য | | নিজ বাড়ী | ভাড়া বাড়ী | ভাড়ামুক্ত বাড়ী |
| ধামরাই উপজেলা | ৯৪০৩৮ | ৯.৪ | ৮৮.১ | ২.৫ | ৮১.৪ | ৮৬.৫ | ১১.৯ | ১.৫ |

উৎস: Ibid.

**৭) প্রধান নদ-নদী**

বংশী, ধলেশ্বরী, কলমাই, গাজীখালী

**৮) উল্লেখযোগ্য স্থাপনা**

**সারণী ৩.৬**

**বিভিন্ন রকম স্থাপনার নাম ও সংখ্যা**

| ক্রমিক নম্বর | স্থাপনা | সংখ্যা |
|---|---|---|
| ০১ | হাট-বাজার | ৩৫ |
| ০২ | শিল্প নগরী | ০১ |
| ০৩ | পেট্রোল পাম্প | ০৮ |
| ০৪ | ডাকবাংলা | ০৩ |
| ০৫ | সিনেমা হল | ০৩ |
| ০৬ | হাসপাতাল ও ক্লিনিক | ১০ |
| ০৭ | পরিবহন সমিতি | ০৩ |
| ০৮ | পোস্ট অফিস | ১২ |
| ০৯ | এক্সেল লোড কন্ট্রোল স্টেশন | ০১ |
| ১০ | টেলিগ্রাম ও টেলিফোন অফিস | ০১ |
| ১১ | ব্যাংক | ২২ |
| ১২ | মহাশক্তি প্রেরণ কেন্দ্র | ০১ |
| ১৩ | এনজিও-র সংখ্যা | ২৫ |

উৎস: উপজেলা পরিসংখ্যান অফিস, ধামরাই, ঢাকা (২০১৫)।

## ৯) শিক্ষা প্রতিষ্ঠান

**সারণী ৩.৭**

**বিভিন্ন প্রকার শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও সংখ্যা**

| ক্রমিক নম্বর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা |
|---|---|---|
| ০১ | সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১৩৯ টি |
| ০২ | অন্যান্য সরকারি বিদ্যালয় | ৫১ টি |
| ০৩ | এনজিও পরিচালিত বিদ্যালয় | ১০৯ টি |
| ০৪ | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | ০১ টি |
| ০৫ | মাধ্যমিক বিদ্যালয় | ২৫ টি |
| ০৬ | মাদ্রাসা | ১১ টি |
| ০৭ | স্কুল এন্ড কলেজ | ০২ টি |
| ০৮ | কলেজ | ০৬ টি |

উৎস: উপজেলা ইউএনও অফিস, উপজেলা শিক্ষা অফিস, ধামরাই, ঢাক (২০১৫)।

## ১০) ধর্মীয় স্থাপনা

**সারণী ৩.৮**

**বিভিন্ন প্রকার ধর্মীয় প্রতিষ্ঠানের নাম ও সংখ্যা**

| ক্রমিক নম্বর | ধর্মীয় প্রতিষ্ঠানের নাম | ধর্মীয় প্রতিষ্ঠানের সংখ্যা |
|---|---|---|
| ০১ | মসজিদ | ৪১০ টি |
| ০২ | মন্দির | ১৩৫ টি |
| ০৩ | গির্জা | ০১ টি |
| ০৪ | প্যাগোডা | ০১ টি |

উৎস: ধামরাই উপজেলা পরিসংখ্যান অফিস (২০১৫)।

## ১১) আবাসিক স্টাইল

**সারণী ৩.৯**

**আবাসিক ধরণ**

| পাকা | সেমি পাকা | কাঁচা | ঝুপরি |
|---|---|---|---|
| ৮.৭% | ১৯.৪% | ৭১.১% | ০.৮% |

উৎস: Bangladesh Population and Housing Census 2011.

## ১২) শিল্প স্থাপনা

**সারণী ৩.১০**

**শিল্প স্থাপনার নাম ও সংখ্যা**

| ক্রমিক নম্বর | শিল্প স্থাপনা | সংখ্যা |
|---|---|---|
| ০১ | ইট ভাটা | ৬৭ টি |
| ০২ | স'মিল | ৩৬ টি |
| ০৩ | কার্পেট মিল | ০১ টি |
| ০৪ | সিরামিক ফ্যাক্টরী | ০১ টি |
| ০৫ | জুট স্পেয়ার পার্টস ফ্যাক্টরী | ০১ টি |
| ০৬ | টেক্সটাইল মিল | ০১ টি |
| ০৭ | জুতা কারখানা | ০১ টি |
| ০৮ | কোল্ড স্টোরেজ | ০১ টি |
| ০৯ | তোয়ালে ফ্যাক্টরী | ০১ টি |
| ১০ | এ্যালুমিনিয়াম ফ্যাক্টরী | ০৪ টি |
| ১১ | স্বয়ংক্রিয় বিস্কুট ফ্যাক্টরী | ০১ টি |
| ১২ | বয়ন শিল্প | ০১ টি |
| ১৩ | পিভিসি পাইপ ফ্যাক্টরী | ০১ টি |
| ১৪ | ঔষধ ফ্যাক্টরী | ০২ টি |
| ১৫ | ব্যাটারী সেল ফ্যাক্টরী | ০১ টি |
| ১৬ | লেদার ফ্যাক্টরী | ০১ টি |
| ১৭ | প্যাকেজিং ফ্যাক্টরী | ০৪ টি |
| ১৮ | রাইস মিল | ৫৬ টি |
| ১৯ | বিসিক শিল্প নগরী | ০১ টি |
| ২০ | বস্ত্র ও বস্ত্রজাত শিল্প | ১২ টি |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি | ০১ টি |

উৎস: ধামরাই উপজেলা পরিসংখ্যান অফিস, ধামরাই, ঢাকা (২০১৫)।

১৩) **সরকারি দপ্তরসমূহের তালিকা**

**সারণী ৩.১১**

**সরকারী অফিসসমূহের নাম ও সংখ্যা**

| ক্রমিক নম্বর | বিষয়/দপ্তরের নাম |
|---|---|
| ১. | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস |
| ২. | কৃষি অফিস |
| ৩. | ভূমি অফিস |
| ৪. | প্রকৌশল অফিস |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন অফিস |
| ৬. | পশুসম্পদ অফিস |
| ৭. | মৎস্য অফিস |
| ৮. | পরিবার পরিকল্পনা অফিস |
| ৯. | শিক্ষা অফিস |
| ১০. | সমাজসেবা অফিস |
| ১১. | সমবায় অফিস |
| ১২. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ১৩. | আনসার ভিডিপি অফিস |
| ১৪. | মহিলা বিষয়ক অফিস |
| ১৫. | যুব উন্নয়ন অফিস |
| ১৬. | পল্লী উন্নয়ন অফিস |
| ১৭. | পাট উন্নয়ন অফিস |
| ১৮. | বিএডিসি (বীজ) |
| ১৯. | বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২০. | নির্বাচন অফিস |
| ২১. | মাধ্যমিক শিক্ষা অফিস |
| ২২. | পরিসংখ্যান অফিস |
| ২৩. | ধামরাই থানা |
| ২৪. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২৫. | গ্রাম পুলিশ |
| ২৬. | সাব-রেজিস্ট্রারের অফিস |
| ২৭. | হিসাব রক্ষণ অফিস |
| ২৮. | রিসোর্স সেন্টার |

উৎস: উপজেলা নির্বাহী অফিস, ধামরাই, ঢাকা (২০১৫)।

## ১৪) স্বাস্থ্য কেন্দ্রসমূহের বিবরণ

**সারণী ৩.১২**

**স্বাস্থ্য কেন্দ্রের নাম ও সংখ্যা**

| উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | পরিবার পরিকল্পনা কেন্দ্র | স্যাটেলাইট ক্লিনিক | ম্যাটারনিটি সেন্টার |
|---|---|---|---|---|
| ০১ | ১৩ | ০৫ | ১২৪ | ০১ |

উৎস: ধামরাই নির্বাহী অফিসারের কার্যালয়, ঢাকা (২০১৫)।

## ১৫) উপজেলার স্যানিটেশন ব্যবস্থা

**সারণী ৩.১৩**

**পরিবার প্রতি স্যানিটেশন (গ্রাম ও শহর) ব্যবহারের শতকরা হার**

| ক্রমিক নম্বর | স্যানিটেশনের ধরণ | শতকরা হার | শহরের % | গ্রামের % |
|---|---|---|---|---|
| ০১ | স্যানিটারী ল্যাট্রিন | ২৩.৪ | ৮২.৬৮% | ২৭.০৫% |
| ০২ | নন-স্যানিটারী ল্যাট্রিন | ৫৬.২ | ১৫.৮৬% | ৬৮.৭০% |
| ০৩ | কাঁচা ল্যাট্রিন | ২০.৪ | - | - |

উৎস: উপজেলা পরিসংখ্যান অফিস, ধামরাই, ঢাকা (২০১৫)।

## ১৬) পেশা/আয়

**সারণী ৩.১৪**

**পেশা/আয়ের প্রধান উৎস ও শতকরা হার**

| কৃষি | অকৃষি শ্রমিক | শিল্প | কমার্স | পরিবহন ও যাতায়াত | চাকুরী | কনস্ট্রাকশন | ধর্মীয় চাকুরী | ভাড়া ও রেমিটেশন | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫৪.৪৭ % | ২.৯২% | ২.২১ % | ১২.৭৪ % | ৩.০১% | ১১.৩ ৯% | ১.৬৭% | .২২% | ২.৫৫% | ৭.৮২ % |

উৎস: National Encyclopedia of Bangladesh.

**১৭) উপজেলার সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহ**

**সারণী ৩.১৫**

**সাংস্কৃতিক সংগঠনসমূহের নাম ও সংখ্যা**

| ক্লাব | লাইব্রেরী | সিনেমা হল | খেলার মাঠ | মহিলা সংগঠন | সাংস্কৃতিক সংগঠন | স্পোর্টস সংগঠন | ডাক-বাংলো |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ১ | ৩ | ১৮ | ২০ | ৪ | ২ | ৩ |

উৎস: Banglapedia, Cultural Survey & Report of Dhamrai Upazilla, Dhaka.

**১৮) জমি সংক্রান্ত**

**সারণী ৩.১৬**

**জমির ব্যবহার ও শতকরা হার**

| মোট আবাদী জমি | পতিত জমি | এক-ফসলী জমি | দো-ফসলী জমি | ত্রি-ফসলী জমি | সেচ ব্যবস্থার অধীন আবাদী জমি |
|---|---|---|---|---|---|
| ২৩৩৪১.১৬ হেক্টর | ৪০.৪ হেক্টর | ৩৮.০৭% | ৫৫% | ৬.৯৩% | ৮৫% |

উৎস: উপজেলা কৃষি অফিস, ধামরাই, ঢাকা।

**১৯) জমিতে উৎপাদিত দ্রব্যাদি**

**সারণী ৩.১৭**

**প্রধান শস্য ও ফলমূল, প্রধান রপ্তানী দ্রব্য ও বিলুপ্ত/প্রায় বিলুপ্ত দ্রব্য**

| | |
|---|---|
| প্রধান ফসল | ধান, পাট, গম, আলু, সরিষা, পেঁয়াজ, রসুন, আখ, শাখ-সবজী |
| প্রধান ফলমূল | আম, কাঠাল, পেঁপে, পেয়ারা, জাম, লিচু, কলা |
| প্রধান রপ্তানী দ্রব্য | পাট, সরিষা, শাক-সবজী |
| অধুনালুপ্ত বা প্রায় লুপ্ত ফসল | খেসারী, চিনা, ছোলা, কাওন |

উৎস: উপজেলা কৃষি অফিস, ধামরাই, ঢাকা।

২০) ধামরাই উপজেলার পর্যটন এলাকা

**সারণী ৩.১৮**

**আকর্ষণীয় পর্যটন এলাকার নাম ও অবস্থান**

| মসজিদ | হিন্দু মন্দির | পিকনিক স্পট | ঐতিহাসিক স্থান |
|---|---|---|---|
| ১. চাপিল<br>২. শৈলান<br>৩. দেপাশাই<br>৪. মোকামটোলা মাজার<br>৫. পাঁচ পীরের মাজার ও মসজিদ<br>৬. বাটুলিয়া বোঁচাই পাগলা মাজার | ১. গোপনগর গোড় নিতাই মন্দির, ধামরাই<br>২. ধামরাই মাধব মন্দির<br>৩. টোপের বাড়ি কালী মন্দির<br>৪. গোমেগ্রাম কালী মন্দির<br>৫. খাগাইল ভক্ত মন্দির<br>৬. মোগিরার চর কৃষ্ণ মন্দির<br>৭. গৈরাকুল গিরিধারী মন্দির<br>৮. বইন্যা কালী মন্দির<br>৯. ধামরাই রথ | ১. চাপিল উদীয়মান নবীন সংঘ পিকনিক স্পট<br>২. মোহাম্মদী গার্ডেন, মহিষাশী, কুশুরা | ১. বেলিশ্বর বাবু বাড়ী<br>২. গণ কবর (কালামপুর বাজারের পশ্চিম পাশে) |

উৎস: উপজেলা পরিসংখ্যান অফিস, ধামরাই, ঢাকা (২০১৫)।

## ২১) ধামরাই উপজেলার যাতায়াত ব্যবস্থা: ইউনিয়ন ভিত্তিক

**সারণী ৩.১৯**

**ইউনিয়নের নাম, পাকা, কাঁচা ও জলপথের আয়তন**

| ক্রমিক নম্বর | ইউনিয়নের নাম | রাস্তা | | জলপথ |
|---|---|---|---|---|
| | | পাকা (কি. মি.) | কাঁচা (কি. মি.) | |
| ০১ | চৌহাট | ১২.৫১ | ৩০.৬৮ | |
| ০২ | আমতা | ৬.৩৯ | ২২.৫৯ | |
| ০৩ | বালিয়া | ১৬.২৯ | ৫২.১৪ | |
| ০৪ | যাদবপুর | ১২.২৩ | ২৫.৯৭ | |
| ০৫ | বাইশকান্দা | ২০.৯০ | ৫৭.০৩ | |
| ০৬ | কুশুরা | ২৫.৩৩ | ৪৫.৬৯ | |
| ০৭ | গাংগুটিয়া | ১৫.১৯ | ২৪.৭৯ | |
| ০৮ | মানোড়া | ২৪.২০ | ৩১.৮৮ | |
| ০৯ | সূতিপাড়া | ২১.৩৩ | ১৭.৮৮ | |
| ১০ | সোমভাগ | ১৯.৮৫ | ৩৪.০১ | |
| ১১ | ভাড়ারিয়া | ৫.৬১ | ২৫.০৬ | |
| ১২ | ধামরাই | ৬.৭৮ | ১৪.০১ | |
| ১৩ | কুল্লা | ২২.৮২ | ৮২.৫৬ | |
| ১৪ | সূয়াপুর | ১৪.২৮ | ৩১.৬৫ | |
| ১৫ | রোয়াইল | ১৫.৬০ | ৪৫.০৪ | |
| ১৬ | নান্নার | ৮.০০ | ৩৩.৩৮ | |
| ১৭ | পৌরসভা | ২৫.৫০ | ১৫.০০ | |
| মোট | | ২৭২.৮১ | ৫৮৯.৩৬ | ৫১ নটিক্যাল মাইল |

উৎস: উপজেলা পরিসংখ্যান অফিস, ধামরাই, ঢাকা।

২২) ধামরাই উপজেলার ইউনিয়নভিত্তিক কিছু তথ্য

**সারণী ৩.২০**

**ধামরাই উপজেলা ইউনিয়নের নাম, জিও কোড, আয়তন, লোকসংখ্যা ও শিক্ষার হার**

| জিওকোড ও ইউনিয়নের নাম | আয়তন (একর) | লোকসংখ্যা | | | শিক্ষার হার ৭ বছর + |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | |
| ১০-আমতা | ৩২৮১ | ৭৪০৩ | ৭৯৯১ | ১৫৩৯৪ | ৪৪.০ |
| ১১-বাইশকান্দা | ৪৫১৪ | ৭৮২৮ | ৮৪১১ | ১৬২৩৯ | ৬২.৫ |
| ১৭-বালিয়া | ৩৭৫৭ | ১০৫১৭ | ১০৯৭৭ | ২১৪৯৪ | ৪২.২ |
| ২৩-ভাড়ারিয়া | ৩৮১৯ | ১১১৮০ | ১১১৪৪ | ২২৩২৪ | ৫৪.৭ |
| ২৯-চৌহাট | ৪৮৭১ | ১১২১৪ | ১১৬২৩ | ২২৮৩৭ | ৪৯.৫ |
| ৩৫-ধামরাই | ১৫১২ | ৬৬৩০ | ৬৬০২ | ১৩২৩২ | ৫৪.৫ |
| ৪১-গাংগুটিয়া | ৩৬২৯ | ১২২২০ | ১১৩৩৪ | ২৩৫৫৪ | ৪৪.৩ |
| ৪৭-যাদবপুর | ৪৭৫৩ | ৮৪৫৩ | ৯২২২ | ১৭৬৭৫ | ৫৭.৮ |
| ৫৩-কুল্লা | ৮৪৯১ | ১৭৩৪৩ | ১৬৯৭৫ | ৩৪৩১৮ | ৪৬.২ |
| ৫৯-কুশুরা | ৬১০২ | ১২৮১৪ | ১২৮৮১ | ২৫৬৯৫ | ৫০.১ |
| ৬৫-নান্নার | ৪০৮০ | ৯৫৮৩ | ৯৪১১ | ১৮৯৯৪ | ৪৯.৩ |
| ৭১-রোয়াইল | ৫৩৪৬ | ১১৫৪৬ | ১১৫৮২ | ২৩১২৮ | ৩৫.৯ |
| ৭৭-যানোড়া | ৪৩৭১ | ১০৪৪৮ | ১০৪৮৭ | ২০৯৩৫ | ৪৮.৫ |
| ৮৩-সোমভাগ | ৫৪৬৪ | ১৫৯৩৫ | ১৪৬৭০ | ৩০৬০৫ | ৪৫.৫ |
| ৮৮-সূয়াপুর | ৩৫৯৬ | ৮৩৪৩ | ৮৯০২ | ১৭২৪৫ | ৪৬.১ |
| ৯৪-সূতিপাড়া | ৫৮০৯ | ১৬৬৩৫ | ১৫৩৩৭ | ৩১৯৭২ | ৪৯.৫ |

উৎস: Bangladesh Population and Housing Census 2011.

২৩) রাজনীতি বিষয়ক


**সারণী ৩.২১**
**স্থানীয় সরকার কাঠামো**

| ক্রমিক নম্বর | স্থানীয় সরকার কাঠামোর নাম | স্থানীয় সরকার সংখ্যা | স্থানীয় সরকার প্রধানের পদবী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | ০১ | উপজেলা চেয়ারম্যান |
| ০২ | পৌরসভা | ০১ | মেয়র |
| ০৩ | ইউনিয়ন পরিষদ | ১৬ | ইউপি চেয়ারম্যান |

উৎস: ধামরাই উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

**ধামরাই উপজেলা পরিষদ**

চিত্র ৩.১
ধামরাই উপজেলা পরিষদের সাংগঠনিক কাঠামো




উৎস: ধামরাই উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

## ৩.১.৬ এক নজরে ধামরাই পৌরসভা
## (Dhamrai Paurashava at a Glance)

**সারণী ৩.২২**

**ধামরাই পৌরসভার মৌলিক তথ্য**

| ক্রমিক নম্বর | ডবষয় | বিবরণ |
|---|---|---|
| ০১ | প্রতিষ্ঠাকাল | ১৯৯৯ ইং |
| ০২ | পৌরসভার প্রথম নির্বাচন | ০৫/০৪/২০০৪ ইং |
| ০৩ | পৌর পরিষদের প্রথম সভার তারিখ | ০৩/০৬/২০০৪ ইং |
| ০৪ | পৌরসভার শ্রেণী | 'খ' শ্রেণী |
| ০৫ | আয়তন | ৬.৯৮ বর্গ কিলোমিটার |
| ০৬ | ওয়ার্ড সংখ্যা | ০৯ টি |
| ০৭ | মৌজার সংখ্যা | ১২ টি |
| ০৮ | মৌজার নাম | কায়েতপাড়া, ধামরাই, লাকুড়িয়াপাড়া, কাজীপুর, শিয়ালতারা, দক্ষিণপাড়া, কুমড়াইল, ইসলামপুর, পূর্বপঞ্চাশ, ছয়বাড়িয়া ছোট চন্দ্রাইল, শরীফবাগ। |
| ০৯ | মোট জনসংখ্যা | ৫৬,৭৭৭ |
| ১০ | ঈুরুষ | ২৮,৯৮৬ |
| ১১ | এহিলা | ২৭,৭৯১ |
| ১২ | মোট পরিবার | ১৪,৩৮০ |
| ১৩ | জনসংখ্যার ঘনত্ব | ৮১৩৪.২৪০৬৯ প্রতি বর্গ কিলোমিটারে |

উৎস: ধামরাই পৌরসভা অফিস।

# চতুর্থ অধ্যায়
# (Fourth Chapter)

## ধামরাই উপজেলার গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণ এর প্রভাব
## (Impact of Urbanization on Social Life of Rural Women in Dhamrai Upazila)

সমাজের সাথে নারী ওতপ্রোতভাবে জড়িত। গ্রামীণ সমাজের বিপরীতে নগর সমাজ প্রতিষ্ঠিত। নগর জীবন ও গ্রামীণ সমাজজীবন ওতপ্রোতভাবে জড়িত। নগর বিভিন্ন গ্রামীণ সমাজের প্রতিফলন। সামাজিক পরিবর্তন বিস্তারের বাহক ও নির্দেশিকা হচ্ছে নগরায়ণ। বিশ্বে অনেক দেশের গ্রামীণ সমাজ প্রকৃত শহরের চরিত্র ধারণ করে নগরায়ণের প্রভাবে।

বাংলাদেশে আন্ত:গ্রাম সম্পর্ক খুব বেশী দিনের নয়। এক সময় স্বয়ংসম্পূর্ণ ও আত্মনির্ভর গ্রামগুলো ছিল পরস্পর বিচ্ছিন্ন। কেননা প্রতিটি গ্রাম ছিল স্বনির্ভর আর্থ-সামাজিক একক। ফলে আন্ত:গ্রাম সম্পর্কের প্রয়োজন ও তেমন ছিল না। নারীদের প্রায় সব ধরণের সম্পর্ক ও কর্মকাণ্ড নিজ নিজ গ্রামের মধ্যেই সীমিত ছিল। সাম্প্রতিক সময়ে নগরায়ণের ফলে আন্ত:গ্রাম সম্পর্ক দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এ সম্পর্ক গ্রামীণ নারীর সামাজিক প্রয়োজন ও সম্পর্কের ক্ষেত্রে ব্যাপক প্রভাব রাখছে।

জার্মান সমাজবিজ্ঞানী ম্যাক্স ওয়েবার সামাজিক প্রপঞ্চ পাঠে আদর্শ নমুনা বা Ideal Type এর উপযোগীতা ব্যাখ্যা করেছেন।[৩৮] নগরায়ণ প্রক্রিয়ায় নানা শ্রেণী, গোষ্ঠী, পেশা, জাতি-বর্ণ ও ধর্মের নারী বসবাস করে। নানা মত ও নানা আদর্শের স্থান নগর। রুচি-পছন্দ, বিশ্বাস, মনোভাব এবং দৃষ্টিভঙ্গিগত পার্থক্যও অনেক। বিভিন্নমুখী মূল্যবোধ এবং নানা ধর্মের ব্যক্তিত্বের সমাবেশ নগর সমাজে। সব মিলে নগরায়ণ প্রক্রিয়ায় নারীরা অসমজাতীয় জীবনপ্রণালী গড়ে তোলেন।

এই অধ্যায়ে “ধামরাই উপজেলার গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণ এর প্রভাব” বলতে বোঝাবে নগরায়ণের মাধ্যমে ধামরাই উপজেলার গ্রামীণ নারীর সামাজিক জীবনে ব্যাপক উন্নয়ন, পরিবর্তন ও রূপান্তর।

জাতিসংঘের প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, গ্রামীণ নারীর সামাজিক জীবন পরিবর্তন ও উন্নয়নে নগরায়ণের ভূমিকা অত্যধিক। নগরায়ণ রূপান্তরকরণ ও উদ্ভাবনের বাহক। নতুন ধারণা, যোগাযোগ ও উদ্ভাবনের বিস্তৃতি দেশের গ্রামীণ এলাকা ও পশ্চাদভূমিতে ছড়িয়ে দেয় নগরায়ণ। নগরায়ণ নগর ও গ্রামের সংযোগ ঘটায়। ফলে নগরের বিশ্বাস, মূল্যবোধ, মনোভাব, আচরণ, বিজ্ঞান ও প্রযুক্তির জ্ঞান ইত্যাদি গ্রামে বিস্তার ঘটে (O’Connor, 1983)। নতুন পথ ও মত, নতুন ভোগ্যসামগ্রী ও উৎপাদিত পণ্য, নতুন সামাজিক

---

[৩৮] Max Weber, The City, 1905.

প্রতিষ্ঠান নগরায়ণের মাধ্যমে গ্রামে বিস্তৃত হয়। নগরায়ণের মাধ্যমেই নগরের শিখন-শিক্ষা, সরকারী ও প্রশাসনিক প্রতিষ্ঠানসমূহ গ্রামীণ এলাকায় শিখন-শিক্ষা ও প্রতিষ্ঠানের বিকাশ ঘটায়। নগরায়ণ গ্রামীণ এলাকার উন্নয়নের 'পাইপলাইন' হিসেবে কাজ করে। যার ভাগীদার গ্রামীণ নারী – মানে ধামরাই উপজেলার গ্রামীণ নারী।

নগরায়ণ পরিবার ও তার ভূমিকা, পরিবারের সদস্য হিসেবে অন্যান্যদের সংগে নারীর সম্পর্ক এবং নারীর সামাজিক দায়বদ্ধতা ইত্যাদি সংশোধন করে। ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণ নারীর জীবনধারণ পদ্ধতি বেছে নেয়ার ক্ষেত্রে নাটকীয় পরিবর্তন এনে দিয়েছে। পরিবর্তন এসেছে বৈবাহিক ক্ষেত্রে।

নগরায়ণের ফলে সকল নারী সম্প্রদায়ের মধ্যে সংযোগ বৃদ্ধি পায়। সংযোগ বৃদ্ধি পায় গ্রামীণ, শহুরে ও বৈশ্বিক পর্যায়ে যেখানে নারীদের অংশগ্রহন থাকে।

ধামরাই উপজেলায় নগরায়ণ গ্রামীণ নারীর সামাজিক মর্যাদা ও শিক্ষা বৃদ্ধি করছে। প্রতিরোধ করছে বাল্য বিবাহ। নগরায়ণের ফলে নারীর প্রজনন ব্যবস্থার উন্নতি হয়েছে। জন্মহার ও মৃত্যুহার হ্রাস পেয়েছে। পরিবার ছোট হয়ে আসছে, বিবাহ বিচ্ছেদের হার ও গড় আয়ু বৃদ্ধি পেয়েছে।

এতক্ষণ নগরায়ণের ইতিবাচক প্রভাব নিয়ে কথা হল। নগরায়ণের নেতিবাচক প্রভাবও বিস্তর। নগরায়ণের ফলে গ্রামের নারীদের সহজ-সরল সম্পর্কে ফাটল ধরে, সমাজে অশান্তি ও বিশৃঙ্খলা দেখা দেয়। অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির ফলে জনসংখ্যা বৃদ্ধিজনিত বিভিন্ন সমস্যার উদ্ভব হয়। অপরাধ ও সন্ত্রাস বৃদ্ধি পায়। মারাত্মক পরিবেশ দূষণ ঘটে। ইভ-টিজিং ও ধর্ষণ বাড়ে। সমাজে এক ধরনের নৈতিক অবক্ষয় দেখা দেয়। মাদকাসক্তি, কিশোর অপরাধ ভয়ঙ্কর রূপ ধারণ করে। পতিতাবৃত্তি বৃদ্ধি পায়। নগরায়ণ সৃষ্ট এ রকম অসংখ্য সমস্যা সরাসরি গ্রামীণ নারীর উপর প্রভাব পড়ে।

আলোচ্য অধ্যায়ে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণের প্রভাব বের করার জন্য নগরায়ণের কতকগুলো সামাজিক নির্দেশক চিহ্নিত করা হয়েছে। যেমন– নাগরিক সুযোগ-সুবিধা, অভিবাসী জনসংখ্যা, পরিবর্তন, গতিশীলতা, অপরাধ ও সন্ত্রাস, পরিবেশ দূষণ, বাল্য বিবাহ, ইভ-টিজিং, গ্রাম্য-সালিশ ও ন্যায়বিচার এবং নারী শিক্ষার অগ্রগতি। এসব নির্দেশকের বিদ্যমান অবস্থাই ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণের প্রভাবকে নির্দেশ করে।

প্রত্যেক দেশেই নগরায়ণ নারীদের জীবনে প্রভাব ফেলে। বাংলাদেশের প্রান্তিক এলাকায় ধামরাই উপজেলায় নগরায়ণের প্রভাব সৃষ্টি হয়েছে। এ অধ্যায়ে নগরায়ণ ধামরাই উপজেলা গ্রামীণ নারীদের জীবনে সামাজিক ক্ষেত্রে কী কী পরিবর্তন সৃষ্টি করেছে, তা বিশ্লেষণ করা হবে।

## ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণ এর প্রভাব

নগরায়ণ ধামরাই উপজেলা গ্রামীণ নারীদের জীবনে সামাজিক ক্ষেত্রে কী কী পরিবর্তন সৃষ্টি করেছে নীচে সেগুলো বিশ্লেষণ করা হলঃ

### ৪.১ নাগরিক সুযোগ-সুবিধা সংক্রান্ত

বহুকাল পূর্ব থেকেই পৃথিবীতে গ্রামের পাশাপাশি ক্ষুদ্র পরিসরে হলেও নগর গড়ে উঠেছিল। গ্রামের তুলনায় নগরে সুযোগ-সুবিধা বেশি। যেখানে জীবন-যাপনে সুযোগ-সুবিধা বেশি মিলে, স্বাভাবিকভাবে মানুষ সেখানে আকৃষ্ট হয়। নগরে কাজের সুযোগ, অর্থ আয়ের সুযোগ, জীবন ধারণের সুযোগ এবং দ্রব্য-সামগ্রীর প্রাপ্যতা এসবই মানুষকে আকৃষ্ট করে। বিজ্ঞান ও প্রযুক্তির আশীর্বাদ, নগরে উন্নত শিক্ষা ও চিকিৎসাসহ নানাবিধ নাগরিক সুযোগ-সুবিধা মানুষকে আকৃষ্ট করে।

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় গ্রামীণ নারী কী ধরনের নাগরিক সুযোগ-সুবিধা ভোগ করছেন, তা জানতে জরিপের মাধ্যমে অনুসন্ধান চালানো হয়। এতে নাগরিক সেবার মাত্র ৪টি বিষয়ে অনুসন্ধান করা হয়। যেমন– বিদ্যুৎ সংযোগ, গ্যাস সংযোগ, পানি সরবরাহ লাইন এবং সুয়োরেজ ও পয়নিষ্কাশন লাইন।

ধামরাই উপজেলার গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণের নির্দেশক 'নাগরিক সেবার' এসব বিষয়ের 'উপস্থিতি ও মান' নিয়ে উত্তরদাতাদের নিকট জানতে চাইলে নিম্নোক্ত অভিমত পাওয়া যায়।

সারণী ৪.১
নাগরিক সুযোগ সুবিধার ধরণ

| ক্রমিক নং | নাগরিক সুযোগ-সুবিধার বিষয় | গ্রামীণ নারীর নাগরিক সেবা প্রাপ্তি | |
|---|---|---|---|
| | | মোট | শতকরা |
| ১ | বিদ্যুৎ আছে | ৩০২ | ১০০% |
| ২ | পানি সরবরাহ লাইন আছে | ০০ | ০% |
| ৩ | গ্যাস সংযোগ আছে | ০০ | ০% |
| ৪ | সুয়োরেজ ও পয়নিষ্কাশন আছে | ০০ | ০% |

উপরের সারণী থেকে দেখা যাচ্ছে যে, শহরে নাগরিক সুযোগ সুবিধার অত্যাবশক ও মৌলিক ক্ষেত্রে ধামরাই উপজেলার গ্রামীণ নারীর ১০০%-ই বিদ্যুৎ সুবিধা ভোগ করছেন। কিন্তু নাগরিক সেবার অন্য বিষয়গুলো অনুপস্থিত। যেমন– গ্যাস সংযোগ (০%) নেই, পানি সরবরাহ লাইন (০%) নেই এবং সুয়োরেজ ও পয়নিষ্কাশন লাইনও

(০%) নেই। সুতরাং নগরায়ণের অন্যতম প্রধান নির্দেশক নাগরিক সুযোগ-সুবিধার অতি গুরুত্বপূর্ণ সেবা পানি সরবরাহ লাইন, গ্যাস সংযোগ এবং সুয়োরেজ ও পয়নিষ্কাশন লাইন অত্র এলাকায় অনুপস্থিত। সেবার বিষয়গুলো যেখানে অনুপস্থিত সেখানে সেবার মান বিষয়ে প্রশ্ন আসে না।

ফলাফল বিশ্লেষণের মাধ্যমে দেখা যায়, ধামরাই উপজেলার ১০০/শতভাগ গ্রামীণ নারী নগর জীবনের মৌলিক উপাদান গ্যাস, পানি সরবরাহ ও পয়নিষ্কাশন থেকে সম্পূর্ণ বঞ্চিত। তাই অত্র এলাকায় নগরায়ণ প্রক্রিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্দেশক অনুপস্থিত।

## গ্রামীণ নারীর সামাজিক জীবনে নাগরিক সুযোগ-সুবিধার প্রভাব

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকার ১০০% নারী বিদ্যুৎ সংযোগের আওতাধীন থাকলেও বিদ্যুৎ সেবা প্রাপ্তির বিষয় নিয়ে স্বত:প্রণোদিতভাবে যেসব অভিযোগ করেছেন তা নিম্নরূপঃ

শতভাগ উত্তরদাতাদের মতে, ধামরাই উপজেলার গ্রামে লোডশেডিং এর মাত্রা অত্যধিক ও ভয়াবহ। দিনে গড়ে ৩/৪ ঘন্টার বেশী সময় বিদ্যুৎ থাকে না। তাছাড়া আকাশে মেঘ জমার সংগে সংগে বিদ্যুৎ চলে যায়। যতদিন বৃষ্টি থাকে ততদিন লোডশেডিং অব্যাহত থাকে। এভাবে একটানা ৩ দিন, ৪ দিন এমনকি ৭ দিন পর্যন্ত লোডশেডিংয়ের রেকর্ড খুবই সাধারণ বিষয়। দীর্ঘ মেয়াদী লোডশেডিংয়ের কারণে নারীর দৈনন্দিন কাজের চরম ব্যাঘাত ঘটে বলে জানিয়েছেন নারীরা। ব্যক্তিগত ও পারিবারিক জরুরী প্রযুক্তি মোবাইলের চার্জ দেয়া যায় না বলে সব ধরণের যোগাযোগ বিচ্ছিন্ন থাকে। চাকুরীজীবী ও গৃহিনী নারীদের সন্তানদের এবং নারী শিক্ষার্থীদের পড়ালেখার মারাত্মক ক্ষতি হয় প্রচণ্ড ও অসহনীয় লোডশেডিংয়ের কারণে। নিয়মিত ও পরীক্ষাকালীন পড়ালেখার স্বাভাবিক গতি বিনষ্ট হয়, পরীক্ষায় ফলাফল খারাপ হয়। গবেষণাধীন এলাকার নারীদের দেশ-বিদেশের খবর জানা ও চিত্ত-বিনোদনের চাহিদা পূরণ হয় তাদের ঘরে রাখা স্যাটেলাইট টিভির মাধ্যমে। অস্বাভাবিক লোডশেডিংয়ের কারণে নারীরা খবরাখবর ও চিত্ত-বিনোদনের চাহিদা থেকে বঞ্চিত হন। নারী উদ্যোক্তাগণ পোল্ট্রি ফার্ম, সেলাই মেশিন, দোকান ও বিভিন্ন ক্ষেত্রে ছোট ছোট বিনিয়োগ করেছেন। প্রয়োজন মাফিক বিদ্যুৎ না পাওয়ার এসব নারী উদ্যোক্ত আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

তথ্য বিশ্লেষণে দেখা যায়– ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় আধুনিক জীবন ও সভ্যতার ধারক-বাহক বিদ্যুৎ সরবরাহের এহেন নাজুক অবস্থা নারীর শারীরিক ও মানসিক স্বাস্থ্যসহ অর্থনৈতিক – সামাজিক জীবনব্যবস্থায় ব্যাঘাত ঘটছে বলে জানিয়েছেন ১০০% উত্তরদাতা।

১০০% উত্তরদাতার মতে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পানি সরবরাহ লাইন না থাকলেও গবেষণাধীন এলাকার প্রায় ৬০% নারী নিজ বাড়িতে নিজস্ব অর্থায়ন ও তত্ত্বাবধানে পানি সরবরাহ লাইনের ব্যবস্থা করে নিজের নাগরিক সেবা নিশ্চিত করেছেন। তেমনিভাবে গ্যাস সংযোগ না থাকলেও প্রায় ৬০% নারী সিলিন্ডার গ্যাস ব্যবহার করছেন। শুধু অবস্থাপন্ন নারীরা এ সুযোগ নিচ্ছে। এ সংখ্যা ক্রমাগত বাড়ছে। এক্ষেত্রে নগরায়ণ প্রক্রিয়া দ্রুত হওয়ায় নারীর সামর্থ্য বাড়াতে নিজস্ব তত্বাবধানে নিজের নাগরিক সেবার সুযোগ ভোগ করছেন।

১০০% উত্তরদাতাই বলেন, ধামরাই উপজেলার গ্রামীণ এলাকার কোন নারীই সুয়োরেজ ও পয়নিষ্কাশন সুবিধার মধ্যে নেই। যথাযথ কর্তৃপক্ষ কিংবা এলাকার উদ্যোগে ও পয়নিষ্কাশনের সুয়োরেজ লাইন নেই। প্রত্যেক বাড়িতে মলমূত্র ও পয়বর্জ্য জমা হওয়ার জন্য বাথরুমের সাথে সংযুক্ত ট্যাংকি আছে। ট্যাংকির নিচে ১০-১২ ইঞ্চি পরিমান দরজার মতো আছে। পয়বর্জ্য ধারণক্ষমতার বেশি হলে ছোট দরজাটি খুলে দিয়ে ট্যাংকি খালি করে দরজাটি আবার লাগিয়ে দেয়া হয়। পয়বর্জ্য খোলা আকাশের নীচে ছড়িয়ে ছিটিয়ে থাকে। এতে মারাত্মক পরিবেশ দূষণ ঘটে।


উত্তরদাতাদের তথ্যের ভিত্তিতে দেখা যায়, গবেষণাধীন ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় নারীর সামাজিক জীবনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত নাগরিক সুযোগ-সুবিধা প্রাপ্তি নেই বললেই চলে। বিদ্যুৎ সংযোগ আছে। কিন্তু নারীরা এর সুফল পাচ্ছে না। নাগরিক সুযোগ-সুবিধার ক্ষেত্রে নগরায়ণ ইতিবাচক প্রভাভ রাখতে পারেনি।

## ৪.২ অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি

নগরায়ণ-এর অন্যতম প্রধান নির্দেশক কোন নির্দিষ্ট এলাকায় অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি। নগরায়ণ হতে হলে ‘অভিগমন’ হতে হবে। বাংলাদেশে ভূমি ও অন্যান্য সম্পদের তুলনায় জনসংখ্যা বেশি হওয়ায় ঘনবসতিপূর্ণ গ্রামগুলো থেকে জনসাধারণ কাজের সন্ধানে শহরে অভিগমনের ফলে নগরায়ণ প্রক্রিয়া শুরু হয়। দ্রুতহারে জনসংখ্যা বৃদ্ধি নগরায়ণকে ত্বরান্বিত করে। অনেকে জনসংখ্যার উপর ভিত্তি করে নগরের সংঙ্গা খুঁজছেন। তবে জনসংখ্যার পরিমান দিয়েই শুধুমাত্র নগরকে সংজ্ঞায়িত করা হয় না। কারণ, জনসংখ্যার পরিমানের কোন ‘আন্তর্জাতিক মান’ নেই। জনসংখ্যা না বাড়লে নগরায়ণ হবে না।

গবেষণাধীন ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় জনসংখ্যা বাড়ছে কিনা এ বিষয়ে উত্তরদাতাদের নিকট জানতে চাওয়া হয়। উত্তর হিসেবে বেছে নেয়ার জন্য চারটি প্রস্তাবনা রাখা হয়েছিল। প্রস্তাবনার বিষয়ে উত্তরদাতাদের মতামত গ্রহণ করা হয়। ফলাফল নিম্নরূপ-

চিত্র ৪.১
অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি বিষয়ে অভিমত




উপরের চিত্রে দেখা যাচ্ছে, ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নগরায়ণের ফলে অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির বিষয়ে হ্যাঁ উত্তর দিয়েছেন ৯২.৭১%, না উত্তর দিয়েছেন ৪.৯৭%, জানিনা ১.৬৬% এবং কোন উত্তর দেননি .৬৬% উত্তরদাতা। উত্তরদাতাগণের মতামত বিশ্লেষণ করলে দেখা যায়– ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় 'অভিগমন' বাড়ছে। যা নগরায়ণ প্রক্রিয়াকে ত্বরান্বিত করছে। এটাকে এভাবে দেখানো যায়– ধামরাই উপজেলার গ্রাম এলাকায় শিল্পায়ন→ কর্মসংস্থান→ অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি→ নগরায়ণ→ গ্রামীণ নারীর জীবনে নগরায়ণের প্রভাব।

সারণী ৪.২

গ্রাম ভিত্তিতে অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির হার

| ক্রমিক নম্বর | গ্রামের নাম | প্রস্তাবনাসমূহ | | | | মোট সংখ্যা | শতকরা হার (হ্যাঁ) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর | | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর |
| ১. | বারবাড়িয়া | ৫৩ | ০ | ০ | ০ | ৫৩ | ১০০% | ০% | ০% | ০% |
| ২. | কৃষ্ণপুরা | ৭৭ | ০ | ০ | ০ | ৭৭ | ১০০% | ০% | ০% | ০% |
| ৩. | ললিত নগর | ৫২ | ০ | ০ | ০ | ৫২ | ১০০% | ০% | ০% | ০% |
| ৪. | বিলকেষ্টি | ৩৫ | ৫ | ০ | ০ | ৪০ | ৮৭.৫% | ১.৭% | ১.৭% | ০% |
| ৫. | ঘোড়াকান্দা | ৩০ | ৫ | ৩ | ২ | ৪০ | ৭৫% | ১.৭% | ০.৯৯% | ০.৬৬% |
| ৬. | ঈশান নগর | ৩৩ | ২ | ৫ | ০ | ৪০ | ৮২.৫% | ০.৬৬% | ০.৭% | ০% |

মোট = ৩০২

উপরের সারণীর ফলাফল থেকে দেখা যাচ্ছে, বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিতনগর এই ৩টি গ্রামের সকল উত্তরদাতা (১০০%) অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে বলে মন্তব্য করেছেন। সুতরাং এই ৩টি গ্রামে নগরায়ণের নির্দেশক পরিপূর্ণ। অন্য ৩টি গ্রামে অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির পক্ষে হ্যাঁ বলেছেন যথাক্রমে ৮৭.৫%, ৭৫% ও ৮২.৫% উত্তরদাতা।

ফলাফল বিশ্লেষণে দেখা যায়– বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিতনগর গ্রামে অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে পূর্ণ মাত্রায়। তাই নগরায়ণের প্রক্রিয়া ও পূর্ণমাত্রায় বিদ্যমান। বিলকেষ্টি, ঘোড়াকান্দা ও ঈশান নগর গ্রামেও ৭৫% এর অধিক উত্তরদাতা অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির কথা বলেছেন। এখানেও নগরায়ণ বিদ্যমান। এই গ্রাম তিনটিতে 'না', 'জানিনা' এবং 'নিরুত্তর' এর পক্ষে অভিমত দিয়েছেন যথাক্রমে বিলকেষ্টি গ্রামে 'না' ১.৭%, 'জানিনা' ১.৭% এবং 'নিরুত্তর' দিয়েছেন ০%। ঘোড়াকান্দা গ্রামে 'না' ১.৭%, 'জানিনা' ০.৯৯% এবং নিরুত্তর ০.৬৬%। ঈশান নগর গ্রামে 'না' ০.৬৬%, 'জানিনা' ১.৭% এবং নিরুত্তর দিয়েছেন ০%। এসব সূচক নগরায়ণের প্রক্রিয়া ও মাত্রা নির্ধারণে কোন ভূমিকা রাখে না।

## ৪.২.১ অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি এবং গ্রামীণ নারীর জীবনে এর প্রভাব

অভিবাসী জনগণ সাধারণত নানা শ্রেণী, গোষ্ঠী, পেশা, জাতি, বর্ণ ও ধর্মের হয়ে থাকে। নানা মত ও নানা আদর্শের অনুসারী হয়। রুচি-পছন্দ, বিশ্বাস, মনোভাব এবং দৃষ্টিভঙ্গিগত পার্থক্য থাকে।

বিভিন্নধর্মী মূল্যবোধ এবং নানা ধরনের ব্যক্তিত্বের সমাবেশ থাকে। এ কারণে অভিবাসীরা অধিকতর অসমজাতীয় চারিত্রিক বৈশিষ্ট্য ধারণকারী।
উপরে উল্লেখিত চিত্র ৪.১ এবং সারণী ৪.২ এর ফলাফল বিশ্লেষণ থেকে দেখা যায়; ধামরাই উপজেলায় ৯২.৭১% উত্তরদাতার মতে, অভিবাসী জনসংখ্যা উচ্চমাত্রায় বৃদ্ধির ফলে নগরায়ণ প্রক্রিয়াও খুব দ্রুত হচ্ছে। বস্তুত গবেষণাধীন এলাকার আকার, স্থায়িত্ব, ঘনত্ব এবং অসমজাতীয়তা নারীর মনের উপর চাপ সৃষ্টি করে। কেননা, নারী অতিরিক্ত জনসংখ্যা এবং এলাকার নানা ঘটনা দ্বারা ভারাক্রান্ত।

উত্তরদাতাদের নিকট জানতে চাওয়া হয়েছিল, নগরায়ণের নির্দেশক 'অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি' সংশ্লিষ্ট এলাকার নারীগণের জীবনব্যবস্থায় কী ধরণের প্রভাব ফেলছে। উত্তরদাতাগণ যেসব অভিমত ব্যক্ত করেন, তা সারণী ৪.৩-এ প্রদত্ত হল।

সারণী ৪.৩
অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির প্রভাব

| ক্রমিক নম্বর | ডবষয় | সংখ্যা | শতকরা হার |
|---|---|---|---|
| ১ | দ্রব্যমূল্য বৃদ্ধি | ২৩৬ | ৭৮.১৪% |
| ২ | জ্বালানী সংকট | ১৮২ | ৬০.২৪% |
| ৩ | আবাসন সংকট | ১৮২ | ৬০.২৪% |
| ৪ | নৈতিকতার অবনতি | ২৫৮ | ৮৫.৪৩% |
| ৫ | নিজস্ব সংস্কৃতি ও মূল্যবোধের অবক্ষয় | ১৯০ | ৬২.৯১% |
| ৬ | শিক্ষা প্রতিষ্ঠানে বাড়তি চাপ | ১৮২ | ৬০.২৪% |
| ৭ | কৃষি জমির উপর বাড়তি চাপ | ১৮২ | ৬০.২৪% |
| ৮ | অপ্রতুল চিকিৎসা প্রতিষ্ঠানে চাপ | ১৭৫ | ৫৭.৯৫% |
| ৯ | বিদ্যুতের/শক্তি সম্পদের উপর বাড়তি চাপ | ১৮০ | ৫৯.৬০% |
| ১০ | বিভাজন সংকট | ১৮২ | ৬০.২৪% |

উপরের সারণীতে গবেষণাধীন এলাকায় নগরায়ণের ফলে অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি সংক্রান্ত বিভিন্ন নেতিবাচক প্রভাবের বিষয়ে উত্তরদাতাদের মতামত দেখানো হয়েছে। অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির ফলে দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে বলে ৭৮.১৪% উত্তরদাতা বলেছেন। অধিকাংশ বিষয়ে ৫০% এর বেশী উত্তরদাতা সমস্যা তুলে ধরেছেন। নৈতিকতার অবনতি ও অপরাধ বৃদ্ধি অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির ফলে হয়েছে বলে মত দিয়েছেন যথাক্রমে ৮৫.৪৩% ও ৯৩.৩৮% উত্তরদাতা। প্রায় এক তৃতীয়াংশ উত্তরদাতা মনে করেন, অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি দ্রব্যমূল্য বৃদ্ধির একমাত্র কারণ নয়। দ্রব্যমূল্য বৃদ্ধির অন্যান্য কারণ হচ্ছে শিল্পায়নের ফলে কৃষি জমি কমে যাওয়ায় উৎপাদনের

সুযোগ কমা, উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় কৃষকের সংখ্যা হ্রাস ও কৃষিকাজে অনিহা, উৎপাদনে ফলন কম হওয়া ইত্যাদি।
দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে গবেষণাধীন এলাকায় গ্রামীণ নারীর মৌলিক চাহিদা যেমন– খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসার খরচ বাড়ায় নারী বিপাকে পড়েছেন। আর্থিক সংকটে পতিত হয়েছেন।

৬০.২৪% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় জ্বালানী সংকটের প্রধান কারণ হচ্ছে অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি এবং কৃষিকাজ হ্রাস পাওয়া। আজ থেকে ৮/১০ বছর আগে শিল্পায়নের পূর্বে সংশ্লিষ্ট এলাকা গ্রামীণ কৃষি অবকাঠামো নামে পরিচিত ছিল। কৃষিই ছিল প্রধান পেশা। কৃষি-শস্যের উচ্ছিস্ট খড় ও লতাপাতা গ্রামীণ নারীদের জ্বালানীর প্রধান উৎস ছিল। বর্তমানে এই খাত থেকে যতটুকু জ্বালানী আসে, তাতে অভিবাসী জনসংখ্যাও ভাগ নেয়। ফলে নারীর জ্বালানী সংকট চরমে।

ফলাফল বিশ্লেষণ থেকে বলা যায়, ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় বিভিন্ন শিল্প-কারখানা স্থাপিত হওয়ায় অভিবাসী জনসংখ্যা বৃদ্ধি এবং জনসংখ্যা বৃদ্ধিজনিত বিভিন্ন নেতিবাচক প্রভাবের শিকার হচ্ছেন নারী। এসবের জন্য নগরায়ণই দায়ী।


## ৪.৩ গতিশীলতা

নগরায়ন সমাজে গতিশীলতা আনে। গতিশীল সমাজ মানুষের সামাজিক অবস্থান বা পদমর্যাদার পরিবর্তন স্বাভাবিক। যখন মানুষ এক অবস্থান থেকে অন্য অবস্থানে যায় তখন গতিশীলতা জন্ম নেয়। সামাজিক গতিশীলতার প্রধান সূচক হল পেশাগত পরিবর্তন । যা সম্ভব হয় শিক্ষা ও প্রযুক্তিগত পরিবর্তনের মাধ্যমে।

ধামরাই উপজেলার গ্রাম এলাকায় দ্রুত শিল্পায়ন হওয়ায় মানুষের মধ্যে গতি আসার কথা। গ্রামীণ নারীদের গতিশীলতার অবস্থান সম্পর্কে জানতে প্রশ্ন করা হয় এবং ৪টি প্রস্তাবনা রাখা হয়। উত্তরদাতাগণ যেসব মতামত ব্যক্ত করেন, তা চিত্র ৪.২-এ প্রদত্ত হল।

চিত্র ৪.২

গ্রামীন নারীর গতিশীলতার অবস্থান




উপরের রেখাচিত্রে দেখা যাচ্ছে, ধামরাই উপজেলা গ্রাম এলাকার ৮৯.৪০% উত্তরদাতা মনে করেন নারীর মধ্যে গতিশীলতা আছে। গতিশীলতা নেই বলেছেন ৭.৯৫% উত্তরদাতা, গতিশীলতা সম্পর্কে অবগত নন ২.৬৫% উত্তরদাতা। ফলাফল বিশ্লেষণে দেখা যায়, প্রায় ৯০% উত্তরদাতার মতে, নগরায়ণের মাধ্যমে ধামরাই উপজেলার গ্রামীণ নারীর সামাজিক জীবনব্যবস্থায় গতিশীলতার মাত্রা আশাতীত রকম বৃদ্ধি পেয়েছে।

## ৪.৩.১ গতিশীলতার প্রভাব

নগরায়ণের প্রসার নারীকে গতিশীল করে তুলছে। কেননা, নগর নারীকে জীবিকা দিচ্ছে, দিচ্ছে নব নব সুযোগ-সুবিধা। নারীর গতিশীলতার সাথে নগরায়ণের সম্পর্ক খুবই নিবিড়। ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় নারীর সামাজিক জীবনে গতিশীলতার প্রভাব জানতে চাইলে নিম্নোক্ত অভিমত পাওয়া যায়।

গতিশীলতার প্রভাব সম্পর্কে ৮১.১১% নারী শিক্ষার্থীর মতে, ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নারীদের গতিশীলতার কারণে শিক্ষার মাধ্যমে নিজের অবস্থান পরিবর্তিত হচ্ছে, মর্যাদা বাড়ছে, শিক্ষাশেষে পেশা গ্রহণের মাধ্যমে নিজের অবস্থান পরিবর্তন হবে উন্নততর অবস্থানে। স্বপ্ন, প্রত্যাশা, উদ্যোগ ও আকাঙ্খা বাড়ছে, ভাল কিছু করার উৎসাহ আছে, প্রযুক্তির প্রসারে জ্ঞান বাড়ছে। দেশ ও বিশ্বকে কাছ থেকে জানা যায় এবং ঘরে বসে সারা পৃথিবী হাতের মুঠোয় আছে বলে মনে হয়।

৫০.৪৮% গৃহিণী মত দিয়েছেন যে, ধামরাই উপজেলা গ্রামীণ মহিলাদের/নারীদের জীবনে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। নারীরা বর্তমানে গৃহের বাইরে বিভিন্ন ধরনের কাজে সম্পৃক্ত হচ্ছে। নগরায়ণের ফলে স্কুল-কলেজে ভর্তি হওয়া ও লেখা-পড়ার সুযোগ সৃষ্টি হয়েছে।


উত্তরদাতাদের মধ্যে ৭০.২২% চাকুরীজীবি নারীদের মত হচ্ছে যে, তাদের জীবনের গতিশীলতা উল্লেখযোগ্য মাত্রা বেড়েছে। চাকুরী থেকে আয়কৃত অর্থ দিয়ে তারা পরিবার আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধবদের সাথে মিথস্ক্রিয়া করতে সমর্থ হচ্ছেন।

## ৪.৪ পরিবর্তন

পরিবর্তনশীলতা প্রকৃতির নিয়ম। মানব সমাজও এ পরিবর্তনশীলতার ব্যতিক্রম নয়। পরিবর্তনশীলতা মানব সমাজের ধর্ম। সমাজ-সভ্যতা পরিবর্তনশীল বলেই মানব সমাজ আদিম বর্বর অবস্থা থেকে আধুনিককালের সভ্য অবস্থায় উপনীত হয়েছে এবং উন্নত ভবিষ্যতের দিকে এগিয়ে চলছে।

ধামরাই উপজেলার নগরায়ণের ফলে গ্রামীণ নারীর জীবনব্যবস্থায় কী ধরনের পরিবর্তন এসেছে জানতে চাইলে উত্তরদাতাগণ যেসব মতামত দিয়েছেন, তা চিত্র ৪.৩-এ দেখানো হল।

চিত্র ৪.৩
গ্রামীণ নারীর পরিবর্তনশীলতা বিষয়ে অভিমত




উপরোক্ত চিত্র থেকে দেখা যায় নারীর সামাজিক জীবনে পরিবর্তন এসেছে বলে মন্তব্য করেছেন ৯৪.৭০% উত্তরদাতা, পরিবর্তন হয়নি বলেছেন ৪.৬৩%, পরিবর্তন সম্পর্কে অবগত নন ০.৬৬, এবং নিরুত্তর ০%। ফলাফল বিশ্লেষণ করলে দেখা যায়, প্রায় ১০০%-এর কাছাকাছি উত্তরদাতার মতে, নগরায়ণের ফলে ধামরাই উপজেলার গ্রামীণ নারীর আমূল পরিবর্তন সাধিত হয়েছে। নারীর পরিবর্তনের ক্ষেত্রে নগরায়ণের ভূমিকাই প্রধান।

### ৪.৪.১ পরিবর্তনের প্রভাব

পরিবর্তনশীলতা মানব সমাজের ধর্ম। কৃষিক্ষেত্রে যান্ত্রিক চাষাবাদের প্রচলন, শিক্ষা প্রতিষ্ঠান বৃদ্ধি, প্রশাসনিক পুনর্গঠন, যোগাযোগ ব্যবস্থার উন্নতি, বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার প্রচলন অর্থাৎ নগরায়ণ গ্রামীণ নারীর আচার-ব্যবহার, পদমর্যাদা, অনুষ্ঠান-প্রতিষ্ঠান এবং মূল্যবোধে ব্যাপক পরিবর্তন সাধন করছে।

গবেষণাধীন ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় গ্রামীণ নারীর জীবনে নগরায়ণসৃষ্ট পরিবর্তনের প্রভাব সম্পর্কে জানতে চাইলে নিম্নোক্ত তথ্য পাওয়া যায়ঃ

৯৪.৭০% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলায় নগরায়ণের প্রভাবে গ্রামীণ নারীর খাদ্য, পোশাক, আসবাবপত্র, ফ্যাশন ও স্টাইল, চিত্তবিনোদন, আবাসন স্টাইলের ধরন ইত্যাদিতে ব্যাপক পরিবর্তন এসেছে। গ্রামীণ নারীর আচার-ব্যবহার, বিশ্বাস, ভালবাসা, মনোভাব, মূল্যবোধ, ধ্যান-ধারণা, দৃষ্টিভঙ্গি, বিবেকবোধ এবং কুসংস্কার দূরীকরণে নগরায়ণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

তথ্য বিশ্লেষণে দেখা যায়– ধামরাই উপজেলা গ্রামীণ সমাজে নগরায়ণের ফলে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার, পেশা পরিবর্তন, শিক্ষা-দীক্ষা, আধুনিক সুযোগ-সুবিধা ও স্বাস্থ্যসেবা, চিকিৎসা ব্যবস্থা, ব্যক্তিস্বাতন্ত্রবোধ ও অনু পরিবার গঠনে নগরায়ণ গ্রামীণ নারীর ক্ষেত্রে ব্যাপক ভূমিকা রাখছে।

## ৪.৫ অপরাধ ও সন্ত্রাসের ধরন

আইন বিরোধী কাজই হল অপরাধ। সমাজ ও রাষ্ট্র বিরোধী কাজই অপরাধ। আর এটি নগর জীবনের অন্যতম প্রধান সমস্যা। দিনদিন অপরাধের মাত্রা বেড়েই চলছে। যার অধিকাংশই সংগঠিত হচ্ছে শহরে।

যেখানে নগরায়ণ সৃষ্টি হয়, সেখানেই অপরাধ ও সন্ত্রাসের জন্ম হয় ও বৃদ্ধি পায়। গবেষণাধীন ধামরাই উপজেলার গ্রাম এলাকায় নগরায়ণের ফলে অপরাধ ও সন্ত্রাস প্রবণতা বেড়েছে কিনা জানতে প্রশ্ন করা হয়েছিল। এতে ৪টি প্রস্তাবনা ছিল। ফলাফল সারণী ৪.৪-এ দেয়া হল-

সারণী ৪.৪
অপরাধ ও সন্ত্রাস বিষয়ে অভিমত

| প্রস্তাবনা | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর | মোট |
|---|---|---|---|---|---|
| মোট উত্তরদাতা | ২৮০ | ১৮ | ০৪ | ০ | ৩০২ |
| উত্তরদাতার শতকরা হার (%) | ৯২.৭১% | ৫.৯৬% | ১.৩২% | ০% | ১০০% |

সারণীতে দেখা যাচ্ছে- নগরায়ণের ফলে গবেষণাধীন ধামরাই উপজেলার গ্রাম এলাকায় অপরাধ ও সন্ত্রাস বেড়েছে বলে মত দিয়েছেন ৯২.৭১% উত্তরদাতা, বাড়েনি বলেছেন ৫.৯৬%, এবং অবগত নন ১.৩২% এবং নিরুত্তর ০%। ৯২.৭১% উত্তরদাতার তথ্যের

ফলাফল বিশ্লেষণে দেখা যায়, ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় অপরাধ ও সন্ত্রাস বাড়ার কারণ হচ্ছে নগরায়ণ, অন্য কোন কোন কারণ নয়। এলাকায় শিল্পায়ন হওয়ায় এক শ্রেণীর অশিক্ষিত, অযোগ্য, খারাপ লোক উচ্চ মূল্যে জমি বিক্রি করে হঠাৎ কোটিপতি হয়ে যায়। তারাই ধরাকে সড়া জ্ঞান করে এবং বহুমুখী অপরাধ ও সন্ত্রাসের জন্ম দেয় ও লালন-পালন করে।

নগরায়ণের ফলে গবেষণাধীন এলাকায় কোন্ কোন্ অপরাধ ও সন্ত্রাস বেড়েছে তা জানতে অনুসন্ধান চালালে যে ফলাফল পাওয়া যায়, তা সারণী ৪.৫-এ প্রদত্ত হল।

সারণী ৪.৫

অপরাধ ও সন্ত্রাসের ধরন

| ক্রমিক নম্বর | অপরাধের ধরন | মোট উত্তরদাতা | শতকরা হার (%) |
|---|---|---|---|
| ১ | মাদকাসক্তি ও কিশোর অপরাধ | ২৮৪ | ৯৪.০৪% |
| ২ | সিঁধ কাটা চুরি, তালা ভেংগে চুরি, ডাকাতি | ১৮২ | ৬০.২৬% |
| ৩ | ইভ টিজিং, ধর্ষণ | ১৮২ | ৬০.২৬% |
| ৪ | রাজনৈতিক অপরাধ, অর্থনৈতিক অপরাধ, সামাজিক ও নৈতিক অপরাধ | ১৮২ | ৬০.২৬% |
| ৫ | সংঘাত, হুমকি, হামলা, রাহাজানি ও মারামারি | ২০৪ | ৬৭.৫৫% |
| ৬ | অসহিষ্ণুতা ও অসহযোগিতা | ২৫০ | ৮৩% |
| ৭ | পতিতাবৃত্তি ও অসামাজিক কার্যক্রম | ২২০ | ৭৩% |

সারণীর ফলাফল থেকে দেখা যাচ্ছে- ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে মাদকাসক্তি ও কিশোর অপরাধ ভয়ংকর রূপ ধারণ করেছে বলেছেন ৯৪.০৪% উত্তরদাতা, সিঁধ কাটা চুরি, তালা ভেঙ্গে চুরি ও ডাকাতির কথা বলেছেন ৬০.২৬%, ইভ টিজিং ও ধর্ষণের কথা বলেছেন ৬০.২৬%, রাজনৈতিক অপরাধ, অর্থনৈতিক অপরাধ, সামাজিক ও নৈতিক অপরাধের কথা বলেছেন ৬০.২৬%, সংঘাত, হুমকি, হামলা, রাহাজানি ও মারামারির কথা বলেছেন ৬৭.৫৫% এবং অসহিষ্ণুতা ও অসহযোগিতার কথা বলেছেন ৮২.৭৮% উত্তরদাতা।

৯৪.০৪% উত্তরদাতার অভিমত হচ্ছে- গবেষণাধীন ধামরাই উপজেলা গ্রাম এলাকায় ৭-৮ বছর আগে শিল্প-কারখানা প্রতিষ্ঠার পূর্বে মাদকাসক্তি, কিশোর অপরাধ ও পতিতাবৃত্তি বলে কিছুই ছিল না। ৪-৫ বছর আগে গ্রামের তৃণমূল পর্যায়ে রাজনৈতিক অপরাধও ছিলনা বলে মত দিয়েছেন তারা। ৪.৫ নং সারণীতে প্রদর্শিত অপরাধ ও সন্ত্রাসগুলো নগরায়ণের ফলেই অতিমাত্রায় বেড়েছে বলে অভিযোগ করেছেন উত্তরদাতাগণ।

## ৪.৫.১ গ্রামীণ নারীর জীবনব্যবস্থায় নগরায়ণ সৃষ্ট অপরাধ ও সন্ত্রাসের প্রভাব

সুশৃংখল সামাজিক বিকাশের জন্য প্রচণ্ড বাধা হলো অপরাধ ও সন্ত্রাসমূলক কার্যক্রম। ইহা সমাজের সংহতিকে বিনষ্ট করে। মানুষের ব্যক্তিত্বের বিকাশকে ব্যাহত করে।

গবেষণাধীন ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণ সৃষ্ট বহুবিধ অপরাধ ও সন্ত্রাস গ্রামীণ নারীর জীবনে কী ধরনের প্রভাব প্রতিক্রিয়া সৃষ্টি করছে, তা জানতে উত্তরদাতাদের উপর অনুসন্ধান চালানো হয়। এতে যেসব তথ্য পাওয়া যায়, তা নিম্নরূপ–

মোট ৯০.০৬% নারী উত্তরদাতার মধ্যে ৫০.৩৩% বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিতনগর গ্রামের। গবেষণার জরিপ কাজে ব্যবহৃত প্রশ্নপত্র বিশ্লেষণ করে ৫০.৩৩% নারী উত্তরদাতার মধ্যে ২০% নারী পরিবারের মাদকাসক্তের তথ্য সংগ্রহ করা হয়েছে যার পরিবারের কেউ না কেউ মাদকাসক্ত। বাকী ৩টি গ্রামের নারী এবং পুরুষ উত্তরদাতার নিকট থেকে মাদকাসক্ত নারীর পরিবার চিহ্নিত করা হয়নি। মাদকাসক্তরা নারী উত্তরদাতার হয় সন্তান, না হয় স্বামী/ভাই/বাবা। কোন নারী মাদকসক্ত পাওয়া যায়নি। মাদকাসক্তের মতো ২০% নারী পরিবারের কিশোর অপরাধীর ও তথ্য সংগ্রহ করা হয়েছে।

৯৪.০৪% নারী উত্তরদাতা মাদকাসক্তির প্রভাব সম্পর্কে বলেন– ধামরাই উপজেলা গ্রামীণ এলাকার মাদকাসক্ত পরিবারের ভুক্তভোগী নারীকে মাদকাসক্তি তার অস্তিত্ব বিপন্ন করছে, স্বাভাবিক জীবনযাত্রা ও শৃংখলা মারাত্মকভাবে ব্যাহত করছে এবং মাদকের খরচ যোগাতে অর্থনৈতিক প্রতিকূল অবস্থা হচ্ছে। পরিবার এইডস্ এর ঝুঁকির মধ্যে, মাদকাসক্ত নানা অপরাধে যুক্ত। পরিবারের অন্যান্য উঠতি যুবকরা ঝুঁকিতে আছে। শারীরিক, মানসিক ও সামাজিকভাবে পঙ্গুত্ব সৃষ্টি হচ্ছে। কিশোর অপরাধের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য বলে তারা জানিয়েছেন।

৬০.২৬% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলায় বিভিন্ন ধরনের চুরি-ডাকাতির কারণে গ্রামীণ নারীর মানসিক, শারীরিক ও আর্থিক অবস্থার উপর ব্যাপক চাপ সৃষ্টি করে। চুরি যাওয়া জিনিসের ঘাটতি সংস্থানে আর্থিক বিপর্যয়ে পড়তে হয়। চিন্তা ও আশংকা বাড়ে, নিরাপত্তাহীনতায় ভোগেন।

৬০.২৬% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণের ফলে সৃষ্ট ইভ-টিজিং, ধর্ষণ, পতিতাবৃত্তি ও অসামাজিক কার্যকলাপ দ্বারা পরিবার ও সমাজে বিশৃংখলা তৈরি হচ্ছে, সামাজিক নিন্দা ও অপবাদ সহ্য করতে হয়। নারীকে আরও অবহেলা ও নিগ্রহের শিকার হতে হয়।

উপরের ফলাফল বিশ্লেষণে দেখা যায়, ধামরাই উপজেলায় গ্রামীণ এলাকার অপরাধ ও সন্ত্রাসগুলো নগরায়ণসৃষ্ট এবং গ্রামীণ নারীর সামাজিক জীবনে এ সবের মারাত্মক প্রভাব সৃষ্টি হয়েছে।

## ৪.৬ পরিবেশ দুষণ, দূষণের উপাদান ও কারণ

পরিবেশের সবচেয়ে সক্রিয় উপাদান মানুষ। আর প্রযুক্তিবিদ্যা হল তার সক্রিয়তার পরিবাহী। কিন্তু প্রযুক্তিবিদ্যাগত উৎকর্ষ বৃদ্ধির সাথে সাথে ক্রমবর্ধমান জনসংখ্যার উন্নত জীবন-যাপন হাসিল করতে প্রাকৃতিক সম্পদের উপর যেমন অতিরিক্ত চাপ সৃষ্টি হয়েছে, তেমনি তার ফলশ্রুতিতে মানুষের জন্য অপরিহার্য প্রাকৃতিক পরিবেশের উপরও নানারূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। যাবতীয় পরিবেশ নিধন এবং পরিবেশ দূষণ থেকে তৈরি হয়েছে পরিবেশগত সংকট।
বাংলাদেশের দিকে তাকালে দেখা যাবে এখানে রয়েছে অপরিকল্পিত নগরায়ন এবং তার উপজাত পরিবেশ দূষণ। ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে পরিবেশ দূষণ হচ্ছে কিনা জানতে চাইলে উত্তরদাতাদের যে অভিমত পাওয়া যায়, তা সারণী ৪.৬-এ দেয়া হল।

সারণী ৪.৬
পরিবেশ দূষণ বিষয়ে অভিমত

| প্রস্তাবনা | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর | মোট |
|---|---|---|---|---|---|
| উত্তরদাতার সংখ্যা | ৩০২ | ০ | ০ | ০ | ৩০২ |
| উত্তরদাতার শতকরা হার (%) | ১০০% | % | ০% | ০% | ১০০% |

সারণীতে দেখা যাচ্ছে নগরায়ণের ফলে সংশ্লিষ্ট এলাকায় পরিবেশ দূষণের ভয়াবহ চিত্র। ৩০২ জন উত্তরদাতার সকলেই অর্থাৎ ১০০% উত্তরদাতাই নগরায়ণের ফলে পরিবেশ দূষণের কথা বলেছেন।

গবেষণাধীন এলাকায় উত্তরদাতাগণের উপর জরিপ চালিয়ে পরিবেশের বিভিন্ন উপাদানের দূষণের মাত্রা ও কারণ বের করা হয়েছে। ফলাফল সারণী ৪.৭-এ দেয়া হল।

সারণী ৪.৭
পরিবেশ দূষণের উপাদান ও কারণসমূহ

| ক্রমিক নম্বর | পরিবেশ দূষণের উপাদান ও কারণ | উত্তরদাতার সংখ্যা | উত্তরদাতার শতকরা হার (%) |
|---|---|---|---|
| ০১ | শিল্প ও কলকারখানার ধোঁয়ায় বায়ু দূষিত হচ্ছে। | ৩০২ | ১০০% |
| ০২ | শিল্প ও কলকারখানার বর্জ্য, গৃহস্থালির ময়লা-আবর্জনা এবং পয়-নিষ্কাশন ব্যবস্থাপনা থাকায় পয়োবর্জে পানি ও মাটি দূষিত হচ্ছে। | ৩০২ | ১০০% |
| ০৩ | কারখানার শব্দে শব্দ দূষণ হচ্ছে। | ১৮২ | ৬০.২৬% |

উপরের সারণী থেকে দেখা যায়– ধামরাই উপজেলার গ্রামীণ এলাকার ১০০% উত্তরদাতাই পরিবেশের উপাদান বায়ু, মাটি ও পানি দূষণের কারণ হিসেবে কলকারখানার ধোঁয়া, শিল্পবর্জ্য এবং এসব শিল্পে কারখানার কর্মে নিয়োজিত মানুষের পয়োবর্জ্যকে দায়ী করেছেন। শব্দও দূষিত হচ্ছে কলকারখানার শব্দে, ৬০.২৬% উত্তরদাতা এটাই মনে করেন। সারণীর ফলাফল বিশ্লেষণে দেখা যায়, পরিবেশ দূষণের প্রধান ও একমাত্র কারণ হিসেবে শিল্পকারখানাকে দায়ী করা হয়েছে। গবেষণাধীন এলাকায় নগরায়ণের প্রধান কারণও শিল্পায়ন। তথ্য বিশ্লেষণে দেখা যায়, এখানে পরিবেশ দূষণের জন্য নগরায়ণই দায়ী।

### ৪.৬.১ গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ সৃষ্ট পরিবেশ দূষণের প্রভাব

পরিবেশের সাথে নারীর সম্পর্ক গভীর। প্রজননমূলক কাজ ও গৃহস্থালির অন্যান্য কাজের জন্য গ্রামীণ নারীকে সবসময় প্রকৃতির খুব কাছাকাছি থাকতে হয়। পরিবেশের

যেকোন পরিবর্তন বা বিপর্যয় পুরুষের চেয়ে নারীকেই বেশি প্রভাবিত করে। কাজেই পরিবেশের উপর নিপীড়ন ও নারীর উপর নিপীড়ন প্রায় একই কথা। নারী পরিবেশের রক্ষক ও ব্যবস্থাপক। পরিবেশ দূষণের ফলে গ্রামীণ নারী কীভাবে শোষিত-বঞ্চিত-নির্যাতিত হয় গবেষণার এই অংশে তাই ব্যাখ্যা করা হয়েছে।
ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণসৃষ্ট পরিবেশ দূষণের প্রভাব নিয়ে অনুসন্ধান চালানো হয়। উত্তরদাতাগণ ধামরাই উপজেলায় নগরায়ণসৃষ্ট পরিবেশ দূষণের প্রভাব বিষয়ে যেসব মতামত ব্যক্ত করেছেন, তা বিশ্লেষণ করা হলো।

১০০% উত্তরদাতা বলেন, গবেষণাধীন ধামরাই উপজেলার ৬টি গ্রামের মধ্যে ৫টির কোন কোনটির পাশ দিয়ে, আবার কোন কোনটির ভিতর দিয়ে বহমান গাজিখালী নদী কলকারখানার  বর্জ্যে সয়লাব, প্রচন্ড দুর্গন্ধ, পানি নেই, মাছ নেই, দুর্গন্ধে বমি হয়, বমি বমি ভাব হয়। শিল্পায়নের পূর্বে এই নদীর পানি দিয়ে নারীরা গোসলসহ গৃহস্থালীর সমস্ত কাজ করতেন।

১০০% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলার কৃষ্ণপুরা গ্রামে অবস্থিত নওয়াপাড়া প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ এর কোন পয়নিষ্কাশন  ব্যবস্থা না থাকায় কোম্পানীর পরিকল্পনা মাফিক নির্ধারিত বিরতি অনুযায়ী পয়নিষ্কাশনের ঢাকনা খুলে দিলে সমস্ত পয়বর্জ্য পাবলিকের রাস্তায় পড়ে, রাস্তা থেকে ভূমিতে পড়ে। এসব বর্জ্য জনগণকে পা দিয়ে মাড়াতে হয়। এতে চর্মরোগ হয়, এলাকায় ডায়রিয়া, কলেরা দেখা দেয়। ফসলের জমি নষ্ট হয়ে আবাদসহ অন্যান্য কাজে ব্যাঘাত ঘটছে। এসব নেতিবাচক বিষয় নারীকেই বেশী ভোগ করতে হয়। নারীর জনস্বাস্থ্যের জন্য এসব নোংরা পরিবেশ মারাত্মক হুমকিস্বরূপ। নারীর উপরই এর প্রভাব বেশি।

১০০% উত্তরদাতাই তথ্য দিয়েছেন– সম্পুর্ণ আবাসিক এলাকায় বসতবাড়ির সংগে স্থাপিত নওয়াপাড়া প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ এর উচ্চমাত্রার জেনারেটর এর শব্দে নারীর জীবন অতিষ্ঠ। এতে শ্বাসকষ্ট হয়, বমি বমি ভাব হয় এবং অসহ্য যন্ত্রনা ভোগ করতে হয়। প্রচণ্ড শব্দে ঘরবাড়ি কাঁপে। বসতবাড়িতে নারীকে বেশী থাকতে হয়, সব কাজ করতে হয়। ঘরের কোন সমস্যা মানে নারীর সমস্যা। তাই এসব নেতিবাচক প্রভাব নারীর উপরই পড়ে।

১০০% উত্তরদাতাই মন্তব্য করেছেন– ধামরাই উপজেলায় শিল্পায়নের ফলে কৃষিজমি প্রায় শেষ হয়ে যাওয়ায় এমনিতেই ফসল উৎপাদন হয় না বললেই চলে। অবশিষ্টে সামান্য কৃষি জমিতে ছিটেফোটা উৎপাদনের চেষ্টা করলেও বায়ু, পানি, মাটি দূষণের কারণে ফলন ভাল হয় না, হলেও খুবই কম হয়। অকালে গাছ থেকে ফুল-ফল ঝরে পড়ে। বসত-বাড়ীর আঙ্গিনায় লাগানো বিভিন্ন ফল-মূল গাছের ক্ষেত্রেও একই কথা

প্রযোজ্য। এতে নারীই সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়। কারণ, নারী প্রকৃতি থেকে ফল-মূল, শাক-সবজি, ঔষধী গাজ-গাছড়া, মসলা, জ্বালানী, পানি, গবাদি পশুর খাদ্য ইত্যাদি সংগ্রহ করে। এসবের জন্য নগরায়ণ দায়ী।


১০০% উত্তরদাতাই তথ্য দিয়েছেন– ধামরাই উপজেলায় নগরায়ণসৃষ্ট পরিবেশ দূষণের কারণে নারীর বিন্দু বিন্দু শ্রমে নির্মিত ও সংগৃহীত ঘরবাড়ির টিনসহ অন্যান্য উপকরণ, ঘরে রক্ষিত আলমারী ও সুকেসে রাখা মূল্যবান কাপড়চোপড় ও সৌখিন দ্রব্য, আসবাবপত্র, নারীর পরিহিত মূল্যবান অলংকার খুব দ্রুত নষ্ট হয় বলে তথ্যদাতাগণ জানিয়েছেন।

## ৪.৭ বাল্য বিবাহ

বাল্য বিবাহ বাংলাদেশের একটি সামাজিক সমস্যা। বাল্য বিবাহ প্রতিরোধে সরকারি-বেসরকারি বিভিন্ন উদ্যোগে অনেক ক্ষেত্রে বাল্য বিবাহের মাত্রা কম থাকলেও গ্রাম এলাকায় অর্থনৈতিক দৈন্য, অশিক্ষা, কুসংস্কার ও অসচেতনতার কারণে বাল্য বিবাহ বন্ধ হচ্ছে না।

নগরায়ণের ফলে বাল্য বিবাহের মাত্রা হ্রাস পায় এবং ক্ষেত্র বিশেষে শিক্ষিত ও অবস্থাসম্পন্ন পরিবারে বাল্য বিবাহ বন্ধ হয়ে যায়। ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় বাল্য বিবাহের অবস্থা জানতে চাইলে উত্তরদাতাগণ যে অভিমত ব্যক্ত করেন, তা চিত্র ৪.৪-এ দেয়া হল।

চিত্র ৪.৪
বাল্য বিবাহ সম্পর্কে অভিমত




৪.৪ নং চিত্রের ফলাফলে দেখা যায়, গবেষণাধীন এলাকায় বাল্য বিবাহের ঘটনা খুব বেশী মাত্রায় ঘটছে বলে মন্তব্য করেছেন ৮৫% উত্তরদাতা, ১২% উত্তরদাতা না বলছেন এবং ৩% উত্তরদাতা কোন জবাব প্রদান করেননি। ফলাফল বলছে, ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর জীবনের বিভিন্ন ক্ষেত্রে নগরায়ণের ইতিবাচক-নেতিবাচক প্রভাব দৃষ্ট হলেও বাল্যবিবাহের ক্ষেত্রে নগরায়ণের ইতিবাচক প্রভাব পড়ার কথা থাকলেও বাস্তবে তা ঘটেনি।

নিম্নে রেখাচিত্রের মাধ্যমে তিনটি গ্রামের বাল্য বিবাহের প্রবণতা দেখানো হলো:

চিত্র ৪.৫

তিনটি গ্রামে বাল্য বিবাহের প্রবণতা




উপরের চিত্রে দেখা যায়– বাল্য বিবাহের প্রবণতা কৃষ্ণপুরা গ্রামে ৯৬%, বারবাড়িয়া গ্রামে ৯৫% এবং ললিত নগর গ্রামে ৯৬%। ফলাফল বিশ্লেষণে দেখা যায়– ধামরাই উপজেলায় বাল্য বিবাহ প্রবণতার সামগ্রিক মাত্রা ৮৫% (চিত্র ৪.৪) অপেক্ষা এককভাবে তিনটি গ্রামের চিত্র আরও বেশি ভয়াবহ। পুরো ধামরাই উপজেলার মধ্যে সংশ্লিষ্ট ৩টি গ্রামে নগরায়ণের মাত্রা বেশী হলেও বাল্য বিবাহ প্রতিরোধে উক্ত গ্রামগুলোতে নগরায়ণ কোন ভূমিকা রাখতে পারছে না বলে ধরে নেয়া যায়।


বিশেষ করে নিরক্ষর ও স্বল্প শিক্ষিত পরিবারের মধ্যে বাংলাদেশে বাল্য বিবাহ এখনো একটি সাধারণ ঘটনা। নারী শিক্ষার প্রসারের ফলে নারীদের মধ্যে সচেতনতা বেড়েছে তাদের অধিকারের বিষয়ে। কিন্তু অধিকাংশ অংশগ্রহণকারীদের মত থেকে জানা যায়– ধামরাই উপজেলায় অনেক বাল্য বিবাহের ঘটনা ঘটছে। দারিদ্র্য ও পারিবারিক চাপে কিশোরীদের বিবাহ হচ্ছে।

## ৪.৮ গ্রাম্য সালিশ ও ন্যায়বিচার

বাংলাদেশের গ্রামীণ সমাজে বিভিন্ন রকম অপরাধমূলক কার্য সংঘটিত হলে সমাধানের প্রক্রিয়া হিসেবে সালিশ-বৈঠক বসে। সেখানে কখনও ন্যায়বিচার হয়, কখনও হয় না। আবার কখনও মীমাংসা না করেই উভয়পক্ষ সালিশ-বৈঠক ত্যাগ করেন।

ধামরাই উপজেলার গ্রামীণ সমাজে গ্রাম্য সালিশে ন্যায়বিচার হয় কিনা জানতে চাইলে উত্তরদাতাগণ নিম্নোক্ত মতামত প্রদান করেন (চিত্র ৪.৬)।

চিত্র ৪.৬
গবেষণাধীন এলাকায় গ্রাম্য সালিশে ন্যায়বিচার বিষয়ে মতামত




উপরোক্ত ফলাফল থেকে দেখা যাচ্ছে– ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় গ্রাম্য সালিশে ন্যায়বিচার হয় বলে মত দিয়েছেন মাত্র ৩% উত্তরদাতা, ন্যায়বিচার হয় না বলেছেন ৯৭% উত্তরদাতা। ফলাফল বিশ্লেষণ করে দেখা যায়, ৯৭% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলায় গ্রাম্য সালিশে ন্যায়বিচার না হওয়ার কারণ হচ্ছে- বিচারহীনতার সংস্কৃতি, দ্বিতীয়ত নগরায়ণ-এর প্রভাব।

৯৭% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে জনসংখ্যা বৃদ্ধি হওয়ায় মূল অপরাধীকে চিহ্নিতকরণে সমস্যা এবং বিভিন্ন শ্রেণী, পেশা, মর্যাদা, মূল্যবোধের মানুষের সন্নিবেশ ঘটায় ন্যায়বিচার ব্যাহত হয়। নগরায়ণের ফলে গ্রাম্য সালিশকারীগণ এখন আর আগের মতো বিচার কাজে সময় দিতে চান না এবং বিচার প্রার্থীরাও থানামুখী হন।


ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে সৃষ্ট গ্রাম্য সালিশে ন্যায়বিচারহীনতার কারণে গ্রামীণ নারীর জীবন হয়ে পড়ে আরও অরক্ষিত, আরও অনিরাপদ এবং পুলিশ কর্তৃক হয়রানির মাত্রা আরও বাড়ে। নারী আরও বেশী নির্যাতনের শিকার হন। এটিই ধামরাই উপজেলার সাধারণ সংস্কৃতি।

## ৪.৯ ইভ টিজিং

ইভ-টিজিং এক ধরনের যৌন অপরাধ। কি শহর, কি গ্রাম বাংলাদেশের সর্বত্র এটি একটি সাধারণ সমস্যা। সামাজিক সমস্যাও বটে। কোন নির্দিষ্ট এলাকায় বিভিন্ন শ্রেণি পেশা সংস্কৃতির অভিবাসী জনসংখ্যা বাড়লে সেখানে ইভ টিজিং এর প্রবণতা বাড়ে।

ধামরাই উপজেলায় দ্রুতহারে নগরায়ণ ঘটছে। ফলে অভিবাসী জনসংখ্যাও বাড়ছে। ধামরাই উপজেলায় ইভ-টিজিং মাত্রা জানতে চাইলে উত্তরদাতাগণ যে মতামত প্রদান করে তা চিত্র ৪.৭-এ প্রদত্ত হল।

চিত্র ৪.৭
গবেষণাধীন এলাকায় ইভ-টিজিং-এর প্রবণতা সম্পর্কে মতামত





চিত্রে দেখা যায়, ইভ-টিজিংয়ের মাত্রা বেড়েছে বলে ৮৮% উত্তরদাতা মন্তব্য করেছেন, ৮% এর মতে, নগরায়ণের ফলে ইভ-টিজিং বাড়েনি এবং কোন উত্তর প্রদান করেননি ৪%। ফলাফল বিশ্লেষণে বলা যায়– দুই-তৃতীয়াংশের অধিক উত্তরদাতার মতে ধামরাই

উপজেলায় নগরায়ণের ফলে গ্রামীণ নারীরা অধিকমাত্রায় ইভ-টিজিং-এর শিকার হচ্ছেন। ইভ-টিজিং-এর পিছনে অন্যান্য কারণও দায়ী।

শহর কিংবা গ্রাম সবখানেই ইভ-টিজিং একটি বড় সামাজিক সমস্যা হিসেবে চিহ্নিত। একটি বড় নারী নির্যাতন। ইভ-টিজিং এর বিরুদ্ধে প্রতিবাদ বা বিচার প্রত্যাশী হওয়ার বিষয়ে জানতে চাইলে উত্তরদাতাগণ নিম্নোক্ত মতামত ব্যক্ত করেন:

চিত্র ৪.৮

গবেষণাধীন এলাকায় ইভ-টিজিং এর বিরুদ্ধে প্রতিবাদ ও বিচার বিষয়ে মতামত




উপরোক্ত ফলাফলে দেখা যায় যে, ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় ইভ-টিজিং এর বিরুদ্ধে প্রতিবাদ করেছেন এবং বিচার চেয়েছেন ৫%, প্রতিবাদ করেননি এবং বিচার চাননি ৮৯%, কোন মন্তব্য করেননি ৬% উত্তরদাতা। উল্লেখ্য, এক্ষেত্রে শুধু নারী উত্তরদাতার মতামত নেয়া হয়েছে। ফলাফল বিশ্লেষণে দেখা যায়– ইভ-টিজিং এর শিকার দুই-তৃতীয়াংশের অধিক নারী উত্তরদাতাই ইভ-টিজিং এর বিরুদ্ধে প্রতিবাদ করেন না বা বিচার প্রত্যাশী হন না। খুব নগন্য সংখ্যক মাত্র শতকরা পাঁচ ভাগ নারী প্রতিবাদ করেছেন বা বিচার প্রত্যাশী হয়েছেন।

৮৯% উত্তরদাতা বলেন, ইভ-টিজিং-এর শিকার ধামরাই উপজেলার গ্রামীণ নারীরা ইভ-টিজিং এর বিরুদ্ধে প্রতিবাদ বা বিচার প্রত্যাশী না হওয়ার কারণ প্রসঙ্গে বলেন, ইভ-টিজিংকারী বখাটেরা অবৈধ পথে বিপুল অর্থ-সম্পদের মালিক হওয়ায় থানা-পুলিশ-গ্রাম্য মাতব্বর সবকিছু কিনে ফেলে। অযোগ্য, মেধাহীন, খারাপ লোকেরা সমাজের নেতৃত্বে। এত লোকের মাঝে বখাটে চিহ্নিতও হয় না। চিহ্নিত হলেও অপরাধ প্রমাণিত হয় না, উল্টো ভুক্তভোগীকে নিন্দা-অপবাদ দেয়া হয়।


উত্তরদাতাদের মত বিশ্লেষণ করে বলা যায়, ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর জীবনে ইভ-টিজিং সংক্রান্ত যাবতীয় বিষয়ের পিছনে নগরায়ণ অধিকাংশ ক্ষেত্রে দায়ী।

## ৪.১০ নারীশিক্ষার অগ্রগতি

বাংলাদেশে নানা কারণে গ্রাম এলাকায় নারী শিক্ষার হার কম। গ্রামে শিক্ষার নানাবিধ সমস্যা বিদ্যমান; তবে নারী সমাজের শিক্ষার সমস্যা আরও অধিক ও প্রকট। নারী শিক্ষার প্রতি গ্রামীণ সমাজের মনোভাব নেতিবাচক। গ্রাম এলাকায় নারীশিক্ষা সাম্প্রতিক সময়ের ব্যাপার। পূর্বে নারী সমাজের শিক্ষার জন্য প্রয়োজনীয় শিক্ষা প্রতিষ্ঠান ও অবকাঠামো ছিল না। নারীমুক্তি, নারী জাগরণ, নারীর অধিকার-স্বাধীনতা এসব ধারণা ও অনুশীলন প্রায়ই অজ্ঞাত ও অনুপস্থিত ছিল। ধর্মীয় ও সামাজিক বিধিবিধান ও মূল্যবোধ ছিল নারীশিক্ষার প্রতিকূলে। বর্তমানে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, দ্বাদশ শ্রেণী পর্যন্ত অবৈতনিক নারী শিক্ষা, উপবৃত্তি প্রকল্প, সরকারি-বেসরকারি উদ্যোগ ও নগরায়ণের প্রভাবসহ বিভিন্ন কারণে নারী শিক্ষার অগ্রগতি হচ্ছে।

শিক্ষা নগরায়ণ প্রক্রিয়ার একটি বিষয়। প্রতিটি সমাজেই নগর এলাকায় অধিক মাত্রায় শিক্ষার হার বিদ্যমান। গুণগত মানের শিক্ষা শহর এলাকাতেই। ধামরাই উপজেলায় নগরায়ণের বিভিন্ন নির্দেশক বিদ্যমান থাকায় ঐ এলাকার গ্রামীণ নারীর শিক্ষার অগ্রগতি জানতে চাইলে উত্তরদাতাগণ নিম্নোক্ত মতামত প্রদান করেন–

চিত্র ৪.৯
নারী শিক্ষার অগগ্রগতি সম্পর্কে মতামত



উপরের চিত্রে দেখা যাচ্ছে– ৪৬.৩৬% উত্তরদাতা নগরায়ণের ফলে নারী শিক্ষার অগ্রগতি হচ্ছে বলে মত দিয়েছেন। অগ্রগতি হচ্ছে না বলেছেন ৪৯.০০% উত্তরদাতা, জানিনা বলেছেন ৩.৩১% এবং কোন উত্তর দেননি ১.৩২% উত্তরদাতা।

উপরের নারীশিক্ষার অগ্রগতি সারণীর ফলাফল বিশ্লেষণ করলে দেখা যায়, ধামরাই উপজেলার গ্রামীণ নারীর সামাজিক জীবনের অনেক ক্ষেত্রে নগরায়ণের ইতিবাচক প্রভাব উল্লেখযোগ্যহারে দৃশ্যমান হলেও নারীশিক্ষার অগ্রগতিতে নগরায়ণের প্রভাব খুবই ধীর গতিতে। নারীশিক্ষার অগ্রগতির পক্ষে মত প্রদানকারীর চেয়ে বিপক্ষে মত প্রদানকারীর সংখ্যা বেশী। সংশ্লিষ্ট এলাকায় শিল্পায়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় আর্থিক ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন হয়েছে। কিন্তু অসচেতনতা ও কুসংস্কারের কারণে নারীশিক্ষার ক্ষেত্রে আশাব্যঞ্জক অগ্রগতি হয়নি। তবে যতটা হয়েছে (৪৬.৩৬%), আগের যেকোন সময়ের তুলনায় দ্বিগুণেরও বেশী বলে মন্তব্য করেছেন অধিকাংশ উত্তরদাতা।

উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে বলা যায়– ধামরাই উপজেলা গ্রামীণ নারীর শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে নগরায়ণ ইতিবাচক প্রভাব রাখছে। ৪৬.৩৬% উত্তরদাতার হ্যাঁ সূচক মতামতই নারীশিক্ষার অগ্রগতিকে নির্দেশ করছে।

# পঞ্চম অধ্যায়
# (Fifth Chapter)

## ধামরাই উপজেলার গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব
## (Impact of Urbanization on Economic Life of Rural Women in Dhamrai Upazila)

নগরায়ণ গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে বিভিন্ন ধরনের প্রভাব ফেলে। কৃষি পেশার পরিবর্তে অকৃষি পেশার রূপান্তর ঘটায়। অর্থনৈতিক কার্যক্রম, কাঠামো ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে আমূল পরিবর্তন ঘটায়। ঐতিহাসিকভাবে, নগরায়ণকে উন্নত বিশ্বে অর্থনৈতিক উন্নয়নের ইতিবাচক ধারা হিসেবে দেখা হয়। অর্থনৈতিক উন্নয়নের প্রধান কারণ হচ্ছে নগরায়ণ। জনসংখ্যা ও কলকারখানার ভূ–খণ্ডগত কেন্দ্রিভূতকরণ, কম উৎপাদন খরচ এবং অধিক উৎপাদনের জন্ম দেয় নগরায়ণ।

গ্রামীণ প্রবৃদ্ধি ও দারিদ্রের উপর নগরায়ণের প্রভাব আছে। আর গ্রামে বসবাসকারী নারীগণ সেসব প্রবৃদ্ধি ও দারিদ্র্যের ভাগীদার। নগরায়ণ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির সম্পর্ক ইতিবাচক। দারিদ্র্য নিরসনের পূর্বশর্ত হচ্ছে অর্থনৈতিক প্রবৃদ্ধি। নগর উন্নয়ন গ্রামীণ উন্নয়নকে ত্বরান্বিত করে। নগরায়ণ অর্থনৈতিক প্রবৃদ্ধি গ্রামীণ এলাকার উৎপাদিত পণ্য ও দ্রব্যাদির উপর চাহিদা বাড়ায়; বিশেষ করে কৃষি ও শ্রম দ্রব্যাদির ক্ষেত্রে।

যেখানে কলকারখানার বৃদ্ধি ঘটে, সেখানে নগরায়ণ গ্রামীণ নারীর মজুরী বৃদ্ধি করে। গ্রামীণ নারীর শ্রমবাজার ও উৎপাদন ক্ষেত্র এবং আয়-রোজগারের ক্ষেত্রে পরিবর্তন এনেছে নগরায়ণ। শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণের মাত্রা বেড়েছে। নগরায়ণের ফলে নারীর Unpaid Domestic Job বর্তমানে Paid Job-এ পরিণত হয়েছে।

তবে, নগরায়ণ সবসময় গ্রামীণ নারীর অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দারিদ্র্য দূরীকরণে কাজ করে না (Fay and Opal, 2000)। অর্থনৈতিক তত্ত্ব ও অভিজ্ঞতামূলক গবেষণা উভয়ই সাক্ষ্য দেয় যে, নগরায়ণ ও অর্থনৈতিক উন্নয়নের মধ্যে এমন বিপরীত ‘U’-shape সম্পর্ক– যাতে নগরায়ণের ফলে অর্থনৈতিক উন্নয়ন প্রথমে বাড়ে, তারপর কমে। এভাবে উন্নয়নের দ্বিতীয় পর্যায়ে – নগরায়ণ অর্থনৈতিক প্রবৃদ্ধির সংগে নেতিবাচকভাবে সম্পর্কযুক্ত হয়। নগরায়ণ গ্রামীণ নারীর ভূমিহীন অবস্থা তৈরি করে।

রাজধানী ঢাকার একটি উপজেলা ধামরাই। ধামরাই উপজেলায় শিল্পকারখানা বৃদ্ধি পাওয়ায় সেখানে নারীগণ উচ্চমূল্যে জমি বিক্রি করছেন, কর্মসংস্থানের সুযোগ পাচ্ছেন এবং আরও বিভিন্ন উপায়ে জীবনযাত্রার মান উন্নয়ন করতে পারছেন। এভাবে নগরায়ণ গ্রামীণ নারীদের অর্থনৈতিক জীবনে প্রভাব

ফেলছে। আলোচ্য অধ্যায়ে ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর অর্থনৈতিক ক্ষেত্রে কী কী পরিবর্তন এসেছে তাই তথ্য-উপাত্ত দিয়ে ব্যাখ্যা-বিশ্লেষণ করা হয়েছে।

আলোচ্য অধ্যায়ে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণের প্রভাব বের করার জন্য নগরায়ণের কতকগুলো 'অর্থনৈতিক নির্দেশক' চিহ্নিত করা হয়েছে। যেমন– ধামরাই উপজেলা গ্রাম এলাকার প্রকৃতি, দ্রুত শিল্পায়নের প্রসার, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, ব্যবসা-বাণিজ্যের প্রসার, কৃষি জমি, অর্থনৈতিক বৈষম্য ও অর্থনৈতিক উন্নয়ন। এসব নির্দেশকের বিদ্যমান অবস্থাই ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণের প্রভাবকে নির্দেশ করে।

## ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব


নগরায়ণ গ্রামীণ নারীদের অর্থনৈতিক জীবনে প্রভাব ফেলেছে। ধামরাই উপজেলায় নগরায়ণ গ্রামীণ নারীদের অর্থনৈতিক জীবনে কী কী পরিবর্তন এনেছে, তা নিচে আলোচনা করা হল।

### ৫.১ ধামরাই উপজেলা গ্রাম এলাকার প্রকৃতি

বাংলাদেশের সভ্যতা ও সংস্কৃতি গ্রামীণ। প্রাচীনকাল থেকে গ্রামকে কেন্দ্র করেই মানুষের দৈনন্দিন জীবন, কর্ম, চিন্তা-ভাবনা প্রবর্তিত ও নিয়ন্ত্রিত হয়েছে। সভ্যতার ক্রমবিকাশে বিবেক ও বুদ্ধিকে কাজে লাগিয়ে মানুষ যাযাবর জীবনের অবসান ঘটিয়ে কৃষি আবিষ্কার করে স্থায়ীভাবে বসবাস শুরু করলে গ্রাম সমাজের উৎপত্তি ঘটে। বাংলাদেশে রাষ্ট্রীয়, প্রশাসনিক ও সামাজিক নিম্নতম একক হচ্ছে গ্রাম। বিভিন্ন আর্থ-সামাজিক কারণে বাংলাদেশের গ্রামীণ সমাজের সার্বিক কাঠামো অর্থনীতি, রাজনীতি, সংস্কৃতি, আচার-আচরণ, দৃষ্টিভঙ্গি ইত্যাদি অনুষ্ঠান গ্রামীণ সমাজে ব্যাপক পরিবর্তন এনেছে। গ্রামীণ এলাকা শহর এলাকায় পরিণত হচ্ছে।

নগরায়ণের প্রভাবে ধামরাই উপজেলার 'গ্রাম এলাকা' শহর/নগরে পরিণত হচ্ছে কিনা অর্থাৎ গবেষণাধীন গ্রাম এলাকার প্রকৃতি কেমন, তা জানার জন্য উত্তরদাতাদের প্রশ্ন করা হয়েছিল। উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত ব্যক্ত করেন।

চিত্র ৫.১
গবেষণাধীন গ্রাম এলাকার প্রকৃতি




উপরের চিত্রে দেখা যায় যে, ৮৬.৭৫% উত্তরদাতা গবেষণাধীন ধামরাই উপজেলা গ্রাম এলাকা শহরে/নগরে পরিণত হচ্ছে বলে মতামত ব্যক্ত করেছেন। না বলেছেন ৭.২৮%, জানেন না ৩.৯৭% এবং অবগত নন ১.৯৯%।

৮৬.৭৫% উত্তরদাতার মতামত বিশ্লেষণ করে দেখা যায়– ধামরাই উপজেলার গ্রাম এলাকা বিভিন্ন আর্থ-সামাজিক কারণে শহুরে অবস্থার দিকে আগাচ্ছে। এখানে শহরের অনেক সুযোগ-সুবিধা বিদ্যমান বলে তারা জানান। তারা গবেষণাধীন গ্রাম এলাকায় নগরায়ণের প্রভাব আছে বলে মনে করেন। তাদের মতে, রাজধানী ঢাকার উপজেলা ধামরাই এলাকার গ্রাম এলাকাকে ঢাকার জীবনধারা, মূল্যবোধ, আচরণ, সংস্কৃতি, অর্থনীতি, রাজনীতি সবকিছুই আকৃষ্ট করে।

তথ্য বিশ্লেষণের মাধ্যমে সিদ্ধান্ত নেয়া যায় যে, ধামরাই উপজেলায় শিল্প-কারখানা স্থাপন ও বৃদ্ধির ফলে কর্মসংস্থানের ব্যাপক সুযোগ হওয়ায় অর্থনৈতিক উন্নয়ন এবং শহরের অনেক সুযোগ-সুবিধা সৃষ্টি হওয়ায় গ্রাম এলাকা শহর এলাকায় পরিণত হচ্ছে; যাকে নগরায়ণের ফল বলা যায়।

৪.১ নং চিত্রে যে ফলাফল, তা গবেষণাধীন ৬টি গ্রাম এলাকার সার্বিক চিত্র। তবে সকল গ্রামের উত্তরদাতাগণ স্ব স্ব গ্রাম এলাকার প্রকৃতি সম্পর্কে যে মতামত দিয়েছেন তা সংখ্যাগত দিক থেকে অনেক ব্যবধান আছে। গ্রামভিত্তিক নগরায়ণ/গ্রাম শহরে পরিণত হওয়া প্রসঙ্গে উত্তরদাতাদের মতামত নিচে সারণীর মাধ্যমে দেখানো হল:

সারণী ৫.১

গ্রামভিত্তিক নগরায়ণ/গ্রাম শহরে পরিণত হওয়া প্রসঙ্গে তথ্যদাতাদের অভিমত

| ক্রমিক নম্বর | গ্রামের নাম | প্রস্তাবনাসমূহ | | | | মোট | শতকরা হার | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর | সংখ্যা | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর |
| ১ | বারবাড়িয়া | ৫৩ | ০ | ০ | ০ | ৫৩ | ১০০% | ০% | ০% | ০% |
| ২ | কৃষ্ণপুরা | ৭৭ | ০ | ০ | ০ | ৭৭ | ১০০% | ০% | ০% | ০% |
| ৩ | ললিত নগর | ৫২ | ০ | ০ | ০ | ৫২ | ১০০% | ০% | ০% | ০% |
| ৪ | বিলকেস্টি | ৩০ | ৬ | ৪ | ০ | ৪০ | ৭৫% | ১৫% | ১০% | ০% |
| ৫ | ঘোড়াকান্দা | ২০ | ১০ | ৬ | ৪ | ৪০ | ৫০% | ২৫% | ১৫% | ১০% |
| ৬ | ঈশান নগর | ৩০ | ৬ | ৩ | ১ | ৪০ | ৭৫% | ১৫% | ৭.৫% | ২.৫% |
| | | | | মোট = | | ৩০২ | | | | |

উপরের সারণীতে দেখা যাচ্ছে যে, গবেষণাধীন ধামরাই উপজেলার ৬টি গ্রামের মধ্যে বারবাড়িয়া, কৃষ্ণপুরা, ললিতনগর গ্রামের ১০০% উত্তরদাতাই তাদের গ্রাম শহরে পরিণত হচ্ছে বলে মত ব্যক্ত করেছেন। অন্যদিকে বিলকেষ্টি ও ঈশাননগর এর ৭৫% এবং ঘোড়াকান্দা গ্রামের ৫০ উত্তরদাতা গ্রাম শহরে পরিণত হওয়ার পক্ষে মত দিয়েছেন। বিলকেষ্টি গ্রাম শহরে পরিণত হচ্ছে না বলেছেন ১৫%, জানেন না ১০%। ঘোড়াকান্দা গ্রাম শহর হচ্ছে না বলেছেন ২৫%, জানেন না ১৫% এবং নিরুত্তর ১০%। ঈশাননগর গ্রামে না বলেছেন ১৫%, জানেন না ৭.৫% এবং নিরুত্তর ২.৫%।

তথ্য বিশ্লেষণে দেখা যায় ধামরাই উপজেলার কোন কোন গ্রামে ১০০% নগরায়ণ প্রক্রিয়া বিদ্যমান, কোন গ্রামে ৭৫% এবং কোন গ্রামে ৫০% শতাংশ। যেসব গ্রামে ১০০% এর নিচে আছে সেসব গ্রামও অচিরেই ১০০% নগরায়ণ প্রক্রিয়ার আওতাধীন হবে বলা যায়। যেখানে যতবেশী শিল্পায়ন হচ্ছে, সেখানে ততবেশী নগরায়ণের বৈশিষ্ট্য প্রকাশ পাচ্ছে। তাই ধামরাই উপজেলার সকল গ্রামে নগরায়ণের হার ও মাত্রা এক নয়, বরং ভিন্ন।

উত্তরদাতাদের প্রদানকৃত তথ্য ব্যাখ্যা করে বলা যায়– ধামরাই উপজেলা 'গ্রামীণ এলাকা' নগরায়ণের প্রভাবে 'শহরে পরিণত' হওয়া মানে – এখানে ব্যাপক অর্থনৈতিক উন্নয়ন সাধিত হচ্ছে; যার সুবিধাভোগী সব ধরনের মানুষ, বিশেষ করে নারীরা।


## ৫.২ দ্রুত শিল্পায়নের প্রসার

শিল্পায়ন ও নগরায়ণের সম্পর্ক খুবই ঘনিষ্ট। কখনও নগরায়ণের ফলে শিল্পায়ন ঘটে, আবার কখনও শিল্পায়নের ফলে নগরায়ণ ঘটে। ধামরাই উপজেলায় শিল্পায়নের ফলে নগরায়ণ প্রক্রিয়া গতি পেয়েছে। নতুন নতুন শিল্প-কারখানা গড়ে উঠছে। কল-কারখানা গড়ে উঠার ফলে নগরায়ণ প্রক্রিয়া আরও জোরদার হয়েছে। এলাকায় প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে, বিশেষ করে নারীদের।

ধামরাই উপজেলায় শিল্পায়নের দ্রুত প্রসার ঘটছে কিনা, সেটা জানতে উত্তরদাতাদের প্রশ্ন করা হলে নিম্নোক্ত অভিমত পাওয়া যায়।

চিত্র ৫.২

দ্রুত শিল্পায়নের প্রসার বিষয়ে উত্তরদাতার মতামত




উপরের চিত্রে থেকে দেখা যাচ্ছে যে, ৭২.৮৫% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় দ্রুত শিল্পায়নের প্রসার ঘটছে। ২৩.১৮% বলেছেন না, জানিনা বলেছেন ২.৩২% এবং কোন উত্তর প্রদান করেননি ১.৬৫% উত্তরদাতা।

৭২.৮৫% উত্তরদাতার তথ্য বিশ্লেষণে দেখা যায়, ধামরাই উপজেলায় দ্রুত শিল্পায়নের প্রসার ঘটছে। ফলে সেখানে নগরায়ণও জোরদার হচ্ছে। এক্ষেত্রে শিল্পায়ন নগরায়ণের অন্যতম প্রধান নির্দেশকের কাজ করছে।

ধামরাই উপজেলার সর্বত্র শিল্পায়নের হার একই রকম, না ভিন্ন ভিন্ন সেটিও গ্রামভিত্তিক তথ্য বিশ্লেষণের মাধ্যমে বের করা হয়েছে। সারণী ৫.২ দ্রষ্টব্য।

সারণী ৫.২

গ্রাম ভিত্তিতে দ্রুত শিল্পায়নের হার

| ক্রমিক নম্বর | গ্রামের নাম | প্রস্তাবনাসমূহ | | | | মোট সংখ্যা | শতকরা হার (%) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর | | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর |
| ১. | বারবাড়িয়া | ৫৩ | ০ | ০ | ০ | ৫৩ | ১০০% | ০% | ০% | ০% |
| ২. | কৃষ্ণপুরা | ৭৭ | ০ | ০ | ০ | ৭৭ | ১০০% | ০% | ০% | ০% |
| ৩. | ললিত নগর | ৫২ | ০ | ০ | ০ | ৫২ | ১০০% | ০% | ০% | ০% |
| ৪. | বিলকেষ্টি | ২০ | ১০ | ৬ | ৪ | ৪০ | ৫০% | ২৫% | ১৫% | ১০% |
| ৫. | ঘোড়াকান্দা | ১০ | ১৫ | ১০ | ৫ | ৪০ | ২৫% | ৩৭.৫% | ২৫% | ১২.৫% |
| ৬. | ঈশান নগর | ১০ | ১৮ | ৯ | ৩ | ৪০ | ২৫% | ৪৫% | ২২.৫% | ৭.৫% |
| | | | | | মোট = | ৩০২ | | | | |

উপরের সারণীতে দেখা যায়– ধামরাই উপজেলায় গ্রাম ভিত্তিতে বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর গ্রামে ১০০% উত্তরদাতার মতে শিল্পায়নের হার দ্রুত। বিলকেষ্টি গ্রামে ৫০%, ঘোড়াকান্দা ২৫% এবং ঈশান নগর গ্রামে প্রায় ২৩%। বিলকেষ্টি গ্রামে শিল্পায়ন দ্রুত নয় বলেছেন ২৫%, জানেন না ১৫% এবং নিরুত্তর ১০%। ঘোড়াকান্দা গ্রামে শিল্পায়ন হচ্ছে না বলেছেন ৩৭.৫%, জানেন না ২৫% এবং নিরুত্তর ১২.৫%। ঈশান নগর গ্রামে শিল্পায়ন দ্রুত নয় বলেছেন ৪৫%, নিরুত্তর ৭.৫%।

তথ্য বিশ্লেষণে দেখা যায়, ধামরাই উপজেলার গবেষণাধীন ৬টি গ্রামের মধ্যে ৩টি গ্রামে ১০০% উত্তরদাতা দ্রুত শিল্পায়ন হওয়ার পক্ষে মত দিয়েছেন। অবশিষ্ট ৩টি গ্রামে শিল্পায়নের হার ভিন্ন। ১টি গ্রামে ৫০% এবং অন্য দুটি গ্রামে এক তৃতীয়াংশ উত্তরদাতা শিল্পায়ন দ্রুত হচ্ছে বলে মত দিয়েছেন। ঘোড়াকান্দা ও ঈশান নগর গ্রামে অধিকাংশ উত্তরদাতা শিল্পায়ন হচ্ছে না বলে মত দিয়েছেন। তথ্য বিশ্লেষণের মাধ্যমে বলা যায়– ধামরাই উপজেলায় সর্বত্র শিল্পায়নের হার ও মাত্রা এক নয়। তাই নগরায়ণ প্রক্রিয়ার মাত্রা ও হারও এক নয়।

### ৫.২.১ দ্রুত শিল্পায়নের সুবিধা

ধামরাই উপজেলা গ্রামীণ অবকাঠামো নামে পরিচিত হলেও এখানকার অর্থনৈতিক উন্নয়নে শিল্পায়নের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। শিল্প ধামরাই উপজেলার মানুষের জন্য ভোগ্য ও পুঁজি দ্রব্য এবং কৃষির বিভিন্ন উপকরণ সরবরাহ করে এবং কৃষিজ দ্রব্য প্রক্রিয়াজাত করে বস্তুত আধুনিক বিশ্বের অর্থনৈতিক উন্নয়ন একান্তভাবে শিল্পনির্ভর।

ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে গ্রামীণ নারীর অর্থনৈতিক উন্নয়নে দ্রুত শিল্পায়ন কি ধরনের ভূমিকা রাখছে জানতে চাইলে উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত ব্যক্ত করেন:

ধামরাই উপজেলায় দ্রুত শিল্পায়নের পক্ষে মত প্রদানকারীদের ৮৯% উত্তরদাতার মতে, নগরায়ণসৃষ্ট শিল্পায়নের ফলে জমির মালিক নারী উচ্চ মূল্যে জমি বিক্রি করে কোটি কোটি টাকা পেয়ে অন্যত্র কমদামে অনেক জমি কিনেছেন। শহরে বাড়ি করা হয়েছে এবং বিলাসবহুল জীবন-যাপন করছেন।

মোট উত্তরদাতার ৮১% বলেন, শিল্পায়নের ফলে ধামরাই উপজেলা গ্রামীণ নারীরা বাড়ি ভাড়া দিয়ে প্রচুর আয় করছেন। নতুন নতুন বাড়ি, দোকান ও বিভিন্ন স্থাপনা নির্মাণ করে ভাড়া দিয়ে আরও বাড়তি আয় ও সঞ্চয় হচ্ছে বলে জানিয়েছেন। নারীর জীবনযাত্রার মান উন্নত হচ্ছে।

৮৫% উত্তরদাতা মনে করেন, ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় শিল্পায়নের ফলে বিনিয়োগের পরিবেশ তৈরি হয়েছে। ব্যবসা-বাণিজ্যের সুযোগ সৃষ্টি হয়েছে। প্রযুক্তির প্রসার ঘটছে। অবকাঠামো উন্নয়ন হচ্ছে। গ্রাম টু শহরে যোগাযোগ বৃদ্ধি পেয়েছে। সম্প্রদায় টু সম্প্রদায় Connectivity বেড়েছে। ফলে নারীর জীবনে অর্থনৈতিক গতিশীলতা এসেছে।

তথ্য বিশ্লেষণ থেকে বলা যায়– ধামরাই উপজেলায় দ্রুত শিল্পায়নের ফলে নারী অর্থনৈতিকভাবে শক্তিশালী হয়েছেন, নিজেকে Economic force হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। আর এসব সম্ভব হচ্ছে নগরায়ণের ফলে।


## ৫.৩ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

নগরায়ণের নির্দেশক হচ্ছে ‘কর্মসংস্থানের সুযোগ’ থাকা। ধামরাই উপজেলায় বিভিন্ন রকম শিল্প কলকারখানা স্থাপিত হওয়ায় প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। বিশেষ করে নারীদের। বাংলাদেশে শিল্পখাতের উন্নতি ও প্রসারের মাধ্যমে ক্রমবর্ধমান জনশক্তির জন্য কর্মসুযোগ সৃষ্টি করা সম্ভব। তাছাড়া কৃষিক্ষেত্রের উদ্বৃত্ত শ্রমশক্তি এবং কৃষির ছদ্ম বেকারত্ব হ্রাস পাবে।

ধামরাই উপজেলায় শিল্পায়নের ফলে নারীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে কিনা, তা জানতে উত্তরদাতাদের প্রশ্ন করা হলে তারা যে মতামত প্রদান করেন, তা নিচে চিত্র ৫.৩-এ প্রদত্ত হল।

চিত্র ৫.৩

নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রসঙ্গে মতামত




উপরের চিত্রে দেখা যাচ্ছে গবেষণাধীন এলাকায় গ্রামীণ নারীর কর্মসংস্থানের সুযোগ আছে বলে মত দিয়েছেন ৯১.৭২% উত্তরদাতা, কর্মসংস্থানের সুযোগ নেই বলেছেন ৪.৯৭%, অবগত নন ১.৯৯% এবং কিছুই বলেননি ১.৩২%। তথ্য বিশ্লেষণে জানা যায়– ধামরাই উপজেলায় শিল্পায়নের ফলে গ্রামীণ নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। নগরায়ণের ফলেই এটা সম্ভব হয়েছে।

ধামরাই উপজেলার সর্বত্রই গ্রামীণ নারীর কর্মসংস্থানের সুযোগ সমানভাবে আছে কি না, তা উত্তরদাতাদের নিকট থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করা হয়েছে। সারণী ৫.৩-এ প্রদত্ত হল।

সারণী ৫.৩

গ্রাম ভিত্তিতে কর্মসংস্থানের সুযোগ বিশ্লেষণ

| ক্রমিক নম্বর | গ্রামের নাম | প্রস্তাবনাসমূহ | | | | মোট সংখ্যা | শতকরা হার | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর | | হ্যাঁ | না | জানিনা | নিরুত্তর |
| ১ | বারবাড়িয়া | ৫৩ | ০ | ০ | ০ | ৫৩ | ১০০% | ০% | ০% | ০% |
| ২ | কৃষ্ণপুরা | ৭৭ | ০ | ০ | ০ | ৭৭ | ১০০% | ০% | ০% | ০% |
| ৩ | ললিত নগর | ৫২ | ০ | ০ | ০ | ৫২ | ১০০% | ০% | ০% | ০% |
| ৪ | বিলকেষ্টি | ৩৫ | ৩ | ২ | ০ | ৪০ | ৮৮% | ৭.৫% | ৫% | ০% |
| ৫ | ঘোড়াকান্দা | ২৫ | ১০ | ২ | ৩ | ৪০ | ৬৩% | ২৫% | ৫% | ৭.৫% |
| ৬ | ঈশান নগর | ৩৫ | ২ | ২ | ১ | ৪০ | ৮৮% | ৫% | ৫% | ২.৫% |
| | | মোট = | | | | ৩০২ | | | | |

সারণী নির্দেশ দেয় যে, ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে বারবাড়িয়া, কৃষ্ণপুরা, ললিত নগর গ্রামের ১০০% উত্তরদাতাই নারীর কর্মসংস্থানের সুযোগ আছে বলে মত দিয়েছেন, বিলকেষ্টি ও ঈশান নগর গ্রামে ৮৮% এবং ঘোড়াকান্দা গ্রামে ৬৩%। উত্তরদাতা বিলকেষ্টি গ্রামে নারীর কর্মসংস্থান বিষয়ে না বলেছেন ৭.৫%, জানেন না ৫%। ঘোড়াকান্দা গ্রামে না বলেছেন ২৫%, জানিনা বলেছেন ৫% এবং উত্তর প্রদানে বিরত আছেন ৭.৫%। ঈশান নগর গ্রামে নারীর কর্মসংস্থানের সুযোগ নেই বলেছেন ৫%, জানিনা বলেছেন ৫% এবং উত্তর প্রদান করেননি ২.৫% উত্তরদাতা। তথ্য বিশ্লেষণে বোঝা যায়– ধামরাই উপজেলার সর্বত্র নারীর কর্মসংস্থানের সমান সুযোগ নেই। যেখানে যতবেশী শিল্পায়ন হয়েছে, সেখানে ততবেশী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এ কারণে শিল্পায়িত এলাকায় নগরায়ণ প্রক্রিয়ার জোরদারও বেশী।

## ৫.৩.১ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় গ্রামীণ নারীর সুবিধা

গবেষণাধীন ধামরাই উপজেলা গ্রাম এলাকায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় উত্তরদাতার কি ধরনের সুযোগ সুবিধার সৃষ্টি হয়েছে, তা জানতে প্রশ্ন করা হয়েছিল। প্রশ্নটির উত্তরে উত্তরদাতারা তাদের নিম্নোক্ত সুযোগের বিষয়ে মতামত দেন।

৮৪% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় নারীদের নিজের ও পরিবারের সদস্যদের কর্মসংস্থান হয়েছে, তাদের বেকারত্ব দূর হয়েছে। সংসারে অভাব ও দারিদ্র্য দূর হয়েছে। সংসারে স্বচ্ছলতা এসেছে, সবাই পরিবারে সুখে-শান্তিতে বাস করছে, আয় বাড়ছে, সঞ্চয় হচ্ছে। এতে জীবনের পঙ্কিলতা ও গ্লানি দূর হয়েছে।

৫৪.৪৬% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় পেশা পরিবর্তনের সুযোগ আছে। যেখানে মজুরী বেশী, সেখানে যাওয়া যায়। এতে আয়-রোজগার বাড়ে। সঞ্চয়ের পরিমানও বাড়ে। তাছাড়া পেশা পরিবর্তনের দ্বারা কর্মের একঘেয়েমিত্ব দূর করা যায়।

৫৩.৩৭% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলার গ্রামীণ সমাজে নগরায়ণের ফলে নারীর কর্মসংস্থানের সুযোগ থাকায় যারা গৃহিনী, চাকরী করেন না, তারা ইচ্ছা করলেই প্রয়োজনে চাকরী করতে পারেন।

৯১% উত্তরদাতা নারী শিক্ষার্থীদের সুবিধা সম্পর্কে বলেন– ধামরাই উপজেলায় নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় পড়াশোনা শেষে নারীগণের কর্মসংস্থানের সুযোগ আছে। কর্মসংস্থান নিয়ে খুব বেশী চিন্তিত হওয়ার কিছু নেই। যেহেতু কাজ চাইলেই পাওয়া যায় এবং প্রয়োজন হলেই চাকরী করা যায়, তাই কর্মসংস্থানের নিরাপত্তা আছে বলে তাঁরা মনে করেন।

উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, ধামরাই উপজেলায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনের অনেক ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন এসেছে। চাকরীজীবী নারী, গৃহিনী নারী ও শিক্ষার্থী নারীসহ সকল নারীর অর্থনৈতিক জীবনব্যবস্থায় আমূল পরিবর্তন ঘটেছে, ঘটছে এবং ভবিষ্যতে আরও পরিবর্তন হবে। তাই ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে যে ইতিবাচক পরিবর্তন তা নগরায়ণেরই অবদান।


## ৫.৪ ব্যবসা-বাণিজ্যের প্রসার

ব্যবসা-বাণিজ্যের প্রসার ও উন্নয়ন কতকগুলো শর্তের উপর নির্ভরশীল। অবকাঠামো উন্নয়ন, পণ্য বাজারজাতকরণ ও বিপণনের সুযোগ-সুবিধা, জ্বালানী শক্তির সুবিধা যেখানে যতবেশী, ব্যবসা-বাণিজ্যের সুযোগ-সুবিধা সেখানে ততবেশী। ধামরাই উপজেলা রাজধানী ঢাকার উপজেলা হওয়ায় সেখানে ব্যবসা-বাণিজ্যের প্রসার ও উন্নয়ন হওয়ার কথা।

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নগরায়ণের ফলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটছে কিনা এ বিষয়ে উত্তরদাতাদের নিকট জানতে চাওয়া হয়েছিল। প্রশ্নের প্রস্তাবনা ছিল ৪টি। ফলাফল চিত্র ৫.৪ এ দেয়া হল।

চিত্র ৫.৪

ব্যবসা-বাণিজ্যের প্রসার বিষয়ে মতামত




উপরের চিত্রে দেখা যাচ্ছে যে, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণের ফলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটছে বলে মনে করেন ৭৯.৪৭%, ব্যবসা-বাণিজ্যের সুযোগ নেই মনে করেন ৯.২৭%, অবগত নন ৭.২৮% এবং উত্তর প্রদানে বিরত ৩.৯৭% উত্তরদাতা। ৭৯.৪৭% উত্তরদাতার মতামত বিশ্লেষণে দেখা যায়, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণের ফলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটছে।

## ৫.৪.১ ব্যবসা-বাণিজ্য প্রসারে সুবিধা

ধামরাই উপজেলা গ্রাম এলাকায় ব্যবসা-বাণিজ্যের প্রসার গ্রামীণ নারীর জীবনে অর্থনৈতিক ক্ষেত্রে কী কী পরিবর্তন সৃষ্টি করেছে, তা জানতে উত্তরদাতাদের দারস্থ হলে তারা নিম্নোক্ত অভিমত প্রদান করেন।

৯২% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলার গ্রাম এলাকায় ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটায় নারীগণ হাতের কাছেই সব নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি সব সময় পেয়ে থাকেন। কেনা কাটার জন্য দূরে যেতে হয় না। ঘরের কাছে কেনা-কাটা করতে পারেন। এতে সময়, অর্থ ও শ্রমের অপচয় কমছে।

উত্তরদাতাদের ৮৭% নারী ব্যবসায়ীদের সুবিধা সম্পর্কে বলেন, ধামরাই উপজেলায় ব্যবসা-বাণিজ্যের প্রসার হওয়ায় নারীদের ব্যবসা করার সুবর্ণ সুযোগ সৃষ্টি হয়েছে। চাহিদা বৃদ্ধি পাওয়ায়

পণ্যের যোগান ও চাহিদার মধ্যে ভারসাম্য প্রতিষ্ঠা করা যায়। বহুমাত্রিক ব্যবসার সুযোগ সৃষ্টি হওয়ায় ক্রেতার চাহিদা মোতাবেক পণ্যে বৈচিত্র আনয়নের দক্ষতা বাড়ছে। দূরে নয়, নিজ এলাকাতেই ব্যবসা করার সুযোগ আছে। এতে কানেকটিভিটি বাড়ছে এবং ব্যাংক লেনদেনও বাড়ছে। ব্যবসায়ীদের কর্মতৎপরতায় তাদের আয় বাড়ছে, সঞ্চয় বাড়ছে। বেকার সমস্যার সমাধান হওয়ায় নারীদের জীবনযাত্রার মান উন্নয়ন ও অর্থনৈতিক উন্নয়ন ঘটছে।

## ৫.৪.২ ব্যবসা-বাণিজ্যের প্রসারে অসুবিধা

সুবিধার পাশাপাশি ব্যবসা-বাণিজ্য প্রসারের অসুবিধার বিষয়েও প্রশ্ন করা হয়। উত্তরদাতাগণ নিম্নোক্ত অসুবিধার কথা ব্যক্ত করেছেন।

৭৭% উত্তরদাতা অভিমত ব্যক্ত করেন, ধামরাই উপজেলায় অপরিকল্পিত নগরায়ণের ফলে ব্যবসা-বাণিজ্য প্রসারে দোকানে দোকানে উচ্চশব্দে গান-বাজনা চলে। এতে ছাত্রীদের পড়ালেখা সমস্যা হয় এবং শব্দ দূষণজনিত সমস্যাগুলো হয়। এতে শারীরিক ও মানসিক সমস্যা দেখা দেয়। এমন সিডি বা সিনেমা পরিবেশন করা হয়, যা সম্পূর্ণই বিকৃত এবং নিজস্ব সমাজ-সংস্কৃতির মূল্যবোধ পরিপন্থী। বিকৃত সিডি বা সিনেমা দ্বারা সমাজ নৈতিক মূল্যবোধ হারিয়ে ফেলার হুমকিতে আছে। এতে পরিবার ও সমাজে এক ধরনের অস্থিরতা ও বিশৃংখলা বিরাজ করছে। নারীরা এসব নেতিবাচক কর্মকাণ্ডের শিকার।

৯৬% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে ব্যবসা-বাণিজ্য প্রসারে মাদকদ্রব্য যেমন- গাজা, ভাং, ইয়াবা ইত্যাদির ব্যবসা চলে কোন বাঁধা ছাড়াই। যা ভয়ংকর রূপ ধারণ করেছে। কিশোর অপরাধ বৃদ্ধি পেয়েছে। পতিতাবৃত্তির ব্যবসাও চলে। যা পরিবার ভাংগন ও সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। ফলে গ্রামীণ নারীর জীবন নানাভাবে হুমকির মধ্যে আছে।

তথ্য বিশ্লেষণে দেখা যায়– ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে ব্যবসা-বাণিজ্য প্রসারে গ্রামীণ নারীর সুবিধা-অসুবিধা দুই-ই আছে। গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনের ক্ষেত্রে ব্যবসা-বাণিজ্যের ইতিবাচক প্রভাব যেমন প্রশংসার দাবিদার, তেমিন এর নেতিবাচক প্রভাবগুলো গ্রামীণ নারীসহ সকল শ্রেণীর মানুষের জন্যই ভয়ংকর ও মারাত্মক।


## ৫.৫ কৃষি জমি

যেখানে শিল্প কারখানা গড়ে উঠে, সেখানে কৃষিজমি হ্রাস পায়। ফলে কৃষি অর্থনীতির স্থলে নগর অর্থনীতি গড়ে উঠে। গ্রামে কৃষিই গ্রামীণ জীবনের প্রধান বৈশিষ্ট্য এবং প্রধান পেশা। গ্রামের খাদ্য,বস্ত্র ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ের জন্য গামীণ নারীকে কৃষির উপরই নির্ভরশীল হতে হয়। নগরায়ণের ফলে গ্রামেও যেখানে অবকাঠামোগত সুযোগ-

সুবিধা আছে, সেখানে শিল্প-কারখানা গড়ে উঠেছে। ফলে কৃষিজমি হ্রাস পায় বা কৃষিজমি ধ্বংস হয়ে যায়।

ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে শিল্প-কারখানা গড়ে উঠার ফলে কৃষিজমি হ্রাস বা ধ্বংস হচ্ছে কিনা জানতে উত্তরদাতাদের প্রশ্ন করা হয়েছিল। উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত ব্যক্ত করেন:

চিত্র ৫.৫
গবেষণা এলাকায় কৃষি জমি হ্রাস বা ধ্বংস বিষয়ে অভিমত




উপরের চিত্র থেকে দেখা যায়– ধামরাই উপজেলায় নগরায়ণের কারণে শিল্প-কারখানা গড়ে উঠার ফলে কৃষিজমি ধ্বংস হচ্ছে বলে আশংকা প্রকাশ করেছেন ৮৫.৪৩% উত্তরদাতা। না বলেছেন ৬.৬২% এবং অবগত নয় ৭.৯৫% উত্তরদাতা। ৮৫.৪৩% উত্তরদাতার দেয়া তথ্য বিশ্লেষণে দেখা যায়– ধামরাই উপজেলায় শিল্প-কারখানা গড়ে উঠাতে কৃষিজমি হ্রাস পাচ্ছে বা ধ্বংস হচ্ছে।

## ৫.৫.১ গ্রামীন নারীর অর্থনৈতিক জীবন ব্যবস্থায় কৃষি জমি হ্রাস বা ধ্বংসের প্রভাব

গবেষণাধীন ধামরাই উপজেলা এলাকায় নগরায়ণের কারণে শিল্পকারখানা গড়ে উঠার ফলে কৃষি জমি হ্রাস বা ধ্বংস হওয়ার ফলে তা গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে কী ধরনের প্রভাব ফেলছে তা জানতে প্রশ্ন করা হয়েছিল। বর্ণনামূলক প্রশ্নের উত্তরে উত্তরদাতাগণ কৃষিজমি হ্রাস বা ধ্বংসের সুবিধা অসুবিধা দুই-ই ব্যক্ত করেছেন।

মোট উত্তরদাতার ৪৯.৫০% উত্তরদাতা মনে করেন, ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে কৃষিজমি হ্রাস বা ধ্বংস হওয়ায় কৃষিকাজ ও উৎপাদন করতে হয় না। ফলে কঠিন শারীরিক ও কায়িক পরিশ্রম কমেছে। ফসল উৎপাদন, উৎপাদন পূর্ববর্তী বীজতলা স্থাপন, বীজ সংগ্রহ ও সংরক্ষণ, জমি প্রস্তুত, কৃষি শ্রমিক সংগ্রহ খুব কঠিন ও ঝামেলাপূর্ণ কাজ। উৎপাদনের পর শস্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ খুবই কঠিন কাজ। উত্তরদাতাদের মতে, কৃষিজমি হ্রাস বা ধ্বংসে কঠিন পরিশ্রম কমাতে তাদের জন্য ভাল হয়েছে। এতে আরাম-আয়েশে থাকা যায়। পরিষ্কার পরিচ্ছন্ন থাকা যায়।

৫০.১০% উত্তরদাতা মনে করেন, কৃষিজমি হ্রাস বা ধ্বংস হওয়ায় সূর্যের প্রখর রোদে কাজ করতে হয় না। ফলে সূর্যের অতিবেগুনী রশ্মি থেকে নারীর তকের নিষ্কৃতি মেলে। নারীরা কষ্টকর জীবনের পরিবর্তে আরাম-আয়েশপূর্ণ জীবন-যাপন করতে পারেন।

৫১.৯০% উত্তরদাতা মনে করেন, কৃষিজমি হ্রাস বা ধ্বংস হওয়ার ফলে কৃষিকাজের চাপ কম থাকায় সন্তানদের প্রতি অধিক যত্ন নেয়া যায়। চিত্ত-বিনোদনে সময় দেয়া যায় এবং বিভিন্ন সামাজিক আচার-অনুষ্ঠানে অধিকতর সহজ উপায়ে যোগদান করা যায়।

ধামরাই উপজেলা এলাকায় কৃষিজমি হ্রাস বা ধ্বংস হওয়ায় গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনের ক্ষেত্রে যেসব অসুবিধার সৃষ্টি হয়েছে বা হচ্ছে বলে উত্তরদাতাগণ অভিমত ব্যক্ত করেছেন, তা নিচে বিশ্লেষণ করা হল।

৭৮% উত্তরদাতা ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় নগরায়ণের ফলে নারীদের ভূমিহীন অবস্থার কথা বলেছেন। তাদের মতে, ভূমিদস্যু ও দালালদের খপ্পরে পড়ে বাধ্য হয়ে জমি বিক্রি করার পরে আর কোন জমি অবশিষ্ট নেই। একেবারে নি:শেষ অবস্থা। ফলে আর উৎপাদনও হয় না। চাহিদা অনুযায়ী যোগান সীমিত। তাই দ্রব্যমূল্যও অত্যাধিক।

৯৭% উত্তরদাতা বলেন, কৃষিজমি ধ্বংস হওয়ায় নারী প্রচণ্ড জ্বালানী সংকটে। যখন জমি ছিল (৮-৯ বছর পূর্বে), জমির উৎপাদিত ফসলের খড়, লতাপাতা, আঁশ ইত্যাদি গ্রামে জ্বালানী হিসেবে প্রধান চাহিদা পূরণ করত, তা না থাকায় চরম জ্বালানী সংকটে পড়েছেন গ্রামীণ নারীরা।

৮৯.৪৯% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণের ফলে কৃষিজমি ধ্বংস বা হ্রাস পাওয়ায় জমির সংকটে গৃহপালিত পশু পাখী যেমন- গরু,

ছাগল, ভেড়া, হাঁস-মুরগী ইত্যাদির খাদ্য ও চারণভূমি সংকট। ফলে গৃহে এসব আর লালিত-পালিত হয়না বললেই চলে, জানিয়েছেন উত্তরদাতাগণ। মাছের অভয়াশ্রম বিনষ্ট হয়েছে কৃষিজমি ধ্বংস হওয়ায়। ফলে নিজস্ব তত্ত্বাবধানে নারীর মাছ সংগ্রহের সুযোগ নেই। কৃষিজমি সংকটের কারণে বনভূমি সংকট দেখা দিয়েছে।

৯০.৪৮% উত্তরদাতার মতে, কৃষিজমি ধ্বংস হওয়ায় উৎপাদন ও গাঠপালার অভাবে গ্রামীণ এলাকার চিরাচরিত সুজলা সুফলা শস্য-শ্যামলা প্রকৃতির শোভা এখন আর দেখা যায় না। এতে পরিবেশগত ভারসাম্য সংকটে। জলবায়ু পরিবর্তনজনিত সমস্যার সৃষ্টি হচ্ছে।


উত্তরদাতাদের প্রদানকৃত তথ্য বিশ্লেষণ করে বলা যায়, ধামরাই উপজেলায় নগরায়ণসৃষ্ট শিল্পায়নের ফলে কৃষিজমি হ্রাস বা ধ্বংসের কারণে সংশ্লিষ্ট এলাকার গ্রামীণ নারীগণের অর্থনৈতিক ক্ষেত্রের যে সুবিধা-অসুবিধার কথা বলা হয়েছে, তা ইতিবাচক ও নেতিবাচক প্রভাব। এতে দেখা যায়– যেসব উত্তরদাতার বয়স ১৮-৪০ বছরের মধ্যে, তারাই কৃষিজমি হ্রাস বা ধ্বংস সুবিধা ভোগ করছেন। আর যাদের বয়স ৪০-তদুর্ধ্ব তারা কৃষিজমি হ্রাস বা ধ্বংসকে অসুবিধা হিসেবে দেখছেন। কারণ, তারা কৃষিকে লালন-পালন করেছেন, কৃষির ঐতিহ্য ধরে রেখেছেন। তারা এতে শিকড়ের সন্ধান খোঁজেন।

## ৫.৬ অর্থনৈতিক বৈষম্য

যেখানে নগরায়ণ হয়েছে, সেখানে অর্থনৈতিক বৈষম্যের উদ্ভব ঘটেছে। বিশ্বের সর্বত্রই গ্রামে নগরায়ণ ঘটলে সেখানে ধনী-গরিবের বৈষম্য প্রকট আকার ধারণ করে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। ধামরাই উপজেলার গ্রাম এলাকায় দ্রুত নগরায়ণ ঘটছে।

ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণের কারণে সংশ্লিষ্ট এলাকার গ্রামীণ নারীর জীবনে অর্থনৈতিক বৈষম্যের সৃষ্টি হয়েছে কিনা জানতে চাইলে উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত প্রদান করেন।

চিত্র ৫.৬
নগরায়ণের ফলে অর্থনৈতিক বৈষম্য সম্পর্কে উত্তরদাতাদের মতামত




উপরের চিত্রের ফলাফলে দেখা যায়– নগরায়ণের ফলে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর জীবনে অর্থনৈতিক বৈষম্যের শিকার হয়েছেন বলে মন্তব্য করেছেন ৫২.৯৮% উত্তরদাতা, বৈষম্যের শিকার হননি ৩৯.৭৩%, বৈষম্য সম্পর্কে অজ্ঞাত ৩.৯৭% এবং কোন মন্তব্য করেননি ২.৬৫% উত্তরদাতা। ফলাফল থেকে দেখা যায়– নগরায়ণের ফলে অধিকের বেশি নারী অর্থনৈতিক বৈষম্যের শিকার এবং অর্ধেকের কম নারী (৩৯.৭৪%) অর্থনৈতিক বৈষম্যের শিকার নন।

## ৫.৬.১ অর্থনৈতিক বৈষম্যের কারণ

অর্থনৈতিক বৈষম্যের সংগে সঙ্গতি রেখে উত্তরদাতাদের নিকট ধামরাই উপজেলার গ্রামীণ নারীর জীবনে অর্থনৈতিক বৈষম্যের কারণ জানতে চাইলে উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত প্রদান করেন।

প্রায় ৫৩% উত্তরদাতা বলেন, যারা কোম্পানীর কাছে জমি বিক্রি করেছে তারা কোটি কোটি টাকার অর্থ-সম্পত্তি ব্যাংক ব্যালেন্সের মালিক বনে গেছে। তারা বিলাসবহুল জীবন-যাপন করছে। প্রচুর অর্থ সম্পত্তির কারণে বিনিয়োগ করছে। টাকায় টাকা আনছে। কাড়ি কাড়ি টাকাওয়ালা শহরে বাড়ি করছে। আর যে গরীব, সে গরীবই আছে। জমি নেই, বিক্রি নেই, অর্থসম্পত্তি ব্যাংক ব্যালেন্সও নেই।

উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়– ধামরাই উপজেলা গ্রামীণ নারীর জীবনে অর্থনৈতিক বৈষম্যের জন্য সরাসরি দায়ী শিল্পায়ন, যার অন্তরালে কাজ করছে নগরায়ণ।

## ৫.৬.২ অর্থনৈতিক বৈষম্যের প্রভাব

সব সমাজেই অর্থনৈতিক বৈষম্যের মারাত্মক নেতিবাচক প্রভাব বিদ্যমান থাকে। বাংলাদেশে সামাজিক স্তরবিন্যাস বিদ্যমান। সেই স্তরবিন্যাসে উপরের তলার মানুষ আর নিচের তলার মানুষের মধ্যে বিস্তর অর্থনৈতিক ফ্যারাক বিরাজমান। নগরায়ণের ফলে ধামরাই উপজেলা গ্রামীণ নারীদের মধ্যেও সামাজিক স্তরবিন্যাস উচ্চবিত্ত ও নিম্নবিত্তদের মধ্যে ব্যাপক বৈষম্য ও তার প্রভাব বিদ্যমান থাকাটা বাংলাদেশের প্রেক্ষিতে স্বাভাবিক বটে।

ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর জীবনে অর্থনৈতিক বৈষম্যের পক্ষে যেসব উত্তরদাতা হ্যাঁ বলেছেন, তাদের কাছে অর্থনৈতিক বৈষম্যের প্রভাব সম্পর্কে জানতে চাইলে জবাবে উত্তরদাতাগণ নিম্নোক্ত প্রভাবের কথা ব্যক্ত করেছেন।

৫১.৩০% উত্তরদাতার মতে, ধামরাই উপজেলা এলাকায় নগরায়ণের কারণে গ্রামীণ নারীর জীবন-ব্যবস্থায় অর্থনৈতিক বৈষম্যের কারণে পারিপার্শ্বিক আয়-বৈষম্য, খাদ্য গ্রহণে, নিম্নমানের বাসস্থান এবং বাড়ি ঘরের বৈশিষ্ট্যে ব্যাপক পার্থক্য বিদ্যমান অর্থনৈতিক বৈষম্যের শিকার নারীদের মধ্যে।

৫২.০৯% উত্তরদাতা মনে করেন, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণের ফলে নাগরিক সেবা প্রাপ্তিতে পার্থক্য রয়েছে এবং ব্যক্তিগত স্বাস্থ্য ও রোগ প্রতিরোধ সম্পর্কে সচেতনতার অভাব রয়েছে। শিক্ষা ও পেশার ক্ষেত্রে বৈষম্য রয়েছে গ্রামীণ নারীদের মধ্যে।

৫৭.০৭% উত্তরদাতার মতে, গবেষণাধীন এলাকায় নগরায়ণের ফলে ভূমির মালিকানা, সামাজিক অবস্থা ও মর্যাদার এবং ক্ষমতা কাঠামোর ক্ষেত্রেও পার্থক্য বিদ্যমান। চিত্ত-বিনোদনের সুযোগ সুবিধার ক্ষেত্রে এবং প্রভাব ও প্রতিপত্তিতে পার্থক্য রয়েছে গ্রামীণ নারীদের মধ্যে।


'অর্থনৈতিক বৈষম্যের প্রভাব' সম্পর্কিত তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়– ধামরাই উপজেলায় গ্রামীণ নারীদের মধ্যে যারা ধনী ও প্রভাবশালী তারা সকল অর্থনৈতিক বৈষম্যের উর্ধ্বে। পক্ষান্তরে, যারা দরিদ্র শ্রেণীর তারা অর্থনীতির সকল বৈষম্যজনিত প্রভাবের শিকার।

## ৫.৭ অর্থনৈতিক উন্নয়ন

বাংলাদেশসহ সারাবিশ্বে বর্তমানে অর্থনেতিক মন্দা বা স্থবিরতা কমেছে। বাংলাদেশ ১৯৭১ সালে স্বাধীন হওয়ার পর ধারাবাহিকভাবে অর্থনীতিতে অগ্রগতি সাধিত হচ্ছে। ধামরাই উপজেলা এবং এই এলাকার গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনেও ধারাবাহিকভাবে উন্নতি হচ্ছে।

ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে গ্রামীণ নারীর অর্থনৈতিক অবস্থা সামগ্রিকভাবে আগের চেয়ে উন্নত হয়েছে কিনা জানতে চাইলে উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত ব্যক্ত করেন।

চিত্র ৫.৭
নগরায়ণের ফলে গ্রামীণ নারীর অর্থনৈতিক অবস্থা




উপরের চিত্রে দেখা যায়– ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে গ্রামীণ নারীর অর্থনেতিক অবস্থা সামগ্রিকভাবে আগের চেয়ে উন্নত হয়েছে বলে মন্তব্য করেছেন ৮৭.৩০%, অর্থনৈতিক উন্নয়ন হয়নি বলেছেন ১০.৪৫% এবং জানিনা বলেছেন ২.২৫% উত্তরদাতা।

উত্তরদাতাদের প্রদানকৃত তথ্য বিশ্লেষণ করে বলা যায়– 'অর্থনেতিক উন্নয়ন' বিষয়ে যে ফলাফল পাওয়া গেল, ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক অবস্থার প্রকৃত চিত্র। এই চিত্রই 'অত্র অধ্যায়' কে পরিপূর্ণরূপে ও এককভাবে প্রতিনিধিত্ব করে।

# ষষ্ঠ অধ্যায়
# (Sixth Chapter)

## ধামরাই উপজেলার গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব
## (Impact of Urbanization on Political Life of Rural Women in Dhamrai Upazila)

গ্রামীণ নারী, নগরায়ণ ও রাজনীতি পরস্পর সম্পর্কযুক্ত। গ্রাম ধীরে ধীরে নগরে পরিণত হয়। নগরায়ণ প্রক্রিয়ায় নগরের রাজনৈতিক বিশ্বাস, মূল্যবোধ, রাজনৈতিক আচার-আচরণ, দৃষ্টিভঙ্গি সর্বোপরি রাজনৈতিক সংস্কৃতি ধীরে ধীরে গ্রামে বিস্তার ঘটে। এই রাজনৈতিক শক্তি গ্রামের সকল শ্রেণীর মানুষকে বিশেষ করে নারীদের কমবেশি প্রভাবিত করে। শহরের রাজনৈতিক সংস্কৃতি নগরায়ণের মাধ্যমে নারীদের চিন্তা-চেতনা ও দৃষ্টিভঙ্গিতে পরিবর্তন সূচিত করে তাদের রাজনৈতিক জীবনে ব্যাপক প্রভাব ফেলে।

বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতি অংশগ্রহণমূলক নয়। কী আঞ্চলিক, কী স্থানীয়, কী জাতীয় সকল পর্যায়ের রাজনীতির ক্ষেত্রেই এ ধরণের সংস্কৃতি বিদ্যমান। জাতীয় রাজনীতি ও রাজনৈতিক সংস্কৃতি গ্রামীণ রাজনীতিকে প্রভাবিত করে। কারণ বাংলাদেশ এককেন্দ্রিক রাষ্ট্র। কেন্দ্রের সিদ্ধান্ত তৃণমূলকে বাস্তবায়িত করতে হয়। তাই জাতীয় রাজনীতির সংস্কৃতি গ্রাম পর্যায়েও বিস্তৃত। সুতরাং বাংলাদেশের গ্রামীণ নারীর রাজনৈতিক সংস্কৃতিও নিম্নমানের। যা গ্রামীণ নারীর রাজনীতিতে নগরায়ণের প্রভাব হিসেবে পরিচিত।

বাংলাদেশের শহর এলাকার নারীরা যতটা রাজনৈতিক অধিকার ও ক্ষমতা ভোগ করেন, গ্রামীণ নারীরা তার থেকে অনেক অনেক পিছিয়ে। এজন্য দায়ী নারীর অশিক্ষা, কুসংস্কার, পারিবারিক বাধা, অসচেতনতা এবং পর্যাপ্ত অনুকূল রাজনৈতিক পরিবেশের অভাব।

ধামরাই উপজেলায় গ্রামীণ নারীরা রাজনৈতিক অধিকার, ক্ষমতা ও ক্ষমতায়নের দিক থেকে দেশের যেকোন এলাকার নারীদের থেকে একেবারে পিছিয়ে। এখানে খুব দ্রুতহারে শিল্পায়ন হচ্ছে। এর কারণে ধামরাইয়ের গ্রামীণ এলাকায় ব্যাপক সামাজিক ও অর্থনৈতিক দিক থেকে ইতিবাচক ও নেতিবাচক পরিবর্তন হয়েছে।

ধামরাই উপজেলায় নগরায়ণ প্রক্রিয়া খুব দ্রুত হচ্ছে। তাই গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণের প্রভাব থাকবে সেটাই স্বাভাবিক। ধামরাই উপজেলা এলাকায় গ্রামীণ নারীর রাজনৈতিক ক্ষেত্রে নগরায়ণ কী কী পরিবর্তন সাধন করেছে, সেগুলো এই অধ্যায়ে আলোচনা করা হবে।

আলোচ্য অধ্যায়ে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনব্যবস্থায় 'নগরায়ণের প্রভাব' বের করার জন্য নগরায়ণের কতকগুলো 'রাজনৈতিক নির্দেশক' চিহ্নিত করা হয়েছে। যেমন– উপজেলা প্রশাসনের সেবা ও দুর্নীতি, অবকাঠামো উন্নয়ন, রাজনীতির দুর্বৃত্তায়ন, নিরাপত্তা, নারীর ক্ষমতায়ন, গ্রামীণ রাজনীতিতে নেতৃত্ব, গ্রামীণ রাজনীতিতে কালো টাকা ও পেশীশক্তি। এসব নির্দেশকের বিদ্যমান অবস্থাই ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণের প্রভাবকে নির্দেশ করে।

## ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব


গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণ প্রভাব ফেলেছে। ধামরাই উপজেলায় গ্রামীণ নারীদের রাজনৈতিক জীবনে নগরায়ণ কী কী পরিবর্তন এনেছে, তা নিচে আলোচনা করা হল।

## ৬.১ ধামরাই উপজেলা প্রশাসনের সেবা ও দুর্নীতি

বাংলাদেশে প্রশাসন ব্যবস্থার কেন্দ্রবিন্দু হচ্ছে সচিবালয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমস্ত উন্নয়নমূলক কার্যক্রমের Policy making and decision making গৃহীত হয় বাংলাদেশ সচিবালয় থেকে। সচিবালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হয় মাঠ প্রশাসন বা স্থানীয় প্রশাসন দ্বারা। বাংলাদেশে উপজেলা প্রশাসন তেমনি মাঠ প্রশাসন বা স্থানীয় প্রশাসন নামে পরিচিত। একে স্থানীয় সরকারও বলা হয়। সম্প্রতি ধামরাই উপজেলায় নগরায়ণ প্রক্রিয়ার বিস্তার ঘটার ফলে গ্রামীণ নারীর জীবনে উপজেলা প্রশাসনের প্রশাসনিক সেবার প্রয়োজনীয়তা ও চাহিদা বৃদ্ধি পেয়েছে এবং সে মোতাবেক সরকারকে প্রশাসনিক কার্যক্রমের পরিমান, মাত্রা ও মান বাড়াতে হয়।

বাংলাদেশের সকল উপজেলার মত ধামরাই উপজেলায়ও উপজেলা প্রশাসনে বিভিন্ন অফিস রয়েছে। নগরায়ণের ফলে তিনটি অফিস যেমন- ভূমি অফিস, বিদ্যুৎ অফিস ও থানা অফিসের সেবা প্রাপ্তিতে গ্রামীণ নারীকে প্রশাসনিক দুর্নীতির মুখোমুখী হতে হয় কিনা তা জানতে প্রশ্ন করা হলে উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত ব্যক্ত করেন:

চিত্র ৬.১
ধামরাই উপজেলা প্রশাসনে দুর্নীতির মাত্রা




উপরের চিত্রে দেখা যায়– ধামরাই উজেলা প্রশাসনের ভূমি অফিস, বিদ্যুৎ অফিস ও থানা অফিসের সবক'টিতেই নারীগণ সেবা নিতে গেলে দুর্নীতির মুখোমুখী হতে হয় বলে মন্তব্য করেছেন ১০০% উত্তরদাতা। দুর্নীতি হয়না, অবগত নন এবং কোন মন্তব্য করতে রাজী হননি এমন কোন উত্তরদাতা পাওয়া যায়নি। তথ্য বিশ্লেষণে দেখা যায়– ধামরাই উপজেলা প্রশাসনের উল্লেখিত ৩টি অফিসে ১০০% দুর্নীতি বিরাজমান এবং এ দুর্নীতি আরও বৃদ্ধি পেয়েছে নগরায়ণজনিত নাগরিক চাহিদা পূরণার্থে। সেবার নামে প্রশাসনের কর্তা ব্যক্তিরা আকণ্ঠ দুর্নীতিতে নিমজ্জিত।

## ৬.১.১ উপজেলা প্রশাসনিক দুর্নীতির প্রভাব

দুর্নীতি বাংলাদেশের এক নম্বর জাতীয় সমস্যা। দুর্নীতি বাংলাদেশ নামক রাষ্ট্রকে গ্রাস করেছে – যা TIB, CPDসহ বিভিন্ন সংগঠনের গবেষণা ও প্রতিবেদন এবং বিভিন্ন গণমাধ্যমের দ্বারা জানা যায়। দুর্নীতির করাল গ্রাসে পরিণত হয়েছে রাষ্ট্রের মাঠ প্রশাসন বা স্থানীয় সরকার ব্যবস্থা। ধামরাই উপজেলা প্রশাসনও চরম দুর্নীতিতে নিমজ্জিত।

ধামরাই উপজেলা প্রশাসনের দুর্নীতি গ্রামীণ নারীর ক্ষেত্রে কী কী সমস্যা ও অসুবিধা সৃষ্টি করছে, তা জানতে চাইলে উত্তরদাতাগণ যেসব মন্তব্য করেন, তা নিম্নরূপ:

১০০% উত্তরদাতাই বলেন, ধামরাই উপজেলা প্রশাসনের ভূমি অফিস, বিদ্যুৎ অফিস এবং থানা চরম, ভয়ংকর ও মারাত্মক দুর্নীতিতে নিমজ্জিত। এসব অফিসের প্রতিটি ইট পাথর ও ঘুষ খায়। ঘুষ ছাড়া কোন কাজ হয় না। ফাইল ফেলে রাখে দিনের পর দিন। হয়রানি করে ঘুষের টাকার জন্য। চাহিদা মতো টাকা না দিলে বা কম দিলে খারাপ ব্যবহার করে। গালি-গালাজও করে। ঘুষ ছাড়া কোন কথা পর্যন্ত বলতে চায় না সংশ্লিষ্ট কর্তাব্যক্তিরা। এসব কারণে একান্ত বাধ্য না হলে এসব অফিসে নারীদের যাওয়া হয় না বলে মন্তব্য করেছেন। নগরায়ণের কারণে বিদ্যমান দুর্নীতি আরও বেড়েছে।

১০০% উত্তরদাতার ধামরাই উপজেলা থানা অফিস প্রসঙ্গে মতামত হচ্ছে– দেশের রাজা পুলিশ। তারা মানুষকে মানুষ মনে করে না, নারীকে তো নয়ই। মিথ্যা মামলা দেয়, স্বামী-সন্তানদের অকারণে হয়রানি করে। মিথ্যা মামলার ভয় দেখায়। থানায় জিডি করতে গেলে ২০০/৫০০ টাকা দিতে হয়। অকারণে অপ্রয়োজনে বাড়িতে এসে হামলা করে।

৮৭% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় নগরায়ণের ফলে সৃষ্ট মাদক ব্যবসায়ীদের সহায়তাকারী পুলিশ। তাদের কারণে এই এলাকায় মাদকের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে বলে নারীরা মন্তব্য করেছেন।

৭৯.২৯% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নগরায়ণসৃষ্ট রজনৈতিক দুর্বৃত্তায়নের সংগে যারা জড়িত তাদের পৃষ্ঠপোষকতা দেয় পুলিশ। এলাকার অন্যায় অনাচার ও সন্ত্রাসের আশ্রয়-প্রশ্রয়দাতা পুলিশ। প্রভাবশালীদের থেকে টাকার বিনিময়ে এসব করে। সেবা নিতে যেয়ে অত্যাচারিত হতে হয় নারীকে বিভিন্নভাবে।

ধামরাই উপজেলা প্রশাসনের প্রশাসনিক সেবা সম্পর্কিত উত্তরদাতাদের প্রদানকৃত তথ্য বিশ্লেষণ করে বলা যায়– ধামরাই উপজেলার গ্রামীণ নারীর ক্ষেত্রে এসব সেবার চাহিদা আগের চেয়ে বৃদ্ধি পাওয়ায় দুর্নীতি বিদ্যমান মাত্রাকে আরও বাড়িয়ে তুলেছে। যার জন্য গ্রামীণ নারীরা বিভিন্ন সমস্যা ও অসুবিধার মুখোমুখী হচ্ছেন। বিদ্যমান দুর্নীতির মাত্রা বাড়ার পিছনে শুধু নগরায়ণই দায়ী নয়, প্রধানত বাংলাদেশের বিদ্যমান আর্থ-সামাজিক ও রাজনৈতিক অবস্থাই দায়ী।


## ৬.২ অকাঠামো উন্নয়ন

দ্রব্য ও ভাবের আদান প্রদান, ব্যবসা-বাণিজ্যের প্রসার, দ্রব্যের সহজ স্থানান্তর, সাংস্কৃতিক আদান-প্রদান এবং সর্বোপরি অফিসিয়াল ও দৈনন্দিন কার্যক্রমে উন্নত

অবকাঠামো অত্যবশ্যক। অবকাঠামো উন্নয়ন নগরজীবনের অন্যতম নির্দেশক। যেখানে নগরায়ণ প্রক্রিয়া চলতে থাকে, সেখানে অবকাঠামো উন্নয়নও বৃদ্ধি পায়।

ধামরাই উপজেলায় নগরায়ণ প্রক্রিয়া জোরদার হচ্ছে। সেজন্য অবকাঠামো উন্নয়ন বৃদ্ধি পাওয়ার কথা। ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে আগের চেয়ে বর্তমানে অবকাঠামো উন্নয়ন বেড়েছে কিনা জানতে চাইলে উত্তরদাতাগণ যে মতামত প্রদান করেন তা চিত্র ৬.২-এ প্রদত্ত হল।

চিত্র ৬.২
অবকাঠামো উন্নয়ন সম্পর্কে উত্তরদাতাদের অভিমত




উপরের চিত্র বলছে– অবকাঠামো উন্নয়ন আদৌ হয়েছে কিনা তার কিছুই জানে না ৬১.৫৯% উত্তরদাতা, অবকাঠামো উন্নয়ন হয়নি ২৫.৮৩% এর মতে, হয়েছে ৭.২৮% এর মতে এবং কোন উত্তর দেননি ৫.৩০%। চিত্রে উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে বলা যায়– ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে অবকাঠামো উন্নয়ন বাড়ার প্রসঙ্গে যেহেতু ৬১.৫৯% উত্তরদাতা কিছুই জানেন না, অবকাঠামো উন্নয়ন হয়নি ২৫.৮৩% এর মতে এবং কোন উত্তর দেননি ৫.৩০%। তাই (৬১.৫৯ + ২৫.৮৩ + ৫.৩০) = ৯২.৭২% উত্তরদাতার মতামত বিশ্লেষণ করে বলা যায়– ধামরাই উপজেলায় নগরায়ণ প্রক্রিয়া জোরদার হলেও অবকাঠামো উন্নয়ন সে অনুপাতে বাড়েনি।

### ৬.২.১ ধামরাই উপজেলার অবকাঠামো ও গ্রামীণ নারীর জীবনে এর প্রভাব

অবকাঠামো উন্নত হলে সর্বশ্রেণীর মানুষের জীবনযাত্রার মান উন্নত হয়। সামাজিক সুযোগ-সুবিধা বাড়ে। অর্থনৈতিক সমৃদ্ধি ঘটে। মানুষের মধ্যে ঘনিষ্ঠতা বাড়ে।

তথ্যদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেল– নগরায়ণ দ্রুতগতিতে হলেও ধামরাই উপজেলায় অবকাঠামো উন্নয়ন তেমন হয়নি। তাই উত্তরদাতাদের নিকট জানতে চাওয়া হয়েছিল– বিদ্যমান অবকাঠামো গ্রামীণ নারীর জীবনে কোন ধরনের প্রভাব ফেলেছে/ফেলছে? উত্তরদাতাগণ নিম্নোক্ত মতামত প্রদান করেছেন:


৯২.৭২% উত্তরদাতাই মনে করেন, ধামরাই উপজেলায় নগরায়ণ জোরদার প্রক্রিয়ায়ও অবকাঠামো উন্নয়ন দেখা যায়নি এবং এর কথা শোনাও যায়নি। তাই নারীকে বিভিন্ন সামাজিক সমস্যা ভোগ করতে হচ্ছে। কোন হাসপাতাল হয়নি, তাই বাড়তি জনসংখ্যার চাপ সামলাতে হয়। নারীর চিকিৎসা সেবা ব্যাহত হচ্ছে। কোন শিক্ষা প্রতিষ্ঠান তৈরি হয়নি। বাড়তি সন্তানদের চাপে স্কুলে ক্লাশে বসার সংকট। তাই মায়েদের উদ্বেগ বাড়ছে। কন্যা শিশুদের স্কুলে সংকুলান করতে সমস্যা হচ্ছে। বাড়তি ছেলেমেয়েদের চাপে স্থানাভাবে ছেলেমেয়েরা অমনোযোগী হয়ে উঠছে। বিদ্যুৎ লাইন ও সঞ্চালন ব্যবস্থা বাড়ানো হয়নি, শক্তিশালীও হয়নি ফলে লোডশেডিং চরমে। ভাংগাচোরা রাস্তায় চলতে ঝাঁকুনি লাগে, খানাখন্দের গর্তে পড়ে যেতে হয়, প্রায়ই দুর্ঘটনা ঘটে, রোদে ধূলোবালি আর বৃষ্টিতে কাঁদা দ্বারা জীবন অতিষ্ঠ। নতুন  কোন রাস্তাঘাট ও হয়নি। ৭-৮ বছর আগে যেমন ছিল, তেমনিই আছে।

## ৬.৩ রাজনীতির দুর্বৃত্তায়ন

যেখানে নগরায়ণ ঘটে, সেখানে বিভিন্ন শ্রেণী, পেশা, ধর্ম ও সংস্কৃতির মানুষের সমাবেশ ঘটে। ভিন্ন মনমানসিকতা ও ভিন্ন আর্থিক সঙ্গতির লোক বাস করে। ফলে রাজনৈতিক সংস্কৃতি ও তার স্বকীয়তা হারায়। রাজনীতিতে দুর্বৃত্তের অনুপ্রবেশ ঘটে। রাজনৈতিক দুর্বৃত্তায়নে অহেতুক একপক্ষ আরেকপক্ষকে হয়রানি করে। প্রতিপক্ষের মিছিল, সভা, সমাবেশে বাধা ও মিথ্যা মামলা-হামলা করে দুর্বৃত্তরা। রাজনৈতিক দুর্বৃত্তায়নে পুরো রাজনৈতিক ব্যবস্থা হুমকির মধ্যে। নির্বাচনী ব্যবস্থাকে ভেঙ্গে দিয়ে 'জোর যার মুল্লুক তার' রাজত্ব কায়েম করে।

ধামরাই উপজেলা এলাকায় নগরায়ণ এর ফলে নির্বাচনী ব্যবস্থাসহ রাজনীতির সকল ক্ষেত্রে রাজনৈতিক দৃর্বত্তায়ন ঘটেছে কিনা জানতে চাইলে উত্তরদাতাগণ যে মতামত তুলে ধরেন, তা চিত্র ৬.৩-এ প্রদত্ত হল।

চিত্র ৬.৩
রাজনৈতিক দুর্বৃত্তায়ন প্রসার বিষয়ে মতামত




উপরের চিত্রের ফলাফলে দেখা যাচ্ছে, ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নগরায়ণের ফলে রাজনীতির দৃবৃর্ত্তায়ন ঘটেছে বলে ৮৬.০৯% উত্তরদাতা হ্যাঁ বলেছেন, না বলেছেন ১১.৯২%, রাজনীতির খোঁজখবর রাখেন না বা ইচ্ছা করেই তথ্য সংগ্রহকারীকে এড়িয়ে চলেছেন ১.৯৯% উত্তরদাতা। তথ্য বিশ্লেষণে দেখা যায়– ধামরাই উপজেলায় নির্বাচনী ব্যবস্থাসহ রাজনীতির সকল ক্ষেত্রে দুর্বৃত্তায়ন ঘটেছে।

## ৬.৩.১ ধামরাই উপজেলায় রাজনৈতিক দূর্বৃত্তায়নের স্বরূপ

ধামরাই উপজেলায় ৮৬.০৯% উত্তরদাতা নগরায়ণের ফলে রাজনৈতিক দৃর্বৃত্তায়ন এর সত্যতা স্বীকার করে এর পক্ষে যারা মতামত দিয়েছেন, তাদের যুক্তিতে ধামরাই উপজেলায় রাজনৈতিক দুর্বৃত্তায়নের স্বরূপ হচ্ছে–

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকার বিদ্যমান রাজনৈতিক পরিবেশ নগরায়ণের ফলে আগের চেয়ে বর্তমানে অনেক বেশী খারাপ। এলাকায় ভোটের পরিবেশ নেই, জালভোট হয়, যাওয়ার আগেই ভোট দেয়া হয়ে যায়। নিরাপত্তার অভাব চরম, নির্বাচন বর্তমানে একটা প্রহসন। নির্বাচন-নির্বাচন খেলা চলছে। এখন ভোট ছাড়াই ইউপি সরকার গঠিত হয়। এলাকায় গণতান্ত্রিক অধিকার ও মূল্যবোধ নেই এবং নির্বাচনী সংস্কৃতি পরিবর্তিত হয়ে গেছে।

৯৬.০৫% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলায় সহিংসতা বেড়েছে, রাজনীতিতে অপরাধ বেড়েছে এবং গুম, খুন, হত্যা, আগের সময়কার যে কোন রেকর্ড অতিক্রম করেছে। সকল প্রকার অপরাধ যেমন অর্থনৈতিক অপরাধ, রাজনৈতিক অপরাধ, সকল প্রকার সংঘাত সংঘর্ষ, সন্ত্রাস এর জন্মদাতা ও স্রষ্টা, লালনপালন ও তাকে হৃষ্টপুষ্ট করছে রাজনীতিবিদরাই।

উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে বলা যায়– ধামরাই উজেলায় নগরায়ণের ফলে বিদ্যমান রাজনীতির পট পরিবর্তিত হয়ে রাজনীতিতে দুর্বৃত্তদের অনুপ্রবেশ ঘটেছে এবং স্থানীয় রাজনীতি কলুষিত হচ্ছে।

## ৬.৩.২ গ্রামীণ নারীর ক্ষেত্রে রাজনৈতিক দুর্বৃত্তায়নের প্রভাব

কোন এলাকায় রাজনীতির দুর্বৃত্তায়ন ঘটলে সেখানে সব মানুষের রাজনৈতিক অধিকার বিঘ্নিত হয়। রাজনৈতিক ক্ষমতা ও অধিকার বিঘ্নিত হওয়া মানে সভা-সমাবেশ করতে না পারা, সংগঠিত হতে না পারা, ক্ষমতাসীনদের দ্বারা ক্ষমতাহীনদের উপর জোর-জুলুম করা ইত্যাদি। নারীরাও এ পরিস্থিতির শিকার হন।

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নগরায়ণসৃষ্ট দুর্বৃত্তায়িত রাজনীতিতে এলাকার গ্রামীণ নারীরা কী ধরনের পরিস্থিতি মোকাবেলা করছেন তা জানতে প্রশ্ন করা হলে উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত ব্যক্ত করেন।

৮৮.৪৪% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নগরায়ণসৃষ্ট রাজনৈতিক দুর্বৃত্তায়নের কারণে গ্রামীণ নারীরা ভোটের মাধ্যমে স্থানীয় সরকার (ইউপি সরকার) নির্বাচন করতে পারেননি। জাল ভোটের মাধ্যমে সরকার নির্বাচিত হয়েছে। যেখানে ভোট হয়েছে সেখানে ভোট গণনায় অনিয়ম হয়েছে। এভাবে নারীর নির্বাচন ও ভোটের অধিকার হরণ করেছে রাজনৈতিক দুর্বৃত্তরা। নারীর গণতান্ত্রিক অধিকার খর্ব হয়েছে।

৬৭.৪৭% উত্তরদাতা বলেছেন, ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় স্থানীয় নির্বাচনে ভোটের কেনাবেচা হয়েছে। নগরায়ণের ফলে জমি বিক্রি করে, অনেকে দালালী করে সম্পত্তির পাহাড় গড়েছে। এসব অশিক্ষিত, অযোগ্য, মেধাহীন ও খারাপ লোকেরা টাকা দিয়ে ভোট কিনেছে।

৭১.০৮% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলায় কালো টাকার মালিকরাই নির্বাচনী সহিংসতায় অনেকের মৃত্যু, গুম, খুনের ঘটনা ঘটিয়েছে। এসব ঘটনার যারা শিকার তারা কোন না কোন নারীর বাবা, সন্তান, ভাই কিংবা স্বামী।

৭৪.০৭% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলায় গ্রামীণ নারীদের স্থানীয় নির্বাচনী প্রচারণায় বাধা সৃষ্টি করেছে রাজনীতিক প্রতিপক্ষরা। অনেক জায়গায় নারীদের উপর হামলা হয়েছে। নারীদের কাপড় ধরে পুরুষ কুকুরগুলো টানাটানি করেছে। এভাবে নারীর নিরাপত্তাহীনতা সৃষ্টি হয়েছে।

গবেষণাধীন ধামরাই উপজেলার ৪টি ইউনিয়নের মধ্যে ৩টি ইউনিয়নের (১টি ইউনিয়নের ভোট গ্রহণ স্থগিত) ৫টি গ্রামের মোট ৯১.০৯% উত্তরদাতা বলেছেন, ধামরাই উপজেলার স্থানীয় ইউপি নির্বাচন ২০১৬-এ ভোট গ্রহণ শেষে গণনায় অনিয়ম করা হয়েছে। প্রকৃত বিজয়ীকে চেয়ারম্যান/মেম্বার ঘোষণা না করে অন্যজনকে করা হয়েছে।

উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে বলায় যায়– ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর রাজনৈতিক অধিকারে যেসব হস্তক্ষেপ হয়েছে, তা বাংলাদেশের বিদ্যমান রাজনৈতিক সংস্কৃতি – যা গত ৫-৬ বছরে আরও ঘোলাটে হয়েছে। ধামরাই উপজেলায় এর সংগে যুক্ত হয়েছে দ্রুত বর্ধনশীল নগরায়ণ প্রক্রিয়া।


## ৬.৪ নিরাপত্তা

যেখানে নগরায়ণ ঘটে, সেখানে নিরাপত্তার কম বেশী ঘাটতি হয়। নানা বর্ণের, নানা সংস্কৃতির এবং বিভিন্ন শ্রেণি পেশার মানুষের পুঞ্জিভূত অবস্থানের কারণে এমন হয়। তাই নারীর নিরাপত্তা বিষয়ে কম-বেশি বিঘ্ন ঘটে। রাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন এই এলাকায় জনসংখ্যা, শিল্পায়ন, কর্মসংস্থান ও ব্যবসা-বাণিজ্য ইত্যাদি সম্প্রসারণে ধামরাই উপজেলা গ্রামীণ নারীর নিরাপত্তা বিদ্যমান অবস্থা থেকে ভিন্ন হবার কথা নয়।

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় দ্রুতহারে নগরায়ণ বৃদ্ধি পাওয়ায় গ্রামীণ নারীর নিরাপত্তা আগের চেয়ে ভাল কিনা জানতে চাইলে উত্তরদাতাদের নিকট থেকে নিম্নোক্ত জবাব পাওয়া যায়।

চিত্র ৬.৪

গ্রামীণ নারীর নিরাপত্তার বিষয়ে অভিমত




উপরোক্ত চিত্রে দেখা যায় যে, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় গ্রামীণ নারীর নিরাপত্তা আগের চেয়ে ভাল বলেছেন ১১.২৬%, আগের চেয়ে বর্তমানে খারাপ বলেছেন ৮৪.৭৭% এবং নিরাপত্তা বিষয়ে জানেনা বা অবগত নন ৩.৯৭% উত্তরদাতা।

৮৪.৭৭% উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে বলা যায়– ধামরাই উপজেলায় শিল্পায়ন বৃদ্ধির কারণে কর্মসংস্থান ও ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণ ঘটেছে। ফলে দেশের বিভিন্ন এলাকা থেকে অভিবাসী জনসংখ্যা এসে ভীড় করছে। তাই নারীর নিরাপত্তা বিঘ্নিত হওয়ার পেছনে দেশের বিদ্যমান অবস্থার সংগে নগরায়ণ প্রক্রিয়ার নেতিবাচক দিকটিও জড়িত।

## ৬.৪.১ নিরাপত্তাহীনতার প্রভাব

ধামরাই উপজেলা এলাকায় নিরাপত্তা নেই বলে যেসব উত্তরদাতাগণ ‘না’ বলেছেন অর্থাৎ নিরাপত্তাহীনতার কথা বলেছেন তাদের প্রশ্ন করা হয়েছিল– নারীর জীবন ব্যবস্থায় নিরাপত্তাহীনতার প্রভাবে কি কি সমস্যা সৃষ্টি হচ্ছে। উত্তরদাতাগণের অভিমত নিম্নরূপ:

৮২.১২% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা এলাকায় অপহরণ, গুম, খুন অতীতের যে কোন সময়ের রেকর্ড অতিক্রম করেছে বিধায় নারীদের ক্ষেত্রে নিরাপত্তাবোধ করা যায় না। ক্রমবর্ধমান নারী হত্যা ও নির্যাতন বাড়ায় নারী আতংকগ্রস্ত ও শংকিত।
৭৮.০৮% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় গ্রামীণ নারীদের মধ্যে স্কুলগামী মেয়েরা অধিকহারে ইভ-টিজিং এর শিকার হচ্ছে। নারী ধর্ষণ আগের চেয়ে বেড়েছে। কর্মক্ষেত্রে নারী যৌন হয়রানির হচ্ছে। উত্তরদাতাগণ বলেন, দেশের বিদ্যমান অবস্থার সংগে ধামরাই এলাকার নগরায়ণ যুক্ত হয়ে এসব ঘটনা ব্যাপক আকার ধারণ করেছে।

৮১.১৩% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা এলাকার দোকানে পথে ঘাটে সংঘাত সমস্যা, হুমকি, হাতাহাতি নিত্য নৈমিত্তিক ব্যাপার। এমন অবস্থা নারীর জন্য নিরাপদ হতে পারে না। রাজনৈতিক অপরাধ ও সন্ত্রাস বাড়ায় অহেতুক হয়রানির শিকার সকল শ্রেণীর মানুষ। স্বামী সন্তানদের নিয়ে অপরহণ-গুম-খুনের আতংকে থাকেন নারী সম্প্রদায়। চুরি-ডাকাতি উদ্বেগজনক হারে বেড়ে যাওয়ায় নিরাপত্তা থাকেনা।

৭২.১২% উত্তরদাতা বলেছেন, ধামরাই উপজেলায় নগরায়ণ খুব দ্রুত হওয়ায় যানবাহনের সংখ্যা অতিরিক্ত বেড়ে যাওয়ায় রাস্তার দুইপাশে যত্রতত্র সারি সারি যানবাহন পার্কিং করে রাখা হয়। প্রায়শই দুর্ঘটনা ঘটে। এক্ষেত্রে জীবনের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে সব মানুষের বিশেষ করে নারীদের।

উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়– ধামরাই উপজেলা এলাকায় গ্রামীণ নারীর ক্ষেত্রে নিরাপত্তাহীনতাজনিত যে সমস্যা, তার জন্য প্রধানত দেশের সার্বিক অবস্থাই দায়ী। এর সাথে যুক্ত হয়েছে ধামরাই উপজেলা এলাকার সাম্প্রতিক নগরায়ণ প্রক্রিয়া।


## ৬.৫ নারীর ক্ষমতায়ন

জাতিসংঘ মানব উন্নয়ন কর্মসূচীর একটি রিপোর্ট অনুসারে জেন্ডার ক্ষমতায়নকে তিন দিক থেকে পরিমাপ করে দেখা হয় অর্থনৈতিক, রাজনৈতিক ও পেশাগত। নারী এসব ক্ষেত্রে কতটা অগ্রগতি অর্জন করছে, তার উপরই নির্ভর করে সে কতটা ক্ষমতার অধিকারী। রাজনৈতিক ক্ষমতায়নই হল নারীর ক্ষমতায়নের মূল ভিত্তি। আলোচ্য গবেষণায় শুধু নারীর রাজনৈতিক ক্ষমতায়নকে অন্তর্ভুক্ত করা হয়েছে, অন্য কোন ক্ষমতায়ন নয়।

ধামরাই উপজেলায় রাজনীতিতে অংশগ্রহণের ক্ষেত্রে গ্রামীণ নারীরা একেবারেই পশ্চাৎপদ। নগরায়ণ ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন এনেছে; যা ৪র্থ ও ৫ম অধ্যায়ে বিশ্লেষণ করা হয়েছে। ধামরাই উপজেলার রাজনীতিতে পশ্চাৎপদ গ্রামীণ নারীর রাজনৈতিক ক্ষমতায়নে নগরায়ণ প্রক্রিয়া কোন ইতিবাচক অবদান রেখেছে কিনা জানতে চাইলে উত্তরদাতাগণ যে মতামত প্রদান করেন, তা চিত্র ৬.৫-এ প্রদত্ত হল।

চিত্র ৬.৫

পশ্চাৎপদ গ্রামীণ নারীর রাজনৈতিক ক্ষমতায়নে নগরায়ণের অবদান বিষয়ে মতামত




চিত্রের ফলাফলে দেখা যায়– ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠায় নগরায়ণ ইতিবাচক অবদান রাখছে বলে মন্তব্য করেছেন ৭% উত্তরদাতা। ক্ষমতায়নে নগরায়ণের নেতিবাচক অবদানের কথা বলেছেন ৮২%। জানেন না ও নিরুত্তর উত্তরদাতা যথাক্রমে ৫% ও ৬% । উত্তরদাতাগণের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়– ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর রাজনৈতিক ক্ষমতায়ন প্রতিষ্ঠায় নগরায়ণের অবদান খুবই সামান্য। নারীর রাজনৈতিক ক্ষমতায়নে নগরায়ণের নেতিবাচক ভূমিকাই বেশি।

## ৬.৫.১ নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠায় নগরায়ণ

পৃথিবীর সকল সমাজেই নগরায়ণ নারীর রাজনৈতিক ক্ষমতায়নে ইতিবাচক-নেতিবাচক প্রভাব রাখে। বাংলাদেশেও নগরায়ণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক

ক্ষমতায়নে ভূমিকা রাখছে। ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রাজনৈতিক ক্ষমতায়নে নগরায়ণের প্রভাব আছে।

ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর রাজনৈতিক ক্ষমতায়নের ক্ষেত্রে নগরায়ণ কি ধরনের ভূমিকা রাখছে সে বিষয়ে প্রশ্ন করা হলে, উত্তরদাতাগণ প্রশ্নটির জবাবে যে অভিমত ব্যক্ত করেছেন, তা নিম্নরূপঃ

৮২% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলায় গ্রামীণ নারীদের ক্ষমতায়ন করার মতো স্থানীয় ও তৃণমূল পর্যায়ে নারীর রাজনীতিতে অংশগ্রহণ ও চর্চা করার মত ইউনিয়ন পরিষদ ছাড়া আর কোন সংগঠন নেই। নগরায়ণের ফলেও কোন পরিবর্তন হয়নি। অর্থাৎ নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠায় নগরায়ণ কোন অবদান রাখেনি।

৮০.৪৮% উত্তরদাতা মনে করেন, ধামরাই উপজেলার বিদ্যমান রাজনৈতিক সংস্কৃতির সংগে সাম্প্রতিককালের বিকাশমান নগরায়ণ প্রক্রিয়ার নেতিবাচক রাজনৈতিক দিক 'রাজনীতির দুর্বৃত্তায়ন' যুক্ত হওয়ায় বর্তমান রাজনৈতিক পরিবেশ ও সংস্কৃতি নারীর জন্য অনুকূল নয়। সহিংসতা, সন্ত্রাস, দুর্নীতি, কালো টাকা, অস্ত্র ও পেশীশক্তি এখন রাজনীতির অংশ যা নারীর রাজনৈতিক জীবনের প্রতি হুমকিস্বরূপ। নিরাপত্তাহীনতা নারীর চলাচলকে করেছে অত্যন্ত সীমিত। রাজনৈতিক দুর্বৃত্তায়ন সংস্কৃতিতে সন্ত্রাস সৃষ্টি ক্ষমতা ও কালো টাকা রাজনীতির অন্যতম পূর্বশর্ত হওয়ায় এসব নিষ্ঠুর ও নোংরা প্রতিযোগিতায় অবতীর্ণ হওয়া নারীর পক্ষে সম্ভব নয়।

৮১.১৮% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা গ্রামীণ নারীর ক্ষমতায়নে নগরায়ণ তেমন অবদান রাখতে পারেনি। পুরুষকেন্দ্রিক সংস্কৃতি ও মূল্যবোধ রাজনীতিতে গ্রামীণ নারীকে কোণঠাসা করে রেখেছে। নিরুৎসাহিত করছে পরিবার এবং পারিবারিক ভূমিকা ও দায়-দায়িত্ব। আর্থিক পরনির্ভরতা নারীর রাজনীতিতে অংশগ্রহণ বড় বাঁধা। অপর্যাপ্ত দলীয় সহযোগিতা, নারীর রাজনৈতিক অসচেতনতা এবং ধর্মীয় প্রতিবন্ধকতা নারীর ক্ষমতায়নে বাধা সৃষ্টি করছে।

মাত্র ৭% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা গ্রামীণ নারীর ক্ষমতায়নে নগরায়ণ কিঞ্চিত অবদান রাখছে। গ্রামীণ নারীর রাজনীতিতে অংশগ্রহণের বিষয়ে সুপ্ত চিন্তার বহি:প্রকাশ দেখা যায়। মিলিত ও সংগঠিত হবার বাসনা তৈরি হচ্ছে গ্রামীণ নারীর মধ্যে। রাজনীতিতে অংশগ্রহণের বিষয়ে পারিবারিক ও ধর্মীয় বাধা একটু-একটু দূর হচ্ছে বলে মনে করেন উত্তরদাতাগণ।

উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়– ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর রাজনৈতিক ক্ষমতায়নে নগরায়ণ আশাব্যঞ্জক ইতিবাচক প্রভাব সৃষ্টি করেনি। বরং অনেক ক্ষেত্রে বিদ্যমান সংকটকে আরও গভীর করেছে।

## ৬.৬ গ্রামীণ রাজনীতিতে নেতৃত্ব

গ্রামপ্রধান বাংলাদেশের গ্রামীন সমাজও গ্রাম্য নেতৃত্বে পরিচালিত হয়। নেতাদের আদেশনিষেধ, আইন-কানুন, বিচার, সালিশ গ্রামের সর্বস্তরের মানুষ মেনে নিতে বাধ্য থাকে। সমাজ পরিবর্তনশীল। সমাজ পরিবর্তনের অন্যতম কারণ নগরায়ণ। নগরায়ণের প্রভাবে গ্রামীণ সমাজের বিদ্যমান নেতৃত্বের পরিবর্তন ঘটছে।

ধামরাই উপজেলার গ্রামীণ রাজনীতিতে বিদ্যমান নেতৃত্বে নগরায়ণের প্রভাবে কোন গুণগত পরিবর্তন এসেছে কিনা জানতে চাইলে উত্তরদাতাগণ যে মতামত প্রদান করেন, তা সারণী ৬.১-এ প্রদত্ত হল।

সারণী ৬.১

গ্রামীণ রাজনীতির বিদ্যামন নেতৃত্বে নগরায়ণের প্রভাবে গুণগত পরিবর্তন বিষয়ে অভিমত

| ক্রমিক নম্বর | উত্তরদাতাদের মতামত প্রস্তাবনা | শতকরা হার (%) |
|---|---|---|
| ০১ | হ্যাঁ | ৬% |
| ০২ | হা | ৯৪% |
| ০৩ | জানিনা | ০% |
| ০৪ | নিরুত্তর | ০% |

উপরের সারণীতে দেখা যায়– ধামরাই উপজেলার গ্রামীণ রাজনীতির বিদ্যমান নেতৃত্বে নগরায়ণের প্রভাবে গুণগত পরিবর্তন এসেছে বলেছেন ৬% উত্তরদাতা এবং কোন পরিবর্তন হয়নি বলেছেন ৯৪% উত্তরদাতা। তথ্য বিশ্লেষণে বলা যায়– ধামরাই উপজেলার গ্রামীণ সমাজের বিদ্যমান নেতৃত্বে নগরায়ণের ইতিবাচক প্রভাব খুবই সামান্য।

### ৬.৬.১ গ্রামীন নারীর ক্ষেত্রে গ্রামীন রাজনৈতিক নেতৃত্বের প্রভাব

ধামরাই উপজেলায় নগরায়ণের প্রভাবে গ্রামীণ রাজনীতির নেতৃত্বে পরিবর্তন আসছে। পরিবর্তিত নেতৃত্ব গ্রামীণ নারীর ক্ষেত্রে কি ধরনের প্রভাব রাখছে, তা জানতে প্রশ্ন করা হলে উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত ব্যক্ত করেন।

৯৩.০৯% নারী উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলায় নগরায়ণ জোরদার হলেও গ্রামীণ সমাজ পরিচালিত হচ্ছে মেধাহীন, বুদ্ধিহীন, অযোগ্য, খারাপ লোক দ্বারা। এদের দ্বারা মেধাবী, বৃদ্ধিমান, যোগ্য ব্যক্তিদের বোকা বানিয়ে কোণঠাসা করে রাখা হয়েছে। যে নেতাদের দ্বারা সমাজ পরিচালিত হয়, সেই নেতার সন্ত্রাস করার সক্ষমতা আছে। কালো টাকা ও পেশী শক্তি আছে। নেতাদের চরিত্রে কেন্দ্রীয় নেতৃত্বের মতো মিথ্যাচার আছে এবং মানুষকে বোকা বানানোর কৌশল প্রয়োগ করে। উত্তরদাতাগণ বলেন, বিভিন্ন শ্রেণী, পেশা, সংস্কৃতির মানুষের সন্নিবেশ ঘটায় গ্রামীণ নেতৃত্ব দিন দিন আরও খারাপ হচ্ছে। যা নগরায়ণেরই প্রভাব।

৯২.৪৩% উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলার গ্রামীণ সমাজে এসব নেতার নেতৃত্ব নগরায়ণের নেতিবাচক বৈশিষ্ট্য দ্বারা আরও খারাপ প্রকৃতির জনস্বার্থ বিরোধী হওয়ায় গ্রামীণ নারীর জীবনব্যবস্থায় ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলছে। এসব নেতার প্রত্যক্ষ বা পরোক্ষ সাপোর্টে সমাজে সন্ত্রাসের সৃষ্টি হচ্ছে, লালিত-পালিত হচ্ছে এবং প্রসার ঘটছে। নারী সমাজে এক ধরণের অস্থিরতা চালাচ্ছে। ভয়ে কেউ মুখ খোলার সাহস পায় না নেতাদের অত্যাচারের বিরুদ্ধে। বিচারহীনতার সংস্কৃতি হৃষ্টপুষ্ট হচ্ছে। নারী ন্যায়বিচার থেকে বঞ্চিত পরিবার ও নারীর মধ্যে সমাজে বিভাজন তৈরি করছে এসব নেতৃত্ব।

১০০% উত্তরদাতা বলেছেন, ধামরাই উপজেলায় গ্রামীণ সমাজের নেতৃত্বে কোন নারীকে রাখা হয় না। সমাজের প্রতিটি ক্ষেত্রে পুরুষরা তাদের শ্রেষ্ঠত্ব বজায় রেখেছেন।

উত্তরদাতাগণের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়– ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নগরায়ণ বিদ্যমান গ্রামীণ নেতৃত্বকে আরও খারাপ করছে এবং এই খারাপ নেতৃত্ব গ্রামীণ নারীর জীবনের প্রতিটি ক্ষেত্রে খারাপ প্রভাব ফেলছে।


## ৬.৭ গ্রামীণ নারীর রাজনৈতিক অংশগ্রহণের ক্ষেত্রে কালো টাকা ও পেশীশক্তি

কালো টাকা ও পেশীশক্তি বাংলাদেশের রাজনীতির একটি অন্ধকার অধ্যায়। এটি এদেশের রাজনৈতিক সংস্কৃতিও। নগরায়ণ এবং কালো টাকা ও পেশীশক্তি একে

অপরের নির্ধারক। যেখানে নগরায়ণ ঘটে, সেখানেই কালো টাকা ও পেশীশক্তির উত্থান ও বিস্তার ঘটে। নগরায়ণ ছাড়া অন্যান্য কারণেও কালো টাকা ও পেশী শক্তির বিস্তার ঘটে।

ধামরাই উপজেলায় গ্রামীণ এলাকায় ব্যাপক পরিবর্তন নগরায়ণের প্রভাবে। নগরায়ণের প্রভাবে সৃষ্ট কালো টাকা ও পেশীশক্তি গ্রামীণ নারীর রাজনীতিতে অংশগ্রহণের ক্ষেত্রে প্রধান বাধা কিনা জানতে চাইলে উত্তরদাতাগণ নিম্নোক্ত অভিমত প্রদান করেন।

চিত্র ৬.৬
গ্রামীণ নারীর রাজনীতিতে অংশগ্রহণের ক্ষেত্রে প্রধান বাধা বিষয়ে মতামত




উপরে চিত্র থেকে দেখা যায় যে, ৯৬% উত্তরদাতাই বলেছেন, ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর রাজনীতিতে অংশগ্রহণের ক্ষেত্রে প্রধান বাঁধা কালো টাকা ও পেশীশক্তি। ৪% উত্তরদাতা এর বিপক্ষে বলেছেন। উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়– ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর রাজনীতিতে অংশগ্রহণের ক্ষেত্রে প্রধান বাধা নগরায়ণ সৃষ্ট কালো টাকা ও পেশীশক্তি।

৬ষ্ঠ অধ্যায়ের তথ্য বিশ্লেষণ করে এ সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণের প্রভাব নেতিবাচক। নগরায়ণ নারীর বিদ্যমান রাজনৈতিক অবস্থাকে আরও নেতিবাচক করেছে।

## ৬.৮ গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণের ইতিবাচক উপাদান

নগরায়ণ এর ধর্মই হচ্ছে সকল কাঠামোর ব্যাপক পরিবর্তন সাধন। রাজনৈতিক আধুনিকীকরণ ও উন্নয়নে নগরায়ণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ নগরায়ণ রাজনৈতিক ব্যবস্থায়ও পরিবর্তন সাধন করে।

উত্তরদাতাদের কাছে জানতে চাওয়া হয়েছিল- নগরায়ণের এমন কোন উপাদান কী আছে- যার দ্বারা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে ? উত্তরদাতাগণ নিম্নোক্ত মতামত প্রদান করেন ;

সারণী ৬.২

নগরায়ণের প্রভাবে গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে ইতিবাচক পরিবর্তন বিষয়ে অভিমত ;

| ক্রমিক নম্বর | উত্তরদাতাদের মতামত | শতকরা হার |
|---|---|---|
| ১. | হ্যাঁ | ৭% |
| ২. | না | ৯৩% |
| ৩. | জানিনা | ০% |
| ৪. | নিরুত্তর | ০% |

উপরের সারণী-তে দেখা যায় যে, মাত্র ৭% উত্তরদাতা মনে করেন- গ্রামীণ নারীর রজিনৈতিক জীবনে নগরায়ণ ইতিবাচক ভূামকা পালন করছে। তথ্য বিশ্লেষণ করে বলা যায়, গ্রামীণ নারীর রজিনৈতিক জীবনে নগরায়ণের ইতিবাচক ভূামকা খুবই সামান্য।

### ৬.৮.১ গ্রামীণ নারীর রজিনৈতিক জীবনে নগরায়ণ এর ইতিবাচক প্রভাব

ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রজিনৈতিক জীবনে নগরায়ণ এর কোন্ কোন্ সচক , কিভাবে গ্রামীণ নারীর রজিনৈতিক জীবনে ইতিবাচক অবদান রাখছে,তা জানতে চাইলে 'হ্যাঁ' উত্তরদানকারী ৭% উত্তরদাতা বলেন :

ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় নগরায়ণ সৃষ্টির ফলে রাস্তাঘাট বেড়েছে। রাস্তাঘাটের উন্নতি হয়েছে। যানবাহনের সংখ্যা বেড়েছে ও গুণগত মানও বেড়েছে। ফলে যোগাযোগ ও যাতায়াতব্যবস্থার উন্নয়ন ঘটেছে। একইভাবে অবকাঠামো উন্নয়নের সূচক হিসেবে 'ভোটকেন্দ্র' বেড়েছে। সুতরাং, রাস্তাঘাট,যানবাহন ও ভোটকেন্দ্র বৃদ্ধি পাওয়ার ফলে গ্রামীণ নারীরা আগের চেয়ে ভোট প্রদানে আগ্রহী হয়ে উঠছেন। এতে গ্রামীণ নারীদের মধ্যে কিঞ্চিত হলেও রাজনৈাতক অধিকার, কর্তব্য ও সচেতনতাবোধ বৃদ্ধি পাচ্ছে বলেই সিদ্ধান্ত নেয়া যায়। এসবের পিছনে নগরায়ণই অবদান রাখছে।

# সপ্তম অধ্যায়
# (Seventh Chapter)

## উপসংহার, ফলাফল ও সুপারিশমালা
## (Concluding Remarks, Findings and Recommendations)

### উপসংহার
### (Concluding Remarks)

বিশ্বে কোন এলাকায়ই নগরায়ণের প্রভাবমুক্ত নয়। গ্রামীণ নগরায়ণ প্রক্রিয়া দ্বারা একটি গ্রামীণ এলাকা নগরে পরিণত হয়। এতে জনগণের মর্যাদা গ্রাম্য হতে সভ্য অবস্থায় রূপান্তরিত হয়। নগরায়ণ আসে নগর থেকে। নগর শিল্প, রাষ্ট্রায়ত্ত শিল্প এবং প্রধান পরিকল্পনাগুলি নগর থেকে বাইরে গ্রাম পর্যায়ে ছড়িয়ে নগরায়ণ ঘটে। গ্রামীণ নগরায়ণে অঞ্চলভিত্তিক কৃষি হ্রাস পেতে থাকে। গ্রামীণ এলাকার সামাজিক পরিবর্তন, অর্থনৈতিক উন্নয়ন, রাজনৈতিক উন্নয়ন ও সাংস্কৃতিক উন্নয়নে নগরায়ণের প্রভাব সুদূরপ্রসারী।

ধামরাই উপজেলা গ্রাম এলাকায় জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্যাবলী বিশ্লেষণ করে যে ফলাফল পাওয়া গেছে তাতে দেখা যায়- ধামরাই উপজেলার গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনব্যবস্থায় ‘নগরায়ণের প্রভাব’ খুবই স্পষ্ট। এই ‘প্রভাব’ ইতিবাচক ও নেতিবাচক। সবচেয়ে বড় ইতিবাচক প্রভাব হচ্ছে- গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনব্যবস্থায় নগরায়ণের প্রভাব অর্থাৎ অর্থনৈতিক উন্নয়ন। এক্ষেত্রে গবেষণাধীন এলাকায় প্রচুর শিল্প-কারখানা প্রসারের ফলে ঐ এলাকার গৃহিনী নারীরা যারা মূলতঃ এবং প্রধানত কৃষিকাজের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন এবং কৃষিজমির মালিক ছিলেন তারা উচ্চমূল্যে জমি বিক্রি করে প্রচুর অর্থ-সম্পত্তির মালিক হয়েছেন, বিলাসবহুল আরাম-আয়েশী জীবন-যাপন করছেন। অন্যদিকে যেসব নারীরা অর্থনৈতিকভাবে গরীব ও অসচ্ছল ছিলেন, কোন জমি-জমা ছিল না, তারা শিল্প-কারখানা প্রসারে প্রচুর কর্মসংস্থান হওয়ায় চাকরী-ব্যবসা করে দারিদ্র্যকে পরাজিত করে স্বচ্ছল হয়েছেন, নিজের অবস্থান ও মর্যাদার পরিবর্তন করেছেন। এসব নারীর স্বামী ও সন্তান চাকরী-ব্যবসা-বাণিজ্য করে নিজের বেকারত্ব দূর করেছেন। গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবন্যবস্থায় নগরায়ণের এই ইতিবাচক প্রভাব সবচেয়ে বেশী সুদূরপ্রসারী, চাঞ্চল্যকর, বৈপ্লবিক ও কার্যকর ফল বয়ে এনেছে গবেষণাধীন ৬টি গ্রামের মধ্যে পাশাপাশি ৩টি গ্রাম বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিতনগর গ্রামের নারীদের। অন্য ৩টি বিলকেষ্টি, ঘোড়াকান্দা ও ঈশান নগর গ্রামে নারীর অর্থনৈতিক জীবনব্যবস্থায় ‘নগরায়ণের প্রভাব’ উল্লেখিত বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর গ্রামের মত সুদূরপ্রসারী ও বৈপ্লবিক নয়। কারণ, এই তিনটি গ্রামে শিল্পায়ণের দ্রুত প্রসার নেই, অপরিকল্পিত প্রসারণ নেই। উন্নয়ন হচ্ছে– স্বাভাবিক ও ধারাবাহিক গতিতে।

ধামরাই উপজেলা গ্রাম এলাকার যে অর্থনৈতিক উন্নয়ন তা টেকসই উন্নয়ন (Sustainable Development) নয়। পরিকল্পিত উন্নয়ন নয়। এটি হচ্ছে অপরিকল্পিত উন্নয়ন। দীর্ঘমেয়াদে টিকতে পারে না।

ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক জীবনব্যবস্থায় ও নগরায়ণের ফলে কিছু কিছু পরিবর্তন এসেছে। নারীর চলন-বলন-কথন-আচরণ-ধ্যান-ধারণা, পোশাকে-খাদ্যে বিভিন্ন ক্ষেত্রে নগরায়ণের ইতিবাচক প্রভাব লক্ষণীয়। জীবন-যাপন, লাইফ স্টাইল, সচেতনতাবোধ, কুসংস্কার দূরীকরণে, ঘরবাড়িতে, বিজ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞান প্রভৃতি ক্ষেত্রে গ্রামীণ নারীর সামাজিক জীবনে ইতিবাচক পরিবর্তন লক্ষণীয়।

ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনব্যবস্থায় নগরায়ণের ইতিবাচক প্রভাব তেমন নেই বললেই চলে। তবে নারীর রাজনৈতিক ক্ষমতায়ন, অধিকারবোধ, সচেতনতাবোধ, নারীর বিরুদ্ধে নির্যাতন ও বৈষম্য ইত্যাদি বিষয়ে তাদের মধ্যে কিছুটা হলেও 'সুপ্ত ভাবনা ও চেতনা'র বহিঃপ্রকাশ দেখা গেছে। 'ইচ্ছা আছে, উপায় নেই' – বিষয়টি এরকম।

গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনব্যবস্থায় নগরায়ণের নেতিবাচক প্রভাব থাকে। বিশ্বের যেখানেই নগরায়ণ ঘটে, সেখানেই নগরায়ণের নেতিবাচক প্রভাব হিসেবে রাজনৈতিক দুর্বৃত্তায়ন ঘটে। গবেষণাধীন এলাকাতেও তার ব্যতিক্রম হয়নি। শিল্প-কারখানা বৃদ্ধির ফলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। ফলে জনসংখ্যার ঘনত্ব বৃদ্ধি পাচ্ছে। ফলে স্থানীয় রাজনীতিও দিন দিন কলুষিত হচ্ছে।

গবেষণাধীন ধামরাই উপজেলা প্রশাসনের সরকারী সেবা প্রদানকারী অফিস যেমন- ভূমি অফিস, বিদ্যুৎ অফিস ও থানা অফিস নাগরিক সেবা প্রদানের নামে সীমাহীন ও লাগামহীন দুর্নীতিতে ভরপুর। মানুষ নাজেহাল। নগর এলাকার এহেন নাগরিক সেবা নারী নাগরিকদের নাকাল করে ছাড়ছে। এসব অফিস দুর্নীতিতে আকণ্ঠ নিমজ্জিত।

তথ্য-উপাত্ত বিশ্লেষণে দেখা গেছে, ধামরাই উপজেলা এলাকায় রাজনীতিতে দুর্বৃত্তদের প্রভাবশালী অবস্থান। এই দুর্বৃত্তরাই গ্রামীণ নারীর জীবনব্যবস্থাকে নানাভাবে কলুষিত করছেন। এরা কালো টাকার মালিক, পেশী শক্তির অধিকারী। নারী নির্যাতন, ধর্ষণ, ইভ-টিজিং এদের দ্বারাই ঘটছে। এরাই বড় বড় অপরাধ ও সন্ত্রাসের সঙ্গে জড়িত। মাদকাসক্তির লাইলেন্স, বাজারজাতকরণ, বিপণন, ব্যবসা এবং মাদকের প্রসারে তারাই সম্রাট।

ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সমাজ পরিচালনার নেতৃত্বেও আছে রাজনৈতিক দুর্বৃত্তরা। বুদ্ধিহীন, মেধাহীন, খারাপ লোক সমাজকে নেতৃত্ব দিয়ে সামাজিক অবক্ষয় ঘটাচ্ছে। সমাজে বিশৃঙ্খলা তৈরি করছে। যার শিকার সমাজের নারীরা। এদের দুর্বৃত্তায়নের কারণে নারীরা রাজনীতিতে আসার সাহস করেন না।

ধামরাই উপজেলায় নোংরা রাজনৈতিক সন্ত্রাসের; যেমন- অপহরণ, গুম, খুন, হত্যার শিকারও নারীরা। সারাদেশব্যাপী এসব ঘটনারও প্রভাব আছে গবেষণাধীন এলাকায়। নারীরা এ নিয়ে নিরাপত্তাহীনতায় ভোগেন। গ্রামীণ নারীর অর্থনৈতিক অবস্থার উপর নগরায়ণের সবচেয়ে বড় নেতিবাচক প্রভাব হচ্ছে-

এলাকায় শিল্প-কারখানা গড়ে উঠার ফলে আবাদী জমি ধ্বংস এবং শিল্প-কারখানার বর্জ্যে মারাত্মক পরিবেশ দূষণ। ধামরাই উপজেলা গ্রামীণ নারীর জীবনে অর্থনৈতিক বৈষম্যও বিদ্যমান এবং দিন দিন বাড়ছে।

ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক জীবনব্যবস্থার উপর নগরায়ণের নেতিবাচক প্রভাব সবচেয়ে বেশী উদ্বেগজনক। প্রচুর, দ্রুত, বর্ধনশীল বিভিন্ন ক্যাটাগরির শিল্পকারখানা গড়ে উঠলেও শিল্পের বর্জ্য ও পয়োবর্জ্য নিষ্কাশনের কোনরকম ব্যবস্থাপনা নেই। বৃদ্ধিপ্রাপ্ত জনসংখ্যার পয়োবর্জ্য ও আবাসিক আবর্জনাও ব্যবস্থাপনা হয় না। কারণ, এসবের জন্য কোন যথাযথ কর্তৃপক্ষ নেই। নজরদারিরও কেউ নেই। ফলে পরিবেশ দূষণ মারাত্মক পর্যায়ে। নগরায়ণজনিত বিভিন্ন অপরাধ ও সন্ত্রাস বেড়েছে। সবচেয়ে বেশী ভয়াবহ অবস্থা মাদকাসক্তির বিস্তার। এলাকার উঠতি যুবসমাজ ধ্বংসের কবলে। এদের দ্বারা আবার বিভিন্ন অপরাধমূলক কার্যক্রম সংঘটিত হচ্ছে। এরা নিজ নিজ পরিবারকে অত্যাধিক অশান্তি ও অস্থিতিশীল করে তুলছে। মা-বাবা দিশেহারা। এখানে নগরায়ণ নারী শিক্ষা বিস্তার এবং বাল্য বিবাহ বন্ধে তেমন কোন ভূমিকা রাখতে পারেনি।

আলোচ্য গবেষণায় প্রমাণিত হয়েছে- ধামরাই উপজেলা গ্রামীণ নারীর ক্ষেত্রে নগরায়ণের সবচেয়ে উল্লেখযোগ্য প্রভাব হচ্ছে কৃষিজমি ধ্বংস করে আবাসিক এলাকায় বসতবাড়ী ঘেঁষে অপরিকল্পিত শিল্প-কারখানা স্থাপন, সুয়োরেজ ও পয়নিষ্কাশন ব্যবস্থা না থাকায় শিল্পবর্জ্য ও শিল্প-কারখানায় নিয়োজিত বৃদ্ধিপ্রাপ্ত জনসংখ্যার পয়োবর্জ্য খোলা আকাশের নীচে পড়ে থাকায় মারাত্মক পরিবেশ দূষণ, বর্জ্যে গাজীখালী নদীর মৃত্যু, ভয়াবহ মাদকাসক্তির প্রসারে অনেক যুবসমাজ ধ্বংসের দ্বারপ্রান্তে এবং পরিবারগুলো দিশেহারা। অপরাধ ও সন্ত্রাস বৃদ্ধি, ভূমি অফিস, বিদ্যুৎ অফিস ও থানা অফিসে ভয়াবহ দুর্নীতি, শিল্পায়ন হওয়ায় জমির মালিকানা জমি বিক্রি করে, অন্যান্যরা চাকরী-ব্যবসা-বাণিজ্য করে অর্থনীতিতে পরিবর্তন এসেছে, পরিবর্তন এসেছে খাদ্যে, পোশাকে, চিন্তা-ভাবনায়। আবার বিপরীত ফলও আছে। যেমন- জমি বিক্রি করে ভূমিহীন হয়েছেন অনেক নারী ও পুরুষ। তারা দালালদের খপ্পরে পড়ে জমিজমা হারিয়ে নি:স্ব হয়েছেন।

সার্বিকভাবে প্রতীয়মান হয় যে, ধামরাই উপজেলার গবেষণাধীন এলাকায় নগরায়ণের 'ইতিবাচক প্রভাব' অপেক্ষা 'নেতিবাচক প্রভাব' বেশী এবং নেতিবাচক প্রভাবগুলো পরিমান ও মাত্রাগতভাবে মারাত্মক ও ভয়াবহ। ধামরাই উপজেলা গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনে নগরায়ণের প্রভাব বিষয়ে প্রাপ্ত ফলাফল ও সনাক্তকৃত ত্রুটি-বিচ্যুতিগুলো ভবিষ্যৎ কর্মসূচী গ্রহণে সহায়ক হবে। তাতে নগরায়ণের নেতিবাচক প্রভাবগুলো যতটা সম্ভব কমিয়ে আনার সুযোগ সৃষ্টি হবে। এ গবেষণাটির ফলাফল এ ধরণের পরবর্তী যেকোন গবেষণায় উপাত্ত হিসেবে ব্যবহৃত হতে পারে। তদুপরি আমার বিশ্বাস, এ বিষয়ে আরো বিস্তারিত ও বিভিন্ন প্রেক্ষাপটে গবেষণা হওয়া উচিৎ। সে মর্মে সুপারিশ করা হল: "নগরায়ণ প্রত্যয়টি খুব ব্যাপক ও বিস্তৃত। তাই এর প্রভাবের প্রতিটি ক্ষেত্র নিয়েই বিস্তর গবেষণা হতে পারে। তাহলে গবেষণার সমস্ত দিক স্পষ্ট হয়ে ফুটে উঠবে।"

**ফলাফল**

## (Findings)

"বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ এর প্রভাব: ধামরাই উপজেলার উপর একটি কেস স্টাডি" শীর্ষক গবেষণার চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ অধ্যায়ে তথ্য উপস্থাপন ও বিশ্লেষণ করা হয়েছে। এতে ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনে নগরায়ণের প্রভাব স্পষ্ট হয়েছে। তথ্য উপস্থাপন ও বিশ্লেষণ থেকে নগরায়ণের প্রভাবের দু'টি দিক পাওয়া গেছে।

- ইতিবাচক দিক
- নেতিবাচক দিক

আলোচ্য গবেষণায় ধামরাই উপজেলা গ্রামীণ নারীর ক্ষেত্রে নগরায়ণের প্রভাবের প্রত্যেক অধ্যায়েরই আলাদা আলাদা ইতিবাচক ও নেতিবাচক প্রভাব রয়েছে। নীচে অধ্যায়ভিত্তিক ফলাফল উপস্থাপন করা হল।

### ধামরাই উপজেলার গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণ এর প্রভাব

### ইতিবাচক দিক

অধিকাংশ উত্তরদাতা মন্তব্য করেছেন, ধামরাই উপজেলার গ্রাম এলাকা শতভাগ বিদ্যুৎতায়িত এলাকা। ৮/১০ বছর আগেও এখানে বিদ্যুৎ ছিল না। নারী বিদ্যুৎ দ্বারা আলোকিত হচ্ছেন। ঘর- গৃহস্থালীর কাজ করছেন, প্রযুক্তির স্বাদ নিচ্ছেন। বিদ্যুৎ এখানকার নারীর জীবনে এনেছে বিপ্লব, এনেছে স্বাচ্ছন্দ্য ও যুগান্তকারী পরিবর্তন। বিদ্যুৎ নগরায়ণকে ত্বরান্বিত করছে। নগরায়ণ নারীদের সমৃদ্ধ করছে।

অধিকাংশের মতে, ধামরাই উপজেলার গ্রামীণ নারীদের মধ্যে নগরায়ণের ফলে ব্যাপক পরিবর্তন লক্ষ্য করা গেছে। খাদ্যে, পোশাকে, জীবনযাপনে, অর্থনৈতিক উন্নয়নসহ প্রায় প্রতিটি ক্ষেত্রে নারীর পরিবর্তন লক্ষ্য করার মত। নারীর মধ্যে ব্যাপক সামাজিক গতিশীলতা আছে। শিক্ষার্থী, চাকরীজীবী ও গৃহিনী নারীরা প্রায় সবাই নিজের কর্ম, অবস্থান, মর্যাদার পরিবর্তন করতে বদ্ধপরিকর।

## নেতিবাচক দিক

অধিকাংশ উত্তরদাতার তথ্য বিশ্লেষণে দেখা যায়, ধামরাই উপজেলা এলাকায় নগরায়ণের ফলে অভিবাসী জনসংখ্যার ঘনত্ব বাড়ছে, ফলে ঘনবসতি তৈরি হয়েছে এবং এ প্রক্রিয়া অব্যাহত ও চলমান। বিশেষ দরে বারাবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর গ্রামে। অভিবাসী জনসংখ্যা ব্যাপক বৃদ্ধির ফলে মাত্রাতিরিক্ত জনসংখ্যা বৃদ্ধিজনিত সমস্যা তৈরি হচ্ছে। বাড়তি জনসংখ্যার চাহিদা পূরণে অবকাঠামো, যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, শক্তি সম্পদের পরিমান একটুও বাড়েনি। ফলে বিদ্যমান অবকাঠামোর উপর মারাত্মক বাড়তি চাপ সৃষ্টি হচ্ছে। ব্যাপক অভিবাসী জনসংখ্যা নৈতিকতার অবনতি ঘটাচ্ছে। আবাসন সংকট হচ্ছে। নিজস্ব মূল্যবোধ ও সংস্কৃতির জন্য হুমকি সৃষ্টি করছে অভিবাসী মানুষরা। বিভিন্ন শ্রেণি পেশা সংস্কৃতির মানুষগুলো এখানে বিভাজন সংকট তৈরি করছে।

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় শতভাগ উত্তরদাতার মতে, নগরায়ণের ফলে পরিবেশ দূষণ মারাত্মক আকার ধারণ করেছে। শতভাগ উত্তরদাতাই পরিবেশ দূষণের চরম অবনতির কথা তুলে ধরেছেন। এতে নারী চরম স্বাস্থ্য ঝুঁকির মধ্যে আছে। বারবাড়িয়া, কৃষ্ণপুরা, ললিতনগর, বিলকোষ্টি ও ঈশান নগর গ্রামের ওপর দিয়ে বহমান গাজীখালী নদী শিল্পবর্জ্যে মৃতপ্রায়, নদীর বর্জ্যের দুর্গন্ধে জীবন অতিষ্ঠ। যে নদীর পানিতে নারী গোসল করতেন, ঘর গৃহস্থাপনার কাজ করতেন তা আর এখন হয় না। বারবাড়িয়া, কৃষ্ণপুরা, ললিত নগর গ্রামে সম্পূর্ণ বসতবাড়ী ঘেঁষে আবাসিক এলাকায় শিল্প কারখানা গড়ে উঠছে এবং এ অবস্থা চলমান। কৃষ্ণপুরা গ্রামে বসতবাড়ী ঘেঁষে স্থাপিত শত শত শ্রমিকের কর্মসংস্থান নওয়াপড়া প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ এর পয়নিষ্কাশন ও সূয়োরেজ নেই। পয়বর্জ্য ও শিল্পবর্জ্য খোলা আকাশের নিচে রাস্তায় পড়ে থাকে। এতে নারীসহ সব মানুষ মারাত্মক স্বাস্থ্য ঝুঁকিতে আছেন।

নওয়াপড়া প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ এর উচ্চমাত্রার জেনারেটর চলাকালীন সময় পাশের আবাসিক পরিবারগুলোর ঘরবাড়ি, বিল্ডিং ও অন্যান্য স্থাপনায় ভূমিকল্পের মতো কম্পন হতে থাকে। এতে নারীরা খুব আতংকে থাকেন। উচ্চমাত্রার জেনারেটর চলাকালীণ সময় ধোঁয়ায় প্রচন্ড শ্বাসকষ্ট হয়। ঐ জেনারেটর এর শব্দে পরিবারগুলো প্রচণ্ড স্বাস্থ্য ঝুঁকিতে আছে।

অধিকাংশ উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা গ্রাম এলাকার নগরায়ণের ফলে শিল্পায়ন প্রক্রিয়ায় সমৃদ্ধ হলেও সেখানে জ্বালানী চাহিদা পূরণে গ্যাস সংযোগ নেই। ফলে স্থানীয় নারীর বরাদ্দ জ্বালানীই বৃদ্ধিপ্রাপ্ত অভিবাসী জনগণ অংশীদার হওয়ায় জ্বালানী সংকট চরমে। বিশেষ করে গবেষণাধীন বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর এই তিনটি গ্রামে। নগরায়ণই এর জন্য দায়ী। যথাযথ কর্তৃপক্ষ সরকার নির্ধারিত পানি সরবরাহ লাইন নেই। অবস্থাপন্ন অধিকাংশ পরিবার নিজস্ব তত্ত্বাবধানে নিজ বাড়ির অভ্যন্তরে পানি সরবরাহ লাইনের ব্যবস্থা করে নিজে ও ভাড়াটিয়াদের চাহিদা মিটাচ্ছেন। সংশ্লিষ্ট এলাকা দ্রুত নগরায়িত হলেও সুয়োরেজ ও

পয়নিষ্কাশন ব্যবস্থা নেই। ফলে পয়োবর্জ্য খোলা জায়গায় পড়ে থাকায় পরিবেশের মারাত্মক অবনতি ঘটছে। নারী চরম স্বাস্থ্য ঝুঁকিতে আছেন।

ধামরাই উপজেলা গ্রাম এলাকার দুই-তৃতীয়াংশের অধিক উত্তরদাতার মাধ্যমে জানা যায়, নগরায়ণের ফলে অপরাধ ও সন্ত্রাস আগের যে কোন সময়ের চেয়ে বেড়েছে। মাদকাসক্তি ভয়ংকর রূপ ধারণ করেছে। কিশোর অপরাধ বেড়েছে প্রধানত মাদকসক্তির কারণে। সিঁধকাটা চুরি, তালা ভেঙ্গে চুরি ও ডাকাতি বেড়েছে। রাজনৈতিক অপরাধ আগের চেয়ে বেড়েছে। অপরাধ ও সন্ত্রাস বাড়াতে নারীদের নিরাপত্তাহীনতা, দুশ্চিন্তা, ভয় ও আতংক বেড়েছে।

অধিকাংশ উত্তরদাতার মতে, ধামরাই উপজেলায় নগরায়ণের ফলে গ্রামীণ নারীর সমাজে অসহযোগিতা ও অসহিষ্ণুতা বেড়েছে। ইভটিজিং, নারীর প্রতি সহিংসতা ও নির্যাতন এবং ধর্ষণ বেড়েছে। নারী শিক্ষার ক্ষেত্রে নগরাণের প্রভাব তেমন নেই বললেই চলে। বাল্যবিবাহ যেমন ছিল, তেমনই আছে। নগরায়ণ এক্ষেত্রে কোন পরিবর্তন আনতে পারেনি।

## ধামরাই উপজেলা গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব

### ইতিবাচক দিক

অধিকাংশ উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, ধামরাই উপজেলার গ্রামগুলো ১০/১২ বছর আগেও অজপাড়াগাঁও নামে পরিচিত ছিল। ১০/১২ বছর ধরে এই এলাকা শিল্প কারখানায় সমৃদ্ধ হচেছ। মানুষজন বিশেষ করে নারীরা শহরের মত জীবন-যাপন করছেন। নগরায়ণের প্রভাব খুব স্পষ্ট। জমির দাম বেড়েছে  আশাতীত। প্রচুর  কর্মসংস্থান এর সুযোগ, ব্যবসা-বাণিজ্যের পরিবেশ চাঙ্গা। কৃষিকাজ হয় না। বিশেষ করে বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর গ্রামে। পাশাপাশি এই তিনটি গ্রামে সবাই চাকরী বাকরী, ব্যবসা-বাণিজ্য করে জীবিকা নির্বাহ করে। তাই শতভাগ উত্তরদাতার  মতে, "এই গ্রাম এলাকা শহরে পরিণত হচ্ছে"।

অধিকাংশ উত্তরদাতার মতে, ধামরাই উপজেলায় খুব দ্রুত শিল্পায়নের প্রসার ঘটছে। ফলে নগরায়ণের প্রভাব স্পষ্ট। শিল্পায়নের প্রসার ঘটায় কর্মসংস্থানের সুযোগ আছে। কাজ চাইলেই পাওয়া যায়। নারী, তার বাবা, সন্তান ও স্বামী চাকরী করে সংসারের সচ্ছলতা আনতে পারেন। বেকার সমস্যা সমাধান হচ্ছে। আয় ও সঞ্চয় বাড়ছে। ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটায় নারীরা কেনাকাটায় স্বাচ্ছন্দ্য পান। দূরে যেতে হয় না, সময় ও পরিশ্রম সাশ্রয় হয়।

অধিকাংশের মতে, ধামরাই উপজেলা গবেষণাধীন এলাকায় কৃষিজমি ধ্বংস হওয়ায় কৃষিকাজ নেই। বিশেষ করে বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর গ্রামে। ফলে অধিকাংশের বেশী নারীরা কঠিন শারিরিক পরিশ্রমের পরিবর্তে আরাম আয়েশে শহুরে জীবন যাপন করছেন। নারীর

জীবনযাত্রার মান উন্নত হয়েছে। জমির দাম বাড়ায় বেশি দামে জমি বিক্রি করে অনেক নারী জেলা শহরে বাড়ি করেছেন। শহরবাসী হয়েছেন।

ধামরাই উপজেলায় গ্রামের অধিকাংশ নারী সিলিন্ডার গ্যাস ব্যবহার করেন। যা শহুরে জীবনের সংগে তুলনীয়। অধিকাংশ নারী চাঁপকলের পরিবর্তে পানি সরবরাহ লাইন স্থাপন করেছেন। অধিকাংশ নারী পাকা বাড়ীতে বসবাস করেন এবং বাথরুম পাকা ও এ্যাটাচ্‌ড। বাড়ি ভাড়া দিয়ে নারীরা মোটা অংকের অর্থ আয় করছেন। ইচ্ছা ও প্রয়োজন হলেই নারী চাইলে নিজের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারেন। অভাবী ও গরীব নারীরা এলাকায় চাকরি করে বেকারত্ব দূর করেছেন। অভাব দূর করছেন, সংসারে স্বাচ্ছান্দ্য এসেছে, সঞ্চয় করছেন। মজুরী বৃদ্ধির নিশ্চয়তা বাড়ানোর জন্য কর্মসংস্থান পরিবর্তন করতে পারেন।

## নেতিবাচক দিক

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকার অধিকাংশ নারী ও তার পরিবার বিশেষ করে বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর গ্রামের শিল্প-মালিক ও তাদের দালালদের চাপে বাধ্য হয়ে জমি বিক্রি করে ভূমিহীন হয়েছেন। অনেকে জমি হারিয়ে নিঃস্ব হয়েছেন। আবাদী জমির সংকট। বারবাড়িয়া, কৃষ্ণপুরা ও ললিত নগর গ্রামে কৃষিজমি প্রায় সম্পূর্ণ ধ্বংস হওয়ায় কৃষিকাজ নেই বললেই চলে। ফলে কৃষক নারীগণ কর্মহীন হয়ে পড়েছেন এবং বিভিন্ন খাদ্যদ্রব্যের সংকটে আছেন।

অধিকাংশ উত্তরদাতার মতে, ধামরাই উপজেলার যেসব গ্রামে কৃষিজমি এখনও ধ্বংস হয়নি, কৃষিকাজ চলে, সেসব এলাকায় শিল্পবর্জ্য ও ধোঁয়ায় বায়ু , মাটি ও পানি দুষিত হওয়ায় ফসলের উৎপাদন কম হয়।  অকালেই গাছের ফুল ফল ঝড়ে পড়ে। কৃষিজমি ধ্বংস হওয়ায় গ্রামীণ নারীর গৃহে গৃহপালিত পশু-পাখী যেমনঃ-গরু, ছাগল, ভেড়া, হাঁস-মুরগী ইত্যাদির খাদ্য ও চারণভূমির সংকট হওয়ায় এখন আর গৃহে এসব লালিত-পালিত হয় না বললেই চলে। কৃষিকাজ না হওয়ায় সফলের উচ্ছিষ্ট অংশ যেমন খড়, লতাপাতা, আঁশ ইত্যাদি গ্রামীণ নারীর জ্বালানীর প্রধান উৎস না থাকায় নারী চরম জ্বালানী সংকটে।

অধিকাংশ উত্তরদাতার মন্তব্য হচ্ছে– ধামরাই উপজেলার গ্রামীণ নারীরা নগরায়ণের ফলে চরম অর্থনৈতিক বৈষম্যের শিকার। এলাকায় যাদের জমি ছিল ও এখনও আছে, তারা শিল্পায়নের ফলে বেশি দামে জমি বিক্রি করে হঠাৎ কোটিপতি বনে গেছেন। তাঁদের বিলাসবহুল জীবন ও চাকচিক্যের সংগে বাকীরা পেরে উঠছেন না। উৎপাদন না হওয়ায় বা উৎপাদন কম হওয়ায় দ্রব্যমূল্য ও অত্যধিক বেশি, এতে নারী হিমশিম খাচ্ছেন। নগরায়ণের ফলেই এটা হচ্ছে।

## ধামরাই উপজেলা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব

## ইতিবাচক দিক

ধামরাই উপজেলা গ্রাম এলাকায় উত্তরদাতাগণের কাছ থেকে প্রাপ্ত তথ্যে গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনব্যবস্থায় নগরায়ণের ইতিবাচক প্রভাব খুবই সামান্য।

ধামরাই উপজেলার গ্রামীণ এলাকায় নগরায়ণ সৃষ্টির ফলে রাস্তাঘাট বেড়েছে। রাস্তাঘাটের উন্নতি হয়েছে। যানবাহনের সংখা বেড়েছে ও গুণগত মানও বেড়েছে। ফলে যোগাযোগ ও যাতায়াতব্যবস্থার উন্নয়ন ঘটেছে। একইভাবে অবকাঠামো উন্নয়নের সূচক হিসেবে 'ভোটকেন্দ্র' বেড়েছে। সুতরাং, রাস্তাঘাট,যানবাহন ও ভোটকেন্দ্র বৃদ্ধি পাওয়ার ফলে গ্রামীণ নারীরা আগের চেয়ে ভোট প্রদানে আগ্রহী হয়ে উঠছেন। এতে গ্রামীণ নারীদের মধ্যে কিঞ্চিত হলেও রাজনৌতক অধিকার, কর্তব্য ও সচেতনতাবোধ বৃদ্ধি পাচ্ছে বলেই সিদ্ধান্ত নেয়া যায়। এসবের পিছনে নগরায়ণই অবদান রাখছে।

## নেতিবাচক দিক

ধামরাই উপজেলা প্রশাসনের সেবা প্রসঙ্গে শতভাগ উত্তরদাতা বলেছেন, ভূমি অফিস, বিদ্যুৎ অফিস, থানা অফিসে চরম দুর্নীতি, ঘুষ ছাড়া কোন সেবা পাওয়া যায় না। শতভাগ উত্তরদাতা চরম অনিয়মের কথা বলেছেন। এ অবস্থায় নারীরা খুব অসহায়। পুলিশ অকারণে নারীদের এবং তাঁর স্বামী ও সন্তানদের হয়রানি করে। মিথ্যা মামলা দেয়। একান্তই বাধ্য না হলে কোন নারী থানায় সেবা নিতে যান না। রাজনৈতিক অপরাধী, সন্ত্রাসী ও মাদক ব্যবসায়ীদের আশ্রয়দাতা ও পৃষ্ঠপোষকতাকারী হিসেবে পুলিশের সম্পৃক্ততা আছে বলে উত্তরদাতাগণ বলেছেন।

দুই-তৃতীয়াংশের অধিক উত্তরদাতা বলেন, ধামরাই উপজেলা গ্রাম এলাকায় রাজনীতি প্রায় পুরোপুরি দুবৃর্ত্তদের হাতে চলে গেছে। এতে নারীর রাজনীতিতে অংশগ্রহণ চরম বাধাগস্ত হচ্ছে। রাজনৈতিক পরিবেশ আগের যে কোন সময়ের চেয়ে বর্তমানে অনেক বেশি খারাপ। রাজনৈতিক অপরাধ বেড়েছে। অব্যাহত অপহরণ, গুম, খুনের কারণে নারীরা চরম নিরাপত্তাহীনতায় ভোগেন। সন্ত্রাস সৃষ্টির ক্ষমতা কালো টাকা ও পেশীশক্তিসহ নানা রাজনৈতিক অপরাধের কারণে নারী ন্যায়বিচার থেকে বঞ্চিত। নারীর নিরাপত্তাহীনতা বেড়েছে।

অধিকাংশ উত্তরদাতাই মন্তব্য করেছেন, গবেষণাধীন এলাকায় রাজনৈতিক ক্ষমতায়নের মূল ভিত্তি কালো টাকা, পেশীশক্তি, ও সন্ত্রাস সৃষ্টির সক্ষমতা হওয়ায় রাজনীতিতে নারীর অংশগ্রহণ ও ক্ষমতায়ন খুবই হতাশাব্যঞ্জক । রাজনৈতিক ক্ষমতা অর্জন, অংশগ্রহণ ও ক্ষমতায়নের সচেতনতা বৃদ্ধির জন্য ইউনিয়ন পরিষদ ছাড়া নারীর অনুকূল কোন সংগঠন নেই। সমাজ পরিচালিত হচ্ছে মেধাহীন, অযোগ্য, খারাপ লোক দ্বারা। আর মেধাবী, বুদ্ধিমান ও ভাল লোক

গুলোকে বোকা বানিয়ে রাখা হয়েছে, যার পরিণতি নারীর প্রতি অব্যাহত সহিংসতা, বৈষম্য, নির্যাতন ও বিচারহীনতা।

## সুপারিশ
## (Recommendations)

"বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ এর প্রভাব: ধামরাই উপজেলার উপর একটি কেস স্টাডি" – শীর্ষক গবেষণায় ধামরাই উপজেলা এলাকায় সংগৃহীত তথ্যের বিশ্লেষণ ও ফলাফল থেকে নগরায়ণের প্রভাবে গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রে যেসব সমস্যা উদঘাটিত হয়েছে, তা সমাধানের জন্য নিম্নরূপ সুপারিশ উপস্থাপন করা হল:

ধামরাই উপজেলায় বাড়তি অভিবাসী জনসংখ্যার চাহিদা পূরণে অবকাঠামো, যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, হাপসাতাল ইত্যাদির যোগান পর্যাপ্ত বাড়িয়ে মাত্রাতিরিক্ত জনসংখ্যা বৃদ্ধিজনিত সমস্যা সমাধান করতে হবে। এসব সুসম্পন্ন করার জন্য পরিবহন ও সেতু যন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, পরিবার ও স্বাস্থ্য মন্ত্রণালয় এবং এসবের অধিদপ্তর, দপ্তর, পরিদপ্তর ও স্থানীয় অফিসকে যথাযথ ভূমিকা পালন করতে হবে। তাহলে নারীর অবকাঠামোজনিত সমস্যার সমাধান হবে।

গবেষণাধীন ধামরাই এলাকায় বহমান গাজীখালী নদীকে ড্রেজিং এর মাধ্যমে প্রবাহ স্বাভাবিক করতে হবে। এ ব্যাপারে পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং বিভিন্ন পরিবেশবাদী সাংগঠন যেমন– বাপা (BAPA), বেলা (BELA), পবা (POBA) ইত্যাদি প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে। কৃষ্ণপুরা গ্রামে আবাসিক এলাকায় বসতবাড়ী ঘেঁষে গড়ে উঠা নওয়াপাড়া প্যাকেজিং ইন্ডাস্ট্রিজকে সরিয়ে অন্যত্র স্থানান্তর করতে হবে। বারবাড়িয়া, কৃষ্ণপুরা, ললিত নগর গ্রামের আবাসিক এলাকা থেকে অন্যান্য শিল্প কারখানা ও সরিয়ে ফেলতে হবে। তাহলেই নারীবান্ধব পরিবেশ নিশ্চিত হবে।

নওয়াপাড়া প্যাকেজিং ইন্ডাস্ট্রিজসহ অন্যান্য শিল্প কারখানার অনতিবিলম্বে পয়নিষ্কাশন ও সূয়োরেজ লাইন স্থাপন জরুরী। নয়ত নারীর মারাত্মক পরিবেশ বিপর্যয় ও জনস্বাস্থ্য বিপর্যয় রোধ অসম্ভব। কৃষ্ণপুরা গ্রামের বসতবাড়ী ঘেঁষা নওয়াপাড়া প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ এর উচ্চমাত্রার জেনারেটর কর্তৃক বসতবাড়ী কম্পনরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া, এর ব্যাপকমাত্রার ধোঁয়া নিয়ন্ত্রণ জরুরী।

ধামরাই উপজেলার দ্রুত বর্ধনশীল শিল্পায়িত এলাকায় বৃদ্ধিপ্রাপ্ত জনসংখ্যার জ্বালানী চাহিদা পূরণে গ্যাস সংযোগের ব্যবস্থা করতে যথাযথ কর্তৃপক্ষকে এগিয়ে আসতে হবে। পানি সরবরাহ লাইন স্থাপন জরুরী। এ ব্যাপারে WASA ও BAPEX সহ যথাযথ কর্তৃপক্ষকে গ্রামীণ নারীর উন্নয়নে এগিয়ে আসতে হবে।

ধামরাই উপজেলা গ্রাম এলাকার অপরাধ ও সন্ত্রাস দমনে সরকার ও পুলিশকে আন্তরিক হতে হবে। মাদকাসক্তির ভয়ংকর রূপ ও বিস্তাররোধে এর লাইসেন্স, বাজারজাতকরণে সরকারকে সতর্ক হতে হবে। মাদক নিয়ন্ত্রণ করতে হবে। কিশোর অপরাধীদের সংশোধনের ব্যবস্থা করতে হবে। রাজনৈতিক অপরাধ দমনে ক্ষমতাসীন সরকার ও দলের নূন্যতম ইচ্ছা থাকলেই অবস্থা স্বাভাবিক হবে।

ধামরাই উপজেলায় গ্রামীণ নারীর প্রতি সহিংসতা, নির্যাতন, ইভটিজিং, র্ধষণসহ বিভিন্ন অপরাধমূলক কার্যক্রম রোধে সরকার, দল, দায়িত্ব প্রাপ্ত এজেন্সি, বিভিন্ন নারী সংগঠনসহ সর্বস্তরের জনগণকে এগিয়ে আসতে হবে, সচেতন হতে হবে।

ধামরাই উপজেলায় নগরায়ণ জোরদার হলেও গ্রামীণ নারী শিক্ষা প্রসার ও বাল্য বিবাহ রোধে সবচেয়ে বড় বাঁধা কুসংস্কার। কুসংস্কার এর বিপক্ষে প্রচারণা চালিয়ে নারী শিক্ষার প্রসার ঘটাতে ও বাল্য বিবাহ রোধ করতে হবে।

ধামরাই উপজেলা গ্রামীণ এলাকায় নগরায়ণের ফলে যততত্র শিল্প কারখানা গড়ে তোলার মাধ্যমে কৃষিজমিকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে হবে, এজন্য কৃষি মন্ত্রণালয় ও শিল্প মন্ত্রণালয়কে সমন্বিতভাবে কাজ করতে হবে। শিল্পনীতি অনুযায়ী শিল্প মালিকদের শিল্প কারখানা স্থাপনে বাধ্য করতে হবে। যুগোপোযোগী, সময়োপযোগী ও টেকসই শিল্পীনীতি প্রণয়ন এবং তার পরিপূর্ণ প্রয়োগ ও বাস্তবায়ন করতে সরকারকে বদ্ধপরিকর থাকতে হবে।

কৃষিতে ভর্তুকী দিয়ে কৃষি কাজ ও কৃষককে বাঁচাতে হবে। উৎপাদন বাড়াতে হবে। এতে নারী কৃষক ও কৃষি কাজের সংগে সংশ্লিষ্ট নারীরা লাভবান হবেন।

ধামরাই উপজেলা প্রশাসনের ভূমি  অফিস, বিদ্যুৎ অফিস ও থানা অফিসের চরম দূর্নীতির প্রতিকার ও প্রতিরোধ করতে হবে। তাহলেই নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনব্যবস্থায় নগরায়ণের নাগরিক সেবা নিশ্চিত হবে। এ ব্যাপারে সরকারের সদিচ্ছাই প্রথম ও প্রধান নির্ধারক।

ধামরাই থানা পুলিশের উপর নারীর আস্থা ফিরিয়ে আনতে হবে। পুলিশকে হতে হবে নারীর নিরাপত্তার ধারক, বাহক ও রক্ষক। এজন্য প্রয়োজন পুলিশ বিভাগকে সরকার ও রাজনীতি থেকে নিয়ন্ত্রণমুক্তকরণ। পুলিশকে হতে হবে আইনের রক্ষক। রাজনৈতিক অপরাধী, সন্ত্রাসী ও মাদকসেবীদের আশ্রয় প্রশ্রয় ও পৃষ্ঠপোষকতা বন্ধ করতে হবে।

ধামরাই উপজেলার রাজনীতিকে দূর্বৃত্তায়নমুক্ত করতে হবে। এজন্য প্রয়োজন প্রত্যেক দলের তৃণমূল পর্যায়ে গণতন্ত্র ও সুশাসন। রাজনৈতিক দুর্বৃত্তায়ন কমাতে জনগনের ভোটে নির্বাচিত সরকার প্রয়োজন। স্থানীয় পর্যায়ে গবেষণাধীন এলাকায় রাজনৈতিক নেতৃত্বে বুদ্ধিমান, মেধাবী, যোগ্য ও ভাল লোককে বসাতে হবে। তাহলে নারীর ক্ষমতায়ন এর পথ সুগম হবে।

ধামরাই উপজেলায় অব্যাহত অপরহরণ, গুম, খুন ও বিচারবর্হিভূত হত্যা বন্ধ করে নারীর নিরাপত্তা নিশ্চিত করতে হবে। নগরায়ণের ফলে সৃষ্ট সন্ত্রাস, কালো টাকা ও পেশীশক্তির করালগ্রাস থেকে নারীকে রক্ষা করে সমাজে নারীর ন্যায়বিচার প্রাপ্তি নিশ্চিত করতে হবে। গ্রামীণ নারীর রাজনীতিতে অংশগ্রহণ ও ক্ষমতায়নের জন্য নারীবান্ধব বিশেষ সংগঠন করতে হবে।

সর্বশেষ গুরুত্বপূর্ণ সুপারিশ হচ্ছে– ধামরাই উপজেলার নিয়মনীতিহীন বিচ্ছিন্ন অপরিকল্পিত নগরায়ণকে নিয়ন্ত্রণ এবং অপরিকল্পিত নগরায়ণের ফলে সৃষ্ট ক্ষণস্থায়ী ভঙ্গুর অপরিকল্পিত অর্থনৈতিক উন্নয়নকে দীর্ঘস্থায়ী ও টেকসই উন্নয়নে পরিণত করে গ্রামীণ নারীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রগুলোকে সাফল্যমণ্ডিত করতে সরকারকে যথাযথ ব্যবস্থা নিতে হবে।

# তথ্যপঞ্জী
# (Bibliography)

## গ্রন্থ


Aminuzzaman, Salauddin M. (2011), *Essentials of Social Research,* Dhaka: Osder Publications.

Barkat, Abul, Population Distribution, Urbanization and Internal Migration in Bangladesh, Paper Prepared for International Conference on Population and Development, Ministry of Health and Family Welfare, Govt. of Bangladesh.

Bashar, S. H. A. and Reazuddin, M. (1990), *Towards Sustainable Development: Issues of Environmental Pollution in Bangladesh,* Dhaka: MOEF and BARC.

Carter, H. (1976), *The Study of Urban Ecography,* London: Arnold.

Chapin, F. S. (1992), *Urban Landuse Planning,* Chicago: University of Illinois Press.

Chaudhury, R. H. (1980), *Urbanization in Bangladesh,* Dhaka: Centre for Urban Studies.

Chaudhury, Rafiqul Huda (1980), *Urbanization in Bangladesh, Dept. of Geography,* University of Dhaka: Centre for Urban Studies.

Dobriner, W. M. (1963), *Class in Suburban,* New Jersey: Prentice Hall.

Douglas, H. P. (1925), *The Suburban Trend,* New York: MacMillan.

Duncan, O. D. and Reiss, A. I. (1956), *Suburbs and Urban Fringe,* New York: MacMillan.

Goodall, B. (1972), *The Economics of Urban Areas,* Oxford: Oxford University Press.

Hauser, Philip M. and Schnore, Leo F. (ed.) (1965), *The Study of Urbanization,* 2nd Edition, New York, London, Sydney: John Wiley & Sons Inc.

Hussain, Shahnaz Huq (1996), *Female Migrant's Adaptation in Dhaka, A Case of the Processes of Urban Socio-Economic Change,* Dhaka: Urban Studies Programme, Department of Geography, University of Dhaka.

Islam N. and A. I. Chowdhury (editors) (1992), *Urban and Management in Bangladesh,* Dhaka: Ministry of Land, Government of the People's Republic of Bangladesh.

Islam, N. (1991), "Dhaka in 2025 AD" in S. U. Ahmed (edited), Dhaka: Past Present Future Dhaka, Asiatic Society of Bangladesh.

Islam, N. (2001), *Urbanization, Urban Planning, Urban Development and Urban Governance: A Reader for Students*, Dhaka: Centre for Urban Studies.

Islam, N. (ed.) (1994), *Urban Research in Bangladesh: Review of Recent Trends and An Agenda for the 1990s,* Dhaka: Urban Studies Centre.

Islam, N. (ed.) (1996), *The Urban Poor in Bangladesh,* Dhaka: Centre for Urban Studies.

Islam, Nazrul (1998), *Human Settlements and Urban Development in Bangladesh,* Dhaka: The University of Dhaka.

Kothari, C. R. (1986), *Research Methodology: Methods and Techniques,* New Delhi: Willey Eastern Limited.

Mahbub, A. Q. M. (1991), "Mobility Behaviour of Working Women in Rural Bangladesh", Oriental Geographer.

Roy, Turner (ed.) (1962), *Urban Future,* Los Angles: University of California Press.

Sultana, S. (1990), *Rural Settlement in Bangladesh: Spatial Pattern and Development,* Dhaka: Graphosman.

UNO (1979), Convention on the Elimination of all Forms of Discrimination against Women (CEDAW), New York, USA: Adopted by UN General Assembly.

Weber, A. (1899), *The Growth of Cities in the Nineteenth Century,* New York: Columbia University Press.

Williams, T. R. (1984), *Economic Geography,* London: Longman.

সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট (১৯৯৬), *নগর দারিদ্র্যের উপর গ্রামীণ জনগণের স্থানান্তরের প্রভাব: ঢাকা মেট্রোপলিটন এলাকার বস্তিবাসীদের উপর একটি সমীক্ষা,* ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

রহমান, মুহাম্মদ হাবিবুর (১৩৯২ বঙ্গাব্দ), *গঙ্গাঋদ্ধি থেকে বাংলাদেশ,* ঢাকা: বাংলা একাডেমী।

রায়, নীহার রঞ্জন (১৩৫৯ বঙ্গাব্দ), *বাঙ্গালীর ইতিহাস,* আদি পর্ব, কোলকাতা: বুক এম্পোরিয়াম।

বাকী, মোঃ আবদুল (১৯৯২), "নগরীয় বাণিজ্যিক ভূমি ব্যবহার: একটি বিশ্লেষণ", নগরুল ইসলাম এবং সিরাজুল ইসলাম (সম্পাদিত), *বাংলাদেশ: ভৌগোলিক সমীক্ষা*, ঢাকা: ভূগোল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

হোসেন, নাজির (১৯৯৫), *কিংবদন্তির ঢাকা*, ঢাকা: প্যারাডাইস প্রিন্টার্স।

মামুন, মুনতাসীর (১৯৮৯), পুরোনো ঢাকার উৎস ও ঘরবাড়ি, ঢাকা: বাংলা একাডেমী।

ইসলাম, নজরুল (১৯৯৬), *বাংলাদেশে নগরায়ণ: সাম্প্রতিক ধারা*, নজরুল ইসলাম ও আবদুল বাকী (সম্পাদিত), নগরায়ণে বাংলাদেশ, ঢাকা: নগরায়ণ চর্চা কার্যক্রম, ভূগোল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ইসলাম, নজরুল ও বাকী, আবদুল (সম্পাদিত) (১৯৯৬), *নগরায়ণে বাংলাদেশ*, ঢাকা: নগরায়ণ চর্চা কার্যক্রম, ভূগোল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ইসলাম, নজরুল (২০১২), "নগর গবেষণা কেন্দ্র", শরীফ উদ্দীন আহমেদ সম্পাদিত "ঢাকা কোষ" গ্রন্থে সংকলিত, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি।

হান্টিংটন, শ্যামুয়েল পি. (২০১৬), *দ্য ক্ল্যাশ অব সিভিলাইজেশন এন্ড দ্য রিমেকিং অব ওয়ার্ল্ড অর্ডার: সভ্যতার বিরোধ এবং বিশ্বশান্তি*, উল্লাহ, আহসান সম্পাদিত, ঢাকা: অঙ্কুর প্রকাশনী।

আহমেদ, শরীফ উদ্দিন সম্পাদিত (২০১২), *ঢাকা কোষ (Encyclopedia of Dhaka)*, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি।

তপন, শাহজাহান (১৯৯৩), *থিসিস ও অ্যাসাইনমেন্ট লিখন, পদ্ধতি ও কৌশল*, দ্বিতীয় সংস্করণ, ঢাকা: প্রতিভা।

আলম, খুরশিদ (২০০০), *সমাজ গবেষণা পদ্ধতি*, চতুর্থ সংস্করণ, ঢাকা: মিনার্ভা পাবলিকেশন্স।

মান্নান, মোঃ আবদুল ও মেরী, শামসুন্নাহার খানম (২০০২), *সামাজিক গবেষণা ও পরিসংখ্যান পরিচিতি*, ঢাকা: অবসর প্রকাশনা সংস্থা।

শাহনাওয়াজ, এ. কে. এম. (২০১৬), *আমার বাংলাদেশ*, মধ্যযুগ, ঢাকা: চন্দ্রাবতী একাডেমী।

খান, এ. কে. এম. শওকত আলী ও রহমান, মোঃ ওবায়দুর (২০১৪), বিচ্যুতি ও অপরাধ, Deviance and Crime, ঢাকা: গ্রন্থ কুটির।

খাঁন, মোঃ আক্তার হোসেন ও আজম, মোঃ গাওছুল (২০১১), *গ্রামীণ ও নগর সমাজবিজ্ঞান, Rural & Urban Sociology*, তৃতীয় সংস্করণ, ঢাকা: মিলেনিয়াম পাবলিকেশন্স।

খান, আলী ও আক্তার (২০১৩), *বাংলাদেশ সমাজবিজ্ঞান, Bangladesh Sociology*, ঢাকা: গ্রন্থ কুটির।

আহমেদ, ইয়াসমিন (২০০৭), *বাংলাদেশের রাজনৈতিক অর্থনীতি, দ্বিতীয় সংস্করণ*, ঢাকা: আজিজিয়া বুক ডিপো।

হাসান, রাগিব (২০১৫), *গবেষণায় হাতে খড়ি*, ঢাকা: আদর্শ।

ইসলাম, এম. নজরুল (২০০৭), *উন্নয়নশীল দেশে জাতি গঠনের সমস্যা, মালয়েশিয়া প্রসঙ্গ*, ঢাকা: বাংলা একাডেমী।

সিং, কাভালজিৎ (২০০৬), *বিশ্বায়ন: কিছু অমীমাংসিত প্রশ্ন, দ্বিতীয় মুদ্রণ*, ঢাকা: দি ইউনির্ভাসিটি প্রেস লিমিটেড।

খান, হেলেনা (২০১১), *বাংলাদেশের স্থানীয় সরকার ও রাজনীতি*, ২য় সংস্করণ, ঢাকা: আনন্দ প্রকাশন।

রহমান, মোকাদ্দেসুর (২০০৯), *রাজনৈতিক সমাজতত্ত্ব*, ঢাকা: আজিজিয়া বুক ডিপো।

রায়, নান্টু সম্পাদিত (২০১০), *ধামরাইয়ের রথযাত্রা ও অন্যান্য প্রসঙ্গ*, ঢাকা: মানসী গ্রাফোসম্যান প্রকাশনা।

আহমদ, এমাজ উদ্দিন (২০১১), *বাংলাদেশ লোক প্রশাসন*, ঢাকা: বাঁধন পাবলিকেশন্স।

হোসেন, আবু মো: দেলোয়ার (২০১৩), *বাংলাদেশের ইতিহাস (১৯০৫-১৯৭১)*, ঢাকা: বিশ্ববিদ্যালয় প্রকাশনী।

রহিম, এম. এ. (২০১১), *বাংলার মুসলমানদের ইতিহাস (১৭৫৭-১৯৪৭)*, সপ্তম মুদ্রণ, ঢাকা: আহমদ পাবলিশিং হাউজ।

হক, মুহাম্মদ ইনাম-উল (১৯৯৩), *ভারতের মুসলমান ও স্বাধীনতা আন্দোলন*, ঢাকা: বাংলা একাডেমী প্রেস।

ইকফাৎ, মুশফেকা, আলী, মোহাম্মদ ও হোসেন, আবুল (সম্পাদিত) (২০০৮), *জেন্ডার, সাম্য ও সমতা: বাংলাদেশে নারী সম্পর্কিত আইন ও প্রাসঙ্গিক বিষয় (ম্যানুয়াল)*, ঢাকা: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

কর্মকার, রঞ্জন ও প্রমূখ (সম্পাদিত) (২০০৫), *জেন্ডার এবং উন্নয়ন: জেন্ডার নীতিমালা এবং কৌশল*, ঢাকা: জেন্ডার ট্রেইনার্স এন্ড এ্যাক্টিভিস্টস কোর গ্রুপ।

রহমান, শাহীন (সম্পাদিত) (১৯৯৮), *জেন্ডার প্রসঙ্গ*, ঢাকা: স্টেপ টুয়ার্ডস ডেভেলপমেন্ট।

*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।*

কুদ্দুছ, আব্দুল ও শাকিল, জহিরুল হক (২০০৩), *বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে নারীর ক্ষমতায়ন: সমস্যা ও সম্ভাবনা*, ঢাকা: বাতায়ন প্রকাশন।

কামাল, সুলতানা (২০১০), *নারী, মানবাধিকার ও রাজনীতি,* ঢাকা: ইত্যাদি গ্রন্থ প্রকাশ।

খালেক, সেলিনা (২০০৯), *মহিলা সমাজ ও আমাদের সংস্কৃতি,* ঢাকা: সম্রাজ্ঞী প্রকাশনী।

খানম, রাশিদা (সম্পাদিত) (২০১০), *সমাজ ও নারী,* ঢাকা: এ. এইচ. ডেভেলপমেন্ট হাউজিং পাবলিশিং হাউজ।

বেগম, হাসনা (১৯৯০), *নৈতিকতা, নারী ও সমাজ,* ঢাকা: মাওলা ব্রাদার্স।

## আর্টিকেল/জার্নাল

Ali, A. M. S. (1984), "Urban Expansion and Agricultural Change: An Example from Bangladesh", *Oriental Geographer,* vol. 28, no. 1 and 2.

Bean, Frank D., Brown, Susan K. and Rumbaut, Ruben G. (2006), "Mexican Immigrant Political and Economic Incorporation", *Perspectives on Politics,* vol. 4, no. 2.

CUS (2014), "Urban Development News", *CUS BULLETIN on Urbanization and Development,* no 66.

Dasgupta, Biplap (1987), "Urbanization and Rural Change in West Bengal", *Economic and Political Weekly,* vol. 22, no. 8.

Elahi, K. M. (1971), "Urbanization in Bangladesh: Geo-Demographic Study", *Oriental Geographer,* vol. 16, no. 1.

Eusuf, A. Z. and H. Khatun (1993), "Growth and Spatial Pattern of Urban Centres in Bangladesh", *Bangladesh Urban Studies,* vol. 2, no. 1.

Ghosh, Rajan Chandra (2014), "Environmental Migrants in Urban Life: A Case Study of Korail Slum", *CUS Bulletin on Urbanization and Development,* no. 67.

Hossain, Md. Nazmul and Kakoly, Israt Jahan (2015), "Determinants of Internal Migration in Bangladesh: An Analysis Using National Data from 2007 to 2010", *Social Science Review,* The Dhaka University Studies, Part-D, vol. 32, no. 1.

Iqbal, Md. Jafar, Diba, Khairun Nahar and Nazneen, Sonia (2014), "Situation Analysis and Recommendations for Water, Sanitation and Hygiene of Mohammadpur Geneva Camp", *CUS Bulletin on Urbanization and Development,* no. 66, January-June 2014.

Islam, Md. Nurul (1999), "Plato and His Concept of Education", *Journal of the Asiatic Society of Bangladesh,* Humanities, vol. 44, no. 1.

Islam, N. (1999), "Dhaka From City to Mega City: Perspectives on People, Places, Planning and Development Issues", *Urban Studies Programme,* University of Dhaka, vol. 3.

Islam, Sirajul (ed.) (2003), "Banglapedia: National Encyclopedia of Bangladesh" vol. 3, Dhaka: Bangladesh Asiatic Society.

Lal, H. (1973), "Urban Fringe: An Analysis of Concepts", *Uttar Bharat Bhoogal Patrika,* 9(2).

Lien, Pei-te and Others (2007), "The Voting Rights Act and the Election of Nonwhite Officials", *Political Science and Politics,* vol. xl, no. 3.

Moniruzzaman, A. K. M. and Rahman, Zakaria (2006), "Effectiveness of Adjudication as a Method of Industrial Dispute Settlement in Bangladesh", *Journal of Politics and Administration,* vol. 1, no. 1.

Paul, N. (1993), "We are in Search of a Beautiful City: Dhaka Mayor", *Weekly News Magazine,* July (2-8).

সামাদ, মুহাম্মদ ও নাসরীন, শাহানা (২০০০), "বস্তিতে অভিবাসন: ঢাকা শহরের বস্তিবাসীদের উপর একটি সামাজিক জরিপ", *ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা,* সংখ্যা ৬৭।

ইসলাম সিরাজুল (সম্পাদিত) (২০১১), "বাংলাপিডিয়া: বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ", খন্ড ৬, দ্বিতীয় সংস্করণ, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি।

মান্নান, এস. এম ও হক, কাজী মোস্তাক গাউসুল (২০১৩, ২০১৪), "গ্রামীণ গ্রন্থাগার ও তথ্য নেটওয়ার্ক: একটি প্রস্তাবনা", *ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা,* সংখ্যা ৯১-৯৩।

চাকমা, আনন্দ বিকাশ (২০১৩), "ভারত বিভাগ ও পার্বত্য চট্টগ্রাম", *বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি পত্রিকা,* খন্ড একত্রিশ, সংখ্যা গ্রীষ্ম, জ্যৈষ্ঠ, ১৪২০।

ইসলাম, মো: রবিউল ও খোদা, ফজলে (২০০৫, ২০০৬), "বাংলাদেশে মাদকাসক্তি সমস্যা", *ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা,* যুক্তসংখ্যা ৮৩-৮৪।

ভূঁইয়া, এম. সাইফুল্লাহ ও ফয়সাল, মো: (২০০৫, ২০০৬), "নির্বাচন ও গণতন্ত্র: প্রেক্ষিত বাংলাদেশ", *ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা,* যুক্তসংখ্যা ৮৩-৮৪।

রহমান, ফারহানা (২০১১), "বাংলাদেশে বাল্য বিয়ে: একটি সামাজিক জনবৈজ্ঞানিক পর্যালোচনা", *সামাজিক বিজ্ঞান পত্রিকা* [ঢাকা বিশ্ববিদ্যালয় স্টাডিজ, পার্ট-ডি], খন্ড ৫, সংখ্যা ৫।

## রিপোর্ট

BBS, Bangladesh Bureau of Statistics, A Case Study of Floating Population in Dhaka City: 1986, Dhaka: Govt. of Bangladesh, 1988.

BBS, Bangladesh Population and Housing Census 2001, National Series, Volume 3, Urban Area Report, Dhaka: Bangladesh Bureau of Statistics, 2008.

BBS, Bangladesh Population and Housing Census 2011, Community Report, Dhaka District, Dhaka: Bangladesh Bureau of Statistics, 2015.

BBS, Bangladesh Population and Housing Census 2011, National Report Volume – 2, Union Statistics, Dhaka: Bangladesh Bureau of Statistics, 2014.

BBS, Census of Agriculture 2008, Dhaka: Bangladesh Bureau of Statistics, Govt. of Bangladesh, 2008.

BBS, Monthly Statistical Bulletin Bangladesh, Dhaka: Bangladesh Bureau of Statistics, Govt. of Bangladesh, 2014.

BBS, Population and Housing Census 2011, National Volume 3, Urban Area Report, Dhaka: Bangladesh Bureau of Statistics, 2014.

BBS, Population and Housing Census 2011, Socio Economic and Demographic Report, National Report, Volume 4, Dhaka: Bangladesh Bureau of Statistics, Govt. of Bangladesh, 2015.

BBS, Statistical Pocketbook of Bangladesh, Dhaka: Bangladesh Bureau of Statistics, Govt. of Bangladesh, 2013.

BBS, Survey of Manufacturing Industries, Dhaka: Bangladesh Bureau of Statistics, Govt. of Bangladesh, 2012.

BBS, Yearbook of Agricultural Statistics of Bangladesh, Dhaka: Bangladesh Bureau of Statistics, Govt. of Bangladesh, 2012.

ICDDRB, Health and Demographic Profile of the Urban Population of Bangladesh, Special Research, Report no. 47, ICDDRB, Dhaka, 1996.

World Bank, “Leveraging Urbanization in South Asia: Managing Spatial Transformation for Prosperity and Livability”, Washington, D. C.: World Bank, 2015.

## গবেষণা

Alam, N. (1989), Population Growth and Landuse Changes in Peri-Urban Areas: A Case Study of Urban East, M.Sc. Thesis, Dhaka: Jahangirnagar University.

Morshed, A. (1984), Water Supply of Slum Areas, MURP Thesis (Unpublished) Dhaka: BUET.

খান, মোঃ জামান, ঢাকাঃ উপলব্ধি ও জ্ঞাননগত প্রতিকৃতি; বস্তিবাসী রিকশা চালকদের ওপর সমীক্ষা, অপ্রকাশিত মাস্টার্স থিসিস, ভূগোল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জাহান, কা. হা. (১৯৯২), ঢাকা ওয়াসার পানি সরবরাহ ও পয়নিষ্কাশন ব্যবস্থার কার্যকারিতা সংক্রান্ত একটি সমীক্ষা, এম.এস.সি. থিসিস (অপ্রকাশিত), ভূগোল বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

শফিউল্যাহ, মুহাম্মদ, শিল্প নগরীঃ শিল্পোদ্যোক্তাদের শিল্পের বিনিয়োগ ও অবস্থান সিদ্ধান্ত, প্রকাশিত এম.এস.সি. থিসিস, ভূগোল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

আহম্মেদ, মোঃ ইশতাক, "বাংলাদেশে থানা ও পৌর শহরে ভূমির ব্যবহার ও অপব্যবহার", অপ্রকাশিত এম.এস.সি. থিসিস, ভূগোল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

মামুন, সৈয়দ (২০০১), ঢাকা মেট্রোপলিটন এলাকার আবাসিক ভূমি ব্যবহারের ধরণ, অপ্রকাশিত এম.এস.সি. থিসিস, ঢাকাঃ ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

পারভীন, মঞ্জুয়ারা (২০০৯), বাংলাদেশ সংবিধানে সংরক্ষিত আসন ১৯৭২-২০০৪ঃ একটি পর্যালোচনা, অপ্রকাশিত এম.ফিল. থিসিস, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সুলতানা, আবেদা (২০০৮), স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ আইন), ১৯৯৭ এবং নারীর ক্ষমতায়নঃ চারটি ইউনিয়ন পরিষদের উপর একটি বিশ্লেষণ (১৯৯৭-২০০৩), অপ্রকাশিত পিএইচ.ডি. থিসিস, ঢাকাঃ রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

আহমেদ, মারুফ (২০০৫), বাংলাদেশের তৃণমূল পর্যায়ে রাজনৈতিক ক্ষমতায়নঃ ঢাকা জেলায় দক্ষিণগাঁও ও নাসিরাবাদ ইউনিয়ন পরিষদের উপর একটি সমীক্ষাঃ অপ্রকাশিত এম.ফিল. অভিসন্দর্ভ, ঢাকাঃ রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

## পত্রিকা

Ashraf, Mohammad A., Socio-economic Security and Rural-Urban Migration, Daily New Age, Dhaka, April 17, 2016.

Dried-up Riverbeds Green Crop Fields N-Districts, The Financial Express, Dhaka, April 2, 2016.

Editorial, Child "Slavery" The Daily Star, Dhaka, April 9, 2016.

Editorial, Rural Women's Double Jeopardy, The Daily Star, Dhaka, March 14, 2015.

Editorial, Seeing the Invisible, The Daily Star, Dhaka, October 10, 2015.

Ganguly, Haradhan, Agriculture Suffers from Labour Crisis, Daily Observer, Dhaka, April 6, 2016.

Halder, Nilratan, Sensitised Society Rights Crimes Better, The Financial Express, Dhaka, April 1, 2016.

Islam, M. Serajul, The Proposed New Education Policy – A Critique, The Financial Express, Dhaka, April 11, 2016.

Nayar, Kuldip, Water, Water, Every Where, But..., The Daily Star, Dhaka, April 16, 2016.

The Daily Star, Town Planning for Bangladesh: Vision 2020, November 8, 2008.

Wahhaj, Zaki and A. Sadullah, M. Niaz, What drives increase in Child Marriage? New Age, Dhka, 11 April, 2016.

WASA, Water Crisis Grips Some Dhaka City, Pockets, The Daily Star, Dhaka, April 13, 2016.

Wiggins, Oneta, How a Bill to Fight Underage Drinking Got Watered Down, The Washington Post, Washington D.C., USA, April 20, 2016.

নিজস্ব বার্তা পরিবেশক, বৈশ্বিক উষ্ণতার প্রভাব বাংলাদেশে, দৈনিক সংবাদ, ঢাকা, ১০ এপ্রিল ২০১৬।

সম্পাদকীয়, ইউপি নির্বাচনে সহিংসতা বাড়ছে, দৈনিক সংবাদ, ঢাকা, ৪ এপ্রিল ২০১৬।

নিজস্ব বার্তা পরিবেশক, ছয় মাসের মধ্যে আবাসিক এলাকা থেকে বাণিজ্যিক প্রতিষ্ঠান সরাতে হবে, দৈনিক প্রথম আলো, ঢাকা, ৫ এপ্রিল ২০১৬।

আলম, ড. জাহাঙ্গীর, টেকসই কৃষি উন্নয়ন, দৈনিক সংবাদ, ঢাকা, ৯ এপ্রিল ২০১৬।

তুহিন, মেজবাহ উদ্দিন, সাভারের পরিবেশ দূষণ, জনজীবন বিপর্যস্ত, দৈনিক সংবাদ, ঢাকা, ১১ এপ্রিল ২০১৬।

আলদীন, আনোয়ার, বিশুদ্ধ পানির তীব্র সংকট, দৈনিক ইত্তেফাক, ঢাকা, ৯ এপ্রিল ২০১৬।

ইত্তেফাক রিপোর্ট, রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিরাই আইন অজ্ঞন করছেন, দৈনিক ইত্তেফাক, ঢাকা, ৩ এপ্রিল ২০১৬।

বিয়ন লোমবোর্গ, ঢাকার বায়ুদূষণ কমাতে উন্নতমানের ইটভাটা, প্রথম আলো, ঢাকা, ৩০ মার্চ ২০১৬।

মার্শা বার্নিকাট, জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক লড়াই, প্রথম আলো, ঢাকা, ২২ এপ্রিল, ২০১৬।

# পরিশিষ্ট
# (Appendix)

## বাংলাদেশে গ্রামীণ নারীর জীবনে নগরায়ণ এর প্রভাব: ধামরাই উপজেলার উপর একটি কেস স্টাডি

(এম.ফিল কোর্সের চাহিদা পূরণার্থে একটি গবেষণা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, বাংলাদেশ)

## পরিশিষ্ট – ১

উত্তরদাতাদের মতামত জরিপের প্রশ্নমালা
(সংগৃহীত তথ্যাবলী কেবল গবেষণার কাজে ব্যবহৃত হবে এবং এর সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হবে)

## ক – বিভাগ

### সাধারণ তথ্যাবলী

১। নাম ঃ

২। পিতা/স্বামীর নাম ঃ

৩। বয়স ঃ

৪। শিক্ষাগত যোগ্যতা ঃ

৫। পেশা ঃ

৬। ধর্ম ঃ

৭। লিঙ্গ ঃ

৮। ঠিকানা ঃ

৯। শহর/নগর সম্পর্কে ধারণা ঃ

## খ – বিভাগ

## গ্রামীণ নারীর সামাজিক জীবনে নগরায়ণ এর প্রভাব

১ আপনার বাড়িতে নগরের সুযোগ-সুবিধা যেমন- বিদ্যুৎ, গ্যাস, পানি সরবরাহ লাইন এবং *সুয়ারেজ ও পয়নিষ্কাশন* ব্যবস্থা আছে কি?

১.২ গ্রামীণ নারীর সামাজিক জীবনে এসব নাগরিক সুযোগ-সুবিধার প্রভাব কেমন?

২ আপনার গ্রামে অভিবাসী জনসংখ্যা বাড়ছে?

২.১ উত্তর হ্যাঁ হলে, অভিবাসী জনসংখ্যা বৃদ্ধির ফলে আপনার কি কি সমস্যা হচ্ছে?

৩ এই এলাকায় শিল্পায়ন হওয়ায় মানুষের মধ্যে এক ধরনের গতি আসার কথা। আপনার মধ্যে কোন গতিশীলতা এসেছে?

৩.১ উত্তর হ্যাঁ হলে, আপনার গতিশীলতার ধরণ কেমন?

৪ নগরায়ণ-এর ফলে আপনার জীবনব্যবস্থা কোন পরিবর্তন এসেছে?

৪.১ উত্তর হ্যাঁ হলে, কি ধরনের পরিবর্তন?

৫ আপনার এলাকায় আগের তুলনায় *অপরাধ ও সন্ত্রাস* বেড়েছে?

৫.১ উত্তর হ্যাঁ হলে, কোন্ কোন্ অপরাধ ও সন্ত্রাস বেড়েছে?

৬. আপনার জীবনে এসব অপরাধ ও সন্ত্রাসের প্রভাব কেমন?

৭. আপনার গ্রামে পরিবেশ দূষিত করছে?

৭.১ উত্তর 'হ্যাঁ' হলে, পরিবেশ দূষণের কারণ ও ক্ষেত্রসমূহ কি কি?

৮. পরিবেশ দূষণ আপনার কী ধরনের ক্ষতি করছে?

৯. আপনার এলাকায় নগরায়ণের ফলে বাল্য বিবাহ কমেছে?

১০. আপনার এলাকায় গ্রাম্য সালিশে ন্যায় বিচার হয়?

১০.১ উত্তর 'না' হলে কেন?

Dhaka University Institutional Repository

১১. এলাকার নারীরা ইভ টিজিং-এর শিকার হন?

১১.১ ইভ টিজিং-এর প্রতিবাদ করেন? বা ইভ টিজিং-এর বিরুদ্ধে বিচার প্রত্যাশী হয়েছেন কখনও?

১১.২ উত্তর না হলে, প্রতিবাদ বা বিচার প্রত্যাশী না হওয়ার কারণ কি?

১২. আপনার এলাকায় নগরায়ণের ফলে আগের চেয়ে নারী শিক্ষার হার বেড়েছে?

## গ – বিভাগ

## গ্রামীণ নারীর অর্থনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব

১ আপনি কি মনে করেন, দেশের উন্নয়নের ফলে আপনার এই 'গ্রাম এলাকা' শহর বা নগরে পরিণত হচ্ছে?

২ আপনার গ্রামে খুব দ্রুত শিল্পায়নের প্রসার ঘটছে?

২.১ উত্তর হ্যাঁ হলে, এতে আপনার কি কি সুবিধা হচ্ছে/হয়েছে?

৩ এই এলাকায় দিন দিন প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে?

৩.১ উত্তর হ্যাঁ হলে, এতে আপনার কি কি সুযোগ সৃষ্টি হয়েছে?

৪ এলাকায় ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটছে?

৪.১ উত্তর হ্যাঁ হলে, ব্যবসা-বাণিজ্য প্রসারে আপনার কি ধরনের সুবিধা হয়েছে?

৪.২ ব্যবসা-বাণিজ্য প্রসারে কি কি অসুবিধা হয়েছে/হচ্ছে?

৫ আপনার এলাকায় কৃষি জমি ধ্বংস হচ্ছে?

৫.১ উত্তর হ্যাঁ হলে, কৃষি জমি ধ্বংসের সুবিধা ও অসুবিধা কি কি?

৬ এলাকায় আপনি অর্থনেতিক বৈষম্যের শিকার?

৬.১ উত্তর হ্যাঁ হলে, এর কারণ কি?

৬.২ আপনার জীবনব্যবস্থায় অর্থনৈতিক বৈষম্যের প্রভাব কি?

৭. নগরায়ণের ফলে আপনার অর্থনৈতিক অবস্থা সামগ্রিকভাবে আগের চেয়ে উন্নত হয়েছে কি?

## ঘ – বিভাগ

## ধামরাই উপজেলার গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে নগরায়ণ এর প্রভাব

১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ধামরাই উপজেলা প্রশাসনের ভূমি অফিস, বিদ্যুৎ অফিস ও থানাসহ বিভিন্ন সরকারী অফিসের সেবা প্রাপ্তিতে নগরায়ণের ফলে অনিয়ম ও দুর্নীতির মুখোমুখী হতে হয়?

১.২ নগরায়ণের ফলে সৃষ্ট উপজেলা প্রশাসনের দুর্নীতি আপনার কি কি সমস্যা ও অসুবিধা সৃষ্টি করছে?

২ প্রশাসন কর্তৃক আপনার এলাকার অবকাঠামো উন্নয়ন আগের চেয়ে বর্তমানে বেশী হয়েছে?

২.১ আপনার জীবনব্যবস্থায়-এর প্রভাব কি?

৩ আপনার এলাকায় নির্বাচনী ব্যবস্থাসহ রাজনীতির সকলক্ষেত্রে রাজনৈতিক দুর্বৃত্তায়ন ঘটেছে?

৩.১ উত্তর হ্যাঁ হলে, ধামরাই উপজেলায় রাজনৈতিক দুর্বৃত্তায়নের স্বরূপ কেমন?

৩.২ আপনার উপর এর প্রভাব কি?

৪ রাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন এই এলাকায় জনসংখ্যা, শিল্পায়ন, কর্মসংস্থান ও ব্যবসা-বাণিজ্য ইত্যাদি সম্প্রসারণে আপনার নিরাপত্তা আগের চেয়ে ভাল?

৪.১ উত্তর না হলে, আপনার জীবনে নিরাপত্তাহীনতার প্রভাব কেমন?

৫. এলাকায় আপনার রাজনৈতিক ক্ষমতায়ন প্রতিষ্ঠায় নগরায়ণ কোন ইতিবাচক অবদান রেখেছে কি?

৫.১ উত্তর ‘না’ হলে, নারীর রাজনৈতিক ক্ষমতায়নে বাঁধার ক্ষেত্রে নগরায়ণের প্রভাব কি ধরনের?

৬. আপনার গ্রামে যারা নেতৃত্বে আছেন, তাঁদের নেতৃত্বে নগরায়ণের ফলে কোন গুণগত পরিবর্তন এসেছে কি?

৬.১ নেতৃত্বের এমন প্রকৃতি আপনার জীবনব্যবস্থায় কি ধরনের প্রভাব ফেলেছে?

৭. আপনার এলাকায় নগরায়ণের ফলে রাজনৈতিক ক্ষমতায়নের মূল চালিকাশক্তি কি কালো টাকা আর পেশিশক্তি?

৮ নগরায়ণের এমন কোন ইতিবাচক উপাদান কি আছে-যার দ্বারা গ্রামীণ নারীর রাজনৈতিক জীবনে ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে/ হচ্ছে ?

৮.১ উত্তর ’হ্যাঁ’ হলে- কিভাবে ?

*Dhaka University Institutional Repository*

# পরিশিষ্ট – ২

## গবেষণায় নির্বাচিত ইউনিয়ন পরিচিতি

গবেষণায় ধামরাই উপজেলার ৪টি ইউনিয়ন থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। সেই ৪টি ইউনিয়নের সংক্ষিপ্ত বিবরণ।

গবেষণার তথ্য সংগ্রহের জন্য নির্বাচিত ধামরাই উপজেলার ইউনিয়ন ৪টি হল–

১। গাংগুটিয়া ইউনিয়ন

২। সূতিপাড়া ইউনিয়ন

৩। নান্নার ইউনিয়ন

৪। সুয়াপুর ইউনিয়ন।

## ১। গাংগুটিয়া ইউনিয়ন পরিচিতি (Gangutia Union at a Glance)

গাংগুটিয়া ইউনিয়নের সংক্ষিপ্ত পরিচিতি নিচে তুলে ধরা হল:

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা সদর হতে দূরত্ব | : | ১২ কি.মি. |
| ২. | আয়তন | : | ১৫.০১ বর্গ কি.মি./৩৬২৯ একর |
| ৩. | আবাদী জমির পরিমান | : | ২৬২০ হেক্টর |
| ৪. | অনাবাদী জমির পরিমান | : | ২৩৯ হেক্টর |
| ৫. | লোকসংখ্যা | : | ২৩৫৫৪/১২২২০ জন |
| ৬. | লিঙ্গ অনুপাত | : | ১০৮/১১৩৩৪ |
| ৭. | পরিবারের সংখ্যা | : | ৫৪৩৬ |
| ৮. | মোট ভোটার সংখ্যা | : | ১৫,১৬০ জন: পুরুষ- ৭,৫২৪ জন, নারী- ৭,৬৩৬ জন |
| ৮. | লোকসংখ্যার ঘনত্ব | : | ১৩৬০ (প্রতি বর্গ কি.মি.) |
| ৯. | কাঁচা রাস্তার সংখ্যা | : | ২২টি |
| ১০. | আধা-পাকা রাস্তার সংখ্যা | : | ০১ |
| ১১. | পাকা রাস্তার সংখ্যা | : | ০২ |
| ১২. | গ্রামের সংখ্যা | : | ২২টি |
| ১৩. | ওয়ার্ডের সংখ্যা | : | ০৯টি |
| ১৪. | মৌজার সংখ্যা | : | ১৪টি |
| ১৫. | সরকারী প্রাথমিক বিদ্যালয় | : | ১১টি |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | কেজি স্কুলের সংখ্যা | : | ০৫টি |
| ১৭. | ব্রাক স্কুল | : | ০৯টি |
| ১৮. | হাই স্কুলের সংখ্যা | : | ০২টি |
| ১৯. | মসজিদের সংখ্যা | : | ৩৪টি |
| ২০. | মাদ্রাসার সংখ্যা | : | ০৫টি |
| ২১. | মন্দিরের সংখ্যা | : | ০৫টি |
| ২২. | ঈদগাহ | : | ০৬টি |
| ২৩. | মাজার | : | ০১টি |
| ২৪. | স'মিল | : | ০৪টি |
| ২৫. | জুট মিল | : | ০১টি |
| ২৬. | বোর্ড মিল | : | ০১টি |
| ২৭. | ঔষধ ফ্যাক্টরী | : | ০১টি |
| ২৮. | ইটের ভাটা | : | ২৬টি |
| ২৯. | রাইস মিল | : | ১১টি |
| ৩০. | এনজিও | : | ০৪টি |
| ৩১. | বীমা | : | ১২টি |
| ৩২. | কবরস্থান | : | ০৯টি |
| ৩৩. | পরিবার কল্যাণ কেন্দ্র | : | ০১টি |
| ৩৪. | পরিবার কল্যাণ উপকেন্দ্র | : | ০২টি |
| ৩৫. | গণস্বাস্থ্য কেন্দ্র | : | ০১টি |
| ৩৬. | নদী | : | ০১টি (গাজিখালী) |
| ৩৭. | হাট-বাজার | : | ০৭টি |
| ৩৮. | দর্শনীয় স্থান | : | ০১টি |

উৎস: Bangladesh Population and Housing Census 2011
ধামরাই উপজেলা নির্বাহী অফিস
ধামরাই উপজেলা শিক্ষা অফিস
গাংগুটিয়া ইউপি কার্যালয়।

*Dhaka University Institutional Repository*

## ২। সূতিপাড়া ইউনিয়ন পরিচিতি

## (Shutipara Union at a Glance)

সূতিপাড়া ইউনিয়নের সংক্ষিপ্ত পরিচিতি নিচে তুলে ধরা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | উপজেলা সদর হতে দূরত্ব | : | ৯ কি.মি. |
| ৫. | সীমানা | : | উত্তর-পশ্চিমে গাংগুটিয়া ইউনিয়ন, উত্তরে সানোড়া ইউনিয়ন, পূর্বে সোমভাগ ইউনিয়ন, দক্ষিণ-পূর্বে সুয়াপুর ও নান্নার ইউনিয়ন, দক্ষিণ পশ্চিমে মানিকগঞ্জ জেলার আটিগ্রাম ইউনিয়ন। |
| ৬. | আয়তন | : | ৫৮০৯ একর/১৫.২৩ বর্গ কি.মি. |
| ৭. | লোকসংখ্যা | : | ৩৬৬০০, পুরুষ ১৮৬৪৫, মহিলা ১৭৯৫৫ |
| ৮. | লোকসংখ্যার ঘনত্ব | : | ১৩৬০ (প্রতি বর্গ কি.মি.) |
| ৯. | গ্রামের সংখ্যা | : | ২২ |
| ১০. | মৌজা সংখ্যা | : | ২৪ |
| ১১. | সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | ১২ |
| ১২. | কিন্ডার গার্টেন | : | ১১ |
| ১৩. | উচ্চ বিদ্যালয় | : | ০২ |
| ১৪. | দাখিল মাদ্রাসা | : | ০৫ |
| ১৫. | শিক্ষার হার | : | ৪৯.৫%, পুরুষ ৫৩.৮%, মহিলা ৪৪.৯% |
| ১৬. | মোট খানার সংখ্যা | : | ৭৫৩০ |
| ১৭. | পাকা রাস্তা | : | ৯টি |
| ১৮. | অর্ধ পাকা রাস্তা | : | ১৫টি |
| ১৯. | কাঁচা রাস্তা | : | ৫৬টি |
| ২০. | মসজিদ-মাদ্রাসা | : | ৩৪ |
| ২১. | মন্দির | : | ৬ |
| ২২. | নদী | : | ০২ (গাজীখালী, ওমরখালী) |
| ২৩. | হাট-বাজার | : | ০৭ |
| ২৪. | ব্যাংক শাখা | : | ০৩ |
| ২৫. | পোস্ট অফিস | : | ০৩ |
| ২৬. | ইটভাটা | : | ৪০ |
| ২৭. | বৃহৎ শিল্প | : | ২০ |
| ২৮. | মোট জমির পরিমান | : | ৪৪১৭ (হেক্টর) |
| ২৯. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | : | ০৬ |
| ৩০. | পরিবার পরিকল্পনা ক্লিনিক | : | ০৩ |

উৎসঃ Bangladesh Population and Housing Census 2011.

Dhaka University Institutional Repository

ধামরাই উপজেলা নির্বাহী অফিস, ধামরাই উপজেলা শিক্ষা অফিস এবং সূতিপাড়া ইউপি কার্যালয়।

## ৩। নান্নার ইউনিয়ন পরিচিতি

## (Nannar Union at a Glance)

নান্নার ইউনিয়নের সংক্ষিপ্ত পরিচিতি নিচে তুলে ধরা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | উপজেলা সদর হতে দূরত্ব | : | ১০ কি.মি. |
| ৫. | আয়তন | : | ৪০৮০ (একর), ১৫.০ বর্গ কি.মি. |
| ৬. | গ্রাম | : | ১৭ |
| ৭. | মৌজা | : | ১২ |
| ৮. | লোকসংখ্যা | : | ১৮৪৮৩ |
| ৯. | পুরুষ | : | ৯১৮৮ |
| ১০. | মহিলা | : | ৯২৮৪ |
| ১১. | লোকসংখ্যার ঘনত্ব | : | ১১৫০ (প্রতি বর্গ কি.মি.) |
| ১২. | মোট খানা | : | ৩৮৩৮ |
| ১৩. | পাকা রাস্তা | : | ৯টি |
| ১৪. | কাঁচা রাস্তা | : | ১০টি |
| ১৫. | ব্রীজ | : | ১০টি |
| ১৬. | মোট জমির পরিমাণ | : | ৪৫৫১ একর |
| ১৭. | বাজার | : | ০২ |
| ১৮. | পোস্ট অফিস | : | ০২ |
| ১৯. | খেলার মাঠ | : | ০৩ |
| ২০. | রেজিঃ ক্লাব | : | ০২ |
| ২১. | মাদ্রাসা | : | ০৪ |
| ২২. | মাধ্যমিক বিদ্যালয় | : | ০১ |
| ২৩. | সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | ০৮ |
| ২৪. | শিক্ষার হার | : | ৪৯.৩% পুরুষ ৫২.৩%, মহিলা ৪৬.৩% |
| ২৫. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | : | ০১ |
| ২৬. | কমিউনিটি ক্লিনিক | : | ০৩ |
| ২৭. | ইটভাটা | : | ১৭ |
| ২৮. | স’ মিল | : | ০২ |
| ২৯. | রাইস মিল | : | ০৮ |
| ৩০. | পোল্ট্রি ফার্ম | : | ২৮ |
| ৩১. | মসজিদ | : | ৩০ |
| ৩২. | মন্দির | : | ০৫ |
| ৩৩. | শশ্মান/চিতা | : | ০৩ |
| ৩৪. | কবরস্থান | : | ০৭ |
| ৩৫. | ঈদগাহ মাঠ | : | ১০ |

উৎস: Bangladesh Population and Housing Census 2011.
ধামরাই উপজেলা নির্বাহী অফিস, ধামরাই উপজেলা কৃষি অফিস এবং নান্নার ইউপি কার্যালয়।

## ৪। সুয়াপুর ইউনিয়ন পরিচিতি
## (Shuapur Union at a Glance)

সুয়াপুর ইউনিয়নের সংক্ষিপ্ত পরিচিতি নিচে তুলে ধরা হল:

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | উপজেলা সদর হতে দূরত্ব | : | ২০ কি.মি. |
| ৫. | আয়তন | : | ৩৫৯৫ (একর), ১৪.৫০ বর্গ কি.মি. |
| ৬. | জনসংখ্যা | : | ১৭২৪৫ |
| ৭. | পুরুষ | : | ৮৩৪৩ |
| ৮. | মহিলা | : | ৮৯০২ |
| ৯. | জনসংখ্যার ঘনত্ব | : | ১১৮৫ (প্রতি বর্গ কি.মি.) |
| ১০. | মোট খানার সংখ্যা | : | ৪০১১ |
| ১১. | মোট গ্রাম | : | ২২ |
| ১২. | মোট মৌজা | : | ০৯ |
| ১৩. | সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | ০৭ |
| ১৪. | উচ্চ বিদ্যালয় | : | ০১ |
| ১৫. | দাখিল মাদ্রাসা | : | ০২ |
| ১৬. | আলিম মাদ্রাসা | : | ০৫ |
| ১৭. | শিক্ষার হার | : | ৪৬.১%, পুরুষ ৪৮.৬%, মহিলা ৪৩.৮% |
| ১৮. | এতিমখানা/বেসরকারি | : | ০২ |
| ১৯. | মসজিদ | : | ২৯ |
| ২০. | মন্দির | : | ০৮ |
| ২১. | নদ-নদী | : | ০১ |
| ২২. | হাট-বাজার | : | ০৪ |
| ২৩. | পোস্ট অফিস | : | ০২ |
| ২৪. | মোট জমির পরিমাণ | : | ১৪৫৫ হেক্টর |
| ২৫. | ইউনিয়ন ভূমি অফিস | : | ০১ |
| ২৬. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | : | ০১ |
| ২৭. | পরিবার পরিকল্পনা ক্লিনিক | : | ০১ |

উৎস: Bangladesh Population and Housing Census 2011.
ধামরাই উপজেলা নির্বাহী অফিস
ধামরাই উপজেলা শিক্ষা অফিস
সুয়াপুর ইউপি কার্যালয়।

# পরিশিষ্ট – ৩

## গবেষণায় নির্বাচিত গ্রাম পরিচিতি
## (Identification of Selected Villages)

গবেষণায় তথ্য সংগ্রহ করা হয়েছে ধামরাই উপজেলার ৪টি ইউনিয়নের ৬টি গ্রাম থেকে। এই ৬টি গ্রাম থেকে জরিপ পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। গ্রাম ৬টির পরিচিতি তুলে ধরা হল।

১। বারবাড়িয়া গ্রাম (Barabaria village)
২। কৃষ্ণপুরা গ্রাম (Krishnopura village)
৩। ললিত নগর গ্রাম (Lalit Nagar village)
৪। বিলকেষ্টি গ্রাম (Bilkesti village)
৫। ঘোড়াকান্দা গ্রাম (Ghorakanda village)
৬। ঈশান নগর গ্রাম (Eshan Nagar village)

## ১। বারবাড়িয়া গ্রাম পরিচিতি
## (Identification of Barabaria Village)

বারবাড়িয়া গ্রামের বুক চিরে চলে গেছে ঢাকা-আরিচা মহাসড়ক। ধামরাই উপজেলা পরিষদ থেকে বারবাড়িয়া গ্রামের দূরত্ব ১২ কি. মি.।[৩৯] গ্রামে বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা আছে।[৪০] ফলে বিনোদন-এর অনেক ব্যবস্থা আছে। অধিকাংশ পরিবারের অর্থনৈতিক অবস্থা ভাল। বারবাড়িয়া গ্রামের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হলঃ

---

[৩৯] গাংগুটিয়া ইউপি কার্যালয় থেকে প্রাপ্ত তথ্য।
[৪০] সরেজমিন পরিদর্শনের মাধ্যমে প্রাপ্ত তথ্য।

**এক নজরে বারবাড়িয়া গ্রাম**

**(Barbaria Village at a Glance)**

বারবাড়িয়া গ্রামের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | ইউনিয়ন | : | গাংগুটিয়া |
| ৫. | মৌজা | : | কৃষ্ণপুরা |
| ৬. | ওয়ার্ড | : | ৯ নং |
| ৭. | মোট পরিবার সংখ্যা | : | ৩৪৮টি |
| ৮. | মোট লোকসংখ্যা | : | ১৫৩১ জন, পুরুষ- ৮২৯ এবং মহিলা ৭০২ |
| ৯. | সীমানা ও অবস্থান | : | বারবাড়িয়া গ্রামের উত্তরে চারিপাড়া গ্রাম, পূর্বে গান্দুলিয়া গ্রাম, দক্ষিণে মানিকগঞ্জ জেলার ক্ষুর্দ্দখোলা গ্রাম, পশ্চিমে গাজিখালী নদী এবং নদীর পশ্চিম তীর ঘেঁষে মানিকগঞ্জ জেলার খল্লী ও ধানকোড়া গ্রাম। |
| ১০. | সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | ০১ |
| ১১. | মসজিদ | : | ০৩ |
| ১২. | মন্দির | : | ০১ |
| ১৩. | স্কুল এন্ড কলেজ | : | ০১ |
| ১৪. | হাট-বাজার | : | ০১ |
| ১৫. | স’মিল | : | ০২ |
| ১৬. | এনজিও সংখ্যা | : | ০৪ |
| ১৭. | ইটের ভাটা | : | ০১ |
| ১৮. | কবর স্থান | : | ০১ |
| ১৯. | গণস্বাস্থ্য কেন্দ্র | : | ০১ |
| ২০. | বাস স্ট্যান্ড | : | ০১ |

উৎসঃ Bangladesh Population and Housing Census 2011

গাংগুটিয়া ইউপি কার্যালয়

মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্য

## ২। কৃষ্ণপুরা গ্রাম পরিচিতি
## (Identification of Krishnopura Village)

কৃষ্ণপুরা গ্রাম ঘেঁষে চলে গেছে ঢাকা-আরিচা মহাসড়ক। ধামরাই উপজেলা পরিষদ থেকে কৃষ্ণপুরা গ্রামের দূরত্ব ১১.৫ কিলোমিটার।[৪১] গ্রামে বিদ্যুৎ আছে। ফলে বিনোদনের অনেক ব্যবস্থা বিদ্যমান। গ্রামটি অর্থনৈতিকভাবে স্বচ্ছল।

**এক নজরে কৃষ্ণপুরা গ্রাম**

**(Krishnopura Village at a Glance)**

কৃষ্ণপুরা গ্রামের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | ইউনিয়ন | : | গাংগুটিয়া |
| ৫. | মৌজা | : | কৃষ্ণপুরা |
| ৬. | ওয়ার্ড | : | ৯ নং |
| ৭. | মোট পরিবার সংখ্যা | : | ৪৩৭টি |
| ৮. | মোট লোকসংখ্যা | : | ১৯৬১ জন, পুরুষ- ১১৪৩ এবং মহিলা ৮১৮ |
| ৯. | সীমানা ও অবস্থান | : | কৃষ্ণপুরা গ্রামের উত্তরে গান্দুলিয়া গ্রাম, পূর্বে ললিতনগর গ্রাম, দক্ষিণে মানিকগঞ্জ জেলার কান্দীপাড়া ও ক্ষুর্দ্দখোলা গ্রাম, পশ্চিমে বারবাড়িয়া গ্রাম। গ্রামের পূর্ব-দক্ষিণ-পশ্চিম দিক ঘেঁষে গাজিখালী নদী প্রবাহিত। |
| ১০. | সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | ০১ |
| ১১. | মসজিদ | : | ০২ |
| ১২. | কিন্ডার গার্টেন স্কুল | : | ০১ |
| ১৩. | মহিলা মাদ্রাসা | : | ০১ |
| ১৪. | হাট-বাজার | : | ০২ |
| ১৫. | শিল্প কারখানা | : | ১০ |
| ১৬. | এক্সেল লোড কন্ট্রোল স্টেশন | : | ০১ |
| ১৭. | এনজিও এর সংখ্যা | : | ০৪ |
| ১৮. | স'মিল | : | ০১ |
| ১৯. | জুট মিল | : | ০১ |
| ২০. | ঔষধ ফ্যাক্টরী | : | ০১ |
| ২১. | ইটের ভাটা | : | ০২ |
| ২২. | কবর স্থান | : | ০১ |

[৪১] ধামরাই উপজেলা গাংগুটিয়া ইউপি কার্যালয় থেকে সংগৃহীত তথ্য।

| | | | |
|---|---|---|---|
| ২৩. | ট্যানারী শিল্প | : | ০১ |

উৎস: Ibid

## ৩। ললিত নগর গ্রাম পরিচিতি
## (Identification of Lalit Nagar Village)

ললিতনগর ঢাকা জেলার ধামরাই উপজেলার গাংগুটিয়া ইউনিয়নে অবস্থিত। ধামরাই উপজেলা পরিষদ থেকে ললিতনগর গ্রামের দূরত্ব ১১ কি. মি.।[৪২] গ্রামটির উত্তর পাশ দিয়ে ঢাকা-আরিচা মহাসড়ক চলে গেছে। গ্রামে বিদ্যুৎ সঞ্চালনের ব্যবস্থা আছে।[৪৩] এখানে তেমন কোন শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা নেই। একটি মসজিদ ও একটি ইটভাটা আছে।

**এক নজরে ললিত নগর গ্রাম**
**(Lalit Nagar Village at a Glance)**

ললিত নগর গ্রামের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হল:

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | ইউনিয়ন | : | গাংগুটিয়া |
| ৫. | মৌজা | : | পারুহালা |
| ৬. | ওয়ার্ড | : | ৯ নং |
| ৭. | মোট পরিবার সংখ্যা | : | ১৬১টি |
| ৮. | মোট লোকসংখ্যা | : | ৬৯৯ জন, পুরুষ- ৩৭৫ এবং মহিলা ৩২৪ |
| ৯. | সীমানা ও অবস্থান | : | ললিতনগর গ্রামের পূর্বে বাথুলী গ্রাম, দক্ষিণে গাজিখালী নদী ও নদীর তীরবর্তী মানিকগঞ্জ জেলার কান্দাপাড়া গ্রাম, পশ্চিমে কৃষ্ণপুরা গ্রাম, উত্তরে ঢাকা-আরিচা মহাসড়ক (গ্রাম সংলগ্ন)। |
| ১০. | স'মিল | : | ০১ |
| ১১. | পোল্ট্রি ফার্ম | : | ০২ |
| ১২. | এনজিও এর সংখ্যা | : | ০৪ |
| ১৩. | মসজিদ | : | ০১ |
| ১৪. | ইটের ভাটা | : | ০১ |
| ১৫. | বড় শিল্প কারখানা | : | ০৩ |

[৪২] ধামরাই উপজেলা গাংগুটিয়া ইউপি কার্যালয় ও মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্য।
[৪৩] সরেজমিনে পরিদর্শন করে প্রাপ্ত তথ্য।

Dhaka University Institutional Repository

উৎসঃ Ibid

## ৪। বিলকেষ্টি গ্রাম পরিচিতি
## (Identification of Bilkesti Village)

ধামরাই উপজেলা পরিষদ থেকে বিলকেষ্টি গ্রামের ১২ কি.মি.। গ্রামের মধ্য দিয়ে গাজিখালী নদী বহমান। গ্রামের প্রতিটি ঘরে ঘরে বিদ্যুৎ আছে।[88] ঢাকা-আরিচা মহাসড়ক থেকে গ্রামের ভিতরে পাকা রাস্তা চলে গেছে।

### এক নজরে বিলকেষ্টি গ্রাম
### (Bilkesti Village at a Glance)

বিলকেষ্টি গ্রামের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | ইউনিয়ন | : | সূতিপাড়া |
| ৫. | মৌজা | : | বিলকেষ্টি |
| ৬. | ওয়ার্ড | : | ৫ নং |
| ৭. | সীমানা | : | উত্তর-পূর্বে নওগাঁও গ্রাম, পশ্চিম-দক্ষিণে কেষ্টি গ্রাম |
| ৮. | মোট লোকসংখ্যা | : | ১৪৫৬ জন |
| ৯. | সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | ০১ |
| ১০. | উচ্চ বিদ্যালয় | : | ০১ |
| ১১. | কবরস্থান | : | ০১ |
| ১২. | রাইস মিল | : | ০২ |
| ১৩. | ইট ভাটা | : | ০২ |

উৎসঃ Bangladesh Population and Housing Census 2011
সূতিপাড়া ইউপি কার্যালয়
মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্য।

[88] সরেজমিন পরিদর্শনের মাধ্যমে প্রাপ্ত তথ্য।

## ৫। ঘোড়াকান্দা গ্রাম পরিচিতি
## (Identification of Ghorakanda Village)

ধামরাই উপজেলা পরিষদ থেকে ঘোড়াকান্দা গ্রামের দূরত্ব ১৫ কি.মি.। ঢাকা-আরিচা থেকে গ্রামের ভিতর পাকা রাস্তা চলে গেছে। বিদ্যুৎ আছে।

**এক নজরে ঘোড়াকান্দা গ্রাম**
**(Ghorakanda Village at a Glance)**

ঘোড়াকান্দা গ্রামের পরিচিতি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হল:

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | ইউনিয়ন | : | নান্নার |
| ৫. | মৌজা | : | নান্নার |
| ৬. | ওয়ার্ড | : | ১ নং |
| ৭. | সীমানা | : | দক্ষিণে ঈশান নগর গ্রাম, উত্তরে বাটারখোলা গ্রাম, পশ্চিম ও পূর্বে যথাক্রমে বারপাইখা ও চাওনা গ্রাম |
| ৮. | মোট লোকসংখ্যা | : | ১৭৪৬ |
| ৯. | সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | ০২ |
| ১০. | কেজি স্কুল | : | ০১ |
| ১১. | মসজিদ | : | ০৩ |
| ১২. | ইটভাটা | : | ০১ |
| ১৩. | কবরস্থান | : | ০১ |

উৎস: Bangladesh Population and Housing Census 2011
নান্নার ইউপি কার্যালয়
মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্য।

## ৬। ঈশান নগর গ্রাম পরিচিতি
## (Identification of Ishan Nagar Village)

ধামরাই উপজেলা পরিষদ থেকে ঈশান নগর গ্রামের দূরত্ব ১৬ কি. মি.। ঢাকা-আরিচা মহাসড়ক থেকে পাকা রাস্তা গ্রামের উপর দিয়ে চলে গেছে। বিদ্যুৎ আছে।

### এক নজরে ঈশান নগর গ্রাম
### (Ishan Nagar Village at a Glance)

ঈশান নগর গ্রামের পরিচিতি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগ | : | ঢাকা |
| ২. | জেলা | : | ঢাকা |
| ৩. | উপজেলা | : | ধামরাই |
| ৪. | ইউনিয়ন | : | সুয়াপুর |
| ৫. | মৌজা | : | দেলধা |
| ৬. | ওয়ার্ড | : | ২ নং |
| ৭. | সীমানা | : | উত্তরে দেলধা গ্রাম, দক্ষিণ, পশ্চিম ও পূর্বে যথাক্রমে শিয়ালকোল, আনন্দ নগর ও নয়াপাড়া গ্রাম। |
| ৮. | লোকসংখ্যা | : | ১৭২৭ |
| ৯. | সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | ০১ |
| ১০. | মসজিদ | : | ০৪ |
| ১১. | মাদ্রাসা | : | ০১ |
| ১২. | ইট ভাটা | : | ০২ |
| ১৩. | কবরস্থান | : | ০১ |

উৎসঃ Bangladesh Population and Housing Census 2011
সুয়াপুর ইউপি কার্যালয়
মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্য।